শারদীয় সংখ্যা

Sharodia Issue

যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ॥
যা দেবী সর্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ॥

# চিন্ময়ী

# Chinmoyee 2024

BCHCS

**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY &**
**BANGLADESH CANADA HINDU MANDIR**
**TORONTO**

# LAW OFFICE

## শারদীয় শুভেচ্ছা




**Chayanika Dutta**

Barrister, Solicitor & Notary Public
Nagpal Dutta Professional Corporation
2224 Kingston Road, Scarborough
Ontario, M1N 1T9
Phone: (416) 406-4529, Ex-3
Cell: (416) 879-5240
Fax: (416) 778-4528
E-mail: chaya@duttalaw.com


## Areas of Practice

- Real Estate: Residential/Commercial - Purchase, Sale and Refinancing
- Civil Litigation: Claims, Defences, Writs and Garnishment
- Immigration: Invitation letters, Family Sponsorship, Appeals, Refugee Matters, Skilled Worker & Business Class
- Family Law: Separation Agreements, Divorce, Child/Spousal support, Custody/Access
- Power of Attorney, Wills, Affidavits, Declaration & Notarization.

Proficient in English, Bengali, Urdu & Hindi

# Gautam Paul

**Broker**

***Many Times Award Winner***
***REALTOR since 2003***



# Gautam Paul

## 416-882-5467

gautampaul69@gmail.com
www.gautampaul.com

REALTOR

eXp REALTY
BROKERAGE

MLS
MULTIPLE LISTING SERVICE

উৎসবের আনন্দে দশভূজার আগমনে,
সমৃদ্ধি আসুক সবার ঘরে ঘরে।

শারদীয় শুভেচ্ছা



RE/MAX®



**Dipankar Datta (Avi)**
CRA, B.Engg
Sales Representative

**Cell: 416-786-6269**

*Serving the community since 2008!*

**Remax West Realty Inc.**
**Brokerage**

6074 Kingston Road,
Toronto, Ontario M1C 1K5
Office: 416 281 0027
Fax: 416 281 0034
E-mail: avi@classicproperties4u.com
Website: www.classicproperties4u.com
*Independently owned and operated*

REALTOR®

MLS MULTIPLE LISTING SERVICE®

# দেবীর আহ্বান

**ওঁ ভূঃ ভুবঃ স্বঃ ভগবতি দুর্গা পরিবার গণসহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহসন্নিধেহী, ইহ সন্নিরুধ্যস্ব**
**অত্রাধিষ্টানং কুরু, মমপূজাং গৃহাণ। ওঁ স্থাং স্থীং স্থিরো ভব, যাবৎ পূজা করোহং মমঃ।**
**ওঁ আগচ্ছ মদগৃহে দেবী অষ্টাভি সক্তিভি সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্বকল্যাণকারিনি।**

Om bhuh bhubha swah bhagavati Durga paribar gana sahitey
Ihagaccha I, hagaccha, ihatistha, ihatistha, ihasannideahi, iha sannirudhaswa,
Atradhistanam kuru, mamapuja grihan | Om stham shthim sthirobhava, jabat puja karoham
mama || Om agaccha madgrihey debi ashtabhih shaktibhi saktibhi saha |
Pujan grihana bidhibat sarbakalyana karini ||

Oh Goddess Durga come with your family, sit down, get attached, stay close to us, settle down as long I worship you. Come in my house Oh Durga, with all your eight powers, I will worship in the prescribed way, Oh the well-wisher of all.



দেবীর দোলায় আগমন
ফল : দোলায়াং মকরং ভবেৎ





দেবীর ঘোটকে গমন
ফল : ছত্রভঙ্গস্তুরঙ্গমে

## কার্যকরী কমিটি ২০২৪-২০২৫

**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY &**
**BANGLADESH CANADA HINDU MANDIR**
TORONTO, CANADA

# Bangladesh Canada Hindu Cultural Society
# &
# Bangladesh Canada Hindu Mondir

## Executive Committee: 2024-2025

| Name | Designation |
|---|---|
| Satyabrata Purkayastha | President |
| Biswajit Mitra | Vice President |
| Anup Roy | General Secretary |
| Ashis Das | Assistant General Secretary |
| Shyamol Sarkar | Finance Secretary |
| Bikash Roy Chowdhury | Assistant Finance Secretary |
| Debashish Deb Chowdhury | Organizing Secretary |
| Taposh Deb | Cultural Secretary |
| Paromita Sen | Assistant Cultural Secretary |
| Imon Das | Event Management Secretary |
| Niranjan Kumar Mandal | School Secretary |
| Bidhan Krishna Saha | Office Secretary |
| Suman Dhar | Publication Secretary |
| Palak Datta | Property Management Secretary |
| Seema Das | Project Management Secretary |
| Kinku Das | Secretary, Puja Management |
| Dilip Kumar Saha | Secretary, Ritual and Bhog |
| Kajal Roy | Secretary, Prosad Management |
| Dev Sarma | Secretary, Youth Affairs |
| Bimal Chowdhury | Director |
| Profulla Chandra Debnath | Director |

## Board of Trustees (BOT) 2022-2025

| Name | Designation |
|---|---|
| Bijit Lal Roy | Chairman |
| Dilip Kumar Halder | Secretary |
| Ajoy Das | Member |
| Anil Nath | Member |
| Sabyasachi Choudhury | Member |
| Ashok Debnath | Member |
| Nirmal Debnath (Jhantu) | Member |
| Rama Pada Paul (Mintu) | Member |
| Rajat Paul | Member |
| Sajal Deb | Member |
| Praduyt Chakraborty | Member |
| Himangshu Sarkar | Member |

**Executive Committee 2022-2023**
President : Praduyt Chakrabarty
General Secretary : Satyabrata Purkayastha

**Interim Committee 2021**
Convenor : Praduyt Chakrabarty
Member Secretary : Biswajit Mitra

**Executive Committee 2018-2020**
President : Bijit Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2016-2018**
President : Shebu Choudhury
General Secretary : Arun P. Paul

**Executive Committee 2014-2016**
President : Shubhash Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2012-2014**
President : Shubhash Roy
General Secretary : Chanchal Saha

**Executive Committee 2009-2011**
President : Nirmal Kumar Kar
General Secretary : Shubhash Roy

**Executive Committee 2007-2009**
President : Arun Dutta
General Secretary : Ramapada Paul

**Executive Committee 2005-2007**
President : Anil Nath
General Secretary : Samir Lal Datta

**Executive Committee 2004-2005**
President : Ajoy Das
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2003-2004**
President : Anjan Datta
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2002-2003**
President : Shebu Choudhury
General Secretary : Sudip Shome (Rinku)

**Executive Committee 2001-2002**
President : Kirit Bikram Sinha Roy
General Secretary : Sabyasachi Choudhury

**Executive Committee 2000-2001**
President : Sudip Dey (Anju)
General Secretary : Bijit Roy

**Executive Committee 1997-2000**
President : Alok Choudhury
General Secretary : Kishore Chowdhury

**Executive Committee 1996-1997**
President : Swadesh Saha
General Secretary : Bibekananda Talukder

**Executive Committee 1994-1995**
President : Sudhangshu Datta (Suda)
General Secretary : Bibekananda Talukder

**Puja Mandap**
16 Dohme Avenue, Toronto
ON M4B 1Y9
Phone: (416) 693-4444

**পুরোহিতবৃন্দ**
শ্রী শ্যামল ভট্টাচার্য্য
শ্রী মিটন পারিয়াল
শ্রী তরুণ চক্রবর্ত্তী

# সূচিপত্র


| বিষয় | লেখক | পৃষ্ঠা |
|---|---|---|
| জগৎকে ধারণ করেন জগদ্ধাত্রী | সুপ্রতিম কর্মকার | ১২ |
| কাশী বিশ্বনাথের শহরে দুর্গাবাড়ি | অরুণ মুখোপাধ্যায় | ১৬ |
| সন্ধিপুজোয় কেন দুর্গাকে চামুণ্ডারূপে পুজো করা হয়? | ভাস্কর বন্দ্যোপাধ্যায় | ২০ |
| উপনিষদ ভাবনা | ড. মহানামব্রত ব্রহ্মচারী | ২৮ |
| দেবতার সমাজ চাহি; শূদ্র বা ব্রাহ্মণের নহে | অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব | ৩০ |
| কঠোপনিষদের আলোকে যমদেব-নচিকেতা উপাখ্যান ও আত্মতত্ত্ব | রাম কৃষ্ণ তালুকদার | ৩১ |
| কর্মযোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগ | স্বামী নিগমানন্দ সরস্বতী | ৩৮ |
| বিশ্বমাঝে চলছে শুধু আত্মারই লীলা | স্বামী যুক্তানন্দ | ৪১ |
| সনাতন ধর্মে সৎকার | শ্রী বুলবুল ভৌমিক | ৪৪ |
| মানুষ মৃত্যুর পরে কোথায় যায়? | স্বামী সোমেশ্বরানন্দ | ৪৮ |
| শ্রীমদ্ভগবদ্গীতা : এই মহাবিশ্ব আমার অব্যক্তমূর্তি দ্বারা পরিব্যাপ্ত | শ্রী বিদ্যুৎ মজুমদার | ৫৮ |
| শ্রীগীতার প্রথম অধ্যায় : ব্যক্তিগত সমীক্ষার বিনীত উপস্থাপন | সুমন ধর | ৬৩ |
| সর্বজীবে গুরুকৃপা | অরুণাভ দত্ত | ৬৮ |
| নীরোগ থাকতে ধ্যান | স্বামী স্তবপ্রিয়ানন্দ, ডা. শৌভিক দুবে ও ডা. সুজিত সরখেল | ৭২ |
| শ্রীশ্রীরামঠাকুর | অরুনাংশু হোর | ৭৬ |
| তবু প্রাণ কেন কাঁদে রে | রেখা পাঠক | ৮০ |
| ধর্মের বৈশ্বিক ও বৈদিক একটি প্রতীক ত্রিশূল | ননীগোপাল দেবনাথ | ৮৪ |
| মহাভারতের মহাজনদের জন্মবৃত্তান্ত | সুব্রত দাসগুপ্ত | ৮৭ |
| **কবিতাঙ্গন** | | |
| রথযাত্রা | তুষার গায়েন | ৮৮ |
| জীবন যুদ্ধে এগিয়ে চলো | মৃণাল কান্তি মজুমদার | ৮৮ |



**Publishers** : Bangladesh Canada Hindu Cultural Society
Bangladesh Canada Hindu Mandir
Toronto, Canada
16 Dohme Ave., Toronto, ON. M4B 1Y9
Phone: (416) 693-4444

**Published Date** : October 2024

**Cover** : **Sufala Printers**
Phone : +880 1715 295 834, Bangladesh

**Graphics & Printing** : **Sufala Printers**
49/4-A R K Mission Road
Dhaka-1203, Bangladesh
Cell: +880 1715 295843
Email: sufala.printers@gmail.com


বিঃ দ্রঃ এ সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ, অন্যান্য লেখা ও মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

কৃতজ্ঞতা স্বীকার: সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পেছনে যাঁরা আমাদের আর্থিক, কায়িক, নৈতিক এবং সার্বিক সমর্থন দিয়েছেন ও সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি জানাই কৃতজ্ঞতা।

PRIME MINISTER · PREMIER MINISTRE



October 8–12, 2024

Dear Friends:

I am pleased to offer my warmest greetings to my fellow Canadians celebrating Durga Puja.

This annual festival pays homage to the goddess Durga and invites us to remain optimistic in our daily lives. It is a time for hope and self-renewal and to celebrate the ultimate triumph of light over darkness. This special occasion also offers a wonderful opportunity to learn more about Canada's vibrant Hindu community and to recognize its important contributions to our nation in all fields of endeavour.

I would like to thank the organizers for bringing this celebration to the community and for their commitment to promoting cross-cultural exchange. Events such as this are a wonderful reminder that Canada is truly a multicultural nation, made stronger and more resilient by our diversity.

On behalf of the Government of Canada, I offer my best wishes to everyone celebrating Durga Puja.

Sincerely,

The Rt. Hon. Justin P. J. Trudeau, P.C., M.P.
Prime Minister of Canada

Ontario

**Premier of Ontario - Premier ministre de l'Ontario**



October 8, 2024

**A MESSAGE FROM PREMIER DOUG FORD**

Warm greetings to everyone taking part in this celebration of Durga Puja.

Ontario is proud to be home to a strong, vibrant Bangladeshi Hindu community, whose members have enriched our culture and played an important part in our province's success.

On this special occasion, Bangladeshi Hindu Canadians celebrate with music, joyful worship, and other expressions of their faith and culture. Durga Puja is an opportunity for this community to renew bonds with loved ones and to re-affirm their faith as they celebrate the victory of good over evil.

I thank the creative and energetic team at Bangladesh Canada Hindu Cultural Society & Bangladesh Canada Hindu Mandir for organizing this celebration and for their commitment to the spiritual and social well-being of Bangladeshi Hindu Canadians.

Have a blessed and joyous Durga Puja!

**Doug Ford**
**Premier**

CITY OF TORONTO



# MESSAGE FROM THE MAYOR

I extend greetings and a warm welcome to everyone attending Durga Puja hosted by the Bangladesh Canada Hindu Cultural Society and Bangladesh Canada Hindu Mandir.

Best wishes as you celebrate the victory of good over evil with community members and friends. Festivals like this one honour the rich cultures and traditions that make our city so unique, and are essential to a prosperous, vital and livable Toronto.

Toronto's cultural communities greatly contribute to the rich, social, cultural and economic fabric of Toronto, forming an important part of the City of Toronto's motto: *"Diversity Our Strength."*

On behalf of Toronto City Council, I hope you have a very memorable and enjoyable event.

Yours truly,

Olivia Chow
Mayor of Toronto

City Hall, 100 Queen Street West, 2nd Floor, Toronto, Ontario M5H 2N2
416-397-CITY (2489) mayor_chow@toronto.ca

HOUSE OF COMMONS
CANADA



**SHUVALOY MAJUMDAR, MP**
Calgary Heritage

September 23, 2024

Wishing a Shubho Durga Puja to members of the Bangladesh Canada Hindu Cultural Society and the Bangladesh Canada Hindu Mandir.

As we observe this annual Autumn Festival, it is a moment for Hindus across Canada to honour the Goddess Durga, and celebrate the triumph of good over evil. As a proud son of Bengali immigrants to Canada, I commend the festival organizers and volunteers for their dedication in bringing this vibrant celebration to life.

I hold fond memories partaking in these celebrations as a child, more years ago than I care to admit. As the first Bengali-origin Member of Parliament, I also reflect on the pogroms of Bengali Hindus, Christians, and Buddhists today, reminiscent of what many of our families witnessed in the 1970s.

Amid gathering shadows, even the smallest light conquers the heaviest darkness. May the blessings of Goddess Durga illuminate your path, making you and your families a source of light and resilience.

On behalf of Pierre Poilievre, Leader of His Majesty's Official Opposition and Canada's Conservatives, I wish you all the best and remain grateful for your continued efforts to celebrate and promote Bengali Hindu heritage and culture across Canada.

Shuvaloy Majumdar, MP
Calgary Heritage

House of Commons, Ottawa, Ontario K1A 0A6 | 10201 Southport Road SW, Suite 1010, Calgary, Alberta T2W 4X9
www.shuvmajumdarmp.ca

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২৪ উপলক্ষে
## নির্বাহী কমিটির নিবেদন

মা আসছেন দোলায়। অর্থাৎ শাস্ত্রমতে তাই বৈশ্বিক বিপর্যয়, মহামারী ও প্রলয়ের যেন প্রবল প্রকোপ। এসব বিপর্যয়ে মানুষে মানুষে হানাহানি, একে অপরের থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া, দেশে দেশে যুদ্ধ, ক্ষয়-ক্ষতি, রোগ, মৃত্যু ইত্যাদি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মানবজাতির সামাজিক ও অর্থনৈতিক জীবনের গতিকে একেবারে স্তব্ধ করে দেয়। তবে এসব বিপর্যয়ের প্রধান শিকার হয় মূলতঃ উন্নয়নশীল দেশগুলো। সাম্প্রতিক সময়ে আমাদের বাংলাদেশে ঘটে যাওয়া সামাজিক-রাজনৈতিক অস্থিরতা, হিন্দু নিপীড়ন, প্রাকৃতিক দুর্যোগ, বন্যা এসবের জ্বলন্ত প্রমাণ।

মা আসছেন। পুজোর আয়োজনও সম্পন্ন। তবে বাংলাদেশী হিন্দু সমাজের প্রতি অসহনীয় অত্যাচার পরিস্থিতির কথা ভেবেই টরন্টো প্রবাসে এবারের পুজোর আয়োজন খানিকটা ব্যতিক্রম। পঞ্চাশ বছর আগেকার অর্জিত যে স্বাধীনতাকে পায়ে দলিয়ে যে ঘৃণ্য জঘণ্য জাতিগত দ্বন্দ্ব, হিন্দু নারী ও শিশু নিগ্রহ, নানা সন্দেহ ও অত্যাচারের অবমাননার বিচিত্র চিত্র আমাদের চোখে পড়ে–পৃথিবীর সব সনাতনী হিন্দুসমাজ, আমরা তার তীব্র প্রতিবাদ করি।

শিল্পসাহিত্য যেহেতু সমাজেরই দর্পণ, যা কিনা মানুষকে সংশয়ে সংকটে একে অপরের সঙ্গে সম্পৃক্ত করে, তাই দেশে-বিদেশে সকল মানবজাতি, শিল্পীসমাজ ও কর্ম নানা প্রতিকূলতার মধ্যেও তাদের সৃষ্টিকর্ম চালিয়ে যায়। জগতের মা মহামায়াই মানুষের মধ্যে সে শুভশক্তির সঞ্চালনা করেন এবং উৎসব অনুষ্ঠান পরিচালনার উৎসাহ দেন। কিন্তু এ যুগে এসেও যখন দেখি, পৃথিবীর কোথাও মানুষ কাউকে আর শাসক শোষক হিসেবে মানতেই চাইছে না এবং মানুষ মানুষে কলহ বিদ্রোহ ক্রমাগত বেড়েই চলেছে, তখন জগজ্জননী মা মহামায়াই আবার আমাদের মধ্যে শুদ্ধজ্ঞান ও শুদ্ধমন তৈরি করেন। মানবতাবিরোধী অপরাধ যেখানে যে দেশেই হোক, যতদূরে হোক, মা আমাদেরকে সে অপরাধের প্রতিবাদ করতে সাহস জোগান। মানুষে মানুষের অপমানে লাঞ্ছনা বঞ্চনায় মানুষকেই মানুষের পাশে থাকার শুভবুদ্ধি দেন। আজ শুধু আমাদের মাতৃভূমি বাংলাদেশ-ভারত নয়, দেশ থেকে দেশে যেখানেই মানুষ কাঁদছে সেখানেই মানুষ প্রতিবাদ প্রতিরোধ গড়ে তুলছে। তার বিশেষ প্রমাণ পাওয়া যায় কিভাবে বাংলাদেশি সংখ্যালঘুরা, নিগৃহীত সামাজিক গোষ্ঠীরা তাদের প্রতি নির্যাতন, নিপীড়ন ও সহিংসতার প্রতিবাদে সামাজিক প্রতিরোধ ও আন্দোলনও গড়ে তুলছেন।

ডিজিটাল মিডিয়ার যুগে মানুষকে কাগজে প্রকাশিত বই বা ম্যাগাজিন পড়ার আগ্রহে ফিরিয়ে আনা যেহেতু এত সহজ নয়। তাও বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির বিগত বছরের মতোই এবারেও নতুন করে তথ্যসমৃদ্ধ ও গুরুত্বপূর্ণ নানা লেখা সংগ্রহ করে তা লিপিবদ্ধকরণ, এবং সেগুলোর পরিবর্তন ও পরিমার্জন শেষে পূজা সংখ্যাটিকে পাঠকের কাছে বিশেষ আকর্ষণীয় করে তোলার চেষ্টা করেছেন। প্রতিবারের মতোই প্রকাশনা কমিটির অক্লান্ত পরিশ্রম ও আন্তরিক সহযোগীতায় নবীন-প্রবীন, বিশেষ করে নামী, অনামী ও সাহিত্য অনুরাগী সবার সব ধরনের লেখাই এখানে শ্রদ্ধার সঙ্গে প্রকাশ করা হলো। আশা করি সকলের ইতিবাচক অভিমত আমরা পাবো যাতে পরবর্তী সময়ে কেন্দ্রীয় পূজা কমিটি আরো সুশৃঙ্খলভাবে পূজা আয়োজন করার সুযোগ পান। আশা করছি, মা জগজ্জননী দেবীর কৃপায় পৃথিবীর যেকোনো প্রান্তে প্রতিটি হিন্দু সমাজ মানুষরূপী দানবের মধ্যকার অশুভ শক্তির বিনাশ করে শুভবুদ্ধিতে মানুষের একটাই পৃথিবী গড়ে তুলবে। সেখানে একটাই দেশ– যেখানে মানুষের কোনো সংবিধান থাকবে না, শুধু থাকবে মানবতার দেশ, শ্রদ্ধা ও ভালোবাসার দেশ, আর রাজধানী হবে লক্ষ কোটি মানুষের হৃদয়।

জয় মা অসুরবিনাশী, রণরঙ্গিনী।

বিনীত
নির্বাহী কমিটি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২৪ উপলক্ষে
## বোর্ড অব ট্রাস্টির নিবেদন

দেবী! প্রপন্নার্তিহরে! প্রসীদ প্রসীদ মাতর্জগতো খিলস্য।
প্রসীদ বিশ্বেশ্বরি! পাহি শ্বিংত্বমীশ্বরী দেবী! চরাবেস্য!

(হে দেবী, যে তোমার শরণাগত, তুমি তার দুঃখ দূর কর। তুমি প্রসন্ন হও। হে সমগ্র বিশ্বের জননী, চরাচরের অধীশ্বরী, তুমি প্রসন্ন হও, বিশ্বকে রক্ষা কর।)

বছরঘুরে সমাগত শারদীয় দুর্গোৎসব। ভক্ত, সদস্য ও সুধীজনকে জানাই শারদীয় শুভেচ্ছা ও প্রণাম। আমাদের সকলের আনন্দের শারদীয় দুর্গোৎসব। আজকের পৃথিবী এক গভীর বেদনা নিয়ে মায়ের আগমন উৎসব পালন করতে যাচ্ছে, যেখানে সনাতন হিন্দু আজ আক্রমণের মুখে। তাই মায়ের আগমন আরও জরুরি এই বিশ্ব রক্ষা করার জন্য। মায়ের আগমনে ভেসে যায় আমাদের সকল শোক, বেদনা আর হতাশা। সকল ভক্তের সমাগমে মুখরিত হোক আমার আপনার সকলের মন্দির, মায়ের মন্দির, বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির। সেই সাথে আজকের সমাজে সনাতনীদের উপর যে হিংসা আর ঘৃণার ঢেউ বয়ে যাচ্ছে তা যেন বিলীন হয়ে যায়। আমাদের মাঝে বিরাজমান লোভ, হিংসা ও ঘৃণা চিরতরে দূরীভূত হয়ে এই বিশ্ব সংসার আনন্দময় হয়ে উঠুক। আপনাদের সকলের আগমনে পরিপূর্ণ হোক আমাদের এই মন্দির।

আমাদের বিশ্বাস আগামী দিনগুলোতেও আপনাদের সকল সার্বিক সহযোগিতায় মন্দির-এর সকল কর্মকাণ্ড ও সার্বিক সমৃদ্ধি বৃদ্ধি পাবে।

মায়ের পুজোর আয়োজনে যে সকল সদস্য, ভক্ত, সেচ্ছাসেবী দিন-রাত আন্তরিক সহযোগিতার হাত প্রসারিত করেছে, শ্রম ও আর্থিকভাবে সাহায্য করেছে তাদের সকলকে বোর্ড অব ট্রাস্টির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মন্দিরের সার্বিক উন্নয়ন ও পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করে ট্রাস্টি বোর্ডের পক্ষে শারদীয় শুভেচ্ছা জানাচ্ছি।

"যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা
নবস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥"

বিনীত
বোর্ড অব ট্রাস্টি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২৪ উপলক্ষে
## সম্পাদকের নিবেদন

কালচক্রের ধারায় দুয়ারে দুর্গোৎসব। অকাল বোধনে যে পূজোর শুরু, সে শুধু দেবীর নয়, ভক্ত-সাধকেরও বোধন ঘটায়। এই মহাভাব হৃদয়ে নিয়ে আমরা আবারও উদ্‌যাপন করতে চলেছি বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব–শারদীয় দুর্গোৎসব। মা দুর্গার আগমনের প্রাক্কালে আমরা সকলেই উৎফুল্ল, উদ্দীপিত।

দুর্গাপূজা শুধু একটি ধর্মীয় উৎসব নয়, এটি বাঙালি সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতীক। প্রতিবছর এই উৎসব আমাদের মধ্যে নতুন করে জাগিয়ে তোলে সামাজিক সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ ও মানবতার চেতনা। আধুনিক যুগের সঙ্গে তাল মিলিয়ে দুর্গোৎসবের উদ্‌যাপনেও আসছে নব নব পরিবর্তন। আমাদের আবহমান ঐতিহ্যে নতুন নতুন মাত্রা যোগ হচ্ছে।

বর্তমান সময়ে দুর্গোৎসব শুধু আনন্দ উল্লাসের মধ্যেই সীমাবদ্ধ নয়। এই উৎসবকে কেন্দ্র করে গড়ে উঠছে নানা সামাজিক উদ্যোগ। অনেক পূজা কমিটি এগিয়ে আসছে দুস্থ ও অসহায় মানুষের পাশে। শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ সংরক্ষণ, নতুন প্রজন্মের মাঝে ধর্মীয় বাণীর বিস্তার–নানা ক্ষেত্রে তারা উল্লেখযোগ্য অবদান রাখছে। এভাবেই দুর্গোৎসব হয়ে উঠছে সামাজিক দায়বদ্ধতার এক উজ্জ্বল দৃষ্টান্ত।

দুর্গা প্রতীক শক্তির, ন্যায়ের, সত্যের। তাই এই উৎসবে আমাদের উচিত নিজেদের মধ্যে ধর্মীয়-মানবিক মূল্যবোধগুলি জাগিয়ে তোলা। সমাজের প্রতিটি স্তরে যেন ছড়িয়ে পড়ে মানবতার বার্তা। জাত-পাত, শ্রেণী-বর্ণ নির্বিশেষে সকলে মিলে উদ্‌যাপন করি এই উৎসব। কারণ দুর্গোৎসব সার্বজনীন।

বর্তমান বিশ্ব নানা সংকটে জর্জরিত। বিভেদ, হিংসা, অসহিষ্ণুতা ক্রমশঃ বেড়ে চলেছে। এই পরিস্থিতিতে দুর্গোৎসব আমাদের শেখায় ঐক্য ও সমন্বয়ের পাঠ। সব মানুষ একসাথে মিলেমিশে এই উৎসব উদ্‌যাপন করে। এভাবেই গড়ে ওঠে এক অখণ্ড বাঙালি সংস্কৃতি।

শারদীয় দুর্গোৎসব শুধু পাঁচদিনের আনন্দ নয়, এটি আমাদের জীবনদর্শন। মা দুর্গতিনাশিনীর আগমনে আমাদের হৃদয়ে জাগ্রত হোক শক্তি, সাহস ও মানবতাবোধ। কবিগুরুর বাণী ধ্বনিত হোক আমাদের কণ্ঠে :

**সঙ্কোচের বিহ্বলতা নিজেরে অপমান।**
**সঙ্কটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ।**
**মুক্ত করো ভয়, আপনা-মাঝে শক্তি ধরো, নিজেরে করো জয়।**

আসুন, আমরা সকলে মিলে এই উৎসবকে করে তুলি আরও অর্থবহ, আরও সার্থক। জয় মা দুর্গা!

বিনীত
সম্পাদক
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# DURGA PUJA – 2024 SUB COMMITTEES

**CO-ORDINATING SUB-COMMITTEE**
1. Ajoy Das
2. Shebu Chowdhury
3. Bijit Roy
4. Shubhash Roy
5. Dilip K. Halder
6. Nirmal Kar
7. Rajat Paul
8. Borendra Sanyal
9. Chanchal Saha
10. Ashoke Debnath
11. Satyabrata Purkayastha
12. Praduyt Chakraborty
13. Sabyasachi Chowdhury
14. Anil Nath
15. Anup Roy
16. Ramapada Paul
17. Sajal Deb

**PUJA MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Kinku Das/Ajoy Banik
1. Nirmal Kar
2. Shyamal Bhattacharjee
3. Miton Parial
4. Ira Datta
5. Jhantu Debnath (Nirmal)
6. Shimul Bhattacharjee
7. Chanchal Saha
8. Shyamoli Deb
9. Nabonita Choudhury
10. Rajat Paul
11. Sukla Debnath
12. Anita Sarker
13. Ratnajith Bhattacharjee
14. Prajoy Debnath

**PRASHAD MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Kajal Roy
1. Anil Nath
2. Sajal Deb
3. Pulak Dutta (Ashit)
4. Mrithunjoy Saha
5. Gokul Biswas
6. Santosh Das
7. Apu Das
8. Ashoke Dutta
9. Nakul Dey
10. Liton Roy
11. Paplu Das
12. Rajan Debnath
13. Rajesh Pramanik
14. Samir Lal Dutta
15. Vaskar Roy
16. Tublu Das
17. Manna Dey
18. Ramanuj Bhowmick
19. Benoy Majumder
20. Anirudda Bhadra (Omi)

**BHOG AND RITUAL SUB-COMMITTEE**
Convenor : Dilip K Saha
1. Ira Datta
2. Nabonita Choudhury
3. Sukla Debnath
4. Biva Roy
5. Subana Das
6. Namita Paul
7. Sanchita Roy
8. Jhantu Debnath (Nirmal)
9. Rima Datta
10. Krishna Dey
11. Gouri Dey
12. Chapala Nath
13. Borna Dutta
14. Shyamoli Deb
15. Shangamitra Dasgupta
16. Suparna Roy

**CULTURAL PROGRAM SUB-COMMITTEE**
Convenor : Taposh Deb
1. Paromita Sen Tinnie
2. Shubhash Roy
3. Uttam Roy
4. Nakul Dey
5. Shebu Chowdhury
6. Samir Lal Dutta
7. Himangshu Sarkar (Tinku)
8. Imon Das

**DECORATION (STAGE/PROTIMA) SUB-COMMITTEE**
Convenor : Rajesh Pramanik
1. Mrithunjoy Saha
2. Nihar Ranjan Deb
3. Biplob Kor
4. Shankar Paul.
5. Bikash Ghosh
6. Pulak Dutta (Ashit)
7. Mihir Das
8. Benoy Majumder
9. Pankaj Mitra

**PUBLICATION SUB-COMMITTEE**
Convenor : Suman Dhar
1. Bimal Chowdhury
2. Bulbul Bhowmik
3. Ram Krishna Talukder
4. Ashis Das
5. Biswajit Mitra
6. Debashis Deb Chowdhury

**FINANCE SUB-COMMITTEE**
Convenor : Shamal Sarkar
1. Bikash Roy Chowdhury
2. Chayan Das
3. Biswajit Datta
4. Debashis Deb Chowdhury
5. Palak Datta
6. Bilash Das
7. Nirjhendu Shekhar Mitra (Bhulon)
8. Bidan Saha
9. Dilipk K. Halder
10. Ajoy Das
11. Sabyasachi Chowdhury
12. Biswajit Mitra
13. Prafulla Debnath
14. Pradip Halder
15. Bidan Paul

**YOUTH AFFAIRS SUB-COMMITTEE**
Convenor : Druva Sharma
1. Rupayan Halder
2. Deepyaman Bhowmik
3. Dheeman Bhowmik

# জগৎকে ধারণ করেন জগদ্ধাত্রী

সুপ্রতিম কর্মকার

১৭৬৩ সাল। সুবা বাংলার মসনদে তখন (অনেকের মতে) নবাব মিরকাশিম। এই সময়ে নবাবের রোষে নদীয়ারাজ কৃষ্ণচন্দ্র ছেলে শিবচন্দ্রসহ বন্দি মুর্শিদাবাদের কারাগারে। এই নিয়ে দ্বিমত আছে। কেউ বলেন রাজা বন্দি ছিলেন মুঙ্গের দুর্গে। তাঁর অপরাধ সময়মতো খাজনা না দিতে পারা। যখন কারাবাস থেকে মুক্ত হলেন তখন আশ্বিন মাস। দুর্গাপুজোর সময়। দ্রুতগামী ছিপ নৌকায় রাজা রওনা দিলেন। তাতেও দুর্গাপুজোর আগে পৌঁছানো সম্ভব হলো না। বিজয়া দশমীর বিকেলে তিনি পৌঁছলেন নদীয়ার রুকুনপুর ঘাটে। তখন মায়ের বিসর্জনের বাদ্যি বাজছে বাতাসে।



রাজা কৃষ্ণচন্দ্র তখন শ্রান্ত, আশাহত। ক্লান্ত রাজা ঢুলে পড়লেন ঘুমে। তারপরেই সেই স্বপ্নে এলেন মহামায়া। তবে দুর্গা মূর্তিতে নন। তিনি ত্রিনয়নী, চারহাত, রক্তাম্বরধারিণী। সাদা সিংহের ওপর যোদ্ধার মতো বসে আছেন। দু'হাতে শঙ্খ চক্র, আর দু'হাতে ধনুর্বাণ। স্বপ্নে দেবীর প্রত্যাদেশ হলো, আগামী শুক্লা নবমী তিথিতে একই দিনে সপ্তমী-অষ্টমী-নবমী পুজো করলেই দুর্গাপুজোর ফল হবে। রাজাও স্বপ্নাদেশ মতো তাই করলেন। তখন থেকে কৃষ্ণনগরে চালু হলো জগদ্ধাত্রী পুজো। কৃষ্ণনগর রাজবাড়ির দেবী মূর্তির উচ্চতা হয় চার পোয়া। অর্থাৎ পাঁচ ফুট পাঁচ ইঞ্চি। দেবীর বাম পা সিংহের ওপর।

পাশাপাশি একটি ভিন্ন মতও আছে। জগদ্ধাত্রীর স্বপ্নাদেশ পেয়েছিলেন একজন পণ্ডিত তান্ত্রিক। সেই সময় নদীয়ার অধিপতি রাজা রুদ্র রায় একজন পণ্ডিত তান্ত্রিক। সেই সময় নদীয়ার অধিপতি রাজা রুদ্র রায় (১৬৬৯-১৭০০) ব্রাহ্মণদের বাসস্থানের জন্য ব্রহ্মশাসন নামে একটি গ্রামের পত্তন করেন। এখানে ১০৮ ঘর ব্রাহ্মণ পণ্ডিতকে জায়গা দেওয়া হয়। এই গ্রামের অনেকটা অংশ গঙ্গার ভাঙনের জন্য গঙ্গাগর্ভে চলে গেলে ব্রাহ্মণরা চলে আসেন সংলগ্ন হরিপুরে। এই হরিপুর গ্রামে রাজা গিরিশচন্দ্রের সময়ে তান্ত্রিক পণ্ডিত চন্দ্রচূড় তর্কচূড়ামণি স্বপ্নাদিষ্ট হয়ে জগদ্ধাত্রীর পুজো প্রচলন করেন। এই পুজো করে তিনি সিদ্ধিলাভও করেন। জগদ্ধাত্রীর পুজোর নিয়মকানুন ও পুজো পদ্ধতি লিপিবদ্ধ করেন। কান্তিচন্দ্র রাঢ়ীর 'নবদ্বীপ মহিমা' বইটি এই যুক্তিকে সমর্থন করে। চন্দননগরের জগদ্ধাত্রী পুজোর সঙ্গে ইন্দ্রনারায়ণ চৌধুরীর নাম জড়িয়ে আছে। সপ্তদশ শতাব্দীর শেষে ইন্দ্রনারায়ণ ও তাঁর বড় ভাই রাজারাম যশোরের সর্পরাজপুর গ্রাম থেকে তাঁর বিধবা মায়ের সঙ্গে চন্দননগরে মামার বাড়িতে আসেন। তাঁরা কলিকন্দর্বা চৌধুরীর বংশ নামে খ্যাত ছিলেন। ইন্দ্রনারায়ণ নিজের চেষ্টায় এক ফরাসি কোম্পানিতে চাকরি করতেন। শেষে দেওয়ান হিসেবে কোম্পানির খুব প্রিয় হয়ে উঠেছিলেন। তাঁর কার্যকাল ছিল ১৭৩০ থেকে ১৭৫৬ সাল পর্যন্ত। কোম্পানির মাল কেনা ও বিক্রির মাধ্যমে প্রচুর অর্থ উপার্জন করেন। তিনি রাজ সম্মান পেয়েছিলেন। ইন্দ্রনারায়ণ ছিলেন কৃষ্ণচন্দ্রের বন্ধু। আর্থিক সঙ্কটে পড়লে কৃষ্ণচন্দ্র ইন্দ্রনারায়ণের কাছ থেকে অর্থ ধার নিতেন। কৃষ্ণচন্দ্রের বাড়িতে অতিথি হিসেবে থাকার সময় ইন্দ্রনারায়ণ জগদ্ধাত্রী পুজো দেখেন। চন্দননগরে ফিরে তিনি জগদ্ধাত্রী পুজো প্রচলন করেন। এমন একটি মত প্রচলিত আছে।

কৃষ্ণনগরের সঙ্গে চন্দননগরের আরও একটি যোগাযোগের সূত্র পাওয়া যায় একটা জনশ্রুতি থেকে। কৃষ্ণচন্দ্রের এক দেওয়ান ছিলেন দাতারাম সুর। তাঁর বাড়ি ছিল চন্দননগরের অন্তর্গত ভদ্রেশ্বর অঞ্চলের গৌরহাটিতে। এই গৌরহাটিতেই দাতারামের বিধবা কন্যা প্রথম জগদ্ধাত্রী পুজোর আয়োজন করেন। ঐতিহাসিকদের মতে এই পুজোয় কৃষ্ণচন্দ্র অনুদান দিতেন। দাতারামের বাড়ি ছিল গৌরহাটির ফেরিঘাট অঞ্চলে। পরে পুজোটি চলে আসে সামান্য উত্তরে। একসময় অর্থনৈতিক কারণে বাড়ির পুজো বন্ধ হওয়ার উপক্রম হয়। গৌরহাটি অঞ্চলের বাসিন্দরা নিজেরা তখন ওই পুজোর দায়িত্ব নিলেন সেটি আজ ভদ্রেশ্বর তেঁতুলতলার পুজো নামে বিখ্যাত। তেঁতুলতলার পুজোর বিশেষ বৈশিষ্ট্য হলো এখানে ছেলেরা মেয়ে সেজে মাকে বরণ করে। এর কারণ অনেকে বলেন সেই আমলে চোর ডাকাতদের উপদ্রব ছিল্ আবার বর্গিদের আক্রমণের ভয় থাকত। তাই রাতে বাড়ি থেকে মেয়েরা বেরতেন না। কাজেই দেবী বরণের কাজটি ছেলেদেরকেই করতে হতো। এখানে সিংহের পায়ের নীচে হাতির মাথার বদলে থাকে গোল পৃথিবী। এই পুজোর বয়স হলো প্রায় ৩০০ বছরের কাছাকাছি। কারণ প্রথমে পুজো শুরু হয়েছিল দাতারাম সুরের মেয়ের বাড়িতে। বর্তমানে যেখানে ই.এস.আই হাসপাতাল, সেখানেই ছিল দাতারাম

**দেওয়ান কার্তিকের যখন লিখছেন কৃষ্ণচন্দ্রের জগদ্ধাত্রী প্রবর্তনের কথা, তখন বুঝতে হবে বাংলার বৈষ্ণব ভাবধারা দমনের জন্য তিনি বাংলাতে প্রবর্তন করছেন জগদ্ধাত্রী পুজোর।**

সুরের মেয়ের বাড়ি। সেখানে জগদ্ধাত্রী পুজো হয়েছিল টানা ত্রিশ বছর। তারপর সেই পুজোটি গৌরহাটি বিশালাক্ষী তলার পেছনের শ্মশানের পাশে হতো। এখানে প্রায় দশ থেকে পনেরো বছর টানা পুজো হয়েছে। তারপর এই পুজো উঠে যায় বটতলা গঙ্গার ধারে, কানুরায় দক্ষিণরায় ঘাটের কাছে। সেখানেও টানা বছর দশেক পুজোটি হয়। তারপর এই পুজোটি উঠে আসে তেঁতুলতলাতে।

তাছাড়াও আরও একটি মত রয়েছে চন্দননগরে জগদ্ধাত্রী পুজো নিয়ে। একবার কিছু ব্যবসায়ী নদীপথে চাল কিনতে গিয়েছিল চন্দননগরের চাউলপট্টিতে, জগদ্ধাত্রী পুজোর ঠিক আগে। দেখা গেল চাল কিনে কৃষ্ণনগরে ফিরতে ফিরতে জগদ্ধাত্রী পুজো শেষ হয়ে যাবে। তখন সেই ব্যবসায়ীরা ফরাসি সাহেবদের কাছে অনুমতি নিয়ে মাটির বেদি তৈরি করে ঘটে জগদ্ধাত্রী পুজো করেন। সেই থেকে চন্দননগরের চাউলপট্টিতে শুরু হয় জগদ্ধাত্রী পুজো।

**তন্ত্রে কী বলছে জগদ্ধাত্রীর উদ্ভব সম্পর্কে?**

দেবীর উদ্ভবের কথা আছে কাত্যায়নী তন্ত্রে। স্বর্গের দেবতা অগ্নি ভাবলেন, তিনি হলেন সর্বভুক। তাঁর সামনে সবকিছুই তুচ্ছ। বায়ুদেব ভাবলেন, প্রবল বাতাসে ধরাতলকে লণ্ডভণ্ড করে দিতে পারি। বরুণ দেবতা মেঘ থেকে বৃষ্টি এনে বান-বন্যা ডেকে আনেন। আর চন্দ্রদেবের আকর্ষণে পৃথিবীর জলরাশি উথাল পাতাল করে। দেবতাদের এই দম্ভ কানে আসে দুর্গার। এক জ্যোতির্ময়ী রূপ ধরলেন তিনি। এমন পরমাসুন্দরী রমণী কোথা থেকে এলেন? কীভাবেই বা তাঁর জন্ম হলো? সেই পরমাসুন্দরী দেবীর কাছে গিয়ে চার দেবতা নিজেদের বীরত্বের কথা জানালেন। সব শুনে দেবী বললেন, এখনই একটি পরীক্ষা করে প্রমাণ করা যাবে, কে বেশি ক্ষমতাশালী। তিনি একগাছা ঘাস চার দেবতার সামনে মাটিতে রাখলেন। আর বললেন, 'এই ঘাসটিকে যে মাটি থেকে তুলতে পারবে, সে-ই দেবতাদের মধ্যে শ্রেষ্ঠ।'

প্রথমে অগ্নি দুর্বাঘাসকে পোড়ানোর চেষ্টা করলেন। পারলেন না। তারপর বায়ু প্রবল বেগে বাতাস ছোটালেন, ঘাসটিকে মাটি থেকে সরানোর জন্য ব্যর্থ হলেন। এরপর এলেন বরুণ। প্রবল বৃষ্টির বেগ নামল মাটির বুকে। সামান্য তৃণকে সরাতে পারলেন না মাটি থেকে। এমনকী চন্দ্রদেবও বিফল। চার দেবতা পরাজয় স্বীকার করে নিলে দেবীর কাছে। চারজন দেবতা করজোড়ে স্তুতি করলেন–

দয়ারূপে দয়াদৃষ্টে দয়াদ্রে দুঃখমোবনি।
সব্বাপত্তারিকে দুর্গে জগদ্ধাত্রী নমোহস্তু তে ॥
জয়দে জগদানন্দে জয়দেবপ্রপূজিতে।
জয় সর্ব্বগতে দুর্গে জগদ্ধাত্রি নমোহস্তু তে ॥

মা জগদ্ধাত্রী, তুমি দয়ারূপা, তোমার দৃষ্টি করুণাভরা, দয়াতে তোমার হৃদয় নিত্য দ্রবীভূত, তুমি দুঃখ মোচন কর এবং সকল বিপদ নিবারণ কর, হে দুর্গে তোমাকে প্রণাম করি। হে জয়দে, হে জগদেবপ্রপূজিতে, হে সর্বগতে, হে জগদ্ধাত্রী, হে দুর্গে তোমাকে প্রণাম। সেই থেকে দেবী জগদ্ধাত্রীর পুজো পৃথিবীতে শুরু হলো।

**মহারাজা কৃষ্ণচন্দ্রের আগেও কি জগদ্ধাত্রী পুজো ছিল?**

মহারাজ কৃষ্ণচন্দ্রের আগে কি জগদ্ধাত্রী পুজো ছিল না? গবেষক সুধীর চক্রবর্তী একটি যুক্তি দেখিয়েছেন। 'জগদ্ধাত্রীর সন্ধানে: কাগ্রামে' শীর্ষক প্রবন্ধে। তাঁর মত ছিল কৃষ্ণচন্দ্র (১৭২৮-১৭৮২) যেহেতু ছিলেন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের প্রবল পরাক্রমী সমাজপতি ও একই সঙ্গে ব্রাহ্মণ্য সংস্কৃতির এক অধিনেতা, কাজেই কোনও কিছুকে পুনরুদ্ধার করা ও চালিয়ে নিয়ে যাওয়া তাঁর পক্ষে অসম্ভব ছিল না। উল্লেখযোগ্য নিদর্শন কুড়ি লক্ষ টাকা খরচ করে অগ্নিহোত্র বাজপেয় যজ্ঞ সম্পন্ন করেন। তারপর তিনি উপাধি ধারণ করেন। তাঁর অভিধা হয় 'রাজরাজেন্দ্র বাহাদুর অগ্নিহোত্রী বাজপেয়ী মহারাজ কৃষ্ণচন্দ্র রায়।'

একদিকে বাংলার মসনদে তখন আলিবর্দি খাঁ। মুসলিম শাসনের অধীনে। ভেতরে দানা বাঁধছে এক ষড়যন্ত্র। ফল পলাশির যুদ্ধ। তারপর শুরু হয় মিরজাফরের আমল। আলিবর্দি থেকে মিরজাফর পর্যন্ত টানা সময়ে মহারাজা কৃষ্ণচন্দ্রের প্রতিপত্তি অটুট ছিল। তাঁর ছিল তীব্র কূটনৈতিক মেধা। বাংলার রাজনৈতিক পট পরিবর্তনের ক্ষেত্রে তাঁর কূটনীতি ইংরেজদের সাহায্য করেছিল। ইংরেজদের আনুগত্যের ফলে লর্ড ক্লাইভের কাছ থেকে পেলেন পারিতোষিক আর উপাধি। সেই উপাধি ছিল 'রাজরাজেন্দ্র বাহাদুর।'

চৈতন্যদেবের প্রচারিত বৈষ্ণব ধর্মকে তিনি কোনওদিনই মেনে নিতে পারেননি। তিনি ছিলেন শাক্ত উপাসক। শক্তিপুজোর প্রচারে পরম উৎসাহী। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, নবদ্বীপের মতো বৈষ্ণব প্রভাবিত এলাকায় তিনি প্রবর্তন করছেন শাক্ত রাস। দেওয়ান কার্তিকের যখন লিখছেন কৃষ্ণচন্দ্রের জগদ্ধাত্রী প্রবর্তনের কথা, তখন বুঝতে হবে বাংলার বৈষ্ণব ভাবধারা দমনের জন্য তিনি বাংলাতে প্রবর্তন করছেন জগদ্ধাত্রী পুজোর।



কৃষ্ণচন্দ্র যখন রাজবাড়িতে জগদ্ধাত্রীর পুজো করছেন, তার কিছু সময় পর মালো পাড়ার মালো সম্প্রদায়ের মানুষেরা রাজার কাছে পুজোর অনুমতি চাইছেন, তখন খুব স্বতঃস্ফূর্তভাবে সেই অনুমতি কৃষ্ণচন্দ্র নিম্নবর্গের মানুষদের দিচ্ছেন। তিনি ভাবছেন না, ব্রাহ্মণ্য সমাজ এর বিরুদ্ধে কীভাবে প্রতিক্রিয়া জানাবে। আসলে তাঁর নিজের ওপর আস্থা ছিল। উদ্দেশ্যটি শাক্ত সাধনার প্রসারের জন্যই ছিল। আর অবতলের মানুষদের সমাজের মূল স্রোতে

ফেরানোর জন্য জগদ্ধাত্রী পুজোর মধ্যে দিয়ে যে বীজ বপন হলো, সে কথা পুরোপুরিভাবে অগ্রাহ্য করা যাবে না। তার প্রমাণ হিসেবে আমরা দেখেছি বাগদিপাড়ায় বাগদিদের পুজো শুরু হলো। ঘূর্ণির দাস পাড়ার দাসদের পুজো শুরু হলো। আর এই প্রতিটি পাড়ার পুজোতেই রাজবাড়ি থেকে অর্থ সামায্য আসত। সময়ের অতলে রাজবাড়ি থেকে বাকিদের সাহায্য বন্ধ হয়ে যায়। তবে মালো পাড়াতে এখনও রাজবাড়ি থেকে ১৫ টাকা অর্থসাহায্য আসে।

**কত প্রাচীন এই জগদ্ধাত্রী পুজো?**

পুরাণে বলা হয়েছে, রামচন্দ্রের কালে ত্রেতাযুগে সূচনা হয়েছিল জগদ্ধাত্রী পুজোর। সিংহবাহিনী দেবী জগদ্ধাত্রী এই রূপ কত প্রাচীন, সেই সময়কাল নির্ধারণে পণ্ডিতদের মধ্যে দ্বন্দ্ব রয়েছে। পুরাণে দেবী বসুন্ধরাকে পাই। যিনি পাপে জর্জরিত হয়ে গাভীর বেশ ধরে কাঁদতে কাঁদতে ভগবান বিষ্ণুর কাছে যান। পৃথিবী দেবী আর পাপের ভার বহন করতে পারছিলেন না। তখন ধরণীর ভার বহন করতে নারায়ণকে শ্রীকৃষ্ণরূপে জন্ম নিতে হয়েছিল। দেবী বসুন্ধরার পরিবর্তিত ও বিবর্তিত রূপ দেবী জগদ্ধাত্রী। এই যেন ক্রন্দনরতা দুর্বল বসুন্ধরার শক্তিময়ী রূপের প্রকাশ।

এশিয়া মাইনরে তানতোশিয়ার ফ্রিজিও জাতি খ্রিষ্টপূর্ব অষ্টম বা সপ্তম শতাব্দীতে পাহাড়ের গুহার মধ্যে এক সিংহবাহনা দেবীর আরাধনা করতো। ফ্রিজিওরা এই দেবীকে চিহ্নিত করতো 'গাদান মা' বলে। সুকুমার সেনের মতে এই 'গাদান মা' প্রকৃতপক্ষে হলেন ধরিত্রী দেবী। অনেক পণ্ডিতরাই সুকুমার সেনের ধারণার ওপর ভিত্তি করে মনে করেন জগদ্ধাত্রীর ধারণা ফ্রিজিওদের কাছ থেকে নেওয়া হয়েছে।

'ভারতের শক্তি সাধনা ও শক্তি সাহিত্য' গ্রন্থে শশীভূষণ দাশগুপ্ত দেবী জগদ্ধাত্রীকে বসুন্ধরা দেবীর রূপভেদ বলে চিহ্নিত করেছেন। কালিকাপুরাণে আছে মিথিলার রাজা জনককে দেবী বসুন্ধরা জগদ্ধাত্রীরূপে দেখা দিয়েছিলেন। আবার পুত্র নরককে পৃথিবী দেবী বলেছিলেন, 'আমি তোমার জননী, আমার কাছ থেকে তুমি জন্মগ্রহণ করেছ, আমি জগদ্ধাত্রী পৃথিবী।'

চণ্ডী বর্ণিত দুর্গার নানা স্তবগাথাতে দেবী গৌরীর সঙ্গে জগদ্ধাত্রীর একরূপতার নিদর্শন পেয়ে থাকি। আগেই দেখেছি কাত্যায়নী তন্ত্রে জগদ্ধাত্রীর উদ্ভবের কাহিনি। এইরকমই আখ্যান কেনোপনিষদে আছে। সেখানে দেবী হৈমবতী রূপে আবির্ভূতা। আবার দুর্গা ও জগদ্ধাত্রী যে অভিন্ন তার প্রমাণ পাওয়া যাচ্ছে মার্কণ্ডেয় পুরাণে। মেধাঋষি দেবীকে জগদ্ধাত্রী বলে চিহ্নিত করছেন।

মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত চণ্ডীতে দেবতাদের স্ত্রী রূপ হলো শক্তি। ব্রহ্মার শক্তি ব্রাহ্মণী, শিবের শক্তি মহেশ্বরী, কার্তিকের শক্তি কৌমারী, বিষ্ণুর বৈষ্ণবী, বরাহের বরাহী, নৃসিংহের নারসিংহী এবং ইন্দ্রে শক্তি ইন্দ্রাণী বা ঐন্দ্রী। শুম্ভকে বধ করতে দেবী চামুণ্ডাকে সাহায্যের জন্য এই সাত দেবী এগিয়ে এসেছিলেন। এই সাতদেবী সপ্তমাতৃকা হিসেবে চিহ্নিত। আরেকটি মত হলো, সপ্তমাতৃকার উদ্ভব হচ্ছে রক্তবীজ বধের সময়। বামন ও বরাহ পুরাণেও সপ্তমাতৃকার কথা আছে। সপ্তমাতৃকার মূর্তির সঙ্গে গণেশ ও বীরভদ্র থাকেন। এঁরা মাতৃকাদের পরিচালক ও রক্ষক। বাংলাতে আগেও জগদ্ধাত্রী পুজোর প্রচলন ছিল। রঘুনন্দনেরও দুশো বছর আগে চতুর্দশ শতকে মহামহোপাধ্যায় শূলপাণি তাঁর 'ব্রতকালবিবেক' গ্রন্থে দেবী জগদ্ধাত্রী সম্পর্কে এই শ্লোকটি লিখেছেন–

'কার্ত্তিকে মলপক্ষস্য বেতাদৌ নবমেহনি
পুজয়েত্তাং জগদ্ধাত্রী সিংহপৃষ্ঠে নিযেদুযীম।'

কার্তিক মাসের শুক্লপক্ষের নবমী তিথিতে জগদ্ধাত্রী পুজোর ধারা পূর্বেই নির্দেশ করা আছে। এছাড়াও আরও একাধিক জায়গায় জগদ্ধাত্রীর উল্লেখ রয়েছে। শূলপাণির পরে পঞ্চদশ-ষোড়শ শতকে বৃহস্পতি রায় মুকুটের লেখা 'স্মৃতিরত্নহার' এবং শ্রীনাথ আচার্য চূড়ামণির 'কৃত্যান্তত্তার্ণব' গ্রন্থে ওই একই পক্ষ মাস ও তিথিতে জগদ্ধাত্রী পুজোর উল্লেখ আছে। বাঙালি পণ্ডিত শরণদেব ১১৭২ বঙ্গাব্দে যে চণ্ডীটীকা লেখেন, তাতেও জগদ্ধাত্রীর কথা আছে।

তান্ত্রিক আগমবাগীশের কমবেশি এক হাজার বছর আগে সিদ্ধ নাগার্জুন এসেছিলেন। তিব্বত ও ভারতের তন্ত্র সাধনাকে তিনি লিপিবদ্ধ করেন। তন্ত্রের সহজ পন্থাও তিনি দেখান। তিনি যে পুঁথিটি রচনা করে গেছেন, তা সারাজীবন তিনি বাঁ-দিকের বগলের নীচে রক্ষা করে গেছেন। তার জন্য আকে নাম 'সিদ্ধ নাগার্জুন কোক্ষপুটম।' আগমবাগীশের 'তন্ত্রসার' গ্রন্থে জগদ্ধাত্রীর ধ্যান মূর্তির বিবরণ দিচ্ছেন–'মহাদেবী জগদ্ধাত্রী সিংহের স্কন্ধে আরূঢ়া, নানা অলংকারে ভূষিতা ও নাগরূপ যজ্ঞোপবীতধারিণী। দেবীর বাম হস্তদ্বয়ে শঙ্খ ও শার্ঙ্গধনু। দক্ষিণ হস্তদ্বয়ে চক্র ও পঞ্চবাণ। রক্তবস্ত্রপরিহিতা সেই ভবসুন্দরী প্রভাতসূর্যের ন্যায় রক্তবর্ণা। নারদাদি মুনিগণ তাঁর নিত্যসেবা করে থাকেন। তার ত্রিবলিবলয়সমন্বিত নাভিমণ্ডল মৃণালবিশিষ্ট পদ্মের ন্যায়। সেই শিবপত্নী রত্নদ্বীপরূপ উচ্চ বেদিকায় স্থিত সিংহাসনে প্রস্ফুটিত পদ্মের উপর উপবিষ্টা।'

জগদ্ধাত্রীর বর্ণনা যেমন 'কাত্যায়নীতন্ত্র', 'তন্ত্রসার'-এ আছে, তেমনই 'শক্তিমঙ্গলতন্ত্র', 'উত্তরকামাখ্যাতন্ত্র', 'কুব্জিকাতন্ত্র', 'ভবিস্যপুরাণ', 'সুমতিসংগ্রহ', 'দুর্গাকল্প' প্রভৃতি গ্রন্থেও জগদ্ধাত্রী পুজোর উল্লেখ আছে।

পালরাজাদের আমলে বাংলার তন্ত্রের বিপুল প্রভাব ছিল। সেই সময়ের রচিত তন্ত্রপুঁথিসমূহে জগদ্ধাত্রীর উল্লেখ আছে বলে লিখছেন পণ্ডিত ভাণ্ডারকর। শ্রীমন্মহাপ্রভু চৈতন্যসমসাময়িক বাঙালি স্মার্ত রঘুনন্দন কর্তৃক রচিত 'দুর্গোৎসবতত্ত্ব' পুঁথিতে জগদ্ধাত্রীর সম্পূর্ণ পূজাবিধি আছে।

মহাভারতে পার্বতীর আরেক নাম জগদ্ধাত্রী। আবার জগদ্ধাত্রীর বিশেষ প্রণাম মন্ত্রে তাঁকে দুর্গা রূপেই স্তুতি করা হচ্ছে।

জগদ্ধাত্রী পুজো আসলে একদিনে নিষ্পাদ্য দুর্গাপুজো।

শ্রীরামকৃষ্ণ জগদ্ধাত্রীর রূপ প্রসঙ্গে বলেছিলেন, জগদ্ধাত্রী রূপের মানে জানো? যিনি জগৎকে ধঅরণ করে আছেন। তিনি না ধরলে তিনি না পালন করলে জগৎ পড়ে যাবে। নষ্ট হয়ে যায়। মন রূপ করীকে যে বশ করতে পারে তারই হৃদয়ে জগদ্ধাত্রী উদয় হন। সিংহবাহিনীর সিংহ তাই হাতিক জব্দ করে রয়েছে। অর্থাৎ, তিনি মানুষের চঞ্চল দুর্বল মনকে মত্ত হাতির সঙ্গে তুলনা করেছেন।

জগদ্ধাত্রী এই মন রূপ মত্ত হাতির বিনাশ করে আমাদের চরিত্র ও ধর্মকে ধারণ করেছেন। এই হলো শ্রীরামকৃষ্ণের জগদ্ধাত্রী রূপের আধ্যাত্মিক ব্যাখ্যা।



**কলকাতার জগদ্ধাত্রী**

কলকাতায় জগদ্ধাত্রী পুজো শুরু হয়েছে উনিশ শতকে। মহেন্দ্রলাল দত্তের লেখা থেকে একথা জানা যায়। উনিশ শতকে কলকাতাতেও বারোয়ারি জগদ্ধাত্রী পুজো হতো। তা জানা যায় 'হুতোম প্যাঁচার নক্‌শা' থেকে। কালীপ্রসন্ন সিংহ লিখছেন–

'বারোইয়ারি প্রতিমাখানি প্রায় বিশ হাত উঁচু–ঘোড়ায় চড়া হাইল্যান্ডের গোরা, বিবি, পরী ও নানাবিধ চিড়িয়া, শোলার ফল ও পদ্ম দিয়ে সাজানো; মধ্যে মা ভগবতী জগদ্ধাত্রী-মূর্তি–সিঙ্গির গায়ে রূপুলি গিলটি ও হাতী সবুজ মখমল দিয়ে মোড়া। ঠাকরুণের বিবিয়ানা মুখ, রং ও গড়ন আদল ইহুদী ও আরমানী কেতা, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও ইন্দ্র দাঁড়িয়ে জোড়হাত করে স্তব কচ্চেন। প্রতিমের উপরে ছোট ছোট বিলাতী পরীরা ভেঁপু বাজাচ্চে–হাতে বাদশাই নিশেন ও মাঝে খোড়াসিঙ্গিওয়ালা কুইনের ইউনিফরম ও ফ্রেষ্ট!... বেলা আটটার সময় যাত্রা ভাঙলো, একজন বাবু মাতাল, পাত্র টেনে বিলক্ষণ পেকে যাত্রা শুনচিলেন, যাত্রা ভেঙে যাওয়াতে গলায় কাপড় দিয়ে প্রতিমে প্রণাম কত্তে গেলেন, (প্রতিমা হিন্দুশাস্ত্রসম্মত জগদ্ধাত্রী-মূর্তি)। কিন্তু প্রতিমার সিঙ্গি হাতীকে কাম্‌ড়াচ্চে দেখে, বাবু মহাত্মার বড়ই রাগ হলো, কিছুক্ষণ দাঁড়িয়ে থেকে বাবু করুণার সুরে–

তরিণী গো মা কেন হাতীর উপর এত আড়ি
মানুষ মেলে টের্‌টা পেতে তোমায় বেতে হতো হরিণবাড়ী।
সুর্কি কুটে সারা হোতো, তোমার মুকুট যেত গড়াগড়ি ॥
পুলিশের বিচারে শেষে সঁপতে তোমায় গ্র্যান্‌বুড়ি।
সিঙ্গি মামা টের্‌টা পেতেন ছুট্‌তে হতো উকীলবাড়ী ॥

গান গেয়ে, প্রণাম ক'রে চলে গেলেন।'

পুরনো কলকাতার অনেক বাড়িতেই জগদ্ধাত্রী পুজো হতো। সেই সময়ে প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের বাড়িতেও দুর্গাপুজো হতো। ১৮৩১ সালের ২২ অক্টোবরের এক পত্রিকাতে সেই তথ্য পাওয়া যাচ্ছে। সত্যেন্দ্রনাথ ঠাকুর 'বাল্যকথা'-য় লিখেছেন যে, তাঁদের বাড়িতে দুর্গা ও জগদ্ধাত্রী দুই পুজো হতো।

**ঠাকুর বাড়ির জগদ্ধাত্রী পুজো কেন বন্ধ হয়ে গেল?**

ঠাকুরবাড়ির এই পুজো মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর বন্ধ করে দিয়েছিলেন। এই বিষয়ে তাঁর আত্মজীবনী থেকে জানা যায়, তত্ত্ববোধিনী সভা সংস্থাপিত হওয়ার পর থেকে তাঁদের চির প্রচলিত পুজো ধীরে ধীরে তিনি তুলে দিচ্ছেন তাঁর ভাইদের সঙ্গে পরামর্শ করেই। কিন্তু সেই সময় দেবেন্দ্রনাথের কনিষ্ঠ ভাই নগেন্দ্রনাথ ইউরোপে ছিলেন। পুজো উঠিয়ে দেওয়ার কথা শুনে একমাত্র তিনি এর বিরোধিতা করেন। তাঁর মত ছিল পুজো হলো সমাজ বন্ধন, বন্ধু মিলন ও সকলের সঙ্গে সদ্ভাব স্থাপনের একটি উৎকৃষ্ট ও প্রশস্ত উপায়। কাজেই এর ওপরে হস্তক্ষেপ করলে সকলে আঘাত পাবেন। তারপরেও অনেক উপদেশ ও অনুরোধের পর সমস্ত ভাইদের সম্মতিতেই জগদ্ধাত্রী পুজো উঠে যায়। তারপরে কোনও দিন ঠাকুরবাড়িতে আর জগদ্ধাত্রী পুজো হয়নি। এই সময়ে তবে বারোয়ারি পুজোর সংখ্যা বাড়ল। পুজোর সংখ্যায় এক থেকে বেড়ে হলো দেড়শো।

আজ জগদ্ধাত্রী পুজো শুধু কৃষ্ণনগর বা চন্দননগরে সীমাবদ্ধ নেই। তা ছড়িয়ে পড়েছে বাংলার বিভিন্ন প্রান্তে। এমনকি ওড়িশা, বেঙ্গালুরু, মধ্যপ্রদেশেও জগদ্ধাত্রী পুজো হচ্ছে। ❑

**"সত্যমেব জয়তে"–'সত্যই সর্বদা জয়ী', উপনিষদের এ বাক্যটি ভারতের শীলমোহরে জাতীয় নীতিবাক্য হিসাবে গৃহীত হয়েছে।**

# কাশী বিশ্বনাথের শহরে দুর্গাবাড়ি

অরুণ মুখোপাধ্যায়



কাশী বাবা বিশ্বনাথের শহর। 'কাশী মুক্তি বিবেক' অনুসারে কাশীক্ষেত্র পূর্ব-পশ্চিমে পঞ্চক্রোশ, উত্তর-দক্ষিণে পঞ্চক্রোশ। এই স্থানের মধ্যে মৃত ব্যক্তি মুক্তি পাবেই। মধ্যমেশ্বর শিব থেকে দেহলি গণেশ পর্যন্ত যদি মণ্ডলাকারে ঘোরা যায় তাহলে যে বৃত্ত অঙ্কিত হবে তার মাঝখানের যে ক্ষেত্র আছে তার নাম বারাণসী। যে ক্ষেত্রে মৃত জীবের মুক্তি অবশ্যম্ভাবী। এই মুক্তিপ্রদ বারাণসী ক্ষেত্রেই রয়েছে বাবা বিশ্বনাথের মন্দির। কাশী মুক্তি বিবেক কাশীর ভৌগলিক সীমাও নির্দেশ করেছে। পশ্চিমে গোকর্ণেশ্বর শিব, পূর্বে জাহ্নবী গঙ্গা, উত্তরে ভারভুতেশ্বর শিব, দক্ষিণে ব্রহ্মেশ্বর শিবের অবস্থান। এই সীমার মধ্যেই রয়েছে বিশ্বনাথ। এই অঞ্চল অভিমুক্তক্ষেত্র। এখানে জীবের মৃত্যু হলে তার মুক্তি অবশ্যম্ভাবী। কীট, পতঙ্গ, পশু, পক্ষী, বৃক্ষ, ব্যাঙ, জলচর, স্থলচর যে কোনও জীবই কাশীক্ষেত্রে দেহত্যাগ করলে শিবত্ব প্রাপ্ত হবে। কাশীতে বাবা বিশ্বনাথের আলয়ে এমন সূচ্যগ্র স্থান নেই যেখানে মৃত প্রাণীর মুক্তি হয় না। বাবা বিশ্বনাথ কাশীতে ভক্ত, পুণ্যবান, পাপী জীবকে জীবনের শেষে চিরমুক্তি দেন।

**'কু' সন্তাপ থেকে দেবী কুষ্মাণ্ডা তাঁর ভক্তদের রক্ষা করেন 'দুর্গ' নামক এক অসুরকে বধ করেই দেবী দুর্গা ভক্তদের নানা দুর্গতি থেকে বাঁচিয়ে তোলেন।**

কাশীতীর্থকে রক্ষা করার জন্য বরণা ও অসি নামক দুইটি নদীর সৃষ্টি হয়েছে। দুই নদী একত্রে মিলে কাশীকে 'বারাণসী' রূপে পরিচিতি দিয়েছে। মর্ত্যলোকে বারাণসী হলো দিব্য করুণারূপিণী। 'কাশীখণ্ড' পড়ে জানা যায়, অসি নদী হলো ইড়ানাড়ি, আর বরণা পিঙ্গলা নাড়ি। এই দুই নাড়ির মাঝখানে অবিমুক্তক্ষেত্র কাশী অবস্থিত। কাশীই সুষুম্না।

কাশীক্ষেত্রে অন্তিমকালে মহাদেব স্বয়ং তারকব্রহ্ম উপদেশ দেন। যার ফলে অবিমুক্ত ক্ষেত্রমধ্যস্থ জনগণ মুক্তি পায়। তাই লোকে বলে, অবিমুক্তের সমান ক্ষেত্র নেই। অবিমুক্তের মতো গতি নেই। অবিমুক্ত লিঙ্গের মতো শিবলিঙ্গ নেই। কাশীপ্রাপ্তির পর নির্বাণ লাভ ঘটে। 'তীর্থংকাস্যাং তিলে তিলে'– কাশীতে প্রতি তিল তিল ভূমিতে এক একটি তীর্থের অবস্থান।

কাশী বিশ্বনাথের নগরী। কাশীর কোবোয়াল কালভৈরব। সেই কাশীতে নবদুর্গা যে আলাদা স্থান করে নিয়ে শাক্তধর্ম ও ভাগবানকে প্রকাশ করে চলেছে তা কত জনেই বা জানেন।

কাশী শহরের একটু বাইরে আলাইপুরায় রয়েছেন দেবী শৈলপুত্রী। নবদুর্গার প্রথম রূপই হলেন শৈলপুত্রী। বরণা নদীর কাছে প্রাচীন কূপ সন্নিহিত অনেকটা জায়গা জুড়ে মন্দির। মন্দিরের ভেতর দেবী শৈলপুত্রীর রক্তবর্ণরঞ্জিত কাপড়ে ঢাকা উজ্জ্বল মুখে দেখে ভক্তি শ্রদ্ধা জাগে। বৃষারূঢ়া, শূলধারী, পদ্মধারী দেবীর ভৈরব রয়েছেন একটি কুণ্ডের ভেতর। তাঁর নাম শৈলেশ্বর। লাল-রঙা মন্দির। বিশাল চত্বর। এখানে এসে একটু শান্তি পাওয়া যায়।

দুর্গাঘাট, পঞ্চাগঙ্গা ঘাটের কাছে কাশীর ছোট দুর্গা ব্রহ্মচারিণীর অবস্থান। এই অঞ্চলটায় মহারাষ্ট্র ও নেপালের অধিবাসীরা থাকেন। মন্দির ছোট। মাতৃমূর্তিও ছোট। লাল কাপড়ে আচ্ছাদিত স্বর্ণ মুখমণ্ডলের অধিকারিণী নবদুর্গার দ্বিতীয় রূপ ব্রহ্মচারিণী। দেবী দাঁড়িয়ে রয়েছেন পদ্মের উপর। এক হাতে জপমালা। অন্য হাতে কমণ্ডলু। দেবীর গলায় অপূর্বভাবে মালা চাপানো। শুধু মুখটুকু জেগে থাকে। হিমালয় দুহিতা শিবকে পতি হিসাবে পাওয়ার জন্য গভীর তপস্যা করেন। তাই তাঁর নাম হয় তপশ্চারিণী। ভগবান ব্রহ্মা তপশ্চারিণীর দীর্ঘ তপস্যায় সন্তুষ্ট হয়ে তাঁকে বর দেন। শিবকে তিনি বর হিসাবে পাবেন। ব্রহ্মার বর পেয়ে তিনি ব্রহ্মচারিণী হয়েছেন। দেবীর পূজার্চনায় জয় ও উন্নতি পাওয়া যায়। ব্রহ্মবিদ্যা বিষয়ে দক্ষ হওয়া যায়। শুধু তাই নয়, যারা উচ্চশিক্ষা অর্জন করতে চায়, তারা অবশ্যই ব্রহ্মচারিণীর পূজা করে।

ভৈরোঁনাথের মন্দির থেকে হাঁটাপথেই যাওয়া যায় ব্রহ্মচারিণীর দ্বারে। কে ২২/৭২ দুর্গাঘাট হলো দেবীর ঠিকানা। ব্রহ্মিণী নামে এক দেবীর নাম কাশীতে শোনা যায়। মাহেশ্বরী, বারাহাঁর মতোই তিনি জাগ্রতা। খালিসপুরায়, দশাশ্বমেধ ঘাটের কাছে তাঁর অবস্থান। ভোর ৬টা থেকে দুপুর ১:৩০ মিনিট এবং বিকেল ৪টা থেকে রাত ১১টা পর্যন্ত ব্রহ্মচারিণীর মন্দির খোলা থাকে। দেবীর আরতি হয় তিনবার। সকাল ৬টা, বিকেল ৪টা ও রাত ১১টা।

চকথানার বিপরীতে চন্দু নাউ-এর গলি। সেখানে চণ্ডঘণ্টা, চন্দ্রঘণ্টা বা চিত্রঘণ্টা দেবীর মন্দির। নবদুর্গার তৃতীয় দেবী হলেন চণ্ডঘণ্টা। মন্দির ছোট। আপনি বুঝতেই পারবেন না এখানে একটি মন্দির আছে। মন্দিরে বাঘকে বাহন হিসাবে নিয়ে দেবী অবস্থান করছেন। দেবীর গাত্রে স্বর্ণাভা ফুটে বেরচ্ছে। গায়ে

রক্তবস্ত্র। শরীরে নানা অলংকার। দেবীর পাশেই রয়েছে একটি ঘণ্টা। ঘণ্টাটি বিশালাকার। ঘণ্টাও এই কক্ষে নিত্য পূজা পায়। এই ঘণ্টার মাধ্যমে দেবী দৈত্যদের তেজকে নিষ্ক্রিয় করেছিলেন। চণ্ডঘণ্টার পূজায় ভক্ত মৃত্যু ভয় থেকে মুক্তি পায়। কাজেই রয়েছে চিত্রগুপ্তেশ্বর শিবমন্দির ও চিত্রকূপ। চিত্রকূপে স্নান, চিত্রগুপ্তেশ্বর দর্শন ও চণ্ডঘণ্টার পূজার্চনায় ধর্ম হতে চ্যুত ঘোরতর পাপীও চিত্রগুপ্তের লিপিকে ভয় পান না।

'বারাণসীর ইতিকথা'–র লেখক তপনকুমার ঘোষ মনে করেন, দেবী চণ্ডঘণ্টা বা চন্দ্রঘণ্টাকে সারনাথ থেকে এনে এখানে প্রতিষ্ঠা করা হয়েছে। তাঁর মতে, এই দেবী আসলে বৌদ্ধদেবী চিত্রঘণ্টা। তপনবাবু লিখেছেন, 'এই সম্বন্ধে সারনাথে প্রাপ্ত স্থির পাল এবং বসন্ত পালের ১০২৬ খ্রিস্টাব্দ শিলালেখ উল্লেখযোগ্য। বাংলার সম্রাট গৌড়াধিপ মহীপালের আদেশে স্থির পাল ও তার অনুজ বসন্ত পাল বারাণসীতে ঈশানেশ্বর ও চিত্রঘণ্টা এবং আরও শতাধিক মন্দিরের নির্মাণ করান। লোকের ধারণা, স্থির পাল ও বসন্ত পালের স্থাপিত চিত্রঘণ্টাই আজ হিন্দুদেবী চন্দ্রঘণ্টাতে পরিবর্তিত।'



বারাণসীর দুর্গাকুণ্ড সন্নিহিত দুর্গাবাড়ি। বিখ্যাত দুর্গামন্দির। দুর্গাবাড়ির দুর্গা হলো নবরাত্রির চতুর্থ রাতের পূজিতা কুষ্মাণ্ডা দেবী। বিদেশিরা এই লাল রঙ্গা মন্দিরটিকে 'মাংকি টেম্পল' বলেন। নাটোরের রানি ভবানী অষ্টাদশ শতাব্দীতে দুর্গামন্দির নির্মাণ করে দিয়েছেন। কাশী বিশ্বনাথ মন্দির যেমন 'গোল্ডেন টেম্পল', তেমনই দুর্গামন্দির 'মাংকি টেম্পল'। তবে এখন আর অত হনুমান নেই। মন্দিরের প্রবেশপথ ও চত্বর নিরাপত্তা বলয়ে মোড়া। দেবী কুষ্মাণ্ডা বা দেবী দুর্গার মুখটুকুই দেখা যায়। 'কু' সন্তাপ থেকে দেবী কুষ্মাণ্ডা তাঁর ভক্তদের রক্ষা করেন 'দুর্গ' নামক এক অসুরকে বধ করেই দেবী দুর্গা ভক্তদের নানা দুর্গতি থেকে বাঁচিয়ে তোলেন। নবরাত্রির নয়দিনই ভক্তরা এই মন্দিরে দেবী দর্শন করেন।

দুর্গামন্দিরের উত্তরে কিছুটা গেলেই মা মেনকার মন্দির আছে। সেই মন্দির দেখাও অবশ্য কর্তব্য। বেশ প্রশস্ত জায়গা নিয়ে মন্দির। প্রথম দরজার পর দ্বিতীয় দরজায় মূল মন্দিরে প্রবেশাধিকার মিলবে। রাধাকৃষ্ণ মন্দির, শ্রীপানিশ্বর ও শ্রীজলেশ্বর মহাদেব দর্শন করে দুর্গামন্দিরে প্রবেশ করতে হয়। সবসময় মন্দিরে দর্শনার্থীর আনাগোনা। কয়েকটি ধাপ সিঁড়ি উঠে দুর্গামায়ের দর্শন মেলে। পুরোহিত বিতরণ করছেন চরণামৃত। নারকেলের টুকরো ও মিষ্টান্ন। সুদর্শনা ভক্তিমতী আদিশক্তি দেবী দুর্গার রূপোর মুখ ফুলের মালায় সজ্জিতা। অনেকেই মন্দির চত্বর পরিক্রমণ করছেন। মন্দিরের দিকে মুখ করে দাঁড়ালে বাঁদিকে দুর্গাকুণ্ড। ডানদিকের সারিতে যে উঁচু নাটমন্দির রয়েছে সেখানে লক্ষ্মী, সরস্বতী অধিষ্ঠিতা। মন্দিরে আরও একজন রয়েছেন। তিনি রুদ্রভৈরব। আবার মহালক্ষ্মী বা ক্ষমা দেবীর কক্ষে মহিলোাদের ভিড় লেগেই আছে। দুর্গামন্দিরের বাহির পথে কুক্কুটেশ্বর মহাদেবের অবস্থান। তাঁর পাশেই জ্বরহরেশ্বরী। হনুমান ও গণেশমূর্তি বাহির পথে মন্দিরের গরিমা বাড়িয়েছেন।

কাশীর রক্ষাকর্ত্রী হলেন দেবী দুর্গা। কাশীখণ্ড পাঠে জানা যায়। রুরু নামের দৈব্যপুত্র 'দুর্গ' দীর্ঘ তপস্যা করে অজেয় বর লাভ করে। ক্ষমতা অর্জন করেই নিজ বাহুবলে ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক– সমস্ত জগৎকে নিজের অধীনে নিয়ে চলে আসে। ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণ, যম, অগ্নি, কুবের, ঈশান, রুদ্র, অর্ক, বসুগণের কাজ নিজেই করতে লাগল। দুর্গের ভয়ে ঋষি, ব্রাহ্মণ, নারী প্রকৃতি সকলেই চিন্তিত হয়ে উঠলো। দেবতারা মহাদেবের শরণ নিলেন।

দুর্গাসুরকে বধ করার জন্য মহাদেব ভগবতীকে আদেশ দিলেন। দেবী ভগবতী মহাদেবের কাছ থেকে আদেশ পেয়ে আনন্দিত চিত্তে দেবতাদের অভয় দিয়ে চললেন দুর্গাসুরকে বধ করতে। দেবী প্রথমে বিন্ধ্যাচলে আবির্ভূতা হয়েছিলেন। বিন্ধ্যাচলেই দুর্গাসুরের সঙ্গে যুদ্ধে তাকে বধ করেন। সেই থেকেই দেবীর নাম দুর্গা। বিন্ধ্যাচল থেকে এসে দেবী এখানে অবস্থান করছেন।

দুর্গাসুর সবরকম 'কু'-এর প্রতীক। 'কু'-কে বিনাশ করেন বলেই তিনি দুর্গা। নানা বিঘ্ন, রোগ, শোক, দুঃখ, পাপ, শত্রু, ভয়, অলসতা, নরকবাসের যন্ত্রণা, অজ্ঞান, অবিদ্যাকে দুর্গা দূর করেন। দেবী দুর্গাসুরকে বধ করলেন। দুর্গাসুর কখনও হাতির মূর্তি ধরেন, কখনও মহিষের মূর্তি ধরেন। অবশেষে মন্দশক্তির পরাজয় ও নারীশক্তির জয়ে দেবী দুর্গার বিজয়বার্তা শোধিত হয়। যেখানে এখন অসিঘাট, ওখানেই দুর্গা ও দুর্গাসুরের মধ্যে যুদ্ধ হয়েছিল বলে জনশ্রুতি। বিন্ধ্যাচল ও অসিঘাট দু'স্থানেই যুদ্ধ সংঘটিত হয়। দেবী দুর্গা অসিঘাটে তাঁর 'তরবারি' বা 'অসি' ধুয়েছিলেন বলে ঘাটটির নাম হয়েছে অসিঘাট। ক্লান্ত বিদ্ধস্ত দেবী দুর্গা অসুরকে বধ করে এসে দুর্গাকুণ্ডে বিশ্রাম নিয়েছিলেন। দুর্গাকুণ্ডের সঙ্গে এক সময় অসি নদী ও অসিসঙ্গমের যোগ ছিল। এখন সেই অসি নদী তার জলস্রোত হারিয়ে ফেলেছে। অসিকে দেখলে বর্তমানে নালার মতো লাগে।

মঙ্গল ও শনিবার কাশীর দুর্গা বাড়িতে প্রচুর মানুষ আসেন। শ্রাবণ মাসে দুর্গামন্দির ও দুর্গাকুণ্ডকে কেন্দ্র করে অঞ্চলটিতে মেলা বসে যায়। চৈত্র ও আশ্বিন মাসে নবরাত্রিতে নবদুর্গার চতুর্থ রূপ কুষ্মাণ্ডা মূর্তিতে দেবী দুর্গা পূজিতা হন। ওই দু'দিন দুর্গাবাড়ি রোডসহ মন্দির ও কুণ্ডে ভক্তের সমাগম ঘটে।

উইলিয়াম জেমস গ্র্যান্ট নামে এক ব্রিটিশ কালেক্টর ১৮০৮ খ্রিস্টাব্দে মন্দিরে একটি বড় ঘণ্টা উপহার দিয়েছিলেন। আসলে একদা সপরিবারে গ্র্যান্ট সাহেব গঙ্গা পরিভ্রমণকালে ভয়ানক দুর্যোগ ও ঝড়ের মুখে পড়েন। ভয়ে, আতঙ্কে নৌকার মাঝি দেবী দুর্গাকে স্মরণ করে সে যাত্রায় মৃত্যুর মুখ থেকে বেঁচে ফেরেন।

মানতের প্রতিশ্রুতি স্বরূপ গ্র্যান্ট সাহেব, বেণারসের কালেক্টর, ঘণ্টাটি মন্দিরকে দান করেন।

নবদুর্গার পঞ্চম রূপ স্কন্দমাতা। কবীলচৌরা হাসপাতালের পেছনে কলেজের সামনে দিয়ে যে রাস্তাটি জৈতপুরার দিকে চলে গেছে। ওখানে নাগাকূপের কাছাকাছি স্কন্দমাতার মন্দির। মন্দিরের গায়ে নেপালি মন্দিরের ছাঁচ। একটি তেঁতুল গাছ মন্দিরকে ছায়া দেয়। মন্দিরের প্রবেশপথে থাকা সিংহমূর্তি দর্শনার্থীদের আহ্বান করবে। দোতলা মন্দিরের ওপরতলায় দেবী স্কন্দমাতার কষ্টিপাথরে মূর্তি। একতলাটি মাটির নীচে। সেখানে রয়েছেন বাগেশ্বরী দেবী। চতুর্ভূজা স্কন্দমাতার দুটি হাতে পদ্মফুল। এক হাতে বরমুদ্রা। অন্য হাতে পুত্র কার্তিকের অবলম্বন। মা'র কোলে বসে কার্তিক পরম নির্ভরতা অনুভব করছেন।

সঙ্কটা মন্দিরের পাশে আত্মা বীরেশ্বর মন্দিরের ভেতরে দেবী কাত্যায়নী থাকেন। নবরাত্রি ষষ্ঠ রাত্রে কাত্যায়নীর পুজো হয়। মহিষাসুরকে বধ করা দেবী কাত্যায়নী কাত্যায়ন ঋষির আশ্রমে আবির্ভূতা হয়েছিলেন। বৃন্দাবনে যে সতীপীঠ রয়েছে সেই পীঠের অধীশ্বরী দেবী হলেন কাত্যায়নী। কাশীর যে কাত্যায়নী মূর্তি তাঁকে আধো আলো, আধো অন্ধকারে দেখে মনে হলো এ তো মহিষমর্দিনীর রূপ। দেবীর এই রূপই আমাদের কাছে অতি পরিচিত। মূর্তিটি মনে হয় ক্ষয়ে যাচ্ছে। সুরক্ষিত না করলে ভবিষ্যতে মূর্তিটির কী অবস্থা হবে ভাবলে আতঙ্কিত হতে হয়।

নবরাত্রির সপ্তম দেবী কালরাত্রি। কালকা গলি দিয়ে একটু এগুলেই কালরাত্রির মন্দির। কাশীবাসী ব্যক্তি কালরাত্রিকে স্বপ্নাকালী বলেও ডাকেন। কারও মতে ইনি বারাহী। কালো পাথরের কালীমূর্তি যথেষ্ট ভয়ঙ্করী। কালিকার নামানুসারেই কালকাগলি নাম। দুর্গাষ্টমী, কালীপূজা, শনিবার ও অমাবস্যায় কালরাত্রি কালিকার বিশেষ পূজার ব্যবস্থা থাকে। অষ্টম রাত নবরাত্রির। কাশীর অন্নপূর্ণা ধারণ করেন মহাগৌরীরূপ। দেবী অন্নপূর্ণা মহাগৌরীর শুধু মুখটুকু দেখা যায়। দেবী ভবানী মহাগৌরীরূপে ভক্তদের অভয় দান করেন। কারও মতে, অন্নপূর্ণা মন্দির লাগোয়া রামমন্দিরে যে ভবানী গৌরী আছেন, তিনিই মহাগৌরী। প্রকৃত যে অন্নপূর্ণা মূর্তি তা স্বর্ণনির্মিত। অন্নকূটের সময় দীপান্বিতার চতুর্দশী থেকে তিন দিন তাঁর দর্শন পাওয়া যায় অন্নপূর্ণা মন্দিরের দ্বিতলে। মহাষ্টমীর দিন কাশীতে অন্নপূর্ণাই মহাগৌরী রূপে পূজিতা হন। তবে ওইদিন সঙ্কটা মন্দির ও দুর্গা বাড়িতেও আলাদাভাবে বিশেষ পূজা হয়। যা মহাগৌরীর পূজা রূপেই খ্যাত।

মা সঙ্কটার মন্দির থেকে হাঁটাপথে দেবী সিদ্ধিদাত্রীর মন্দির। দোতলা বাড়ি বললেও বোধহয় ভুল বলা হয় না। বাড়ির প্রবেশপথে সিঁড়ি আছে। ডানদিকে সিদ্ধেশ্বর শিবলিঙ্গ। দোতলার একটি ঘরে দেবী সিদ্ধিমাতা বা সিদ্ধিদাত্রীর মূর্তি। দেবীর বাহন সিংহ। চতুর্ভূজা দেবী হস্তে ধারণ করে আছেন শঙ্খ, চক্র, গদা ও পদ্ম। দেবী সিদ্ধিদাত্রী হলেন নবরাত্রির নবম দেবী।

চৈত্রমাসে বসন্তকালে বাসন্তী পুজোর সময় এবং আশ্বিন-কার্তিকে শরৎকালে শুক্লা প্রতিপদ থেকে নবমী পর্যন্ত নবদুর্গার ক্রম অনুযায়ী পূজা হয়। প্রতিটি মন্দিরেই থাকে অগণিত ভক্তের ভিড়। দেবী শৈলপুত্রী, ব্রহ্মচারিণী, চন্দ্রঘণ্টা, স্কন্দমাতা, কাত্যায়নী, সঙ্কটা, সিদ্ধিদাত্রীর মন্দির যেহেতু কাশীর গোধূলিয়া থেকে যাওয়া একটু কষ্টকর, তাই সবচেয়ে বেশি ভক্তের সমাগম ঘটে অন্নপূর্ণা মন্দির ও দুর্গাবাড়িতে।

এত মানুষ কাশী আসেন, ক'জন যে নবদুর্গার মন্দির দর্শন করেন কে জানে? কাশীতে নবরাত্রিতে নবদুর্গা পুজোয় সবচেয়ে বেশি ভিড় হয়ে চৌষট্টি যোগিনী মন্দিরে। চৌষট্টি যোগিনী ঘাটেই দেবীর মন্দির।

রাজা দিবোদাস নিষ্কণ্টকে রাজত্ব করেন বলে কাশীকে দেবতাশূন্য করলেন। স্বয়ং মহাদেবকেও কাশী থেকে বিতাড়িত করলেন। বাবা বিশ্বনাথ তখন আশ্রয় নিয়েছেন মন্দার পর্বতে। আর ভাবছেন, কীভাবে তাঁর আনন্দকানন কাশীতে আবার প্রবেশ করা যায়। কাশীর সংবাদ নেওয়ার জন্য তিনি চৌষট্টি যোগিনীকে কাশী পাঠিয়েছিলেন। বিশ্বনাথ শূন্য কাশী কেমন আছে তা জানাই মহাদেবের ইচ্ছা ছিল। রাজা দিবোদাস যাতে ধর্মচ্যুত হয় ও কাশী ত্যাগ করে– এই বাসনা নিয়ে মহাদেব যোগিনীদের পাঠিয়েছিলেন। চৌষট্টি যোগিনী কাশীতে এসে এমন মুগ্ধ হয়ে গেলেন, এমনভাবে কাশীর প্রেমে পড়ে গেলেন, যে তাঁরা কাশী ত্যাগ করলেন না। কোথায় অন্তর্হিত হলো যোগিনীদের যোগবল, মায়া বল। তাঁরা কাশীতে এসে দিব্যরূপ পরিত্যাগ করে যোগিনী, মালিনী, তপস্বিনী, ধাত্রী, দাসীর বেশ ধারণ করে নানা গৃহস্থের ঘরে কাজে লেগে গেল।



বসন্তকালে ও শরৎকালে এই মন্দিরে শুক্ল প্রতিপদ থেকে শুক্ল নবমী পর্যন্ত চৌষট্টি যোগিনীর মূর্তিতে দেবীর নবদুর্গার রূপমূর্তি দিয়ে সাজানো হয়। প্রতিপদে শৈলপুত্রী, দ্বিতীয়ায় ব্রহ্মচারিণী, তৃতীয়ায় চন্দ্র বা চণ্ডঘণ্টা, চতুর্থীতে কুষ্মাণ্ডা, পঞ্চমীতে স্কন্দমাতা, ষষ্ঠীতে কাত্যায়নী, সপ্তমীতে কালরাত্রি, অষ্টমীতে মহাগৌরী, নবমীতে সিদ্ধিদাত্রী হয়ে দেবী এই পীঠে পূজিতা হন। প্রতিটি রূপের জন্য আলাদা আলাদা মুখোশ আছে। কাশী শহর ও কাশী সন্নিহিত অঞ্চলের ভক্তিনম্র মানুষজন চৌষট্টি যোগিনী ক্ষেত্রে নয় দিনে নবদুর্গার রূপ দেখতে পান বলে এখানেই ভিড় করেন।

'নবদুর্গা কবচ'-এ নবদুর্গা শ্লোকটি কাশীতে পাঠ করা হয়।

'প্রথমং শৈলপুত্রীতি দ্বিতীয়ং ব্রহ্মচারিণী।  
তৃতীয়ং চণ্ডঘণ্টেতি কুষ্মাণ্ডেতি চতুর্থকম্ ॥

পঞ্চমং স্কন্দমায়েতি ষষ্ঠং কাত্যায়নী তথা।
সপ্তমং কালরাত্রীতি মহাগৌরীতি চাষ্টকম্ ॥
নবমং সিদ্ধিদাত্রীতি নবদুর্গাঃ প্রকীর্ত্তিতা।'

নবদুর্গা ব্যতীত নবশক্তি ও নবগৌরী কাশীকে রক্ষা করছেন। শতনেত্রা, সহস্রাস্যা, অযুতভুজা, অশ্বরূঢ়া, গজাস্যা, ত্বরিতা, শববাহিনী, বিশ্ব ও সৌভাগ্যগৌরী হলেন কাশীর নবশক্তি অধিষ্ঠাত্রী দেবী। আর বিশালাক্ষীগৌরী, জ্যেষ্ঠাগৌরী, মুখনির্মালিকাগৌরী, সৌভাগ্যগৌরী, শৃঙ্গারগৌরী, ললিতাগৌরী, ভবানীগৌরী, মহালক্ষ্মগৌরী ও বিশ্বভুজাগৌরী হলেন কাশীর নবগৌরী। তাঁদের কৃপায় কাশীক্ষেত্রে শান্তি বর্ধিত হয়।

নবদুর্গা বা নয় দুর্গার মন্দিরগুলি সকাল ৫টা থেকে ৬টার মধ্যে খোলে। বন্ধ হয় ১২টা থেকে ১:৩০ মিনিটের মধ্যে। দুপুরে ৩টা থেকে ৪টার মধ্যে দ্বার উন্মুক্ত হয়। প্রায় রাত ১০টা পর্যন্ত খোলা থাকে। আরতি হয় তিনবার। সকালে, দুপুরে আর রাত্রে। একটু খবর নিয়ে মন্দিরে যাওয়াই ভালো।

কাশীখণ্ডে চৌষট্টি যোগিনীর নামের উল্লেখ আছে। নামগুলি বলি। সিংহমুখী, কাকতুণ্ডিকা, গৃধাস্যা, হয়গ্রীবা, উষ্ট্রগ্রীবা, বারাহী, শরভাননা, উলুকিকা, শিবারাবা, ময়ূরী, বিকটাননা, অষ্টবক্রা, কোটরাক্ষী, কুব্জা, বিকটলোচনা, শুষ্কোদরী, লোলজিহ্বা, শ্বদংষ্ট্রো, বানরমনা, রুদ্রাক্ষী, কেকরাক্ষী, বৃহত্তুণ্ড, সুরাপ্রিয়া, কপালহস্তা, রক্তাক্ষী, শুকী শ্রেণি, কপোতিকা, পাপহন্তা, দণ্ডহস্তা, প্রচণ্ডা, চণ্ডবিক্রমা, শিশুঘ্নী, পাপহন্ত্রী, কালী, রুধিরপায়িনী, বসাধরা, গর্ভভক্ষা, শবহস্তা, অস্ত্রমালিনী, স্থূলকেশী, বৃহৎকুক্ষি, সর্পাসা, প্রেতবাহনা, দন্দশূককরা, ক্রৌঞ্চী, মৃগশীর্ষা, বৃষাননা, ব্যাত্তাস্যা, ধুমনিশ্বাসা, ব্যোমৈকচরণা, ঊর্ধদৃক্, তাপনী, শোষণীদৃষ্টি, কৌটরী, স্থূলনাসিকা, বিদ্যুৎপ্রভা, বলাকাস্যা, মার্জারি, কটপুতনা, অট্টাট্টহাসা, কামাক্ষী, মৃগাক্ষী বা মৃগলোচনা। চৌষট্টি যোগিনীর নাম প্রতি সন্ধ্যায় জপ করলে দুষ্ট বাধা দূর হয়। শিশুদের রোগ ও গর্ভধারিণীর গর্ভযন্ত্রণা দূর হয়। যুদ্ধে, বিচারে জয়লাভ ঘটে।

যোগিনী পীঠের সেবা করলে তার সকল কামনা পূর্ণ হয়। ধূপ, দীপ, বলি, দক্ষিণা দিয়ে যোগিনীদের পূজায় দেবীরা সন্তুষ্ট হন। কাশীখণ্ড বলছে, আশ্বিন মাসের শুক্ল প্রতিপদ থেকে শুক্ল নবমী পর্যন্ত যোগিনীগণ পূজিতা হলে ভক্তের বাঞ্ছা পূরণ করেন।

কৃষ্ণপক্ষের চতুর্দশীতে উপবাসী থেকে যোগিনীপীঠে রাত্রি জাগরণ করলে অনন্ত ফললাভ হয়। চৈত্র মাসের কৃষ্ণপক্ষে প্রতিপদ তিথিতে যোগিনী তীর্থের উদ্দেশে যাত্রা করলে মনে শান্তি আসে। চৌষট্টি যোগিনী কাশীতে মণিকর্ণিকা তীর্থের ওপরেই অবস্থান করছেন। তাঁদের প্রণাম করলে মানুষের সকল বিঘ্ন দূর হয়।

কাশী-বারাণসীর চৌষট্টি যোগিনী ঘাটে চৌষট্টি যোগিনী মন্দিরে প্রবেশ করলেই বাঁদিকে চৌষট্টি যোগিনী মূর্তি। ডানদিকে দেবী ভদ্রকালী। চৌষট্টি যোগিনী মূর্তি মহিষাসুরমর্দিনী দেবী দুর্গারই প্রতিরূপ। পিতলের তৈরি। ❑


**DrivingSchool.com.bz**
**Tel: 416-756-1044**

আমাদের সেবাসমূহ–

- ❖ আপনাকে একজন ক্যানাডিয়ান মানের দক্ষ ড্রাইভার তৈরি করা
- ❖ ড্রাইভিং টেকনিকসমূহ আপনার কাছে স্ফটিকস্বচ্ছ ও সহজ করা
- ❖ ন্যূনতম সময় ও অর্থ ব্যয়ে টরন্টো থেকে লাইসেন্স পেতে সহযোগিতা করা
- ❖ আপনার প্রার্থীত সময়ে টেষ্ট বুকিং দেয়া

**ব্যবস্থাপনায়ঃ**
**অজয় বনিক**
**ব্যস্ত সড়কে উপযুক্ত প্রশিক্ষণই**
**আমাদের প্রকৃত বন্ধু**
নিরাপদ ড্রাইভিং শেখার
অন্যতম প্রতিষ্ঠান

**Mr. Ajoy**
**416-756-1044**




# সন্ধিপুজোয় কেন দুর্গাকে চামুণ্ডারূপে পুজো করা হয়?

ভাস্কর বন্দ্যোপাধ্যায়

*** দর্শনে কী ফল লাভ হয়? * কেন ১০৮ পদ্ম লাগে?**

*প্রচুর খুটিনাটি, নিয়মের মধ্যে দিয়ে দুর্গাপুজোর শাস্ত্রীয় ক্রিয়াটি পালিত হয়। দুর্গোৎসবে দেবীর কৃপা পাওয়া যায় তাঁর পুজোয় অংশ নিয়ে সেবাদান করলে। চারদিনের বিভিন্ন উপাচারে পুজো দেখারও সুফল আছে। অষ্টমী-নবমীর সন্ধিপুজোর সময় দেবী চামুণ্ডা রূপে পূজিতা হন। দুই অসুর শুম্ভ-নিশুম্ভকে নাশ করতে দেবী কেন চামুণ্ডা রূপ ধরলেন? কেউ যদি সেই ঘটনার কথা শোনেন ও পুজো দেখেন, তাতে কী ফল মেলে? পরিবারের কী কী মঙ্গল হয়? এছাড়া কুমারীপুজো দর্শনে কী ফল লাভ হয়? নবরাত্রি উদ্‌যাপনে কী আকাঙ্ক্ষা পূর্ণ হয়? জানালেন **ভাস্কর বন্দ্যোপাধ্যায়**।*

যুগাবতার শ্রীরামকৃষ্ণের কাছে এসেছেন কীর্তনীয়া বৈষ্ণবচরণ। তাঁকে দেখে ঠাকুরের আনন্দ আর ধরে না। মনের ইচ্ছা, তাঁর কাছে বহুবার শোনা আগমনি গানটি বৈষ্ণবচরণকে গাইতে বললেন। আরম্ভ করলেন কীর্তনীয়া–

'শ্রীদুর্গানাম জপ সদা বসনা আমার।
দুর্গমে শ্রীদুর্গা বিনে কে করে নিস্তার ॥'



গানটি শুনতে শুনতে ভাবে বিভোর শ্রীরামকৃষ্ণ। কখনও নিজে গলা মেলাচ্ছেন গানটির সুরে। তাঁর মন তখন ভাবরাজ্যে বিচরণ করছে। তিনি সমাধিস্থ। দেখছেন দুর্গতিনাশিনী মহাদেবী দুর্গাকে। অতীতেও এই গানটি শুনে অনেকবার সমাধিস্থ হয়েছেন। কীর্তনের সুরে কখনও আবার নিজেই গাইতেন–

'আমি দেহ বেচে ভবের হাটে
দুর্গা নামটি কিনে এনেছি।'

প্রসঙ্গটি অবতারণার কারণ, দুর্গা নামের মাহাত্ম্য, রহস্য ও অনন্তশক্তি বোঝাবার জন্য। আধিভৌতিক, আধিদৈবিক ও আধ্যাত্মিক সকল প্রকার বাধা-বিঘ্ন-দুঃখ-অশান্তিতে ডুবে থাকা মানুষের মনকে উদ্ধার করে চির শান্তির রাজ্যে নিয়ে যান তিনি। তাঁর কৃপায় লাভ হয় সচ্চিদানন্দ ব্রহ্ম। তাই তিনি ব্রহ্মময়ী দেবীদুর্গা। তিনি মহাশক্তি। কোনও অক্ষর, অলঙ্কার, উপমায় তাঁকে প্রকাশ করা যায় না। তিনি চিরকল্যাণময়ী মহাশক্তি। দেব মানুষের সবরকমের অশুভ আসুরিক শক্তিকে বিনাশ করেন, দুঃখ থেকে উদ্ধার করে শুভশক্তির উদ্বোধন ঘটান, অখিল বিশ্বের মঙ্গল করেন। মহাভারতে মহর্ষি ব্যাসদেব বলেছেন– 'দুর্গাত্তারয়সে দুর্গে তত্বং দুর্গা স্মৃতা জনৈঃ', অর্থাৎ সব ধরনের দুর্গতি থেকে পরিত্রাণ কর বলেই হে দেবী, তুমি দুর্গা নামে পরিচিতা।

**দুর্গা নামের অন্তরালে :**

দুর্গা নাম রহস্যময়। তিনিই সকল দুঃখের ত্রাণকারী। দুর্গানামের অর্থ নানাভাবে আছে। যেমন, শব্দকল্পদ্রুম গ্রন্থানুসারে, দ-কার দৈত্যনাশিনী, উ-কার এর অর্থ সর্ব বিয়নাশিনী, রেফ-দ্বারা বোঝানো হয়েছে তিনি সর্বরোগ বিনাশিনী, গ-কার-এ বোঝায় জীবনের সর্বপাপনাশিনী এবং আ-কার দিয়ে বোঝায় সব রকম ভয় ও শত্রুনাশিনী। তাই মহাশক্তি দেবী দুর্গা হলেন দৈতনাশিনী, সর্ববিঘ্ননাশিনী, সর্বরোগবিনাশী, সর্বপাপনাশিনী ও সব ভয় ও শত্রুনাশিনী।– 'দৈত্য নাশার্থবচন... পরিকীর্তিতঃ ॥'

শ্রীশ্রীচণ্ডীতে বলা হয়েছে মহাদেবী দুর্গা ভবসাগর পারাপারের একমাত্র নৌকো স্বরূপা– 'দুর্গাসি ভবসাগর নৌরসঙ্গা'। আবার মহাদেবীকে অসুরবধকারিণীও বলা হয়েছে– 'তত্রৈবচ বধিয্যামি দুর্গামাখ্যং মহাসুরম্।

> **দুর্গাপুজো করা সকলের পক্ষে সম্ভব নয়। শাস্ত্র বলেন, সহস্রনাম পাঠে সম্পূর্ণ পুজোর ফল পাওয়া যায়। তাই এই বিশেষ সময় 'দুর্গাসহস্রনাম' স্তব পাঠেও সর্বকাঙ্ক্ষিত ফল লাভ সম্ভব।**

দেবীপুরাণমতে তিনি দুর্গের রক্ষাকারিণী– 'দুর্গেষু দুর্গেশ্বরী' আবার দেবী ভাগবতে তিনি নগররক্ষাকারিণী– 'রক্ষা ত্বয়া চ কর্তব্যা সর্বদা নগরস্য হ।' বেদের রাত্রিসুক্তেও দুর্গার নাম পাওয়া যায়। সেখানে বলা হয়েছে, 'দুর্গাং দেবীং শরণমহং প্রপদ্যে সুতরশি ভরসে নমঃ'/ বেদভাষ্য–কর্তা সায়নাচার্য্য প্রভৃতি শাস্ত্রকাররা ঋকবেদের পরিশিষ্ট অংশকে বেদেরই অংশ বলে স্বীকৃতি দিয়েছেন। সুতরাং দুর্গা বৈদিক দেবীও।

**ব্রহ্ম ও শক্তিরূপী দুর্গা :**

দুর্গা হলেন ব্রহ্ম ও শক্তির অফুরন্ত আধার। জগৎ সংসারে সর্বক্ষণ তাঁর শক্তি সর্বতভাবে প্রকাশিত হয়ে চলেছে। শক্তি ছাড়া ব্রহ্ম নিষ্প্রাণ– জড়বৎ। জগৎ সংসারের সবকিছুর মধ্যেই ব্রহ্ম

প্রকাশিতা। সেই ব্রহ্ম ততক্ষণই ক্রিয়াশীল যতক্ষণ শক্তি তার সঙ্গে থাকে। ধরা যাক, কোনও স্থানে কোনও বাড়ি বৈদ্যুতিক সরঞ্জামে সুসজ্জিত করা হল, কিন্তু প্রয়োজনীয় বিদ্যুৎ সংযোগ করা হল না। তখন সেগুলি ক্রিয়াহীন। কারণ, তাকে কাজ করাবার প্রয়োজনীয় শক্তি অমিল। তাই শক্তি ছাড়া গতি নেই। শক্তি আর ব্রহ্মের মধ্যে বিশেষ সম্পর্ক আছে। ব্রহ্মছাড়া শক্তি অপ্রকাশিত। আবার শক্তি ছাড়া ব্রহ্ম ক্রিয়াহীন। তাই ব্রহ্ম এবং শক্তি যুগপৎ ক্রিয়া করে। দেবশক্তিও ব্রহ্মশক্তির অংশ। কেঠোপনিষদে একটি বিখ্যাত উপাখ্যান আছে সেটি বড়ই প্রাসঙ্গিক–

দেবতা ও অসুরের মধ্যে সবসময় যুদ্ধ বিগ্রহ লেগেই থাকে। একবার দেব অসুরের যুদ্ধে ব্রহ্মশক্তির বলে দেবতারা অসুরদের পরাজিত করলেন। কিন্তু মহামায়ার মায়ায় দেবতারা আবিষ্ট হয়ে ভাবলেন তাঁরাই নিজ শক্তিতে বিজয়ী হয়েছেন। তাই তাঁদের মনে শক্তির অহঙ্কার হল আকাশছোঁয়া। তাঁরা ভাবলেন অসুররা আর কখনও স্বর্গরাজ্য দখল করতে পারবে না। আর যদি এই দুঃসাহস দেখায় তাহলে তাঁরা নিজেরাই অসুরদের উচিত শিক্ষা দেবেন। অন্যের কাছে সাহায্য প্রার্থনা করে নত হতে হবে না। দেবতাদের এই ভ্রান্ত ধারণা অচিরেই ভাঙল। দেবতাদের হুঁশ ফেরাতে ব্রহ্ম নিজের যোগবলে দেবতাদের সামনে এসে উপস্থিত হলেন।

দেবতারা সেই বিস্ময়কর রূপধারীর প্রকৃত স্বরূপ বুঝতে পারলেন না। দেবরাজ ইন্দ্র অগ্নিকে নির্দেশ দিলেন দৃশ্যমান রূপটির স্বরূপ জেনে আসার জন্য।

অগ্নিদেব বিস্ময়কররূপী ব্রহ্মের সামনে এসে দাঁড়ালেন। ব্রহ্ম অগ্নিদেবকে জিজ্ঞাসা করলেন, 'কে তুমি? তোমার নাম কী?' অগ্নি চরম ঔদ্ধত্য দেখিয়ে বললেন, 'আমি জাতবেদা, নাম অগ্নি।'

ব্রহ্ম উপেক্ষাপূর্ণ মৃদু হেসে বললেন, 'তাই বুঝি! তোমার কি কোনও শক্তি আছে?'

অগ্নি রেগে গিয়ে বললেন, 'তুমি জেনে রাখ, জগতের সব কিছুকে আমি এক নিমিষেই পুড়িয়ে ছাই করে দিতে পারি।'

অগ্নির কথা শুনে ব্রহ্ম ঠোঁঠের কোণে অবজ্ঞাপূর্ণ হেসে বললেন, 'বাঃ, বেশ! এই তৃণটা দেখছ, এটাকে পোড়াও তো!'

অগ্নি অবজ্ঞা ভরে তুচ্ছ তৃণটা নিলেন। কিন্তু কী কাণ্ড! সর্বশক্তি দিয়েও অগ্নি তৃণটি দগ্ধ করতে পারলেন না। সে পরাজিতা। লজ্জিত হয়ে ইন্দ্রের কাছে ফিরে গিয়ে বললেন, 'আমি ব্যর্থ, শক্তিহীন।'

দেবরাজ ইন্দ্র বিচলিত হলেন। পবনদেবকে ডেকে পাঠিয়ে বললেন, 'যাও এখনই বিস্ময়কর রূপধারীর পরিচয় জেনে এসো।' বায়ু দ্রুত বেগে ব্রহ্মের সামনে উপস্থিত হলেন। ব্রহ্ম বায়ুকে জিজ্ঞাসা করলেন, 'কে তুমি? কী তোমার পরিচয়?'

বায়ু বললেন, 'আমি বায়ু। জগতের সববস্তুকেই আমি গ্রহণ করতে পারি।'

ব্রহ্ম আগের মতোই একটি তৃণ বায়ুদেবকে দিয়ে বললেন, 'বেশ, এই তৃণটিকে তুমি গ্রহণ করে দেখাও দেখি।'

বায়ু ভাবলেন, উনি তাঁর শক্তি জানেন না, নিতান্তই অর্বাচীন। তাই তুচ্ছ কর্মে শক্তি প্রদর্শন করতে বলছেন। এরপর নিজের সর্বশক্তি দিয়ে দীর্ঘ চেষ্টার পরেও বায়ু তৃণটি গ্রহণ করতে পারলেন না। অবশেষে গলদ্‌ঘর্ম হয়ে দেবরাজ ইন্দ্রের কাছে ফিরে গিয়ে বললেন, 'দেবেন্দ্র, আমি কিছু বুঝতে পারছি না। একটা তৃণকে নড়ানোর শক্তিও আমার নেই!'



এবার ইন্দ্রের কাছে এমন কেউই নেই যাঁকে তিনি ব্রহ্মের সামনে পাঠাতে পারেন। অগত্যা তিনি নিজেই ব্রহ্মের কাছে গেলেন। সঙ্গে সঙ্গে ব্রহ্ম অদৃশ্য হলেন। ইন্দ্র তখন আকাশের দিকে চেয়ে দেখলেন, হিমালয় কন্যা উমা নানান দিব্যালঙ্কারে সেজে দাঁড়িয়ে আছেন। ইন্দ্র উমাকে জিজ্ঞাসা করলেন, 'যা দেখতে এলাম সেটা কি? কোথায় গেল?'

মহাশক্তি উমা বললেন, 'ওটি ব্রহ্ম! ব্রহ্মশক্তিতেই তোমরা অসুরদের পরাজিত করেছ। একথা ভুলেও মনে কোর না, যে অসুররা দেবশক্তির কাছে পরাজিত হয়েছে। তোমাদের ভুল দূর কর।'

সুতরাং ব্রহ্ম শক্তিই সব কাজ সম্পাদন করেন। মহাবিদ্যারূপা সেই মহাশক্তির কৃপা ছাড়া সবই প্রাণহীন, জড়। জগৎ সংসারে তিনি বিরাজিত–

'আছ অনল অনীলে চির নভনীলে, ভূদর সলিলে গহনে,
আছ বিটপীলতার জলদেরও গায় শশি তারকা পবনে।'

সেই সর্বব্যাপী মহাশক্তি ব্রহ্মময়ী মহাদেবী শারদীয়ায় দুর্গারূপে আরাধিতা হন।

**দুর্গোৎসবের সময় :**

স্মার্তকার রঘুনন্দন তাঁর স্মৃতিশাস্ত্রে বলেছেন ছয় কল্পে দুর্গোৎসবের বিধান আছে। সেই ছয় কল্প হল– ১) কৃষ্ণনবমাদি কল্প, ২) প্রতিপদাদি কল্প, ৩) ষষ্ঠাদি কল্প, ৪) সপ্তমাদি কল্প, ৫) মহাষ্টম্যাদি কল্প, ৬) মহানবম্যাদি কল্প। বাংলার প্রায় সব দুর্গোৎসব হয় ষষ্ঠ্যাদি কল্প মেনে চারদিনে– সপ্তমী, মহাষ্টমী, মহানবমী ও দশমী। শুধুমাত্র অষ্টমী ও নবমীকল্পে পুজো করলে একই দিনে পুজো ও বিসর্জন করতে হয়। শাস্ত্র দুটি মাত্র তিথির আগে মহা শব্দ যুক্ত করেছেন। এই দুই তিথি হল অষ্টমী ও নবমী– মহাষ্টমী, মহানবমী। অন্য কোনও তিথিকে শাস্ত্র মহা বলেননি। কারণ, মহাষ্টমীতে পুজো করলে মহা বিপদ-আপদ থেকে উদ্ধার পাওয়া যায়। তাই শারদ অষ্টমী হল মহাষ্টমী– এদিনের পুজোর প্রসন্ন হয়ে মহাশক্তি মহাময়ী দুর্গা মানুষকে সব বিপদ-আপদ থেকে মুক্ত করেন। অন্যদিকে নবমীর পুজোর তুষ্ট হয়ে তিনি মহাসম্পদ দান করেন।

তাই শারদ নবমী মহানবমী।

'মহাবিপত্তারকত্বাদ্ গীয়তেহসৌ মহাষ্টমী।
মহাসম্পদ্দায়কত্বাৎ সা মহানবমী মতা ॥'



**পুজোর দিক :**

কোনও পুজোর উদ্দেশ্য কী অর্থাৎ কীসের উদ্দেশ্যে সাধনের জন্য পুজোটি করা হচ্ছে তা আগে সঙ্কল্প করে তারপর আরাধনা করাই শাস্ত্রীয় বিধান। তাই সব থেকে আগে নির্ণয় করতে হয় সেই পুজোর উপযুক্ত সময় বা ক্ষণ। শঙ্করাচার্যও পুজোর কাল বা সময়ের কথা বলেছেন। মা দুর্গারও কিছু বিশেষ সময় আছে। সেই সময়ের মধ্যেই সম্পন্ন করতে হয় পুজোর বিশেষ কিছু অঙ্গ। যেমন দুর্গাপুজোর বিভিন্ন অঙ্গের মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ হল সন্ধিপুজো।

**সন্ধিপুজোর ক্ষণ বা সময় :**

রঘুনন্দনের 'তিথিতত্ত্ব' এবং আরও অনেক গ্রন্থে সন্ধিপুজোর বিভিন্ন অনুষ্ঠানের বিধান আছে। মহাষ্টমী ও মহানবমী তিথির সংযোগের সময়কালেই দুর্গাপুজোর সন্ধিপুজো হয়। মহাদেবী দুর্গার পুজোর সব থেকে গুরুত্বপূর্ণ অংশ হল সন্ধিপুজো। মহাষ্টমীর শেষ এক দণ্ড বা চব্বিশ মিনিট ও মহানবমী তিথির প্রথম দণ্ড বা প্রথম চব্বিশ মিনিট; মোট দুই দণ্ড বা আটচল্লিশ মিনিটের সন্ধিক্ষণ হল সন্ধিপুজোর সময়। রঘুনন্দন ভট্টাচার্য জানিয়েছেন, অষ্টমী ও নবমী বা নবমী অষ্টমীর সঙ্গে যুক্ত হলে সেই বিশেষ সময়কে বলে অর্ধনারীশ্বর বা উমামহেশ্বর তিথি–

'অষ্টমী নবমী বিদ্ধা নবমী চাষ্টমী যুতা।
অর্ধনারীশ্বর-প্রায়া উমা মাহেশ্বরী তিথিঃ ॥'

স্মৃতিসাগরে আছে, দিনের থেকে রাতে সন্ধিপুজো বিশেষ ফলদায়ী। সন্ধ্যায় সন্ধিপুজো হলে তিনগুণ আর মধ্যরাতে হলে শতগুণ ফলদান করে–

অষ্টমীনবমীযোগ রাত্রিযোগে প্রশস্যতে।
অর্ধরাত্রে শতগুণং সন্ধ্যায়াং ত্রিগুণং ভবেৎ ॥

**মহাদেবীর চামুণ্ডা ও কালীরূপ :**

সন্ধিপুজোর সময় মহাদেবী দুর্গারূপে পুজো গ্রহণ করেন না। তিনি চামুণ্ডা ও দক্ষিণাকালীরূপে পুজো গ্রহণ করেন। তবে বেশিরভাগ জায়গায় তিনি চামুণ্ডা কালীরূপেই পূজিতা হন। প্রশ্ন, তিনি মহাশক্তি, মহাদেবী; তিনি কেন চামুণ্ডাকালী হলেন? মার্কণ্ডেয় পুরাণে দেবীমাহাত্ম্যে চামুণ্ডা কালীর বর্ণনা আছে।

মহিষাসুর বধের পরে আরও দুই মহাবলশালী অসুর আবির্ভূত হয়। এরা হল শুম্ভ ও নিশুম্ভ। তারা দু'জন স্বর্গরাজ্য জয়ের পর শুরু করল নানা অত্যাচার। জগৎ জুড়ে অধর্মের বাড়বাড়ন্ত। রাজাহারা ইন্দ্র দেবতাদের নিয়ে পালিয়ে হিমালয়ে আশ্রয় নিলেন। এখানে তাঁরা বিপদতারণ শ্রীবিষ্ণুর স্তব করতে লাগলেন। তারপর দেবতারা ভগবতী মহাদেবীর স্তবস্তুতি শুরু করলেন। মা দেবতাদের স্তবে প্রসন্ন হয়ে দেখা দিলেন। তাঁদের এই দুর্দশার কারণ জিজ্ঞাসা করতে যাবেন এমন সময় এক বিচিত্র ঘটনা ঘটল। মহাদেবীর শরীরকোশ থেকে আবির্ভূতা হলেন এক দেবীমূর্তি। ইনি হলেন দেবী কৌশিকী। তিনি বললেন, 'দেবী, আপনি চিন্তা করবেন না। আমি শুম্ভ-নিশুম্ভকে নাশ করে ধর্মের পুনঃপ্রতিষ্ঠা করব।'

দেবতারা তাঁরই উদ্দেশ্যে স্তুতিমন্ত্র কৌশিকীর পাঠ করছেন। শিবপুরাণে আছে পার্বতীর শরীর থেকে কৌশিকী সৃষ্টি হওয়ায় তাঁর গৌর বর্ণের শরীর কৃষ্ণবর্ণ হয়ে যায়। তাই তিনি কালিকা।

চণ্ডীর ষষ্ঠ অধ্যায়ে কালিকা দেবীর আর একটি বর্ণনা আছে। অসুর অধিপতি শুম্ভ হিমালয়ে কৌশিকীর রূপে মোহিত হয়ে তাঁকে ভোগ করার বাসনা হল। সেই পাপবুদ্ধিতে শুম্ভ সেনাপতি ধূম্রলোচনকে পাঠাল; বলল, 'যাও অসাধারণ সুন্দরী ও অভিমানী দেবী কৌশিকীকে চুলের মুঠি ধরে আমার কাছে নিয়ে এসো।'

ধূম্রলোচন বায়ু বেগে চলল শুম্ভর আদেশ পালনে। সঙ্গে নিল অতি ভয়ঙ্কর ও যুদ্ধ নিপুণ ষাট হাজার সৈন্য। ধূম্রলোচন দেবীর কাছে গিয়ে অসুরোচিত সদম্ভে দেবীকে বলল, 'তোমাকে আমি নিতে এসেছি। শুম্ভ-নিশুম্ভের কাছে চল। তারা আমায় আদেশ করেছে তুমি স্বইচ্ছায় না এলে চুলের মুঠি ধরে জোর করে টেনে হিঁচড়ে নিয়ে যাব।'



হায়রে অদৃষ্ট! ধূম্রলোচন জানে না কাকে সে আদেশ করছে– তিনি যে সর্বশক্তিময়ীদেবী! ধূম্রলোচনের কথা শুনে পরিহাস করে দেবী কৌশিকী বললেন, 'দৈত্যরাজ শুম্ভ-নিশুম্ভ তোমাকে সেনাসহ পাঠিয়েছে আমায় নিয়ে যেতে! তুমিই তো অনেক শক্তিমান। সেনার কী দরকার ছিল! তবে আমাকে জোর জবরদস্তি করে নিয়ে গেলে আমি কী আর করতে পারি।'

ধূম্রলোচন দেবীর পরিহাসে ভীষণ রেগে গেল। এক ছুটে দেবীকে ধরতে গেল। অমিত শক্তিময়ী দেবী শুধুমাত্র একটা ভয়ঙ্কর হুঙ্কার দিলেন। ক্রোধিত দেবীর সেই তেজে ধূম্রলোচন তখনই ভস্ম হয়ে গেল।

সংবাদটা বিদ্যুৎ বেগে শুম্ভ-নিশুম্ভের কাছে পৌঁছল– 'ধূম্রলোচন দেবীর ক্রোধে ভস্মীভূত হয়েছে।'

অসুর অধীশ্বর যুগল রাগে ও আক্রোশে জ্বলে উঠল। শুম্ভ চণ্ড-মুণ্ডকে আদেশ দিল, 'যাও সর্বশক্তি দিয়ে তোমরা যুদ্ধ কর।'

যুদ্ধে যাওয়ার সময় হিমালয় পর্বতের শিখরে তারা দেখতে পেল সিংহের পিঠে বসা আনন্দঘন মূর্তিতে দেবী অম্বিকাকে। রণসাজে সজ্জিত সসৈন্য চণ্ড-মুণ্ডকে দেখে দেবী প্রবল রোষের আগুনে জ্বলে দীপ্ত হয়ে উঠলেন। দেবীর সেই ক্রোধরূপ থেকেই ঘটে গেল এক

অলৌকিক কাণ্ড। দেবীর কপাল থেকে আরেক দেবী সৃষ্ট হলেন, তিনিই কালিকা– তিনিই চামুণ্ডা। তিনি অতি ভয়ঙ্করী, দুরাচারের সাক্ষাৎ দণ্ডদাত্রী যম। তিনিই আবার ভক্তবৎসল শরণাগতের ত্রাণকর্ত্রী, মোক্ষদায়িনী। তিনি অতি উগ্রা কিন্তু মহা কল্যাণী।



**সন্ধিপুজো-চামুণ্ডার রূপ ও শক্তি :**

দেবী মাহাত্ম্যে মহাদেবীর রূপ ও শক্তির বর্ণনা পাওয়া যায়। তিনি অতি ভীষণা, ভয়ঙ্করী; ভ্রূভঙ্গিতে কোঁচকানো কপাল থেকে সৃষ্টি হল খড়্গ ও পাশধারিণী বিকটমুখী কালী। তিনি অদ্ভুত খট্টাঙ্গধারিণী; তাঁর অলঙ্কার নরমুণ্ড মালা, পরিধানে ব্যাঘ্রচর্ম, দেহ শুকনো মাংসময়। অতিবড় মুখে জিহ্বা সঞ্চালন তাঁকে আরও ভয়প্রদা করেছে। কোটরের মধ্যে রক্তবর্ণের চোখ, ভয়ঙ্কর সিংহ গর্জনে আকাশ বাতাস মুখরিত করেন। প্রচণ্ড গতিতে তিনি অসুর সৈন্যদের হত্যা করছেন এবং সঙ্গে সঙ্গে তাদের খেয়ে ফেলছেন। শুধু তাই নয়, মহাদেবী কালিকা, ঘোড়া-যোদ্ধা-সারথি সমেত সম্পূর্ণ রথকেও নিজের বিশাল মুখগহ্বরে ঢুকিয়ে চিবিয়ে খেতে লাগলেন–

'ভ্রূকুটিলাওসা ললাটফলকাদ দ্রুতম্ ...
নিক্ষিপ্য বক্রে দর্শনৈশ্চর্বয়তাভিভৈরবম্ ॥'
(শ্রীশ্রীচণ্ডী, ৭/৮-১১)

এই রূপেই চামুণ্ডা কালীর ধ্যানমন্ত্র সন্ধিপুজোর সময় উচ্চারিত হয়। তবে কালিকাপুরাণ ও চণ্ডীগ্রন্থের চামুণ্ডার মিল থাকলেও কিছু অমিলও আছে। যেমন, চামুণ্ডার চারহাতের অস্ত্র– খট্টাঙ্গ, খড়্গ, ঢাল ও পাশাস্ত্র। কালিকাপুরাণ মতে কিন্তু চণ্ডীর চামুণ্ডার প্রথম তিনটি অস্ত্র আছে। তবে পাশাস্ত্র নেই। চণ্ডীতে মায়ের বাহনের কোনও উল্লেখ না থাকলেও কালিকাপুরাণে আছে দেবীর বাহন অসুরের মুণ্ডহীন দেহ– মা এখানে কবন্ধবাহনা।

**শারদীয়া দুর্গাপুজোর ক্ষুদ্র সংস্করণ সন্ধিপুজো :**

শারদীয়া দুর্গাপুজোর ক্ষুদ্র সংস্করণ হল সন্ধিপুজো। কারণ মহাস্নান, পুজো, হোম ও বলিদান– এই চারটি অঙ্গই মহাপুজোর বৈশিষ্ট্য এবং এই অঙ্গ চতুষ্টয়ের দ্বারাই মহাপুজো সম্পন্ন হয়। সন্ধিপুজোর চামুণ্ডার আরাধনাও হয় রাজসিকভাবে ও মহাআড়ম্বরে। হোম ছাড়া মহাপুজোর বাকি সব অঙ্গগুলিই এখানে সম্পন্ন হয়– ষোড়শোপচারে পুজো, বলি, অন্নভোগ, আরতি, স্তোত্রপাঠ হয় রাজকীয় ঢঙে। হোম না হলেও সন্ধিপুজোর অন্য দুটি বিশেষ আকর্ষণ হল– মহামায়ীকে অষ্টোত্তরশত রক্তপদ্ম ও অষ্টোত্তরশত প্রজ্বলিত দীপ দান–

'সংসারধ্বান্তনাশায় পবিত্রজ্যোতিরাপ্তয়ে।
দত্তেয়ং গৃহ্যতাং দেবি কৃপয়া দীপমালিকা ॥'

জ্যোতির্ময়ী মাকে আলোক উজ্জ্বলের মাধ্যমে জগৎকে উদ্ভাসিত করার জন্যই দীপ নিবেদন, জগৎজননীর কাছে সানুনয় প্রার্থনা।

**সন্ধিপুজোর মাহাত্ম্য :**

মহাপুরুষরা বলেন, 'সন্ধিকো পাকড়ো'। অর্থাৎ সন্ধিকালকে ধরে কর্ম করো। শাস্ত্রও পঞ্চমুখে সন্ধিপুজোর প্রশংসা করে বলেছেন, সমগ্র শারদীয়া আরাধনার ফল মেলে এই পরম পবিত্রক্ষণে।

সন্ধিপুজোর মাহাত্ম্য অসীম– বলে শেষ করা যায় না। এর দ্বারা কী ফল পাওয়া যায়? উত্তর হল, কী ফল পাওয়া যায় না! সন্ধিপুজোর মহাদেবী ভক্তের সব মনোবাঞ্ছা পূর্ণ করে ভক্তের অপ্রাপ্তব্য নেই– অর্থ, ঐশ্বর্য, ধর্ম, কাম, মুক্তি, মোক্ষ, সুস্বাস্থ, শত্রুবিজয় প্রভৃতি সবকিছুই।



'যাকে তুই ভাবিস ফণি তার মাথাতে আছে মণি।'

সন্ধিপুজোয় মহাদেবী চামুণ্ডার উগ্র ভীষণরূপের আড়ালে লুকিয়ে থাকে কল্যাণময়ী, করুণাময় মাতৃ রূপ।

'যো যাকো শরণ লে,
সো তাকো রাখে লাজ।
উলট জলে মছলি চলে,
বহি যায় গজরাজ ॥'–

ঠাকুর শ্রীরামকৃষ্ণের সন্তান লাটু– স্বামী অদ্ভুতানন্দজী এই দোঁহাটি বলতেন। শরণাগতের জন্য করুণাঘন হৃদয়ে তিনি অপেক্ষা করেন। যে মাকে স্মরণ করে আর শরণ নেয় সেই সন্তানকে তিনি নানা সঙ্কট, ভয়, দুঃখ, দারিদ্রতা থেকে উদ্ধার করেন।

দেবী চামুণ্ডা সর্ব অভিষ্ট প্রদান করেন। ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ প্রদানও করেন– ভক্তের প্রার্থনা অনুসারে। সাধক ভক্ত দীনভাবে তাঁর কাছে মুক্তি কামনা করলে মহামায়ী তাও দেন।

সংসার সমরাঙ্গণে প্রতি পদে আমাদের নানা বাধা-বিঘ্ন, বিপদ-আপদ, ভয় থাকে। তাঁর কাছে আমরা এই সব ভোগান্তির থেকে উদ্ধার প্রার্থনা করি। সন্তানের শ্রদ্ধা, ভক্তি ও আন্তরিকতা অনুসারে মা পরিত্রাণ করেন। তিনিই সর্বশক্তির উৎস; সব সৃষ্টি এবং তা নিয়ন্ত্রণকারিণীও তিনি–

'সর্বস্বরূপে সর্বেশে সর্বশক্তি-সমন্বিতে।
ভয়েভ্যস্ত্রাহি নো দেবি দুর্গে দেবি নমোহস্তুতে ॥'

দেবী চামুণ্ডা, তিনিই আবার মহামায়া। তাঁর কৃপা দৃষ্টিতে সবরোগের বিনাশ হয়। মানুষ সুস্থ সবল জীবন লাভ করে- 'রোগানশেষানপহংসি তুষ্টা।'

দেবীর কৃপায় শুধুমাত্র তাঁর ভক্ত-সন্তানই নয় তাঁদের সঙ্গে থাকা আর্তরাও উদ্ধার পান। শ্রীরামকৃষ্ণদেব বলতেন- 'স্টিমবোট (কলের জাহাজ)- 'আপনিও পার হয়ে যায় এবং অপরকে পার করে নিয়ে যায়।'

গৃহী বা সন্ন্যাসী সকল ভক্তেরই বিঘ্ন ও শত্রু বিনাশ করেন-

'সর্ববাধাপ্রশমনং ত্রৈলোক্যস্যাখিলেশ্বরি
এবমেব ত্বয়া কার্যমস্মদ্বৈরিবিনাশনম্ ॥'

তিনিই আমাদের সেই মা, যিনি করুণাময়ী রূপেও সর্বগ্রাসী। তিনি প্রবৃত্তি ও নিবৃত্তির বিনাশ করেন। তবেই জীব হবে মাতৃমুখী। তাই তো যুদ্ধক্ষেত্রে ভয়ঙ্কর উন্মত্ততার মাঝে তাঁর সন্তানের জন্য আকুল হয়। মুণ্ডাসুরকে তিনি স্বহস্তে ধ্বংস করেও নিজ সাযুজ্য দান করেছেন। তিনি পাপ ধ্বংস করেন, পাপীকে পাপক্ষলন করিয়ে আশ্রয় দান করেন। 'নৈব ত্যক্ষসি মৎপাদম'- আমার পা তুমি ছাড়বে না। যদিও তুমি আমার বদ্ধ। তাই মহিষাসুরের বাম কাঁধে মায়ের পায়ের বুড়ো আঙুলটি থাকে।

স্বামী বিবেকানন্দের 'মৃত্যুরূপা মাতা' শীর্ষক কবিতার বিশেষ কয়েকটা লাইন বড়ই প্রাসঙ্গিক-

'মৃত্যুরূপা মা আমার আয়!
করালি! করাল তোর নাম,
মৃত্যু তোর নিঃশ্বাসে প্রশ্বাসে;
তোর ভীম চরণ নিক্ষেপ প্রতিপদে ব্রহ্মাণ্ড বিনাশে!
কালি, তুই প্রলয়রূপিণী, আয় মাগো, আয় মোর পাশে।
সাহসে যে দুঃখ দৈন্য চায়, মৃত্যুরে যে বাঁধে বাহুপাশে,
কাল-নৃত্য করে উপভোগ, মাতৃরূপা তারি কাছে আসে।'

সংসারী মানুষের জীবনযাত্রাটাই তো মহাযুদ্ধ। এই যুদ্ধ জয় করতে পারলে তবেই পাওয়া যায় সর্ব ঐশ্বর্য- স্ত্রী, সন্তান, জমি-বাড়ি, গাড়ি, দাস-দাসী, অর্থ-সোনাদানা ইত্যাদি। মা সন্তানের এই মনোবাঞ্ছাও পূর্ণ করেন।- 'দারিদ্রদুঃখভয়হারিণী কা ত্বদন্যা।' (শ্রীশ্রীচণ্ডী, ৪/১৭)।

এখন রাজন্যপ্রথা নেই। গণতান্ত্রিকভাবে রাজনৈতিক কাজ প্রশাসনের হাত ধরে সম্পন্ন হয়। তাই এখনকার রাজাস্বরূপ রাজনৈতিক ব্যক্তিবর্গ মহাদেবীর আরাধনা করলে জনপ্রিয়তা-মান-মর্যাদা, প্রভাব-প্রতিপত্তি-ক্ষমতা বৃদ্ধি এবং প্রার্থনা আন্তরিকতা অনুসারে দেবী প্রদান করবেন এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এর পৌরাণিক উদাহরণ হলেন, মহিষাসুর দ্বারা স্বর্গরাজ্য থেকে বিতাড়িত ইন্দ্র; দেবীর আরাধনা করে হারানো স্বর্গরাজ্য পুনরুদ্ধার করেন; রামচন্দ্র দেবীর আরাধনা করে মহাসম্পদ মহালক্ষ্মীরূপ সীতাদেবীকে রাবণের কাছ থেকে উদ্ধার করেন। রাজা সুরথ মহাদেবীর পুজো করে নিজ রাজ্য ও রাজক্ষমতা, ঐশ্বর্য, জনপ্রিয়তা ফিরে পান।

দুর্গাপুজো করা সকলের পক্ষে সম্ভব নয়। শাস্ত্র বলেন, সহস্রনাম পাঠে সম্পূর্ণ পুজোর ফল পাওয়া যায়। তাই এই বিশেষ সময় 'দুর্গাসহস্রনাম' স্তব পাঠেও সর্বকাঙ্ক্ষিত ফল লাভ সম্ভব। একান্ত অপারগ হলে গৃহ মধ্যে শ্রীদুর্গা স্মরণ, মনন ও নাম জপেও তাঁর কৃপালাভ অসম্ভব নয়। মহাদেবী তাঁর ভক্তের মনোবাঞ্ছা পুরণ করেন। পারিবারিক বা বারোয়ারি পুজোয় অংশগ্রহণ বা কাজ করাও তাঁর আরাধনা করা। মা তাতে প্রসন্না হন।

**কুমারী পুজো :**

শারদীয় দুর্গাপুজোর অন্যতম হল কুমারী পুজো। বেদ পুরাণের সময় থেকেই কুমারী নাম পাওয়া যায়। তৈত্তিরীয় আরণ্যকে মহাদেবী দুর্গাকে কুমারী নামে সম্বোধন করা হয়েছে, 'ক্যাত্যায়নায় বিদ্মহে কন্যাকুমারী ধীমহি! তন্নো দুর্গি প্রচোদয়াৎ।' হে দুর্গে, তুমিই কন্যা ও কুমারী। ক্যাত্যায়নকে জানি, তোমাকে ধ্যান করি, তুমিই আমাদের প্রেরণাদাত্রী।' মহাভরতের বিভিন্ন দুর্গাস্তবে মহাদেবীকে কখনও কুমারী, কখনও কৌমার্য্যব্রত ধারিণী নামে অভিহিত করা হয়েছে। দেবী পুরাণ অনুসারে মহাদেবী দুর্গা কুমার রূপী, কুমারের মা ও কুমার রিপুনাশিনী। তাই তিনি কুমারী নামের অধিকারিণী। শ্বেতাশ্বতর উপনিষদে ব্রহ্ম একদিকে কুমার এবং অন্যদিকে কুমারী-



'ত্বং স্ত্রী ত্বং পুমানসি ত্বং কুমার উত বা কুমারী।' (৪/৩) অর্থাৎ, একাধারে তিনি স্ত্রী ও পুরুষ।

বৃহদ্ধর্মপুরাণে আছে, রাবণ বধে রামচন্দ্রকে সাহায্যের জন্য ব্রহ্মাদি সব দেবতারা আদ্যাশক্তির স্তব করতে লাগলেন। সত্ত্বরূপা সনাতনী দেবী শক্তি প্রসন্ন হয়ে ব্রহ্মাদি দেবতাদের দেখা দিলেন কুমারীরূপে। দেবতারা দেবীকে বললেন, 'মা অম্বিকা, আমাদের তুমি ভয়-শঙ্কা-বিপদ থেকে উদ্ধার কর।'

কুমারী বললেন, 'আগামীকাল বেলগাছে আমার বোধন ও আরাধনা কর। তাহলে আমার কৃপায় তোমাদের ও রামচন্দ্রের কার্যসিদ্ধি হবে।'

দেবীর কথায় ব্রহ্মা দেবতাদের সঙ্গে নিয়ে পৃথিবীতে এলেন বেলগাছের খোঁজে। অনেক খোঁজার পর দুর্গম ও নির্জন জায়গায় একটি বেলগাছের সন্ধান পাওয়া গেল। দেবতারা সেখানে হাজির হলেন। হঠাৎ দেখলেন, বেলগাছের একটি সুন্দর পাতায় শুয়ে ঘুমোচ্ছেন এক বালিকা। তাঁর গায়ের রং সোনার মতো, সুন্দর

ফুলের মালা গলায়, বিম্বোষ্ঠী, ক্ষীণ মধ্যদেশ সুরুচিরা এক সদ্যপ্রসূতা, শরীরে কোনও আবরণ নেই। ব্রহ্মা বালিকার রূপ ও লক্ষণ দেখে চিনতে পারলেন, ইনিই আদ্যাশক্তি দেবীকুমারী। এরপর দেবতারা তাঁর স্তব করতে লাগলেন।

স্তবে তুষ্ট দেবী স্বমূর্তি ধারণ করলেন। তাঁর নাম হল উগ্রচণ্ডা–চণ্ডী। প্রসন্না মহাদেবী চণ্ডী দেবতাদের কাঙ্ক্ষিত বর দিলেন। রাবণ বধের বর।

সপ্তমী, মহাষ্টমী, মহানবমী, শাস্ত্রে শারদীয়া দুর্গাপুজোর এই তিন দিনই কুমারী পুজোর বিধান আছে। অপরাগ হলে মহাষ্টমী ও মহানবমী– এই দুই দিন। একান্তই অপরাগ হলে মহানবমীর দিন কুমারী পুজো অবশ্যই করতে হয়। এক সঙ্গে একাধিক কুমারী পুজোও শাস্ত্রসম্মত। তবে কুমারী নির্বাচনের কিছু শাস্ত্রীয় বিধান আছে। এক থেকে ষোলো বছর বয়স পর্যন্ত অঋতুমতী বালিকাকে কুমারীরূপে পুজো করা যায়। বয়স অনুসারে কুমারীর নামকরণ হয়। যেমন, এক বছর বয়সের কন্যার নাম সন্ধ্যা, দ্বিতীয় বছর বয়সের সরস্বতী, তিন বছরের ত্রিধামূর্তি, চার বছরের কালিকা, পাঁচ বছরের সুভগা, ছয় বছরের উমা, সাত বছরের মালিনী, আট



বছরের কুঞ্জিকা, নয় বছরের কালসন্দর্ভা, দশ বছরের অপরাজিতা, এগারো বছরের রুদ্রাণী, বারো বছরের ভৈরবী, তেরো বছরের মহালক্ষ্মী, চৌদ্দ বছরের পীঠনায়িকা, পনেরো বছরের ক্ষেত্রজ্ঞা ও ষোলো বছরের কুমারী অম্বিকা নামে পুজো করা হয়।

দেবী ভাগবতে, এক বছরের কন্যাকে কুমারীরূপে পুজো করতে নিষেধ আছে। কারণ তার গন্ধাদি ভোগ্যবস্তুর জ্ঞান থাকে না। এগারো থেকে ষোলো বছর বয়স্কাকেও কুমারী রূপে পুজো করা উচিত নয়। 'একবর্ষ না কর্ত্তব্যা কন্যা... গন্ধাদীনাঞ্চ বালিকা ॥' ৩/২৬/৪০ এবং 'অত ঊর্দ্ধং ন কর্ত্তব্যা সর্বকার্য্যাবিগর্হিতা।' ৩/২৬/৪৩

মহর্ষি বেদব্যাস বিশেষ কিছু লক্ষণের কন্যাকে কুমারীরূপে পুজো করতে বারণ করেছেন। যেমন, হীনাঙ্গী, কুষ্ঠরোগাক্রান্তা, মুখে ব্রণ থাকলে, দেহে দুর্গন্ধ থাকলে, জন্ম অন্ধ, বাঁকা দেখতে, এক চোখহীন, কুরূপা, চিররোগিণী, গায়ে প্রচুর লোম, চেহারায় যৌবনের চিহ্ন থাকলে, খুব রোগা বা খুব মোটা হলে, বিধবা বা অবিবাহিতার গর্ভজাত প্রভৃতি ক্ষেত্রে বালিকাকে কুমারীপুজো করা যায় না। স্বাস্থ্যবতী, রূপবতী, সুন্দর মুখশ্রী অধিকারিণী কুমারীকেই পুজোর জন্য নির্বাচন করতে হয়। দুর্গাপুজোর সময় কুমারী পুজোকে শাস্ত্র বিশেষ গুরুত্ব দিয়েছেন। তন্ত্রশাস্ত্র শতমুখে কুমারীপুজোর মাহাত্ম্য কীর্তন করেছেন। কুমারী পুজো না করলে হোমাদিসহ দুর্গাপুজোর ফল লাভ সম্পূর্ণরূপে পাওয়া যায় না।

**কুমারী পুজোর মাহাত্ম্য :**

দুর্গাপুজোর সময় কুমারী পুজোকে শাস্ত্র বিশেষ গুরুত্ব দিয়েছেন। তন্ত্রশাস্ত্র শত মুখে কুমারী পুজোর মাহাত্ম্য কীর্তন করেছেন। কুমারীকে শুধুমাত্র ফুল দিলেই সুমেরু পর্বতের মতো বিশাল পরিমাণ কাঙ্ক্ষিত শুভ ফল পাওয়া যায়। কুমারীকে খাওয়ালে ত্রিলোকবাসীকে খাওয়ানো হয়। তার জন্য নিজেদের অনেক পুণ্য হয় এবং কোনওদিন অন্ন কষ্ট হয় না।

কুমারী পুজো করলে সাধক সর্বপ্রকার সিদ্ধি এবং চতুর্বর্গ ফল লাভ করেন। দেবীভাগবতে আছে দু'বছরের কুমারীকে পুজো করলে দুঃখ, কষ্ট, দারিদ্রতার জাঁতাকল থেকে উদ্ধার, শত্রু বিজয়, অর্থপ্রাপ্তি, শরীরের বল ও আয়ু বৃদ্ধি হয়।

তিন বছরের কুমারীকে পুজো করলে, ধনধান্য বৃদ্ধি, ত্রিবর্গফল– ধর্ম, অর্থ, কাম, পুত্রপৌত্রাদি বৃদ্ধি হয়।

চার বছরের কুমারীর পুজোয় সব থেকে বেশি ফল পাওয়া যায়। বিদ্যা, জ্ঞান লাভের জন্য, সর্ব বিজয়ের জন্য, রাজসুখ-ঐশ্বর্য্য, ক্ষমতা, প্রভাব বৃদ্ধির জন্য, জনমানসে রাজ প্রভাব বিস্তার হয়, সব আকাঙ্ক্ষা পূরণকারিণী কল্যাণী নামের কুমারী পুজো করলে–

'বিদ্যার্থী, বিজয়ার্থী চ রাজ্যার্থী যশ্চ পার্থিবঃ।
সুখার্থী পুজয়েন্নুনং কল্যাণীং সর্ব্বকামদাম্ ॥'

যে কোনও অসুখ থেকে আরোগ্য কামনায় পাঁচ বছরের কন্যা রোহিণীর পুজো সবথেকে বড় সস্তায়ন।

যে কোনও শত্রুনাশের জন্য শ্রদ্ধাসহকারে ছয় বছরের কুমারীকে কালিকা নামে পুজো করা কর্তব্য।

সাত বছরের চণ্ডিকা নামের কুমারীকে, ধন-ঐশ্বর্য্য-যশাকাঙ্ক্ষীরা পুজো করলে তাঁদের কামনা পূর্ণ হয়।

শত্রু বশীকরণ, সম্মোহন করে তাঁদের জয় করতে আট বছরের শাম্ভাবীর কুমারী পুজোই একমাত্র পথ।

যে কোনও যুদ্ধে বিজয়, দুঃখ-কষ্ট, ভীষণ দারিদ্রতা থেকে রেহাই পেতে, শত্রুর শত্রুকে ধ্বংস করতে, যে কোনও কঠিন কাজ সম্পন্ন করতে এবং বৈষয়িক সুখ পেতে নয় বছরের মেয়েকে কুমারীরূপে দুর্গানামে পুজো করতে হয়।

সবদিকের কু-বাসনা, আশা, আকাঙ্ক্ষা সিদ্ধির জন্য সুভদ্রার কুমারী পুজো করণীয়।

**নবরাত্রি ব্রত :**

ভারতে নবরাত্রি ব্রত পালিত হয় আশ্বিনের শুক্লা প্রতিপদ থেকে মহানবমী পর্যন্ত নয় দিন। এই জন্যই এটিকে নবরাত্র ব্রত বলে।

ব্রত উদ্‌যাপনের পরের দিনটাই দশমীরাত্রি; এদিন দশেরা উৎসব পালিত হয়। এটি রাবণ বধের প্রতীক উৎসব।



শ্রীবিষ্ণু, মহাদেব, ব্রহ্মা ও শ্রীরামচন্দ্র নবরাত্র ব্রত পালন করেন– শত্রু বিনাশ, আপদ উদ্ধারের জন্য। দেবরাজ ইন্দ্র, বিশ্বামিত্র, ভৃগু, বশিষ্ঠ, কাশ্যপ প্রভৃতি ঋষিমুনিরা, এমনকী হৃতদার বৃহস্পতিও এই মহান ব্রতটি পালন করেন। আকাঙ্ক্ষা ও উদ্দেশ্য সিদ্ধ হয় তাঁদেরও। নবরাত্রে দেবীদুর্গা নয়টি নামে ও রূপে পুজো গ্রহণ করেন। তাই নবদুর্গা নামেও তিনি পরিচিতা। 'নবদুর্গা' আছে হরিহরকৃত দেবী কবচে। যেমন–

'প্রথমং শৈলপুত্রীতি দ্বিতীয়ং ব্রহ্মচারিণী।
তৃতীয়ং চন্দ্রঘণ্টেতি কূষ্মাণ্ডেতি চতুর্থকম্ ॥
পঞ্চমং স্কন্দমাতেতি ষষ্ঠং কাত্যায়নী তথা।
সপ্তমং কালরাত্রীতি মহাগৌরীতি চাষ্টমম ॥
নবমং সিদ্ধিদা প্রোক্তা নবদুর্গাঃ প্রকীর্ত্তিতাঃ ॥
উক্তান্যেতানি নামানি ব্রহ্মনৈব মহাত্মনা।'

মহাদেবী আদ্যাশক্তি ব্রহ্মময়ী এক। তাঁর রূপ নাম ও মাহাত্ম্য অসংখ্য। তারই মধ্যে ব্রহ্ম অর্থাৎ অপৌরুষেয় বেদ, উপরের নয়টি নামকে বিশেষ করে আরাধনার ওপর গুরুত্ব দিয়েছে।

নবরাত্র ব্রত পালন করে মহাদেবীকে প্রসন্ন করলে ব্রতকারী চতুঃবর্গ ফল পেতে পারেন। দেবীভাগবতে একটি উপাখ্যান আছে। এক সময় কোশল রাজ্যে সুশীল নামে এক বণিক ছিল। অনেক পষ্য নিয়ে খুবই দুঃখ দারিদ্রতার সঙ্গে থাকত। সংসারে অভাবের শেষ নেই। সর্বত্র দারিদ্রতার চিহ্ন। বণিকের নুন আনতে পান্তা ফুরিয়ে যায়। দিন কাটে অনাহারে-অর্দ্ধাহারে। শেষে বণিক ভিক্ষা করতে লাগল। সকালে ভিক্ষা করে সেই ভিক্ষান্নে শুধু রাতে খাওয়া জুটত। তবে সে ধর্মপরায়ণ ছিল। একদিন এক ব্রাহ্মণকে তার নিদারুণ দুঃখের কথা বলে দারিদ্র মুক্তির উপায় জানতে চায়। বলে বিবাহ যোগ্য কন্যা থাকা সত্বেও বিয়ে না দিতে পেরে পাপ করেছেন।

ব্রাহ্মণ তখন ধার্মিক বণিককে নবরাত্র ব্রত পালন করতে বললেন।

অতিকষ্টে সুশীল নবরাত্র ব্রত পালন করে। মহাদেবীর কৃপায় চরম দুঃখ কষ্ট থেকে সে মুক্ত হয়ে পোষ্যদের নিয়ে সুখে দিন কাটাতে লাগল। তার শত্রু নাশ হল এবং সম্পদ-সুখ-ঐশ্বর্য দিন দিন বাড়তে লাগল।

সাধ্য অনুসারে তাই ব্রতটি পালন করলে সর্বসুখ, রোগ ও শত্রুহীন হতে পারে দেবীর কৃপায়। এমনকী দেবী ইচ্ছা করলে ব্রতকারীকে চতুঃবর্গ ফল, মোক্ষও দিতে পারেন। মহাদেবীর মাহাত্ম্য পাঠ সাত্ত্বিকপুজোর অঙ্গ জপস্বরূপ।

**শৈলপুত্রী :** মহাদেবীর নয় রূপের প্রথম নাম ও রূপ ইনি। হিমালয় এক সময় মহাদেবীর কাছে প্রার্থনা করেন, 'মা, তুমি আমার ওপর তুষ্ট হলে, আমি তোমাকে কন্যারূপে পেতে ইচ্ছা করি।'

মা হিমালয়ের প্রার্থনা পূরণ করেন। কন্যারূপে জন্মান। নাম হয় শৈলপুত্রী। ভক্তের জন্য তাঁর প্রাণ সর্বদা আকুল। তিনি ভক্তবৎসল, ভক্তের মনবাঞ্ছা পূর্ণ করেন।

**ব্রহ্মচারিণী :** তিনি আদ্যাশক্তি, তিনিই ব্রহ্মময়ী ব্রহ্মস্বরূপা। তাই তিনি ব্রহ্মচারিণী নামে পরিচিতা। তিনি সাধককে পরম তত্ত্বজ্ঞানে আলোয় উদ্ভাসিত করেন। বন্ধন, মায়া, মোহ দূর করে ব্রহ্ম দান করেন।

**চন্দ্রঘণ্টা :** দেবীর হাতে আছে চন্দ্রের মতো সৌম্য নির্মল দিব্যরূপ বিশিষ্ট একটি ঘণ্টা। দেবীর ঘণ্টা সমন্বিত সেই দিব্য সমুজ্জ্বল জ্যোতির্ময়ী রূপের আরাধনা করলে সাধকের মনের ও সাধন পথের অজ্ঞানতার অন্ধকার দূর হয়; চির উজ্জ্বল জ্ঞানের আলোয় হৃদয় সদা আনন্দময় হয়।

**কুষ্মাণ্ডা :** 'কুৎসিত উষ্মা অর্থাৎ তাপত্রয় রয়েছে যাতে সেই কুষ্মসংজ্ঞক সংসার যার অণ্ডমধ্যে অর্থাৎ উদরের অভ্যন্তরে আছে; তাই তিনি ব্রহ্মাণ্ডভাণ্ডোদরী।'



**স্কন্দমাতা :** মহাদেবীর পবিত্র ও মহাবীর্য থেকে জন্মলাভ করেন স্কন্দ। ইনিই হলেন ঋষিপ্রবর সনৎকুমার। তিনিই দেবীর কাছে প্রার্থনা করেন, 'মা ব্রহ্মময়ী, আমার অভিলাষ যে আমি তোমার পেটে জন্মগ্রহণ করি।'

সন্তানবৎসল মা তাঁর ইচ্ছা পূর্ণ করেন। সনৎকুমার জন্ম নেন স্কন্দরূপে। তিনি চিরশুদ্ধ–ব্রহ্মময়।

**কাত্যায়নী :** মহিষাসুরের অত্যাচারে দেবতারা স্বর্গরাজ্য থেকে বিতাড়িত। কাত্যায়ন মুনির আশ্রমে থাকার সময় তাঁদের শক্তিরূপ তেজরাশি পৃথকভাবে প্রত্যেক দেবতার শরীর থেকে বের হলেন। ক্রমে সেই তেজরাশি পুঞ্জিভূত হয়ে এক দেবী শরীর ধারণ করল। তখন কাত্যায়ন মুনি প্রথমে সেই শক্তিময়ী দেবীকে পুজো করলেন। তিনি মাকে প্রথম দর্শন করেন। তাই দেবীর নাম কাত্যায়নী। ইনিই মহিষাসুরকে বধ করে ধর্ম ও শান্তি পুনঃপ্রতিষ্ঠা করেন। ইনি চিরকুমারী ও সর্বতোভাবে স্বতন্ত্রা।

**কালরাত্রি :** প্রলয়ের সময় কালের বিনাশ হয়। আবার কাল সব ভূতেরই মারক। কিন্তু মহাদেবী কালরাত্রিরূপে সব মারক কালেরও মারক বা রাত্রিস্বরূপ মৃত্যু।

**মহাগৌরী :** দেবাদিদেব মহাদেবের অপর নাম ভোলানাথ। তিনি খেয়ালবশে কখন কি করে বসেন তার ঠিক থাকে না। একদিন রঙ্গ-তামাসা করার ইচ্ছা হল দেবীর সঙ্গে। ভুলে গেলেন স্থান কাল পাত্রের ভেদ। স্বর্গের অপ্সরাদের সামনে তিনি নিজ পত্নীকে উপহাস করে 'কালী' বলে ডাকলেন। কারণ দেবী ছিলেন কৃষ্ণবর্ণের। পতির এই আচরণে তিনি খুবই অপমানিত বোধ করলেন। অভিমানে তিনি অন্তর্হিত হলেন। এদিকে মহাদেব তাঁকে কোথাও দেখতে না পেয়ে, ডাকতে লাগলেন। পতির ডাক তিনি উপেক্ষা করতে পারলেন না। দেখা দিলেন। বললেন, 'আমি তোমারই তপস্যা করব। তোমার বরে যেদিন আমি গৌরবর্ণা হব সেদিনেই আবার তোমার সঙ্গে মিলিত হব।'

এই কথা বলে দেবী অদৃশ্য হলেন। দীর্ঘ তপস্যার পর মহাদেবের বরে তিনি গৌরবর্ণা হলেন। মহাগৌরী হলেন মহাদেবীর অষ্টমরূপ। এইরূপে মা মহাগৌরী সকল উদ্যমশীলদের সর্ব সার্থকতা দিয়ে থাকেন।

**সিদ্ধিদা :** এটি মহাদেবীর নবমরূপ। ইনি ভক্তবৎসলা। অল্পেই তুষ্টা। তাই ভক্তদের সব ধরনের মনস্কামনা পুরণ করেন। তাই তাঁর নাম সিদ্ধিদা।

যেভাবেই হোক মহামায়ীর কৃপা লাভ করাই তো আমাদের উদ্দেশ্য। জাগতিক চাওয়া-পাওয়ার জন্য আমরা মায়ের কাছে সকাম উপাসনা করি, কারণ সংসারী জীব সংসারে বদ্ধ হয়ে মায়েরই মায়াশক্তির কাছে বাঁধা পড়ে গেছি। এ মায়েরই লীলা। তিনি চান ইচ্ছে করেই এই খেলা চলুক।

তবে তিনি কৃপাময়ী– যখন কৃপা করবেন তখনই ভক্তকে আর পায় কে! তার আগে পর্যন্ত চলুক না এই আর্তি– 'রূপং দেহি, জয়ং দেহি, যশো দেহি, রিষো জহি'– রূপ দাও, জয় দাও, যশ দাও, শত্রুনাশ কর– মা আমাদের সর্বাঙ্গীণ কল্যাণ কর। এরপরও সন্তানের আশা মেটে না। মায়ের কাছে কাতর প্রাণে প্রার্থনা জানায়। বলে, মাগো যেখানে দেবাদিদেব মহেশ্বর অবস্থান করছেন সেই পরমস্থানে এখন গেলেও আসছে বছর আবার এসো গো মা!– 'গচ্ছ দেবী পবং স্থানং যত্র দেবো মহেশ্বরঃ।/ সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ ॥ ❑

(পুরোহিত দর্পণ, দুর্গাপূজা, দশমী)


মা দুর্গা সকলের মঙ্গল করুক

**Honesty is My Main Policy**



**Cell : 416 721 1497**

**E-mail : mitonkanti@yahoo.ca**

**MITON KANTI PARIAL**

**M. Com., Smrititirtha**

- Mortgage Agent & Real Estate Sales Person
- Accountant and Tax Consultancy
- Hindu Priest and Pandit

# উপনিষদ ভাবনা

ড. মহানামব্রত ব্রহ্মচারী

আর্য জাতির ধর্মগ্রন্থ বেদ। বেদ-সম্পর্কিত সাহিত্য বিশাল। বৈদিক সাহিত্য প্রধানতঃ তিনভাগে বিভক্ত– মন্ত্র, ব্রাহ্মণ ও সূত্র। দেবতা সম্বন্ধীয় স্তব-স্তুতিগুলির নাম মন্ত্র বা সংহিতা। মন্ত্রের ব্যাখ্যা ও প্রয়োগের নিয়ম যে গ্রন্থে আছে তাহার নাম ব্রাহ্মণ। ধর্ম-জীবনের বিধি-নিষেধ যাহাতে আছে তাহার নাম সূত্র। সূত্র দুই প্রকার– শ্রৌত ও গৃহ্য।

বেদ-মন্ত্রের দুই ভাগ। মূল-সংহিতা ও পরিশিষ্ট বা অথর্ব বেদ। বেদের এক নাম ত্রয়ী। পদ্য, গদ্য ও গান। ঋগ্বেদ পদ্য, যজুর্বেদ গদ্য, সামবেদ গান। ব্রাহ্মণের ভাষা গদ্য। সূত্রগুলি সংক্ষিপ্ত গদ্য।

অথর্ববেদের দুইভাগ, ভৃগু ও আঙ্গিরস। ভৃগু শুক্রাচার্যের নাম। আঙ্গিরস বৃহস্পতির নাম। ভৃগু নিরাকারবাদী। বৃহস্পতি সাকারবাদী। দুইজনে মতবিরোধ। ভৃগুর দল চলিয়া গেলেন সিন্ধুনদের ওপারে, তাঁহারা পারসীক। বৃহস্পতির দল থাকিলেন এপারে তাঁহারা হিন্দু।

অথর্ববেদের ভৃগু-শাখার নাম ছন্দ-উপস্থা। জেন্দ ভাষায় তাহার নাম জেন্দাভেস্তা। ভৃগু হরিদ্বর্ণের বস্ত্র পরিতেন। হরিদ্বস্ত্র শব্দ জেন্দ ভাষায় জরথুষ্টা হইয়া গিয়াছে। ইহা কোন-কোন বিশিষ্ট পণ্ডিতের অভিমত ('রামচন্দ্র ও জরথুষ্ট্র' গ্রন্থ দ্রষ্টব্য)।

মন্ত্র ও ব্রাহ্মণ উভয়কে লইয়াই বেদ-শব্দের প্রয়োগ হয়– "মন্ত্র-ব্রাহ্মণয়োর্বেদ-নামধেয়ম্।" ব্রাহ্মণগুলির দুই ভাগ। মূল ব্রাহ্মণ ও আরণ্যক। মূল ব্রাহ্মণে যাগ-যজ্ঞের আলোচনা। যাগ-যজ্ঞের চরম লক্ষ্য যে ব্রহ্মতত্ত্ব, তাহারই আলোচনা আরণ্যকে। আরণ্যকের সার উপনিষদ্। মূলব্রাহ্মণ, কর্মকাণ্ডের গ্রন্থ। উপনিষদ্ জ্ঞানকাণ্ডের।

> **উপনিষৎকে বলা হয় শ্রুতিপ্রস্থান। শ্রীমদ্ভগবদ্গীতাকে বলা হয় স্মৃতিপ্রস্থান। ব্রহ্মসূত্রকে বলা হয় ন্যায়প্রস্থান। প্রস্থান অর্থ সরণি বা পথ। মানবের সুষ্ঠু জীবনযাত্রায় পথের নির্দেশ দিয়াছেন এই প্রস্থান।**

সমগ্র বৈদিক-সাহিত্যকেই শ্রুতি বলে। কেহ বা উপনিষদ্ অর্থেই শ্রুতি শব্দ গ্রহণ করেন। আরণ্যক, ব্রাহ্মণ-গ্রন্থের অন্তিম-ভাগ। আর উপনিষদ্, আরণ্যকের অন্তিম ভাগ। তাই উপনিষদের অপর নাম বেদান্ত। বেদান্ত শব্দের অপর অর্থ বেদের চরম ভাগ। বেদান্তসূত্র বলিতে বাদরায়ণকৃত ৫৬২টি সূত্রকে বুঝায়। ইহাতে আছে উপনিষদ্গুলি লইয়া গভীর গবেষণা। ইহার অপর নাম ব্রহ্মসূত্র।

উপনিষদ্ পাঠ করিয়া দার্শনিকপ্রবর সোপেনহাওয়ার (Schopenhaure) আবেগে বলিয়াছিলেন– "মানব জীবনের কল্যাণকারক ও আধ্যাত্মিক উন্নতি বিধায়ক গ্রন্থ উপনিষদের মত জগতে আর দ্বিতীয় কিছু নাই। উপনিষদ্ আমার জীবনে আনিয়াছে তৃপ্তি, মরণে আনিবে শান্তি।" "In the whole world there is no study so beneficial and so elevating as that of the Upanisads. It has been the solace of my life, it will be the solace of my death."

মুক্তিকোপনিষদে একশত আটখানি উপনিষদের নাম পাওয়া যায়। ব্রহ্মসূত্রে শারীরক-ভাষ্যে আচার্য শঙ্কর মাত্র চৌদ্দখানি উপনিষদের মন্ত্র উদ্ধৃত করিয়াছেন। তিনি নিজে মাত্র দশখানি উপনিষদের ভাষ্য লিখিয়াছেন। বৃহদারণ্যক, ছান্দোগ্য, তৈত্তিরীয়, ঐতরেয়, শ্বেতাশ্বতর, ঈশ, কেন, কঠ, প্রশ্ন ও মুণ্ডক।

এই দশখানি উপনিষদ্ সর্বপ্রাচীন, আদি ও মৌলিক বলিয়া প্রাচ্য ও পাশ্চাত্য অনেক পণ্ডিতেরই বিশ্বাস। দশখানির মধ্যে পাঁচখানি গদ্যড় বৃহদারণ্যক, ছান্দোগ্য, তৈত্তিরীয়, ঐতরেয় ও প্রশ্ন। কেনোপনিষদ্ কতক গদ্য কতক পদ্য। বাকী চারখানি–ঈশ, কঠ, মুণ্ডক ও শ্বেতাশ্বতর পদ্যে লিখিত। আচার্যমুখে শুনিয়া শুনিয়া কণ্ঠস্থ রাখা সহজ।

ঈশোপনিষদ্ ঠিক ঠিক উপনিষদ্ নহে। ইহা মূল বেদ-সংহিতাই, যজুর্বেদের শেষ অধ্যায়টি। মাণ্ডুক্য নামক আর একখানি গদ্য-উপনিষদ্ আছে। তাহার উপর শঙ্করাচার্যের ভাষ্য না থাকলেও তাঁহার পরমগুরু গৌড়পাদের উপাদেয় কারিকা আছে। আচার্য, পরমগুরুর কারিকাকে মূলগ্রন্থের মত মর্যাদা দিয়াছেন।

উপনিষৎকে বলা হয় শ্রুতিপ্রস্থান। শ্রীমদ্ভগবদ্গীতাকে বলা হয় স্মৃতিপ্রস্থান। ব্রহ্মসূত্রকে বলা হয় ন্যায়প্রস্থান। প্রস্থান অর্থ সরণি বা পথ। মানবের সুষ্ঠু জীবনযাত্রায় পথের নির্দেশ দিয়াছেন এই প্রস্থান। শ্রুতি একটি পূর্ণাঙ্গ জীবনাদর্শ রূপায়ণ করিয়াছেন। অন্ধকারে প্রধাবিত মানব নিবহের যাত্রাপথে শ্রুতি একটি উজ্জ্বল আলোকস্তম্ভ।

একটি পূর্ণাঙ্গ জীবনাদর্শ দিতে হইলে সর্বাগ্রে প্রয়োজন সর্বাপেক্ষা বড় যিনি তাঁর সংবাদ জানা। সর্বাপেক্ষা বড় যিনি তিনি ব্রহ্ম। তাই উপনিষদের প্রধান আলোচ্য বিষয় ব্রহ্মতত্ত্ব। উপনিষদের আর এক নাম ব্রহ্মবিদ্যা।

মুণ্ডক উপনিষদের প্রারম্ভেই আছেন, শৌনক আচার্য অঙ্গিরার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন, "কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্বমিদং বিজ্ঞাতং ভবতি" (১/১/৩), কোন্ বস্তু সম্যক বিদিত হইলে সমস্ত পদার্থ অবগত হওয়া যায়? উত্তরে অঙ্গিরা শৌনককে বলিলেন–

"দ্বে বিদ্যে বেদিতব্যে ইতি হ স্ম যব্দ্ধবিদো বদন্তি–পরা চৈবাপরা চ।" (১/১/৪)

ব্রহ্মজ্ঞগণ বলিয়া থাকেন, বিদ্যা দ্বিবিধা, পরা ও অপরা।

"তত্রাপরা–ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা–যয়া তদক্ষর-মধিগম্যতে।" (১/১/৫)

ঋগ্বেদ, যজুর্বেদ, সামবেদ, অথর্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ এই সব অপরা বিদ্যা। আর যাহা দ্বারা অক্ষর-ব্রহ্মকে প্রাপ্ত হওয়া যায় তাহাকে পরা বিদ্যা বলে।

পরা-বিদ্যাই ব্রহ্মবিদ্যা। ইহাই উপনিষদের মুখ্য আলোচ্য বিষয়। ইহার সঙ্গে সম্বন্ধযুক্ত বলিয়া আনুষঙ্গিকভাবে ইহাতে জীবতত্ত্ব ও জগত্তত্ত্ব কথিত হইয়াছে। ব্রহ্মতত্ত্ব, জীবতত্ত্ব ও জগত্তত্ত্ব–এই তিন-ই উপনিষদের উপজীব্য।

জীবতত্ত্ব প্রসঙ্গে জীবের স্বরূপ, তাহার জন্ম-মৃত্যু, উন্নতি-অবনতি, বন্ধন-মোক্ষ, পুনর্জন্ম ইত্যাদি বিষয় আছে। জগত্তত্ত্ব প্রসঙ্গে সৃষ্টি-স্থিতি-লয়ের কথা, প্রকৃতির বিকার, পরিণতি, উদ্দেশ্য এই সকল বিষয় সন্নিবিষ্ট আছে।

জীবের সহিত জগতের সম্বন্ধ, জগতের সহিত ব্রহ্মের সম্বন্ধ ও জীবের সহিত ব্রহ্মের সম্বন্ধ এই সকল বিষয় উপনিষদের মধ্যে ছড়ানো আছে। ছড়ানো কথাগুলিকে গুছাইয়া বলাই আমাদের কাজ। তাছাড়া নূতন কথা কিছু বলিবার উপায় নাই।

উপনিষদের এই সকল আলোচ্য বিষয়সমূহ মনুষ্যবুদ্ধির গোচরীভূত নহে।

অথচ অর্থপূর্ণ, পূর্ণাঙ্গ জীবন-যাপন করিতে হইলে মানুষের এই বিষয়গুলি সম্বন্ধে মোটামুটি একটি সামঞ্জস্য-পূর্ণ জ্ঞান থাকা আবশ্যক।

এইজন্য ঐ সকল জীববুদ্ধির অগোচর, অতীন্দ্রিয় বিষয়সমূহ দ্রষ্টা-ঋষিগণ জ্ঞানচক্ষে, অপরোক্ষানুভূতিতে দর্শন করিয়া জীব-জগতের কল্যাণার্থ প্রচার করিয়াছেন। "ঋষিসংঘজুষ্টং" এই জ্ঞানের ভাণ্ডার যে সকল গ্রন্থ অনাদিকাল ধরিয়া বক্ষে ধারণ করিয়া রহিয়াছেন, তাহাই উপনিষদ্।

কেনোপনিষদের উপসংহারে শিষ্য বলিলেন, আচার্যদেব, উপনিষদ্ বলুন। আচার্য কহিলেন–"এই তো তোমাকে ব্রাহ্মী-উপনিষদ্ বলা হইল।" এই কথা বলিয়া উপনিষদের স্বরূপ বলিয়াছেন–

"তস্যৈ তপো দমঃ কর্মেতি প্রতিষ্ঠা, বেদাঃ সর্বাঙ্গানি, সত্যমায়তনম্।" (কেন, ৪/৮)

তপস্যা, দম, কর্ম এই সকল উপনিষদের প্রতিষ্ঠা। বেদ তাহার মস্তক প্রভৃতি অঙ্গ-সকল। সত্য তাহার আয়তন বা আশ্রয়।

ব্রহ্ম-সম্বন্ধীয় আলোচনায় মনোনিবেশ করিলেই সর্বপ্রথম একটি বিরাট রহস্য চোখে পড়ে। রহস্যটি এই যে, ব্রহ্মের কথা বলা যায় না। কিছু জানা থাকিলে তো বলা যাইবে? ব্রহ্মের কথা কিছু জানা যায় না।

জানা শব্দটির অর্থ হইল জ্ঞানের বিষয়ীভূত করা। আমি আপনাকে জানিতেছি অর্থ হইল–আপনি আমার জ্ঞানের বিষয়বস্তু হইতেছেন। যে-বস্তু কখনও কাহারও জ্ঞানের বিষয়ীভূত হন না তাহাকে কিরূপে জানা যাইবে? ঋষি যাজ্ঞবল্ক্য বৃহদারণ্যক শ্রুতিতে প্রশ্ন করিয়াছেন–

"বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ।" (২/৪/১৪)

যিনি বিজ্ঞাতা, যিনি জ্ঞানের আশ্রয় তাঁহাকে জ্ঞানের বিষয়ীভূত করিবে কে? কিরূপে করিবে?

জানার জন্য চক্ষুঃকর্ণাদি পাঁচটি বহিরিন্দ্রিয় ও একটি অন্তরিন্দ্রিয় মন আছে। ব্রহ্ম-বস্তুর কাছে এই ছয়জন কেহই যাইতে পারে না। কেন-শ্রুতি বলিয়াছেন–

"ন তত্র চক্ষুর্গচ্ছতি ন বাগ্গচ্ছতি নো মনঃ।
ন বিদ্মো ন বিজানীমো যথৈতদনুশিষ্যাৎ ॥" (১/৩)

যেখানে চক্ষু যায় না, বাক্য যায় না, মন যায় না, যাহার কথা কিছু জানা যায় না তাহার বিষয় উপদেশ দিব কী প্রকারে?

তৈত্তিরীয়-শ্রুতি বলিয়াছেন, বাক্য আর মন দুইজনে পরামর্শ করিয়া ব্রহ্মের কাছে রওনা হইয়াছিল। কতদূর গিয়া আর যাইতে পারে নাই। কূলকিনারা না দেখিয়া ফিরিয়া আসিয়াছে।

"যতো বাচো নিবর্তন্তে। অপ্রাপ্য মনসা সহ।" (তৈ. উ. ২/৪/১)

কঠ-শ্রুতি পরিষ্কার ভাষায় কহিয়াছেন–

"নৈব বাচা ন মনসা প্রাপ্তং শক্যো ন চক্ষুষা।"
(কঠ উ. ২/৩/১৩)

ইহা এক অদ্ভুত সমস্যা। যাঁহার কথা বলিতে বসা হইয়াছে তাহার কথা বলা যায় না! যাঁহাকে ভাবিতে বলা হইয়াছে তিনি ভাবনার অতীত!

ঋষি কখনও বা বলিয়াছেন, "তিনি আছেন" এইটুকু শুধু বলা যায়। "অস্তীতি ব্রুবতোঽন্যত্র কথং তদুপলভ্যতে।" (কঠ, ২/৩/১২) আবার বলিয়াছেন 'অধ্যাত্মযোগ' পরিজ্ঞাত থাকিলে তাহা দ্বারা তাঁহাকে জানিয়া হর্ষ-শোকের অতীত হওয়া যায়। 'আধ্যাত্ম-যোগাধিগমেন দেবং মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতি।" (কঠ, ১/২/১২)

কেন-শ্রুতি রহস্যপূর্ণ ভাষায় কহিয়াছেন–আমি যে তাঁহাকে সুন্দররূপে জানিয়াছি ইহা মনে করি না। একেবারে যে জানি নাই–ইহাও মনে করি না।

"নাহং মন্যে সুবেদেতি নো ন বেদেতি বেদ চ।" (কেন, ২/২)

অথচ তাঁহাকে কিন্তু জানিতেই হইবে। জানিলেই সত্যে স্থির থাকা যাইবে। না জানিলেই "মহতী বিনষ্টিঃ" উপস্থিত হইবে। কেন-শ্রুতি সাবধান বাক্য কহিয়াছেন–

"ইহ চেদবেদীদথ সত্যমস্তি
ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ।" (কেন, ২/৫)

তাঁহাকে জানিলেই অমৃতাস্বাদন। না জানিলেই চরম-বিনাশ। কঠ-শ্রুতি তাঁহাকে জানিবার একটি পরম উপায় নির্দেশ করিয়াছেন–

"যমেবৈষ বৃণুতে তেন লভ্য–
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্।" (কঠ, ১/২/২৩)

ব্রহ্মবস্তু অনুগ্রহ করিয়া যাঁহাকে বরণ করেন, যাঁহার কাছে তিনি আপনাকে প্রকাশ করেন, তাঁহার কাছেই স্বকীয়-তনু ব্যক্ত করেন। কেবলমাত্র তিনিই তাঁহার সংবাদ জানিতে পারেন। একমাত্র তাঁহার প্রসাদেই ('ধাতুপ্রসাদাৎ'। কঠ, ১/২/২০) তাঁহার মহিমা জানা যায়।

বৈদিক ঋষিগণ অধ্যাত্মযোগী ছিলেন। তাঁহারা প্রসাদ লাভ করিয়াছিলেন। তাঁহাদিগকে ব্রহ্ম নিজজন বলিয়া বরণ করিয়া ছিলেন, তাঁহাদের নিকট নিজ স্বরূপ প্রকাশ করিয়াছিলেন। এইজন্য তাঁহাদের উপলব্ধিই শ্রুতি। শ্রুতি আমাদের শাস্ত্রের ভিত্তি। শ্রুতি আমাদের সংস্কৃতির মেরুদণ্ড।

ব্রজবিদেহী সন্তদাস বাবাজী মহারাজ লিখিয়াছেন–"আমি কে, আমার স্বরূপ কী, কোথা হইতে আমি আসিলাম, এই পরিদৃশ্যমান জগৎ কী, ইহার উৎপত্তি, স্থিতি, লয় কিরূপ ইত্যাদি বিষয় অবগত হইবার নিমিত্ত ঋষিগণ একান্তচিত্তে ধ্যানমগ্ন হইলে অশরীরী বাণী তাঁহাদের নিকট আবির্ভূত হইয়া জ্ঞাতব্য বিষয় সকলের তত্ত্ব প্রকাশিত করেন। এই অশরীরী বাণীই শ্রুতি নামে প্রসিদ্ধ।" ('ব্রহ্মবাদী ঋষি ও ব্রহ্মবিদ্যা', পৃ. ১৭৮)

শ্রুতির পবিত্র অক্ষরগুলিকে লইয়াই আমাদের পথ চলা। ঐ অক্ষরগুলিকে মানিয়া লইয়া তাহার অনুগত হইয়া অনুধাবন করার চেষ্টা করাই এই গ্রন্থে আমাদের ক্ষুদ্র প্রয়াস। ভরসা–ঔপনিষদ-পুরুষ শ্রীহরিপুরুষের অযাচিত করুণা। ❑

# দেবতার সমাজ চাহি; শূদ্র বা ব্রাহ্মণের নহে

অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব

ময়মনসিংহ সিংরৈল নিবাসী জনৈক পত্রলেখকের পত্রের উত্তরে শ্রীশ্রী বাবামণি লিখিলেন,–

"জগতে কোনও প্রাণীই নিজ আকৃতির জন্য ঘৃণ্য বা বরণীয় হয় না, প্রত্যেকেরই আদর বা অনাদর সম্পূর্ণ-রূপে তাহার প্রকৃতির জন্য হইয়া থাকে। এই একটিমাত্র কথা স্মরণ রাখিলেই এক জাতি-বিশেষের প্রতি অপর জাতি-বিশেষের সম্মাননা বা অশ্রদ্ধার কারণ সম্যক উপলব্ধি করিতে পারিবে। কিন্তু একটি শূকর তাহার প্রকৃতি পরিবর্তিত করিয়া গোজাতির প্রকৃতি আয়ত্ত করিতে সমর্থ নহে, পরন্তু একজন নিম্নাধিকারী মানুষ অভ্যাস, সাধন ও উচ্চাকাঙ্ক্ষার বলে উচ্চাধিকারী মহামানবের প্রকৃতি অল্পে অল্পে আয়ত্তীকৃত করিতে পারে, –সম্যক্ যদি নাও পারে, অংশতঃ নিশ্চিতই পারে। অভিজ্ঞ পশুপালকেরা এবং দক্ষ বৈহঙ্গমিকেরা পশু বা পক্ষীকে বংশানুক্রমিক ধারায় নির্দ্দিষ্টভাবে শিক্ষা দিতে দিতে তাহাদের প্রকৃতির অতি অল্পাংশের মাত্র পরিবর্তন সাধন করিতে পারেন, পরন্তু মানুষ নিজের চেষ্টায় নিজের প্রকৃতিকে জয় করিয়া উচ্চতর স্তরে অধিরোহণ করিতে পারে। বুদ্ধিমান্ পশু-পালক বা বৈহঙ্গমিক তৎ-প্রতিপালিত পশু বা পক্ষীর ভিতরে অপশুসুলভ বা অপক্ষিসুলভ গুণের বিকাশের চেষ্টা না করিয়া পশু বা পক্ষীর অন্তর্নিহিত স্বাভাবিক প্রকৃতির মধ্যেই কোনও কোনও লোকরঞ্জক বা লোকহিত– বিধায়ক ভঙ্গিমাটীর নিরতিশয় চর্চ্চা করাইয়া তাহারই বিশেষ প্রস্ফুটনের ও পরিপ্রকাশের চেষ্টা করেন। পরন্তু মানবের অন্তরে অনন্ত বিকাশের সম্ভাবনাসমূহ অন্তর্নিহিত থাকায় অপরের দ্বারা বাধ্যীকৃত না হইয়াও মানব নিজের ইচ্ছায়, নিজে রুচিতে, নিজের চেষ্টায়, নিজের সাধনের বলে, নিজের একনিষ্ঠ তপস্যার মহাশক্তিতে নিজের চণ্ডালত্ব ঘুচাইয়া ব্রাহ্মণত্বের পরিপূর্ণ বিকাশ সাধন করিতে পারেন, অথবা নিজের ব্রাহ্মণত্ব খোয়াইয়া চণ্ডালচরিত্র লাভ করিতে পারেন। এই কারণেই জাতি বিশেষের প্রতি বদ্ধমূল বিরুদ্ধ ভাব পোষণের কাহারও অধিকার নাই এবং ব্যক্তি হিসাবে প্রত্যেক ব্যক্তিকেই জাতির গণ্ডীর বাহিরে রাখিয়া বিচার করা কর্ত্তব্য। কাল যে অনার্য্য ছিল, আজ সে নিজ চরিত্রের উন্নতি সাধন করিয়া আর্য্যোত্তম হইতে পারে। কাল যে অনাচরণীয় ছিল, আজ তাহার তপঃ-সিদ্ধির অলৌকিক প্রভায় তাহার ম্লেচ্ছত্ব ঘুচিতে পারে। কাল যে অনাদৃত অবজ্ঞাত অপাংক্তেয় ছিল, আজ সে ঋষি-সত্তমগণেরও অগ্রগণ্য বলিয়া প্রপূজিত হইতে পারে। নিকৃষ্ট প্রকৃতির জন্যই যদি কেহ নীচ জাতি বলিয়া ঘৃণিত হইয়া থাকে, উৎকৃষ্ট প্রকৃতি লাভ মাত্র তাহাকে উচ্চ জাতি বলিয়া সম্বর্দ্ধনা করিবার বাধা তোমরা কোথায় দেখিতেছ। আমি ত' ইহাতে বাধা দেখি না। যে যত নীচ হইয়া রহিয়াছে, তাহাকে তত উচ্চ হইবার সুযোগ তোমরা দিবে। ইহা দ্বারা তোমাদের উচ্চতার দাবিই বরং সমর্থিত হইবে। সমাজের নিম্নস্তরের লোকগুলির প্রকৃতি যদি দেবজনোচিত হয়, তবে একদিকে তাহা তাহাদের উচ্চতা লাভের উপায় এবং কারণ হইবে, অপর দিকে সমগ্র সমাজের ব্যপক উন্নতির উহা সূচনা হইবে। যেই যাহাকে অশ্রদ্ধা বা অনাদর করিয়া থাকুক, কারণবশতঃই করিয়াছে, অকারণে করে নাই, এই কথাটী স্মরণ রাখিলে নিম্নস্তরে অবনমিত ব্যক্তিদের উত্থান-লাভের উপায়াবলম্বনে সত্বরতা আসিবে। আর, প্রকৃতির পরিবর্তন মাত্র ম্লেচ্ছাধম দ্বিজোত্তম হয়, দ্বিজোত্তম ম্লেচ্ছাধম হয়, এই কথাটি মনে রাখিলে সমাজের উচ্চতর স্তরে অবস্থিত ব্যক্তিদের একদিকে সুবিচারের ক্ষমতা বর্দ্ধিত হইবে, অপরদিকে নিজের শ্রেষ্ঠত্বকে ধর্ম্মবলে অক্ষুণ্ণ রাখিবার জন্য অধ্যবসায়ের আত্মপ্রকাশ ঘটিবে। শুধু গালাগালি দিয়া, শুধুই কটূক্তি বর্ষণ করিয়া, শুধুই কতকগুলি মনগড়া অভিযোগ বানাইয়া উত্থাপিত করতঃ উচ্চ ও নীচের মধ্যে একটা চিরস্থায়ী কলহের সৃষ্টি, পুষ্টি ও প্রসার ঘটাইয়া সমাজে সাম্য প্রতিষ্ঠিত হইবে, এই জাতীয় গঞ্জিকা-সেবি-সুলভ মতবাদ আমি মানি না। কেন কে শ্রেষ্ঠ বলিয়া প্রপূজিত হইয়াছিল, কেন কে নিকৃষ্ট বলিয়া পংক্তি-বহির্ভূত হইয়াছিল, তাহার কারণ তোমরা অপক্ষপাত দৃষ্টিতে অনুসন্ধান কর এবং কে কি করিলে অপরের সহিত কলহ না করিয়া উচ্চতম স্তরে আরোহণ করিতে পারে, তাহারও পন্থা-নির্ণয় কর। অপরকে গালি না দিয়াও উচ্চচরিত্র ব্যক্তি নিজের উচ্চতা অক্ষুণ্ণ রাখিতে পারে, অপরকে বিদ্বেষ না দেখাইয়াও নিম্নস্তরের নরনারীরা উচ্চচরিত্রের অধিকারী হইয়া স্বাভাবিকভাবে উচ্চজনের প্রাপ্য মান-মর্য্যাদার অধিকারী হইতে পারে। ধনে নহে, কৌশলে নহে, ফাক-ফন্দীতে নহে, একমাত্র নিজ প্রকৃতিকে প্রাকৃত-জনোচিত নীচতার উর্দ্ধদেশে স্থাপন করার নিরবচ্ছিন্ন চেষ্টা দ্বারাই তাহা সম্ভব হইবে। এই মূলসূত্র ভুলিয়া গিয়া তোমরা যে যত দিকে যত চেষ্টা করিতেছ, সকলই কুক্কুর-কলহ সৃষ্টি করিতেছে। প্রত্যেকে সর্বাগ্রে নিজ প্রকৃতিকে চিন এবং তাহাকে জয় করিয়া তাহার উর্দ্ধে নিজেকে স্থাপন করিয়া দেবতা হও। ভারত আজ দেবতার সমাজ চাহে, ব্রাহ্মণ বা শূদ্রের সমাজ নহে।" ❑



তথ্যসূত্র : অখণ্ড-সংহিতা একাদশ খণ্ড পৃষ্ঠা ২৮৩-২৮৭ থেকে সংগৃহিত।

# কঠোপনিষদের আলোকে যমদেব-নচিকেতা উপাখ্যান ও আত্মতত্ত্ব

রাম কৃষ্ণ তালুকদার

জন্ম-মৃত্যুরূপ সংসার সাগর অতিক্রম করে মুক্তিলাভ করাই মানবজীবনের পরম লক্ষ্য। এ লক্ষ্য পূরণের জন্যই মনুষ্যদেহ প্রাপ্তি। আর এজন্যে আমাদের পুনর্জন্মকে রোধ করতে হবে। হৃদয়ের সমস্ত গ্রন্থি বা বন্ধন যতক্ষণ না বিনষ্ট হয় ততক্ষণ পুনর্জন্ম চলতে থাকে। কামনা-বাসনার উপর প্রতিষ্ঠিত অজ্ঞানতাই হলো হৃদয়ের গ্রন্থি। আর কামনা-বাসনা ও বিষয় আসক্তি ত্যাগের মাধ্যমে হৃদয়ের গ্রন্থিসমূহ বিনষ্ট হলেই পুনর্জন্ম রোধ হওয়া সম্ভব হতে পারে। গীতাও একই লক্ষ্যে নিষ্কাম কর্মের কথা বলেছেন।

কঠোপনিষদে মৃত্যুর রাজা যমদেব ও সত্যনিষ্ঠ কিশোর নচিকেতার কথোপোকথনের কিংবদন্তি উপাখ্যানে মৃত্যু-রহস্য তথা পরলোক-তত্ত্ব, আত্মতত্ত্ব ও মোক্ষ বা মুক্তিলাভ সংক্রান্ত দুর্বোধ্য বিষয়গুলি অত্যন্ত সরলভাবে উপস্থাপিত হয়েছে। এক পর্যায়ে যমরাজ নচিকেতাকে তিনটি বর প্রার্থনার অঙ্গীকার করেছিলেন। তার মধ্যে **তৃতীয় বর প্রার্থনায় নচিকেতা মৃত্যুর পর পরলোকগামী আত্মার অস্তিত্ব সম্পর্কে জানতে চেয়েছিলেন**। যমদেব নচিকেতাকে আত্মতত্ত্ব বা আত্মার পরলোক-তত্ত্বের যে উপদেশ দিয়েছেন তার সারাংশ নিম্নরূপ : (১) এক আত্মাই সকল জীবের হৃদয়ে এবং সর্বত্র বিরাজমান। (২) জীবের অন্তরস্থ আত্মাই পরমাত্মা। (৩) আত্মাকে সম্যকভাবে জেনে বা উপলব্ধি করে মর্ত্যের মানুষ এ দেহাশ্রিত অবস্থায়ই হৃদয়ের সমস্ত গ্রন্থিগুলি খুলে মুক্তিলাভ করতে পারে। **আত্মাকে জানার অর্থ হলো নিজেকেই নিজে জানা অর্থাৎ আত্মদর্শন করা। আর আত্মাকে জানতে হলে একটি অবলম্বন প্রয়োজন। উপনিষদ্ বলেছেন– ওঁ-কারের সাধনাই আত্মজ্ঞান লাভের শ্রেষ্ঠ অবলম্বন।**

> **যে বিশ্ববিধানের অনুবর্তী হয়ে আত্মাকে জীবন ও মৃত্যুর ভিতর দিয়ে মোক্ষে উত্তীর্ণ হতে হয়, সেই বিধানকে জানেন ও রক্ষা করেন যম।**

বাজশ্রবস নামে একজন ঋষি ছিলেন। তিনি বাজশ্রবা নামে একজন দানবীর ঋষির পুত্র। বাজশ্রবস একবার যজ্ঞফল (স্বর্গপ্রাপ্তিরূপ) কামনা করে বিশ্বজিৎ নামক মহাযজ্ঞের অনুষ্ঠান করেছিলেন। সে যজ্ঞে করণীয় হলো যজ্ঞকারীকে নিজের যথাসর্বস্ব দানরূপে বিতরণ করতে হবে। তাঁর নচিকেতা নামে এক কিশোর পুত্র ছিল। যজ্ঞান্তে ঋত্বিক ও অন্যান্যদের দক্ষিণাস্বরূপ বিতরণের জন্যে দানসামগ্রী আনা হচ্ছিল, তা দেখে বালক নচিকেতার নির্মল হৃদয়ে বেদনার উদয় হলো এবং শ্রদ্ধার আলোকে চিন্তা করতে লাগলেন। নচিকেতা বয়সে তরুণ হলেও তাঁর শাস্ত্রজ্ঞান ছিল এবং দানগুলি শাস্ত্রসম্মত কিনা তা বিচার করার জ্ঞান তাঁর ছিল। যে গাভীগুলি যজ্ঞের দক্ষিণাস্বরূপ দান করা হচ্ছিল সেগুলি এত বৃদ্ধ ও দুর্বল ছিল যে, তারা দুগ্ধদান কিংবা ভবিষ্যতে সন্তান উৎপাদনে অসমর্থ। যে যজমান (যজ্ঞকর্তা) দক্ষিণাস্বরূপ এ প্রকার গাভী দান করেন, সে যজমান দেহত্যাগান্তে আনন্দহীন লোকেই গমন করেন। সুতরাং, পিতার এরূপ কর্মের জন্যে নচিকেতা ব্যথিত হয়ে ভাবতে লাগলেন যজ্ঞের অপূর্ণতায় তাঁর পিতার কাঙ্ক্ষিত আনন্দময় স্বর্গলাভ তো হবেই না, বরং নরকের কষ্টই ভোগ করতে হবে। একজন বিবেকবান পুত্র হিসেবে নচিকেতা এ যজ্ঞের পূর্ণতা প্রাপ্তির একটা উপায় বের করা তার কর্তব্য বলে মনে করলেন।

সত্য ও ন্যায়পরায়ণতার প্রতি নচিকেতার গভীর শ্রদ্ধা ও ভালোবাসা ছিল। বাজশ্রবস যখন দানকার্যে ব্যস্ত, তখন নচিকেতা পিতার কাছে গিয়ে জিজ্ঞেস করলেন– **তাত!** (হে পিতা) আপনি আমাকে দক্ষিণাস্বরূপ কাকে দান করবেন? অধর্মাচরণের কথা তাঁর বাবাকে স্মরণ করিয়ে দিয়ে বললেন– সমস্ত সম্পত্তিই তো দান করতে হবে। পুত্র হিসেবে আমিও একটি সম্পত্তি। পিতার কাছ থেকে কোন উত্তর না পেয়ে নচিকেতা বারবার একই প্রশ্ন করতে থাকলে তৃতীয়বার বিষয়টি ধৃষ্টতার পরিচায়ক মনে করে বাজশ্রবস ধৈর্য্য হারিয়ে বিরক্ত হয়ে বললেন– আমি তোমাকে যমের (মৃত্যুর) উদ্দেশ্যে দান করলাম।

নচিকেতা জানেন তাঁর পিতা উত্তমরূপে শাস্ত্র অধ্যয়ন করেছেন। সুতরাং, তাঁর স্থির বিশ্বাস তিনি শাস্ত্রবিরোধী কোন কাজ করেননি। নচিকেতা অনুভব করলেন নিশ্চয়ই যমরাজের বিশেষ কোন প্রয়োজনে তিনি তাকে তাঁর কাছে পাঠাচ্ছেন। আবার মনে হলো পিতা তাঁর উক্তির জন্য অনুশোচিত হয়ে কথা ফিরিয়ে নিতে চাইবেন। তাই তিনি তাঁর পিতাকে পূর্বপুরুষদের ও বর্তমান মহাত্মদের সত্যনিষ্ঠার কথা স্মরণ করতে এবং সত্য রক্ষার্থে তাঁকে যমালয়ে প্রেরণ করতে অনুরোধ করলেন। পিতাও সত্যের পথ থেকে বিচ্যুত না হয়ে নচিকেতাকে যমলোকে পাঠালেন।

যমরাজ গৃহে না থাকায় নচিকেতা তিনরাত তাঁর অপেক্ষায় উপবাসে রইলেন। যমরাজ গৃহে ফিরলে প্রবীণেরা তাঁকে বললেন, ব্রাহ্মণ অতিথিকে অগ্নিরূপে গ্রহণ করতে হয়। তাঁকে সেবা-পরিচর্যা না করলে মহাপাপ ও অমঙ্গল হয়। যমরাজ নচিকেতাকে অভ্যর্থনা জানিয়ে বললেন– হে ব্রাহ্মণ, তুমি অতিথি এবং আমার নমস্য। তিন রাত আমার গৃহে না খেয়ে থাকায় আমার অপরাধ হয়েছে। তোমার কাছে আমার মঙ্গলের জন্য আশীর্বাদ চাইছি। তোমার এই তিন রাত না খেয়ে কষ্ট করার কারণে প্রতিরাতের জন্যে একটি করে তোমার ইচ্ছেমত তিনটি বর চেয়ে নাও। যমদেব সম্পর্কে ঋষি অরবিন্দ বলেছেন– **"মৃত্যুর অধীশ্বর যম জগতে আবার ধর্মরাজও বটে, সুতরাং তিনি পরম সত্যের– যা থেকে ধর্মের উৎপত্তি– জ্যোতির্ময় প্রভু সূর্যের পুত্র।"** –উপনিষদাবলী, পৃ. ২৪৮।

যমরাজ তথা ধর্মরাজের কাছ থেকে তিনটি বর পাওয়ার প্রতিশ্রুতি পেয়ে নচিকেতা বললেন, হে যমরাজ, আমাকে যমালয়ে পাঠিয়ে আমার পিতার যে দুশ্চিন্তা হয়েছে তা যেন প্রশমিত হয়।

তিনি যেন আমার প্রতি প্রসন্নমনা ও ক্রোধমুক্ত হন। আর আপনার কাছে থেকে ঘরে ফিরে গেলে তিনি যেন আমাকে চিনতে পেরে আনন্দচিত্তে গ্রহণ করেন। তিনটি বরের মধ্যে এটিই আমার প্রার্থিত প্রথম বর। এ প্রসঙ্গে স্বামী গম্ভীরানন্দ বলেছেন– **"যমালয়ে গত ব্যক্তির সহিত, মর্ত্যলোকের কাহারও পরিচয় থাকে না। পিতার সহিত যেন আমার এরূপ সম্বন্ধ না হয়।"** –উপনিষদ গ্রন্থাবাণী, পৃ. ৫১, পাদটীকা ১। যমদেব নচিকেতাকে আশ্বস্ত করে বললেন– তাই হবে। মৃত্যুর মুখ থেকে ছাড়া পেয়ে তুমি বাড়ি ফিরে যাবার পর তোমার পিতা তোমাকে চিনতে পারবেন এবং তোমার প্রতি আগের মতই স্নেহশীল ব্যবহার করবেন।

দ্বিতীয় বরে নচিকেতা স্বর্গের সাধন যে অগ্নিবিদ্যা তা চেয়ে বললেন– স্বর্গলোকে কোন প্রকার ভয় নেই, মৃত্যুভয়ও নেই সেখানে। দুঃখ-শোক-ক্ষুধা-জরা-ব্যাধি এসব অতিক্রম করে মানুষ নির্বিঘ্নে আনন্দ উপভোগ করেন সেখানে। যমরাজ পূর্বে আমাদের মতো মরণশীল মানুষই ছিলেন। পরে অগ্নিবিদ্যা আয়ত্ব করে স্বর্গলোকে দেবত্ব এবং যমের পদও পেয়েছেন। কাজেই অগ্নিবিদ্যা শেখার জন্যে যমদেবই আদর্শ শিক্ষক। যমরাজও নচিকেতাকে অগ্নিবিদ্যা শিখাতে রাজী হলেন। আর অগ্নিবিদ্যার উপাসনা সফলভাবে সম্পন্ন হলে মৃত্যুর পর স্বর্গলোকে দেবতাদের সঙ্গে থাকার সুযোগ হয়। তবে এ **স্বর্গলোক স্থায়ীভাবে অবস্থানের জায়গা নয়, বেশ কিছুকাল নিরতিশয় সুখ ভোগের জায়গা বলা যায়। নির্দিষ্ট সময় পরে পুণ্য ক্ষয় শেষে দেবদেবীরাও আবার মর্ত্যে ফিরে আসেন। আর এ আসা-যাওয়া চলতেই থাকে যতক্ষণ না আত্মজ্ঞান লাভের দ্বারা মোক্ষলাভ সম্ভব হয়। তাই, পরবর্তীতে আমরা দেখবো যে নচিকেতা এ ক্ষণস্থায়ী স্বর্গলাভে মোটেও আগ্রহী নন**।

যমরাজ এবার নচিকেতাকে অগ্নিবিদ্যা বিষয়ে উপদেশ দিতে আরম্ভ করলেন। যজ্ঞবেদী তৈরি করতে কী ধরণের ও কতখানা ইট লাগে এবং কী প্রকারে তা স্থাপন করতে হয় ইত্যাদি সমস্ত কিছুই বললেন। নচিকেতাও মনোযোগসহকারে শুনলেন এবং যম কথিত বাক্য যথাযথভাবে পুনরুক্তি করলেন। যমরাজও নচিকেতাকে উপযুক্ত শিষ্য হিসেবে দেখে খুব খুশি। তিনি সন্তুষ্ট হয়ে নচিকেতাকে আরো একটি অতিরিক্ত বর প্রদান করে বললেন– এখন থেকে এই অগ্নিবিদ্যা জগতে **'নচিকেত অগ্নি'** নামেই প্রসিদ্ধ হবে। এই চতুর্থ বরটির সাথে নানা আকারের ও নানা বর্ণের বহুরত্নখচিত সুরেলা শব্দময় একটি মালাও দিলেন। কিন্তু সেই রত্নমালা নচিকেতাকে বিন্দুমাত্র আকর্ষণ করতে পারেনি। কারণ তাঁর মন তখন একেবারে অন্য জগতে পৌঁছে গেছে। তখন পার্থিব রত্নরাজির প্রতি তাঁর কোন আকর্ষণই ছিল না।

অগ্নি মূলতঃ ব্রহ্মেরই শক্তি। তিনি সর্ব জগতের বিধায়ক এবং প্রাণীবর্গের হৃদয়-গুহায় বাস করেন। সেই পূজ্য, সর্বজ্ঞ, ব্রহ্মসম্ভূত প্রকাশশীল বিরাট পুরুষকে (অগ্নিদেবকে) তথা 'নচিকেত অগ্নি'কে যিনি আত্মস্বরূপে অবগত হয়ে ধ্যান করে তাতেই তন্ময় হন, তিনি বিরাটের সাথে একাত্মতা অনুভব করে শান্তি লাভ করেন। কিন্তু, এই শান্তিলাভ মুক্তিলাভ নয়, একমাত্র আত্মজ্ঞানেই মোক্ষ বা মুক্তিলাভ হয়। তবে বিরাটের সঙ্গে আত্মস্বরূপ অনুভব সাধককে মুক্তির অভিমুখে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করে। এভাবেই যমরাজ নচিকেতাকে স্বর্গলাভের পথনির্দেশক অগ্নিবিদ্যারূপ দ্বিতীয় বর প্রদান করলেন। এবার যমরাজ বললেন, হে নচিকেতা, তোমার তৃতীয় বরটি চেয়ে নাও।

যমরাজের কথা শুনে শ্রদ্ধাবান নচিকেতা বললেন– মানুষমাত্রেরই মৃত্যু হয় অর্থাৎ জন্মালে মরতেই হবে। কিন্তু মানুষের মনে এ যে সংশয়– মৃত্যুর পর আত্মার কী হয়? কেউ কেউ বলেন আত্মার অস্তিত্ব থাকে,আবার কেউ কেউ বলেন থাকে না। আপনার উপদেশ হতে আমি পরলোকগামী আত্মার বিষয়ে জ্ঞানলাভ করতে চাই– বরসমূহের মধ্যে ইহাই আমার প্রার্থনীয় তৃতীয় বর। আপনি মৃত্যুর অধিপতি। অতএব, পরলোক সম্পর্কে আপনার চেয়ে বেশি অন্য কেউ জানেন না। **নচিকেতার এই বর প্রার্থনা থেকেই শুরু হলো আত্মজ্ঞানের কথা। এ আত্মজ্ঞান লাভ করাই মনুষ্য জীবনের পরম লক্ষ্য**।

এ প্রশ্নের উত্তরে যমরাজ জানালেন– তোমার এ প্রশ্নের উত্তর অতিশয় দুরূহ। সহজে বোঝানো যায় না, বোঝাও যায় না। জ্ঞানী ব্যক্তিগণ জানেন দৈহিক মৃত্যুতে আত্মা অপরিবর্তিত থাকে, কারণ তাঁরা জানেন আত্মা শরীর, ইন্দ্রিয়সমূহ, মন ও বুদ্ধি থেকে স্বতন্ত্র। এই জ্ঞান কেবলমাত্র অসীম ধৈর্য্য ও কঠোর সাধনার দ্বারা লাভ করা যায়। আর এ **আত্মজ্ঞান লাভের জন্য সর্বস্ব ত্যাগের প্রয়োজন**।

নচিকেতা আত্মজ্ঞান লাভের উপযুক্ত কিনা তা পরীক্ষা করতে গিয়ে যমদেব বললেন– আত্মতত্ত্ব সহজে উপলব্ধ নয়। এ বিষয়ে কেবলমাত্র মানুষের যে সংশয় তা নয়, পূর্বে এমনকি দেবতারাও সন্দিহান ছিলেন। দোহাই নচিকেতা, তুমি অন্য কোন বর প্রার্থনা কর। এ বিষয়ে আমাকে আর অনুরোধ কর না, তোমার এ প্রার্থনা ত্যাগ কর। কিন্তু, নচিকেতা এতটুকু নিরুৎসাহিত না হয়ে যমরাজকেই আত্মজ্ঞান লাভের যোগ্য শিক্ষক মনে করলেন।

নচিকেতা বললেন, হে ধর্মরাজ, দেবতাদের দ্বারাও যখন আত্মার বিষয়ে সংশয় প্রকাশ করা হয়েছিল এবং আপনার কাছেও জানলাম যে, আত্মতত্ত্ব সহজলভ্য নয়, তখন এ বিষয়ে আপনার মত যোগ্য উপদেষ্টা কাউকেও পাওয়া সম্ভবপর নয়। অতএব, এ বরের তুল্য অন্য কোন বর থাকতে পারে না। এ প্রসঙ্গে যমদেব সম্বন্ধে ঋষি অরবিন্দ বলেছেন– **"যে বিশ্ববিধানের অনুবর্তী হয়ে আত্মাকে জীবন ও মৃত্যুর ভিতর দিয়ে মোক্ষে উত্তীর্ণ হতে হয়, সেই বিধানকে জানেন ও রক্ষা করেন যম"**–উপনিষদাবলী, পৃ. ২৫২।

যমরাজ এখন প্রলোভন দেখিয়ে নচিকেতার সংসার বৈরাগ্য সম্পর্কে যাচাই করবেন। যমদেব নচিকেতাকে বললেন, তুমি প্রার্থনা কর শতবর্ষ আয়ুবিশিষ্ট পুত্র ও পৌত্র, অনেক গবাদিপশু, হাতি, ঘোড়া, বিপুল পরিমাণ স্বর্ণ ও বিশাল আয়তনের ভূমি। আর নিজের জন্যে সুস্থ ও সবল দেহে যত বছর ইচ্ছে দীর্ঘ জীবন। আত্মতত্ত্ব অত্যন্ত দুর্বোধ্য, একথা শুনেও নচিকেতা যখন বিন্দুমাত্রও আগ্রহ হারালেন না, তখন যমদেব বিভিন্ন প্রলোভন দেখিয়ে নচিকেতাকে আত্মজ্ঞান লাভের যোগ্যতা পরীক্ষা করতে লাগলেন।

এতক্ষণে নচিকেতা বুঝতে পেরে গেছেন যে, আত্মজ্ঞান লাভ করা সহজসাধ্য ব্যাপার নয়। তা না হলে যমরাজ নিশ্চয়ই এতসব প্রতিশ্রুতি না দিয়ে সরাসরি আগের দুটি বরের মত এ বরটিও গ্রহণ করে নিতেন। এতসব সত্ত্বেও নচিকেতা **মৃত্যুর পর আত্মার অস্তিত্ব সম্পর্কে জানতে** আগের মতই আগ্রহী।

যমরাজ বললেন, এ জগতে যে সমস্ত দুর্লভ ভোগ্য সামগ্রী আছে, তুমি যদি সেসব পেতে চাও তবে তুমি সেসব পছন্দমত চেয়ে নাও। এই যে মানুষের পক্ষে দুষ্প্রাপ্য অপরূপা তরুণীরা বাদ্যযন্ত্র সমন্বিত অবস্থায় রথে উপবিষ্টা, আমার দেওয়া এদের সবাইকে দিয়ে তোমার সেবা পরিচর্যা করিয়ে নিতে পার, তারা নাচ-গান দিয়ে তোমার মন সর্বদা ভরিয়ে রাখবে। দোহাই নচিকেতা, তুমি **মৃত্যুর পর আত্মার অস্তিত্ব সম্পর্কে** আর জানতে চেয়ো না।

যমদেবের প্রলোভনে কিছুমাত্র প্রভাবিত না হয়ে, নচিকেতা এবার অত্যন্ত দৃঢ়তার সাথে বললেন, হে যমদেব, যে সমস্ত ভোগ্যসামগ্রী আপনি আমাকে দিতে চেয়েছেন সে সবই তো ক্ষণস্থায়ী। আজ আছে, কাল থাকবে কিনা তা অনিশ্চিত। উপরন্তু, আপনি যে দীর্ঘজীবন আমাকে দিতে চেয়েছেন তা যত দীর্ঘই হোক না কেন অনন্তকালের তুলনায় অতি অল্প। অতএব, পরলোকগামী আত্মা সম্পর্কিত জ্ঞানলাভই আমার কাছে একমাত্র প্রার্থনীয় বর। নচিকেতার এ বক্তব্যের সমর্থনে ঋষি অরবিন্দ বলেছেন– **"যেহেতু জীবন মৃত্যুরই একটি রূপ ও মৃত্যু জীবনের, তাই একমাত্র সত্যকার অস্তিত্ব হচ্ছে অনন্ত, দিব্য ও অবিনশ্বর।"** –উপনিষদাবলী, পৃ. ২৫৩। আত্মজ্ঞান-লাভে দৃঢ়প্রতিজ্ঞ নচিকেতা সমস্ত লোভনীয় প্রস্তাব পরিত্যাগ করে যমদেবকে বললেন, আপনি তো জানেন বিত্তের দ্বারা মানুষ কখনোই প্রকৃত সুখ খুঁজে পায় না। নচিকেতার এ উক্তির দ্বারা প্রতীয়মান হয় যে, তাঁর চিত্ত তখন উচ্চতর কিছু লাভের জন্য আকাঙ্ক্ষিত হয়ে আছে। সে কারণেই তিনি একটির পর একটি পাণ্ডিত্যপূর্ণ যুক্তি উপস্থাপন করলেন তাঁর কাঙ্ক্ষিত আত্মতত্ত্ব সম্পর্কে শিক্ষালাভের স্বপক্ষে। নচিকেতা আরও বললেন, হে যমদেব, **যে আত্মার অস্তিত্ব সম্পর্কে অনেকের মনেই সংশয় এবং যে জ্ঞানলাভে মুক্তিলাভ হয় আমাকে সে বিষয়েই বলুন– এ বরই আমার একমাত্র প্রার্থনীয়**। অতঃপর শ্রুতি বা উপনিষদ্ স্বয়ং বললেন– যমরাজ তথা ধর্মরাজের মতো মহান আচার্যের সাক্ষাৎ লাভের বিরল সুযোগ লাভ করে তুচ্ছ ক্ষণস্থায়ী আনন্দ লাভের প্রস্তাব মুমুক্ষু নচিকেতা গ্রহণ করতে পারে না অর্থাৎ **যে কোনে বিবেকবান ব্যক্তির আত্মজ্ঞান সম্পর্কিত বর ভিন্ন অন্য কিছুই প্রার্থনা করা উচিত নয়**।

প্রলোভন দেখিয়ে নচিকেতাকে সংকল্পচ্যুত করতে না পেরে যমদেব এবার তাঁর উপর অতীব সন্তুষ্ট হয়ে তৃতীয় বর তথা আত্মজ্ঞান প্রদানে প্রবৃত্ত হলেন। যমদেব নচিকেতাকে বললেন, এ জগত বিভিন্ন উদ্দেশ্য সাধনে **শ্রেয়ঃ** (কল্যাণকর) আর **প্রেয়ঃ** (সুখদায়ক) এই দুটি লক্ষ্যের দ্বারা আবদ্ধ। শ্রেয়ঃ আমাদেরকে মুক্তির দিকে নিয়ে যায়, আর প্রেয়ঃ আপাতসুখকর এবং আমাদেরকে পরম উদ্দেশ্য থেকে দূরে সরিয়ে নেয়। **"শ্রেয়ঃ অন্যৎ উত প্রেয়ঃ অন্যৎ"**– 'আত্মজ্ঞান এক প্রকার আর আপাতসুখ অন্য প্রকার।' জীবনের চরম লক্ষ্য হলো মুক্তির মাধ্যমে অনন্ত আনন্দ উপভোগ করা। যাঁরা বিবেকসম্পন্ন ও জ্ঞানবান তাঁরা বিচক্ষণতার দ্বারা শ্রেয় ও প্রেয়কে পৃথক করে শ্রেয়কে প্রেয় অপেক্ষা উৎকৃষ্ট জেনে শ্রেয়কে গ্রহণ করেন। তাঁরা সংসারের সকল ভোগাশ্বৈর্য পরিত্যাগ করে অনাসক্ত জীবনযাপন করেন। তাঁদের অন্তিম লক্ষ্য জন্ম-মৃত্যুর অধীনতা থেকে মুক্তি লাভ করা। পক্ষান্তরে, যাঁরা প্রেয়কে বরণ করেন তাঁরা সুদুরপ্রসারী চিন্তাভাবনা করতে অক্ষম বলে সর্বদা অন্তিম লক্ষ্য থেকে বহু দূরে অবস্থান করেন। তাঁরা সম্মান-খ্যাতি, রমণী-সংসর্গ, পুত্র-পৌত্র, দাস-দাসীসহ অন্যান্য বিত্তসামগ্রী নিয়ে মেতে থাকেন এবং মনে করেন এই পার্থিব সুখই সবকিছু। আর অজ্ঞানতায় আচ্ছন্ন হয়ে বিভিন্ন কাম্য যাগযজ্ঞের আয়োজন করেন। পুরোহিতকে কিছু দান করে মনে করেন যে তাতেই স্বর্গলাভ হবে এবং এটাই শ্রেয় পথ–এভাবে কামনা-বাসনার দাস হয়ে তাঁরা বহুকালব্যাপী জন্ম-মৃত্যুর অধীনতা প্রাপ্ত হন। উপনিষদ্ তাঁর মন্ত্রে বলেছেন– **"হীয়তে অর্থাদ্ য উ প্রেয়ো বৃণীতে"** –'যিনি প্রেয়কে বরণ করেন তিনি জীবনের লক্ষ্য থেকে বিচ্যুত হন।'

যমদেব নচিকেতাকে বললেন, আমি তোমাকে নানাভাবে আকর্ষণীয় বস্তুর প্রলোভন দেখানোর পরও তুমি সেসবে প্রলুব্ধ না হয়ে যথাযথ বিচার বিবেচনা করে তা প্রত্যাখ্যান করেছো। কোনো কাম্যবস্তুই তোমাকে আকৃষ্ট করতে পারেনি। অধিকাংশ মানুষই জাগতিক ভোগবিলাস ও বিত্তের স্রোতে নিমজ্জিত হয়। **"সঃ ত্বম"**–'সেই তুমি', এ উক্তির দ্বারা যমদেব বুঝাতে চেয়েছেন যে, নচিকেতা আত্মজ্ঞান লাভের প্রকৃত অধিকারী। যমদেব আরও বললেন, হে আমার প্রিয়তম, **পরমার্থবিষয়ে যে জ্ঞান তুমি লাভ করেছো তা তর্কের দ্বারা লাভ করা যায় না। সত্যকে ধারণ করতে তুমি যথার্থরূপেই সক্ষম**।

আত্মার বিষয়ে বহুলোকের শোনার ভাগ্যও হয় না, শুনেও আবার অনেকে এ বিষয়ে বোধগম্য করতে পারে না। তাই আত্মা সম্পর্কে মানুষের ধারণাও বিবিধ। কেউ কেউ বলেন আত্মা ইন্দ্রিয়সমূহের পরিচালক হিসেবে দেহে অবস্থান করেন। কেউ আত্মাকে নিরাকার ও অকর্তা বলেন। কেউ কেউ আবার আত্মার অবয়ব আছে বলে সাকার মনে করেন। কেউ বলেন বিভিন্ন আত্মা বিভিন্ন দেহে অবস্থান করেন ইত্যাদি। আত্মা ইন্দ্রিয়গণের দ্বারা উপলব্ধ নয় অথচ দেহ, মন, বুদ্ধি ও ইন্দ্রিয়ের পরিচালক। আত্মাকে যুক্তি-তর্কের দ্বারা লাভ করা যায় না। তাই আত্মাকে নিয়ে তর্ক করা বৃথা–আত্মা তর্ক বিতর্কের অতীত। একমাত্র পবিত্র চিত্তের অধিকারীরাই তাঁদের জ্ঞানচোখ দিয়ে আত্মাকে দেখতে পান। গীতাও (২/২৯) শ্লোকে কিঞ্চিৎ পরিবর্তিত আকারে একই কথা বলেছেন।

যমরাজ আত্মতত্ত্ব বিষয়ে শিক্ষা প্রদানকালে নচিকেতাকে আরও বলেন, কর্মফলের দ্বারা প্রাপ্ত ধন-সম্পদ, স্বর্গাদি সবই অনিত্য বা ক্ষণস্থায়ী। এর দ্বারা ক্ষণস্থায়ী সুখলাভ হতে পারে, কিন্তু নিত্যবস্তু অর্থাৎ আত্মজ্ঞান লাভ হয় না। এসব জেনে শুনেই আমি অনিত্য অগ্নিবিদ্যা চয়নরূপ যজ্ঞ সম্পাদন করে তার ফলস্বরূপ ক্ষণস্থায়ী আপেক্ষিক-নিত্য এ যমপদ পেয়েছি। কিন্তু, তুমি ক্ষণস্থায়ী অনিত্য বস্তুতে প্রলোভিত না হয়ে তা প্রত্যাখ্যান করেছো। নচিকেতার মতো আগ্রহী ও ধৈর্যশীল শ্রোতা পেয়ে যমরাজ অবিভূত।

নচিকেতা এতক্ষণ যমরাজের কথা শুনছিলেন। এখন তিনি যমদেবকে বললেন– আপনি সত্যই যদি আমার প্রতি প্রসন্ন হয়ে থাকেন এবং আমাকে আত্মজ্ঞান লাভের যোগ্য মনে করেন তবে আমাকে সে বিষয়ে বলুন– যা ধর্ম হতেও ভিন্ন, অধর্ম হতেও ভিন্ন, যা কার্য ও কারণ হতেও পৃথক এবং যিনি অতীত-ভবিষ্যৎ-বর্তমান– এ তিন কালেও অতীত। সে **আত্মা সম্পর্কে আপনি সম্যকভাবে**

**জানেন– কৃপা করে আমাকে তা বলুন। নচিকেতার এই কটি সরল কথার মধ্যেই রয়েছে প্রকৃত সত্যের সন্ধান যা আমাদের মুক্তির অভিমুখে নিয়ে যেতে পারে।**

উত্তরে যমরাজ বললেন– হে নচিকেতা, বেদসকল বা উপনিষদসমূহ যে পরম লক্ষ্যের কথা নির্দেশ করেন, তাঁকে কেবলমাত্র তপস্যাদি দ্বারা লাভ করা যায়। যাঁকে পাবার বাসনায় সাধকগণ ব্রহ্মচর্য অবলম্বন করেন, আমি তোমাকে সে পরম-পদের কথা সংক্ষেপে বলবো– **তিনি হলেন ওঁ-শব্দের বাচ্য এবং ওঁ-কার তাঁর প্রতীক। ওঁ শব্দটি ব্রহ্মেরই নাম অর্থাৎ 'ওম' এই দুই অক্ষরের শব্দে ব্রহ্মকেই বুঝায়। আবার উহা ব্রহ্মের প্রতীক। ওঁ-কার সগুণ ও নির্গুণ ব্রহ্ম– এই দুই অবস্থারই প্রতীক। বিশ্ব ব্রহ্মাণ্ডে ব্রহ্মই হলেন একমাত্র সত্য। ওঁ-কার ব্রহ্মের সমস্ত ভাবের স্থাপক। এ ওঁ-কার অবলম্বনে যিনি ব্রহ্মকে জেনেছেন তাঁর অজানা বলে কিছু থাকে না অর্থাৎ সমস্ত কিছুই জানা হয়ে যায়। আর ব্রহ্মকে লাভ করার যত প্রকার সাধন বা উপায় আছে তন্মধ্যে এ ওঁ-কারই শ্রেষ্ঠ অবলম্বন। ওঁ-কার অবলম্বনে সম্যক জ্ঞান হলে সাধক ব্রহ্মলোকে মহিমান্বিত হন।**

আত্মার স্বরূপ বর্ণনা করতে গিয়ে যমরাজ বললেন– আত্মার জন্ম নেই, মৃত্যুও নেই। আত্মা কোনো কিছু থেকে উৎপন্ন হয়নি, আবার কোনো কিছু তাঁর থেকে উৎপন্নও হয় না। আত্মা জন্মরহিত, শাশ্বত, অপরিবর্তনীয় এবং সর্বত্র বিরাজমান। শরীরের নাশ হলেও আত্মা অবিনাশী। হত্যাকারী যদি মনে করে যে, সে কাউকে (আত্মাকে) হত্যা করবে এবং হত ব্যক্তি মনে করে যে সে নিহত হয়েছে, তবে তাঁরা উভয়েই আত্মজ্ঞানহীন অর্থাৎ আত্মার স্বরূপ জানেন না। কারণ, উক্ত আত্মা কাউকে হত্যাও করেন না, কিংবা নিজেও হত হন না।

**তৃতীয় বরে তথা মৃত্যুর পর আত্মার অবস্থান ও গতি-প্রকৃতি সম্বন্ধে নচিকেতা যে প্রশ্ন করেছিলেন যমদেব ধাপে ধাপে তার উত্তর দিতে আরম্ভ করলেন।** আত্মার স্বরূপ বলতে গিয়ে তিনি আত্মাকে চৈতন্যস্বরূপ হিসেবে বর্ণনা করেছেন। **ব্রহ্ম, আত্মা ও পরমাত্মা অভিন্ন সত্তা।** আত্মা কোনো কারণ থেকে সৃষ্টি হয়নি, যা কারণ থেকে জন্ম হয়েছে তার বিনাশ আছে। ব্রহ্ম বা আত্মা নিজেই সমস্ত কারণের কারণ। আত্মা সর্বব্যাপী এবং অবিনাশী। যার বিনাশ আছে তার সর্বব্যাপিত্ব থাকে না। গীতার (২/১৯-২/২০) শ্লোকে শ্রীভগবান কিঞ্চিৎ রূপান্তরিতভাবে একই কথা বলেছেন।

আত্মা অচলভাবে অবস্থিত থেকেও সর্বত্র গমন করেন। আপাতদৃষ্টিতে এটিকে স্ববিরোধী সিদ্ধান্ত বলে মনে হয়, কিন্তু **আত্মা সকল বিপরীত ভাবের মিলন সেতু– এক হয়েও তিনি বিভিন্ন নাম, রূপ ও নানা বৈচিত্র্যে বহু হয়েছেন।** এ অনন্ত আত্মার বর্ণনা করতে গেলে অনেক সময় স্ববিরোধী কথা সামনে এসে উপস্থিত হয়, তাই এ উপনিষদে আমরা দেখতে পাই– **"আসীনো দূরং ব্রজতি শয়ানো যাতি সর্বতঃ"**– 'স্থিরভাবে বসে থেকেও দূরে গমন করেন আবার শায়িত থেকেও সর্বত্র গমন করেন'। তিনি আবার **"মন-অমদং দেবম্"**– 'একইসঙ্গে সুখী ও অসুখী'।

আত্মজ্ঞানের ফল লাভের কথা বলতে গিয়ে যমরাজ বললেন– আত্মা নিরাকার অবিনশ্বর হয়েও সকল নশ্বর বা অনিত্য বস্তুর মধ্যে একমাত্র নিত্য বস্তুরূপে বিরাজমান। এ আত্মতত্ত্ব উপলব্ধি করে প্রজ্ঞাবান ব্যক্তি শোক-দুঃখ অতিক্রম করেন। **সেই আত্মাকে বহু শাস্ত্র অধ্যয়নের দ্বারা অথবা পাণ্ডিত্যের দ্বারা লাভ করা যায় না, তীক্ষ্ণ বুদ্ধির দ্বারাও নয়। আবার বহু শাস্ত্র উপদেশ শ্রবণের দ্বারাও নয়। যে সাধককে তিনি কৃপা করে উপযুক্ত বিবেচনা করেন তাঁর কাছেই আত্মা নিজের স্বরূপ প্রকাশ করেন।** যে ব্যক্তি পাপাচরণ থেকে বিরত হয়নি, যে আত্ম-সংযম অভ্যাস করেনি, যে দুষ্কর্মের আচরণ বন্ধ করেনি, যে একাগ্রচিত্তে ধ্যান করে না, মন যার বশীভূত নয়– এমন ব্যক্তি আত্মাকে উপলব্ধি করতে পারে না। **একমাত্র প্রকৃত জ্ঞানের দ্বারাই ব্রহ্ম বা আত্মাকে লাভ করা যায়।**

এই জড় জগৎ ব্রহ্মের মধ্যেই অবস্থিত এবং প্রলয়কালে সমস্তই তাঁর মধ্যেই বিলীন হয়ে যাবে। ব্রহ্ম থেকেই সমস্ত কিছুর সৃষ্টি এবং ব্রহ্মেই সবকিছুর পরিসমাপ্তি হবে। ব্রহ্ম সর্বত্রই বিদ্যমান, কিন্তু আমরা তাঁকে আমাদের ইন্দ্রিয়াদি, মন ও বুদ্ধির সাহায্যে জানতে পারি না। তিনি জানা-অজানা বস্তুর অতীত।

এবার যমদেব জীবাত্মা ও পরমাত্মার পার্থক্য বললেন– জীবাত্মা ও পরমাত্মা উভয়েই আমাদের অন্তরের গভীরতম গুহায় বাস করেন এবং এখানেই আত্মাকে উপলব্ধি করার শ্রেষ্ঠ স্থান। ব্রহ্মবিদগণ জীবাত্মা ও পরমাত্মাকে যথাক্রমে ছায়া ও আলো বলে বর্ণনা করেন। রৌদ্র বা আলো ব্যতীত ছায়া অস্তিত্বহীন, তেমনি পরমাত্মার অনুপস্থিতিতে আত্মা অস্তিত্বহীন। ব্রহ্ম হলেন সব আলোর আলো আর জীবাত্মা হলো তারই প্রতিবিম্ব। **পরমাত্মা ও জীবাত্মা আলো-ছায়ার মতো সবসময়েই একসঙ্গে অবস্থান করেন। জীবাত্মা ও পরমাত্মা উভয়েই ব্রহ্ম। জীবাত্মারূপে ব্রহ্ম বিভিন্ন কর্ম করেন এবং কর্মফল ভোগও করেন।**

যজ্ঞকারিগণের দুঃখ সাগর পার হওয়ার উপযুক্ত সেতু হচ্ছে অগ্নিবিদ্যা বা 'নচিকেত যজ্ঞ'। এ অগ্নিবিদ্যা চয়ন করেই যমদেব যমের পদ প্রাপ্ত হয়েছিলেন। এ পথে সেতু পেরিয়ে সাধক সংসার সাগরের পারে স্বর্গলোক লাভ করেন এবং পরে কঠোর সাধনার মাধ্যমে আত্মজ্ঞান লাভ করতে সক্ষম হলে মোক্ষলাভ করতে পারেন। আর যাঁরা সরাসরি আত্মজ্ঞান লাভ করেন, তাঁরা সংসারজীবন বা স্বর্গজীবনের ভয়ের সাগর থেকে সম্পূর্ণ মুক্ত হয়ে ভয়শূন্যতার তীরে পৌঁছান এবং ব্রহ্মের সঙ্গে এক হয়ে যান। সুতরাং **যজ্ঞাদি কর্মদ্বারা জানা যায় অপরব্রহ্মকে এবং আত্মজ্ঞানের দ্বারা জানা যায় পরব্রহ্মকে।**

যমদেব একটি সুন্দর উপমার সাহায্যে দেহ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি ও জীবাত্মাকে সম্পর্কযুক্ত করে একটি রথের সাথে তুলনা করেছেন। জীবাত্মাকে রথের রথী বা রথস্বামী ও শরীরকে রথরূপে জানবে। বুদ্ধিকে সারথি বা রথচালক ও মনকে লাগাম বলে জানবে। ব্রহ্মজ্ঞানী ব্যক্তিগণ ইন্দ্রিয়গণকে যেন অশ্ব এবং ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহকে (শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ) অশ্বগণের চলাচলের পথ বা বিচরণ ভূমি বলে থাকেন। তাঁরা শরীর, ইন্দ্রিয় ও মন-সংযুক্ত জীবাত্মাকে ভোগকর্তা বলে থাকেন। প্রকৃতপক্ষে, আত্মা কিছুই করেন না, কেবলমাত্র স্বাক্ষিরূপে থেকে দেহ, মন, ইন্দ্রিয়গণ ও বুদ্ধিকে কর্মক্ষম করেন। জীবাত্মার উদ্দেশ্য সফল করার জন্য দেহ, মন, ইন্দ্রিয়গণ ও বুদ্ধি যন্ত্র হিসেবে কাজ করে।

যখন কোনো ব্যক্তি বিবেকসম্পন্ন হয় তখন তাঁর বুদ্ধিরূপ সারথি বিচারবুদ্ধি সম্পন্ন সংযত মনের সাথে যুক্ত থাকে এবং ইন্দ্রিয়গণও যখন বশে থাকে, তখন সারথি যেন বশীভূত ঘোড়ার সাহায্যে রথ চালনা করছেন। সুতরাং, **যাঁর বুদ্ধি উচিত-অনুচিত বিচারে সক্ষম, যার মন ও ইন্দ্রিয়গণ সর্বদা সংযত ও পবিত্র, তিনি সেই পরম ব্রহ্মপদ লাভ করেন– সেখান থেকে পদচ্যুত হয়ে তাঁকে আর জন্মগ্রহণ করে এই সংসারে ফিরে আসতে হয় না অর্থাৎ তিনি মুক্তিলাভ করে ধন্য হন। এই পদ প্রাপ্তির মধ্য দিয়েই সংসার-গতির পরিসমাপ্তি**।

পক্ষান্তরে, যখন কোনো ব্যক্তি বিবেকহীন হয় তখন তাঁর বুদ্ধিরূপ সারথি অসংযত মনের সাথে যুক্ত হয়ে উচিত-অনুচিতের মধ্যে পার্থক্য নির্ণয় করতে ব্যর্থ হয়, তখন সারথি যেন দুষ্ট ও অবশীভূত ঘোড়ার সাহায্যে রথ চালনা করছেন। অতএব, **যাঁর বুদ্ধি সঠিক বিচারে অক্ষম, যাঁর অসংযত মন অপবিত্র ভোগ্য বিষয় থেকে ইন্দ্রিয়গণকে প্রত্যাহার না করেন, তিনি সেই পরম ব্রহ্মপদ প্রাপ্ত হন না এবং জন্ম-মৃত্যুরূপ সংসার চক্রে ঘুরতে থাকেন**।

সুতরাং, আমাদের ভালো-মন্দের বিচার করে সর্বদা মন্দকে পরিত্যাগ করে ভালোর দিকে মনকে চালিত করার চেষ্টা করতে হবে। সামান্য ভোগ-সুখকে তুচ্ছ মনে করার অভ্যাস করতে হবে। প্রথমদিকে কঠিন মনে হলেও নিরন্তর চেষ্টার ফলে মনের উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ চলে আসবে। এভাবে মন বশে চলে আসলে ইন্দ্রিয়াদি নিশ্চিতভাবেই সুশৃঙ্খল হয়ে কাজ করবে। মনের প্রকৃত স্বরূপই হলো এই শুদ্ধ অবস্থা। এই শুদ্ধ মনের কাছে আত্মা নিজেকে প্রকাশ করেন।

চক্ষু-কর্ণাদি ইন্দ্রিয়গণ অপেক্ষা ইন্দ্রিয়ের বিষয়সমূহ অবশ্যই শ্রেষ্ঠ। ইন্দ্রিয়ের বিষয় হতে মন শ্রেষ্ঠ, মন অপেক্ষা বুদ্ধি শ্রেষ্ঠ, মহান আত্ম (যিনি বুদ্ধির সমষ্টিরূপ) বুদ্ধি হতেও শ্রেষ্ঠ। **প্রজ্ঞাবান ব্যক্তি অস্থির ইন্দ্রিয়গুলিকে মনের মধ্যে এনে আটকে রাখতে সক্ষম। তারপর মন বুদ্ধিতে এবং বুদ্ধি আত্মাতে আত্মসমর্পণ করবে। সবশেষে, আত্মা শান্ত সর্বক্রিয়ারহিত নির্বিকার পরমাত্মাতে লয় করবেন। গভীর ধ্যানের মাধ্যমেই তা সম্ভব। পরমাত্মা অপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নেই–এখানেই সকলের চূড়ান্ত পরিণতি। পরমাত্মাই হলো মনুষ্য জীবনের চরম গন্তব্য**। আত্মা সকল জীবের অন্তরে অবিদ্যা সাধকগণ সত্যানুসন্ধানের মাধ্যমে শ্রেষ্ঠ জ্ঞানলাভ করে পরমাত্মাকে উপলব্ধি করেন।

উপনিষদ্ মনুষ্যকুলকে অবিদ্যার মোহনিদ্রা এবং জাগতিক লোভ-লালসার নিম্নতর স্তর থেকে উঠে এসে বিধাতার দেওয়া শ্রেষ্ঠ দান আত্মজ্ঞান বরণীয় আচার্যের নিকট গিয়ে লাভ করার জন্যে আহ্বান জানিয়েছেন। **আত্মজ্ঞান লাভ করে মুক্তিলাভ করা মানুষের জন্মগত অধিকার এবং বিধাতা তাঁর শ্রেষ্ঠ সৃষ্টিকে তা দেবার জন্য হাত প্রসারিত করে আছেন। তবে সাবধানে পথ চলতে হবে, কারণ পণ্ডিতগণ বলেছেন– আত্মজ্ঞান লাভের পথ ক্ষুরের তীক্ষ্ণ অগ্রভাগের উপর দিয়ে পথ চলার ন্যায় দুর্গম। পরম প্রাপ্তির পথ সবসময়ই দুর্গম হয়ে থাকে। নৈতিক মনোবল, আধ্যাত্মিক সাহস ও কঠোর অধ্যবসায়ের দ্বারা তা লাভ করা সম্ভব**।

নচিকেতার জিজ্ঞাসিত আত্মা প্রসঙ্গে বলতে গিয়ে যমরাজ বললেন– আত্মার সাহায্যেই মানুষ রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ ও মিলনসুখ অনুভব করে। সর্বজ্ঞ এ আত্মার অজানা কিছুই থাকতে পারে না। **ইনিই সেই আত্মা যাঁকে জানতে নচিকেতা আগ্রহী। যে চৈতন্যময় সত্তার বিষয়ে দেবতাদেরও সংশয়, সে আত্মজ্ঞান অপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নেই**।

নচিকেতার জিজ্ঞাসিত আত্মা প্রসঙ্গে বলতে গিয়ে যমরাজ আরও বললেন, জীবাত্মা নিজ কর্মফল ভোগ করেন, তা সত্ত্বেও তিনি অতীত, বর্তমান ও ভবিষ্যৎ– এ তিন কালের বিধায়ক। যিনি আত্মাকে তিন কালের অধীশ্বর বলে উপলব্ধি করেছেন, তিনি সর্বপ্রকার ভয় মুক্ত হন এবং নিজেকে রক্ষা করার জন্য ব্যাকুল হন না। **এ সেই আত্মা যা নচিকেতার জিজ্ঞাস্য**।

জলাদি পঞ্চভূতের উৎপত্তির পূর্বেই ব্রহ্ম হতে সর্বপ্রথম চৈতন্যময় যে পুরুষ (হিরণ্যগর্ভ) উৎপন্ন হয়েছিলেন তিনি সকল জীবের হৃদয়গুহায় প্রবেশ করে দেহেন্দ্রিয়াদির সাথে অবস্থিত আছেন। সেই পুরুষকে দর্শন করতে যিনি সক্ষম, তিনি আত্মাকেই দর্শন করেছেন। হিরণ্যগর্ভই প্রাণীবর্গের হৃদয়ের অন্তর্দেশের সমষ্টিরূপ। **সেই চৈতন্যময় সত্তাই নচিকেতার জিজ্ঞাসিত আত্মা**।

সর্বদেবতারূপিনী অদিতি প্রাণশক্তিরূপে সকল প্রাণীর প্রাণকে আশ্রয় করে পরব্রহ্ম হতে আবির্ভূতা হন। তাঁকে যিনি হৃদয়ের অন্তর্দেশে প্রবিষ্টরূপে উপলব্ধি করেন, তিনি ব্রহ্মকেই উপলব্ধি করেন। **তাঁকে দর্শন করলেই নচিকেতার জিজ্ঞাসিত আত্মদর্শন হয়**। সর্বভূতের অন্তরে অবস্থিতা এ অদিতি জীবের প্রাণশক্তি সঞ্চার করেন এবং বিশ্বের সমস্ত ক্রিয়াসমূহ ভারসাম্যভাবে সম্পাদন করেন। প্রাণ ও পঞ্চভূতের সাথে সম্পর্ক স্থাপন করার অন্তরালে যিনি কাজ করেন তিনি অদিতি–তিনিই আত্মশক্তি।

গর্ভবতী মা যেমন গর্ভস্থ সন্তানকে সযত্নে সুরক্ষা করেন, ঠিক সেরূপ যজ্ঞের দুই অরনির (উপরের ও নীচের কাষ্ঠদ্বয়ের) মধ্যে অবস্থিত **জাতবেদা** নামক অগ্নিকে জ্ঞানবান সাধক ও ঋত্বিকগণ কর্তৃক প্রতিদিন সেবিত এবং অতি যত্নে সংরক্ষিত হয়ে থাকে। তাঁরা প্রতিদিন হৃদয়স্থ অগ্নির ধ্যান করেন, সেই সর্বজ্ঞ বিরাটরূপী অগ্নিই ব্রহ্ম। **সেই ব্রহ্ম বা আত্মাকেই নচিকেতা জানতে আগ্রহী**।

যাঁর মধ্য থেকে সূর্যদেব উদিত হন এবং যাঁর মধ্যে অস্তগমন করেন, সকল দেবতাগণ তাঁকেই আশ্রয় করে আছেন। কেউ পারে না তাঁকে অতিক্রম করতে। **ইনিই নচিকেতার জিজ্ঞাসিত সেই আত্মা**। জগতের সমস্তকিছুর উৎসই হলো ব্রহ্ম। ব্রহ্মের আশ্রয়ে থেকেই সূর্য উদিত হন এবং অস্তগমন করেন। সব দেবতাদেরকেও তিনিই সৃষ্টি করেছেন। তাঁরা কেবলমাত্র তাঁদের উপর অর্পিত দায়িত্ব পালন করে থাকেন। অতএব, কারো সাধ্য নেই তাঁকে অতিক্রম করতে পারে।

যমদেব এবার ব্রহ্মোপলব্ধির উপায় ও একত্বের বিষয়ে সংক্ষিপ্ত-সার বললেন– **একমাত্র মনের দ্বারাই ব্রহ্মকে উপলব্ধি করা সম্ভব। তাই মনকে চঞ্চল হবার কিছুমাত্র সুযোগ না দিয়ে যেসব বিষয়ের দিকে মন ছুটে যাবে, সেসব বিষয় হতে মনকে প্রত্যাহার করে এনে আত্মাতেই নিবিষ্ট করতে হবে। তারপর মনের দ্বারা উপলব্ধি করতে হবে যে, জগতে ব্রহ্ম ভিন্ন অন্য কিছু নেই। "নেহ নানাহস্তি**

**কিঞ্চন"**–'এখানে ব্রহ্ম থেকে কিছুই পৃথক নয়।' সর্বভূতে এবং সর্বত্র একই ব্রহ্ম বা আত্মা বিরাজমান। অতএব, এ জগতে কোনো কিছুই ব্রহ্ম থেকে স্বতন্ত্র নয়। অহংকারের দ্বারা আচ্ছন্ন হয়ে মানুষ ব্রহ্ম থেকে ভিন্ন কিছুতে অর্থাৎ বহুত্বে বিশ্বাস করে জন্ম-মৃত্যুর অধীনতা প্রাপ্ত হন।

অঙ্গুষ্ঠ-পরিমাণ পুরুষ বা আত্মা দেহেই বাস করেন। তিনি আবার অতীত, বর্তমান ও ভবিষ্যৎ–এ তিন কালকে নিয়ন্ত্রণ করেন। সেই পুরুষ বা অন্তরাত্মা ধূমহীন জ্যোতির মত উজ্জ্বল। তিনি কালাতীত পুরুষ। তিনি বর্তমানেও আছেন, ভবিষ্যতেও থাকবেন। **এ সেই আত্মা যা নচিকেতার জিজ্ঞাস্য। যোগীগণ গভীর ধ্যানে এই পুরুষকে তাঁদের হৃদয়ে নির্ধূম বা বিশুদ্ধ জ্যোতিরূপে দেখতে পান। হৃদয়ের মধ্যস্থিত শূন্য স্থানটি অতি ক্ষুদ্র এবং সেই ক্ষুদ্র স্থানটি পরত্মার আসন বলে চিহ্নিত। সেই পুরুষকে অঙ্গুষ্ঠ-পরিমাণ বলে বর্ণনা করা হয়েছে, অথচ অতীত-বর্তমান-ভবিষ্যৎ অর্থাৎ অনন্তকাল চলে তাঁরই ইঙ্গিতে**। আত্মা সম্পর্কে এ সত্যিটিই নচিকেতার জিজ্ঞাস্য।

উপনিষদ্ জীবাত্মা ও পরমাত্মার অভিন্নতা তথা অদ্বৈতদর্শনের উপর জোর দিয়ে আবারও বললেন–দুর্গম পর্বতশিখরে বৃষ্টিপাত হলে বৃষ্টির জলধারা পাহাড়ের গা বেয়ে নানাদিক দিয়ে নীচের দিকে নামতে নামতে যখন সমতল জায়গায় এসে পড়ে তখন তা বিভিন্ন ধারায় বিভক্ত হয়ে বিভিন্ন দিকে প্রবাহিত হলেও তা জলই থাকে। একই জল যেমন বহু নদী হয়, তেমনি একই আত্মা বহু দেহ ধারণ করেন।

উপনিষদ্ দেহকে একটি নগর বা ভবনের সাথে তুলনা করেছেন। সেই দেহরূপ নগরে বা ভবনে একাদশটি দরজা রয়েছে। দরজাগুলিকে বাহ্য জগতের সাথে দেহের যোগাযোগের মাধ্যম হিসেবে কল্পনা করা হয়েছে। সেই দরজাগুলি হলো দুটি চোখ, দুটি কান, দুটি নাসিকা ছিদ্র, মাথার কেন্দ্রে ব্রহ্মরন্ধ্র, মুখগহ্বর, নাভি এবং মল-মূত্রের জন্য ব্যবহৃত দ্বারদ্বয়। সেখানে জন্মরহিত, অপরিবর্তনীয় চৈতন্য স্বরূপ আত্মা বাস করেন। আত্মা আছেন বলেই দেহ সচল থেকে সমস্ত কাজ সম্পাদন করতে পারে। সে পুরস্বামী আত্মাই হলেন ব্রহ্ম। সেই আত্মার প্রকৃত স্বরূপ উপলব্ধি করে সাধক সকল অজ্ঞানতার বন্ধন অতিক্রম করে জন্ম-মৃত্যুর চক্র থেকে মুক্তিলাভ করেন। **এ সেই ব্রহ্ম বা আত্মা যা নচিকেতার জিজ্ঞাস্য**।

দেহের ইন্দ্রিয়সমূহ, মন, বুদ্ধি, পঞ্চপ্রাণ ইত্যাদি সমস্ত কিছুই আত্মার শক্তিতে শক্তিমান। আর এ দেহে অবস্থিত আত্মা যখন শরীর ত্যাগ করে চলে যান, তখন দেহের কোনো কিছুই অবশিষ্ট থাকে না। ইন্দ্রিয়গণ তখন তাদের কর্মক্ষমতা হারিয়ে চেতনাশূন্য হয়ে পড়ে এবং প্রাণবায়ু অকার্যকর হয়ে যায়। **ইনিই সে আত্মা যাঁকে জানতে নচিকেতা আগ্রহী। প্রাণী যে বেঁচে থাকে তা প্রাণবায়ু দ্বারা নয়। কারণ, একমাত্র আত্মাই চৈতন্য সত্তা, দেহ-মন-ইন্দ্রিয়-প্রাণ সমস্তই জড় পদার্থ। সুতরাং, এ কথা নিঃসংশয়ে প্রমাণিত হয়ে গেল যে, আত্মা দেহ-মন-ইন্দ্রিয়-প্রাণ হতে পৃথক**।

যমদেব নচিকেতাকে বললেন, আমি তোমাকে এখন শাশ্বত (সনাতন) ব্রহ্মের বিষয়ে বলবো, আর **মৃত্যুর পর আত্মার কী পরিণতি হয় তাও তোমাকে বলবো**। এ সংসারে কেউ ভোগ হতে সর্বপ্রকার নিবৃত্ত হয়েছেন, আবার কেউ সংসারে থেকে কামনাবিহীন কর্মে নিযুক্ত থাকেন, কেউ আবার কামনা-বাসনায় কলুষিত হয়ে জীবন অতিবাহিত করেন। তাই **পূর্বজন্মের কর্ম ও জন্মগ্রহণ থেকে আরম্ভ করে মৃত্যু পর্যন্ত যে যেমন কর্ম করবেন এবং কর্ম করতে করতে যাঁর যেমন জ্ঞান হবে সে অনুসারে** কোনো কোনো জীবাত্মা প্রাণীরূপে জন্মগ্রহণের জন্যে মাতৃগর্ভে প্রবেশ করেন, আবার কেউ কেউ বৃক্ষাদি স্থাবর-দেহ প্রাপ্ত হয়।

এরপর যমদেব বললেন, একই অগ্নি যেমন সকল দাহ্য পদার্থের আকৃতি অনুসারে ভিন্ন ভিন্ন রূপ বা আকার ধারণ করে, সেরূপ, **"একঃ সর্বভূতান্তরাত্মা"**–'সর্বভূতের অন্তরস্থ একই আত্মা' নিরাকার হয়েও তিনি জগতে নানা রূপ গ্রহণ করেন এবং এর বাইরেও তিনি জ্ঞানতীতভাবে সর্বব্যাপী এবং আকাশের মত বিশাল। এ বিশ্বব্রহ্মাণ্ডে সৃষ্টির মধ্যে সর্বান্তযামী এক ও অদ্বিতীয় আত্মা বহুরূপে বিরাজমান।

সূর্যের আলো কোনো বস্তু বা পদার্থের উপর পড়ে তা প্রতিফলিত হলে আমরা দেখতে পাই। তাই বলা যায় সূর্য আমাদের সকলেরই চোখ। কিন্তু কোনো ব্যক্তি বিশেষের চোখের ত্রুটির জন্যই হোক বা ইচ্ছাকৃতভাবেই হোক মানুষ যদি দোষযুক্ত বা অনিষ্টকর বস্তু দর্শন করে থাকে তবে এরূপ দর্শনের ফলে পাপজনিত ত্রুটি সূর্যকে স্পর্শ করে না। তেমনিভাবে, **আত্মা সমস্ত প্রাণীর হৃদয়ে থেকে ইন্দ্রিয়গণকে সাক্ষীরূপে নিয়ন্ত্রণ করলেও জাগতিক ভালোমন্দের দ্বারা তিনি প্রভাবিত নন। জীব সুখী বা দুঃখী হলেও আত্মা নির্লিপ্ত থাকেন**।

যমদেব এবার আত্মাতেই শাশ্বত আনন্দ অনুসন্ধানের জন্যে উপদেশ প্রদান করে বললেন–সর্বজীবের অন্তরাত্মা এক ও অভিন্ন। সকলের একক নিয়ন্তা হয়েও তিনি ভিন্ন ভিন্ন দেহভেদে নিজের সত্তাকেই বহু জীবাত্মারূপে প্রকাশ করেন। সেই সর্বজীবের আত্মা, ইনিই পরমাত্মা, ইনিই ব্রহ্ম। ব্রহ্ম নিজ মায়া শক্তিবলে বহুরূপে প্রকাশিত হন। তাঁকে যেসব প্রজ্ঞাবান ব্যক্তি নিজ হৃদয়গুহায় অবস্থিত বলে উপলব্ধি করেন, তাঁরাই শাশ্বত বা স্থায়ী সুখের অধিকারী হন, অন্যেরা তার থেকে বঞ্চিত হন। আত্মানুভূতি বিনা কারো আনন্দ স্থায়ী হয় না। উপনিষদ্ বলেছেন– "তেষাং সুখং শাশ্বতং"–'তাঁরাই শাশ্বত আনন্দ লাভ করেন' অর্থাৎ জ্ঞানবানরাই স্থায়ী আনন্দের অধিকারী হন।

জগৎ এক অনাদি অশ্বত্থ গাছের মত। এই গাছের মূল উর্ধ্বে অর্থাৎ ব্রহ্মে আশ্রিত। আর ইহার শাখা-প্রশাখা বিশ্বের সমস্ত সৃষ্ট বস্তুরূপে ক্রমশঃ নিম্নদিকে বিস্তার লাভ করেছে। সেই গাছের মূল শুভ্রজ্যোতি, উহাই ব্রহ্ম এবং উহা নিত্য-সনাতন (শাশ্বত)। পৃথিবীসহ অন্যান্য লোক তাঁতেই আশ্রিত। কোনো কিছুই পারে না তাঁকে অতিক্রম করতে। **এ ব্রহ্ম বা আত্মাই নচিকেতার জিজ্ঞাস্য যাঁকে জানতে সে আগ্রহী**। এ জগতের সমস্ত কিছুই মায়াশক্তিযুক্ত ব্রহ্ম থেকে সৃষ্টি হয়ে প্রাণের দ্বারা স্পন্দিত বা ক্রিয়াশীল হচ্ছে। ব্রহ্মের ভয়ে সূর্য, অগ্নি, বায়ু, ইন্দ্রসহ সকলেই তাঁদের উপর অর্পিত অলঙ্ঘনীয় দায়িত্ব নিয়মিতভাবে পালন করে চলেছেন। **ইহজগতে দেহত্যাগের আগেই যদি কেউ আত্মজ্ঞান লাভ করতে সক্ষম হন, তবে তিনি সকল সংসার-বন্ধন হতে মুক্ত হয়ে এ জীবনেই অমরত্ব লাভ করেন। নতুবা অজ্ঞানতাহেতু এ পৃথিবীতে অথবা অন্য কোনো লোকে পুনরায় জন্মগ্রহণ করেন**।

ইন্দ্রিয়গণ হতে মন শ্রেষ্ঠ। মন হতে বুদ্ধি উত্তম, কারণ বুদ্ধি উচিত-অনুচিত স্থির করতে সক্ষম। বুদ্ধি হতে মহান আত্মা বা হিরণ্যগর্ভ শ্রেষ্ঠ। হিরণ্যগর্ভ ব্রহ্মের প্রথম প্রকাশ এবং জীবাত্মারূপে সকলের অন্তরে ও সর্বত্র বিরাজমান। সে হিরণ্যগর্ভ অপেক্ষা অব্যক্ত প্রকৃতি বা মায়া শ্রেষ্ঠ। মায়াযুক্ত ব্রহ্মই অব্যক্ত। পুরুষ (ব্রহ্ম বা পরমাত্মা) অব্যক্ত প্রকৃতি হতেও শ্রেষ্ঠ। পরমাত্মা সর্বব্যাপী ও সকল প্রকার চিহ্নবর্জিত। তাঁকে জানলে এ দেহেই সমস্ত সংসার-বন্ধন হতে মুক্ত হয়ে অমরত্ব লাভ হয় এবং দেহত্যাগান্তে পুনরায় জন্মগ্রহণ করতে হয় না।

**যখন পাঁচটি জ্ঞানেন্দ্রিয় (চক্ষু, কান, নাক, জিহ্বা, ত্বক) মনের সাথে নিষ্ক্রিয়ভাবে অবস্থান করে, এমনকি বুদ্ধিও অবসর গ্রহণ করে কর্ম থেকে বিরত থাকে, সেই অবস্থাকেই পণ্ডিতগণ বা যোগীগণ আধ্যাত্মিক সাধনার সর্বোত্তম অবস্থা বলে বর্ণনা করেন** অর্থাৎ ইন্দ্রিয়গণকে সম্পূর্ণরূপে অচলভাবে ধারণ করার অবস্থাই হলো যোগাবস্থা। **এ অবস্থায়ই যোগীগণ আত্মার সাথে যুক্ত হন**। যোগাবস্থায় যোগীদের সর্বদা সাবধান থাকতে হয়, কেননা এ অবস্থায় ছলনার ফাঁদে পড়ে যোগ-ভ্রষ্ট হওয়াও সম্ভব, কারণ **ইন্দ্রিয়গণ প্রবল শক্তিশালী**।

ব্রহ্ম তথা আত্মাকে বাক্য বা অন্য কোনো ইন্দ্রিয়ের সাহায্যে জানা যায় না। আত্মা কোনো দৃশ্যমান বস্তু নয় যে তাঁকে বাক্যের দ্বারা প্রকাশ বা প্রমাণ করা যাবে। প্রথমতঃ **'আত্মা আছেন'** একথা বিশ্বাস করে অন্তরে দৃঢ়ভাবে ধারণ করতে হবে। তারপর মনকে স্থির রেখে আত্মার প্রকৃত স্বরূপ অনুভবের জন্য তথা আত্মজ্ঞান লাভের জন্য শ্রদ্ধার সঙ্গে কঠোর সাধনা অব্যাহত রাখতে হবে যতদিন আত্মা নিজেকে ধরা না দেন। সম্ভব হলে আত্মতত্ত্ব উপলব্ধি করেছেন এমন অনুভূতি সম্পন্ন সিদ্ধ সাধকের কাছ থেকে আত্মার বিষয়ে উপদেশ গ্রহণ করতে হবে। **আত্মায় বিশ্বাসীদের কাছেই আত্মার স্বরূপ প্রকাশিত হয়**।

মনুষ্য জীবন বড়ই দুর্লভ। আর **এ জীবনেই যখন হৃদয়ের গ্রন্থিসকল সমূলে বিনষ্ট হয়ে যায় অর্থাৎ মন যখন সমস্ত অজ্ঞানতার প্রভাব থেকে মুক্ত হয়, তখন সকল কামনা-বাসনা উচ্ছেদ হয়ে যায়। মরণশীল মানুষ তখন অমরত্ব লাভ করেন। এ হলো বেদান্ত শাস্ত্রের অনুশাসন বা উপদেশ। এর চেয়ে মহত্তর বাণী আর কিছু নেই**।

যমদেব কর্তৃক নচিকেতাকে দেওয়া উপদেশের উপসংহার– অঙ্গুষ্ঠ পরিমাণ অন্তরাত্মা সকল জীবের হৃদয়ে সদা বিরাজমান আছেন। তৃণ থেকে যেমন ডগাটি অতি যত্ন সহকারে বের করে পৃথক করা হয়, তেমনিভাবে মুমুক্ষু সাধক নিজ বিবেক জ্ঞানের সাহায্যে দেহ-মন-ইন্দ্রিয়ের মিশ্রণ হতে অতি যত্ন সহকারে আত্মাকে পৃথক করবেন। সেই পৃথককৃত আত্মাকেই শুদ্ধ-অমৃতময় পরমাত্মার সাথে অভিন্ন বলে জানবে।

এভাবেই শ্রদ্ধাবান ও বিবেকবান নচিকেতা যমরাজ তথা ধর্মরাজের উপদেশ হতে আত্মজ্ঞান ও সম্পূর্ণ যোগ-সাধন-বিধি অবগত হয়ে নিজ তপস্যার দ্বারা সর্বভূতে নিজেকে (আত্মাকে) উপলব্ধি করে মুক্তিলাভ করেছিলেন। অন্য যে কেউ শ্রদ্ধাপূর্বক যমরাজের উপদেশ মেনে বিধিমত যোগসাধনা করলে তাঁর মন থেকেও সকল কামনা-বাসনা ও মিথ্যা অহংকার চলে যাবে। তিনিও তখন নচিকেতার মত ব্রহ্মের স্পর্শ অনুভব করে অমরত্ব লাভ করবেন। কঠোপনিষদ্ এ কথাই বারংবার ঘোষণা করেছেন। সুতরাং, আমাদের সকলেরই উচিত নচিকেতার পদাঙ্ক অনুসরণ করে আত্মজ্ঞান লাভের দ্বারা সর্বভূতের অন্তরস্থ আত্মাকে নিজেরই আত্মা বলে উপলব্ধি করে অমৃতময় মুক্ত জীবন লাভের জন্যে সাধনা করা। ❑

অশেষ কৃতজ্ঞতা সহকারে সহায়ক গ্রন্থাবলীর তালিকা দেওয়া হলো–

(১) উপনিষদাবলী– শ্রীঅরবিন্দ, শ্রী অরবিন্দ আশ্রম, পন্ডিচেরী।

(২) উপনিষদ্ গ্রন্থাবলী– সম্পাদনা : স্বামী গম্ভীরানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকাতা।

(৩) বিবেকানন্দ রচনাসমগ্র, অনুবাদ ও সম্পাদনা : সুধাংশুরঞ্জন ঘোষ, কামিনী প্রকাশালয় কলকাতা।

(৪) উপনিষদ্ (প্রথম ভাগ)– স্বামী লোকেশ্বরানন্দ, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা।

(৫) উপনিষদের সন্দেশ– স্বামী রঙ্গনাথানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকাতা।

(৬) উপনিষদ্ ভাবনা (প্রথম ভাগ)– ড. মহানামব্রত ব্রহ্মচারী, শ্রীমহানাম কালচার‍্যাল এন্ড ওয়েলফেয়ার ট্রাস্ট, শ্রীশ্রী মহানাম অঙ্গন, কলকাতা।

(৭) উপনিষদ্– অতুল চন্দ্র সেন, সীতারাম তত্ত্বভূষণ, মহেশচন্দ্র ঘোষ, হরফ প্রকাশনী, কলকাতা।

(৮) উপনিষদ্ সমগ্র– কালিকানন্দ অবধূত সম্পাদিত, গিরিজা লাইব্রেরী, কলকাতা।

(৯) উপনিষদ্– হরিকৃষ্ণদাস গোয়েন্দকা, গীতা প্রেস, গোরক্ষপুর।

(১০) উপনিষদ্ গ্রন্থাবলী– সংকলন ও অনুবাদ : কল্যাণ সেনগুপ্ত, প্রকাশক : শুভেন্দু মিশ্র, কলকাতা।

(১১) শ্রীগীতা– শ্রীজগদীশ চন্দ্র ঘোষ সম্পাদিত, প্রেসিডেন্সী লাইব্রেরী, কলকাতা।

(১২) শ্রীমদ্ভগবদ্গীতা-আলোচনা– শ্রী বুলবুল ভৌমিক, সুফলা প্রিন্টার্স, ঢাকা।

(১৩) উপনিষদ্ সংগ্রহ– সংকলন ও ভাষান্তর : চিত্তরঞ্জন ঘোষাল, অ্যাঞ্জেল প্রিন্টার্স, কলকাতা।

(১৪) উপনিষদ্– স্বামী অরুণানন্দ, ভারত সেবাশ্রম সঙ্ঘ, প্রথম খণ্ড, কলকাতা।

(১৫) ব্যাকরণ কণিকা– স্বামী অমলানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকাতা।

# কর্মযোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগ

স্বামী নিগমানন্দ সরস্বতী

## কর্মযোগ

যাহা করা যায়, তাহাই কর্ম (কৃ + মন্)। কায়দ্বারা, মনদ্বারা ও বাক্যদ্বারা যাহা করা যায়, তাহাই কর্ম।

তপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগঃ।
–পাতঞ্জলদর্শন, ২/১

–তপস্যা, অধ্যাত্মশাস্ত্রাদি পাঠ, ঈশ্বরপ্রণিধান অর্থাৎ ঈশ্বরে দৃঢ় বিশ্বাস বা সমুদয় কর্মের ফল ঈশ্বরে সমর্পণ, ইহাকেই ক্রিয়াযোগ বলে।

কর্মপরিত্যাগ সহজ নহে। কায়দ্বারা কর্ম পরিত্যাগ করিলেও মনের কর্মনিবৃত্তি যথার্থ জ্ঞানলাভ না হইলে হয় না। কর্ম হইতে জ্ঞান শ্রেষ্ঠ। কর্মই বন্ধনের কারণ তাহা স্বীকার করি। কিন্তু কর্ম পরিত্যাগ করিলেও কর্ম আমাদের পরিত্যাগ করিতে চাহে না।

ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্মকৃৎ।
কার্যতে হ্যবশঃ কর্ম সর্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥
–গীতা, ৩/৫

–কেহ কখনও কর্মত্যাগ করিয়া ক্ষণমাত্র অবস্থান করিতে সমর্থ হয় না, কেহ ইচ্ছা না করিলেও প্রাকৃতিক গুণসমুদয়ই তাহাকে কর্মে প্রবর্তিত করে।

অতএব গুণ যতক্ষণ আছে, আমাদের কর্মও ততক্ষণ আছে; গুণ না গেলে কর্ম যাইবে কেন? সুতরাং কর্ম করিয়া গুণের ক্ষয় করিতে হইবে, তাহা হইলে ক্রমশঃ জ্ঞান প্রকাশ পাইবে। কিন্তু কর্ম করিতে হইলেই আবার কর্মফল সঞ্চয় হইবে, সেই ফলে আবার গুণ হইবে, গুণ হইলেই আবার কর্ম করিতে হইবে। এই গুণ-কর্ম লইয়াই মানুষের জন্ম-জন্মান্তরের ঘোরা-ফেরা। অতএব কর্ম না করিলে যখন উপায় নাই, তখন কর্ম করিতে হইবে, কিন্তু সেই কর্ম সম্পূর্ণ আসক্তিশূন্য হইয়া করিবে। সমস্ত কর্মফল ঈশ্বরে সমর্পণ করিয়া অনাসক্তচিত্ত হইয়া কর্ম করাকেই কর্মযোগ বলে। ভগবান্ বলিয়াছেন–

**এই জীবজগৎ কেবলমাত্র এক ব্রহ্ম–আর কিছুই নাই। সমস্তই ব্রহ্মময়–তুমি-আমি, চন্দন-বিষ্ঠা, শত্রু-মিত্র, সুখ-দুঃখ, ভেদাভেদ ধর্মাধর্ম, কিছুই নাই–সকলই ব্রহ্ম–এইরূপ ভাবকেই জ্ঞানযোগ বলে।**

যোগস্থঃ কুরু কর্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥
–গীতা, ২/৪৮

–হে ধনঞ্জয়! আসক্তি পরিত্যাগ করিয়া সিদ্ধি ও অসিদ্ধিতে সমচিত্ত হইয়া যুক্তভাবে কর্মানুষ্ঠান কর।

তস্মাদসক্তঃ সততং কার্যং কর্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম পরমাপ্নোতি পুরুষ ॥
কর্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্তুমর্হসি ॥
–গীতা, ৩/১৯-২০

–পুরুষ আসক্তিশূন্য হইয়া কর্মানুষ্ঠান করিলে মোক্ষলাভ করে, অতএব আসক্তি পরিত্যাগ করিয়া কর্মানুষ্ঠান কর। জনক প্রভৃতি মহাত্মাগণ কর্মদ্বারাই সিদ্ধিলাভ করিয়াছেন; লোকসকলের স্বধর্মপ্রবর্তনের প্রতি দৃষ্টি রাখিয়া কর্ম করা উচিত।

কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।
মা কর্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্মণি ॥
–গীতা, ২/৪৭

–কর্ম করিবারই অধিকার তোমার আছে, কর্মফলে নাই।

এই নিষ্কাম কর্মও ভগবদ্ভক্তিবর্জিত হইলে শোভা পায় না। তণ্ডুলাকাঙ্ক্ষী হইয়া তুষে আঘাত করা যেমন নিষ্ফল, ভগবদ্ভক্তিশূন্য হইয়া কর্মের জন্য প্রয়াস পাওয়াও তদ্রূপ বিফল। তাই শ্রীকৃষ্ণ বলিয়াছেন–

যজ্ঞার্থাৎ কর্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্মবন্ধনঃ।
তদর্থং কর্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর ॥ –গীতা, ৩/৯

–ভগবদারাধনার্থ কর্ম ব্যতীত অন্য কর্ম করিলে, লোক কর্মবদ্ধ হয়; অতএব হে কৌন্তেয়! ভগবানের প্রীত্যর্থে নিষ্কাম হইয়া কর্ম অনুষ্ঠান কর।

যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।
যৎ তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্ ॥
–গীতা, ৯/২৭

–অর্থাৎ তুমি যাহা কিছু করিবে, তাহা ঈশ্বরে অর্পণ কর। এইরূপে কর্মযোগ অভ্যাস করিয়া কর্মবন্ধন অর্থাৎ ফলকামনাবিশিষ্ট কর্মসমূহের সুদৃঢ় পাশ হইতে মুক্ত হইয়া যোগসাধনের পথে অগ্রসর হইবে। কিন্তু পাঠকগণ! দেখিবেন– "অনাশ্রিতঃ কর্মফলং কার্যং কর্ম করোতি যঃ" (গীতা, ৬/১)–"কার্য কর্ম"–কর্তব্য কর্ম অর্থাৎ যে কর্মগুলি না করিলে প্রত্যবায় আছে, এইরূপ কর্ম করিতে শাস্ত্রকারগণ উপদেশ দিতেছেন। যেন স্মরণ থাকে, ফলাফলের প্রতি দৃক্‌পাত না করিয়া মন্দ কর্ম করিলে তাহা এই কর্মযোগ বলিয়া পরিগণিত হইবে না।*

কাজ অনেক হউক, কিন্তু মন ভগবানে অর্পণ করা থাকুক, এইরূপে ইন্দ্রিয়গণকে সংযমের দ্বারা বহির্জগৎ ও অন্তর্জগৎ হইতে স্ববশে আনাই কর্মযোগ এবং সেই সকলের একমাত্র ঈশ্বরোদ্দেশ্য

* নিষ্কাম কর্মসাধনার মোটামুটি উপদেশ মৎপ্রণীত "যোগীগুরু" গ্রন্থের 'সাধনকল্পে' 'সাধকগণের প্রতি উপদেশ' শীর্ষক প্রবন্ধে দেখ।

হওয়া কর্তব্য। হিন্দুধর্মের কর্মকাণ্ডে এই শিক্ষাই হইয়া থাকে, কর্মযোগে সিদ্ধিলাভ করিলে জ্ঞানের উদয় হয়।

## জ্ঞানযোগ

জ্ঞানযোগের সর্বপ্রথম সোপান আত্মজ্ঞান। যিনি কর্মযোগানুষ্ঠানে চিত্তশুদ্ধি লাভ করিয়া নির্মলচিত্ত, শম-দমাদি চতুর্বিধ সাধনশক্তিসম্পন্ন, এতাদৃশ সর্বসদ্গুণশালী ব্যক্তি জ্ঞানযোগের অধিকারী।

একত্বং বুদ্ধিমনসোরিন্দ্রিয়াণাঞ্চ সর্বশঃ।
আত্মনো ব্যাপিনস্তাত জ্ঞানমেতদনুত্তমম্ ৷৷
–মহাভারত, মোক্ষধর্ম

–বহির্মুখী মন, বুদ্ধি ও ইন্দ্রিয়গণকে সমস্ত বাহ্য বিষয় হইতে নিবৃত্ত করিয়া অন্তর্মুখী করতঃ সর্বব্যাপী পরমাত্মাতে সংযোজনা করার নাম জ্ঞান।

এই জীবজগৎ কেবলমাত্র এক ব্রহ্ম–আর কিছুই নাই। সমস্তই ব্রহ্মময়–তুমি-আমি, চন্দন-বিষ্ঠা, শত্রু-মিত্র, সুখ-দুঃখ, ভেদাভেদ ধর্মাধর্ম, কিছুই নাই–সকলই ব্রহ্ম–এইরূপ ভাবকেই জ্ঞানযোগ বলে। এই গ্রন্থে জ্ঞান ও তাহার সাধনাই প্রকাশ করিব, সুতরাং এখানে অধিক কিছু বলিলাম না।

যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্বকর্মাণি ভস্মসাৎ কুরুতে তথা ৷৷
–গীতা, ৪/৩৭

–যেমন প্রজ্বলিত হুতাশন কাষ্ঠসকল ভস্মসাৎ করিয়া ফেলে, তদ্রূপ জ্ঞানাগ্নিতে সকল কর্ম ভস্মসাৎ হয়।

শ্রেয়ান্ দ্রব্যময়াদ্ যজ্ঞাজ্ জ্ঞানযজ্ঞঃ পরন্তপ।
সর্বং কর্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ৷৷
–গীতা, ৪/৩৩

দ্রব্যময় যাগযজ্ঞ অপেক্ষা জ্ঞানযজ্ঞ শ্রেষ্ঠ; জ্ঞানে সকল কর্মের পরিসমাপ্তি হয়।

ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে। গীতা, ৪/৩৮

–ইহলোকে জ্ঞানের সদৃশ পবিত্র বস্তু আর নাই।

কিন্তু এই জ্ঞানযোগসাধনের জন্য ইন্দ্রিয়সংযম আবশ্যক।

শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপর সংযতেন্দ্রিয়ঃ।
–গীতা, ৪/৩৯

জ্ঞানলাভে তৎপর ব্যক্তি সংযতেন্দ্রিয় ও শ্রদ্ধাবান্ হইলে জ্ঞান লাভ করেন।

যদা সংহরতে চায়ং কূর্মোঽঙ্গানীব সর্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ৷৷
–গীতা, ২/৫৮

কূর্ম যেমন আপনার অঙ্গসকল আপনার শরীরের অভ্যন্তরে সংহরণ করে, তেমনি যোগীব্যক্তি যখন ইন্দ্রিয়ের বিষয় হইতে ইন্দ্রিয়গণকে অনায়াসে নিবর্তন করিতে সক্ষম হন, তখন তাঁহার বুদ্ধি ঈশ্বরে প্রতিষ্ঠা লাভ করে।

প্রকৃত জ্ঞানযোগী ইচ্ছা করিলেই বহির্বিষয় হইতে মনকে উঠাইয়া লইয়া পরমাত্মাতে সংযুক্ত করিতে পারেন।

তজ্জয়াৎ প্রজ্ঞালোকঃ। –পাতঞ্জল দর্শন

ধারণা, ধ্যান ও সমাধি এই ত্রিবিধ মানসব্যাপারকে একত্র সংযুক্ত করিতে পারিলে সংযম নামক প্রক্রিয়া উপস্থিত হয়। এই সংযম হইতে প্রজ্ঞা নামক আলোক অর্থাৎ উৎকৃষ্ট বুদ্ধি-জ্যোতিঃ প্রকাশিত হয়।

ঐ জ্যোতিকে বা প্রজ্ঞাকে জ্ঞান বলে। প্রজ্ঞা বলিলে যে জ্ঞান বুঝায়, তাহা সাধারণ জ্ঞানের মত নহে, তাহা যোগযুক্ত জ্ঞান। জ্ঞানযোগসিদ্ধ হইলে সাধক বুঝিতে পারেন–আমিই জগতে ছিলাম, মন কিংবা শরীরের সঙ্গে আমার কোন সম্পর্ক ছিল না। অজ্ঞানে পড়িয়া প্রকৃতিকে সঙ্গে জড়াইয়া লইয়া মোহে আবদ্ধ হইয়াছিলাম। আমি যে পূর্ণ, পবিত্র ও চিদ্ঘন, আমার সুখের জন্য প্রকৃতির সেবা করিতাম–সে ত এক মহাভুল। কারণ আমিই যে সুখস্বরূপ, আমিই সর্বব্যাপী, সর্বশক্তিমান ও সদানন্দস্বরূপ। এই অবস্থায় উপস্থিত হইলে সাধক শান্ত, সদানন্দ ও জীবন্মুক্ত হন।

## ভক্তিযোগ

যখন কর্মযোগের দ্বারা চিত্ত শুদ্ধ হইল, জ্ঞানযোগের দ্বারা আত্মজ্ঞান ও পরমাত্মজ্ঞান হইল, তখন আর ভক্তি হৃদয়কে অধিকার না করিয়া থাকিবে কি প্রকারে? কিন্তু নীরস জ্ঞান অথবা নীরস কর্ম করিয়া কাহারও কাহারও হৃদয় এত কঠিন হইয়া উঠে যে, ভক্তির কোমলতা তাহাদের হৃদয়ে স্থান পায় না। যাঁহারা কর্মকে চিত্তশুদ্ধির উপায় করিয়া জ্ঞানযোগে আরোহণ করেন এবং আর একপদ অগ্রসর হইয়া ভক্তিযোগে আরূঢ় হইতে পারেন, তাঁহারাই শ্রেষ্ঠ যোগী। যথা–

ময্যাবেশ্যা মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ ৷৷
–গীতা, ১২/২

যাঁহারা মন্নিষ্ঠ হইয়া অতি শ্রদ্ধার সহিত আমার উপাসনা করেন, তাঁহারাই শ্রেষ্ঠতম যোগী।

ঈশ্বর তাঁহাদিগকে শীঘ্রই সংসারসাগরের পারে লইয়া যান। যথা–

যে তু সর্বাণি কর্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে ৷৷
তেষামহং সমুদ্ধর্তা মৃত্যুসংসারসাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাম্ ৷৷
–গীতা, ১২/৬-৭

যাঁহারা আমাতে সমস্ত কর্ম সমর্পণপূর্বক মৎপরায়ণ হইয়া অনন্য পরাভক্তিদ্বারা আমাকেই ধ্যান ও উপাসনা করেন, আমি সেইসকল ব্যক্তিকে অচিরকালমধ্যেই মরণশীল সংসার-সাগর হইতে উদ্ধার করিয়া থাকি।

যাহার দ্বারা পরমপুরুষ ভগবানের কৃপা আকৃষ্ট হয় ও বাসনাসকল পূর্ণ হয়, তাহাই ভক্তি।

সা পরানুরক্তিরীশ্বরে। –শাণ্ডিল্যসূত্র

পরমেশ্বরে পরম অনুরক্তিকেই ভক্তি বলে। জ্ঞান-কর্ম ভুলিয়া, বাসনাকামনা ভুলিয়া, সুখ-দুঃখ ভুলিয়া, ধর্মাধর্ম ভুলিয়া, ধনৈশ্বর্য ভুলিয়া, স্ত্রী-পুত্র এমনকি আপনা ভুলিয়া ঈশ্বরে যে ঐকান্তিক অনুরক্তি, তাহার নাম ভক্তি। কেবল চক্ষু মুদিয়া "তুমি করুণাময় দয়ার সাগর" বলিলেই ভক্তি হয় না।

লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্য হ্যুদাহৃতম্।
অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তম ॥
সালোক্যসার্ষ্টিসামীপ্যসারূপ্যৈকত্বমপ্যুত।
দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ ॥
স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহৃতঃ।
যেনাতিব্রজ্য ত্রিগুণান্মদ্ভাবায়োপপদ্যতে ॥
–শ্রীমদ্ভাগবত, ৩য় স্কন্ধ

–মা! নির্গুণ ভক্তিযোগ কিরূপ শ্রবণ করুন। আমার গুণশ্রবণ মাত্রে সর্বান্তর্যামী যে আমি, আমাতে সমুদ্রগামী গঙ্গাসলিলের ন্যায় অবিচ্ছিন্না ও ফলানুসন্ধানরহিতা এবং ভেদদর্শনবর্জিতা মনের গতিরূপ যে ভক্তি, তাহাই নির্গুণ ভক্তিযোগের লক্ষণ। এইরূপ ভক্তিযোগীর কোনই কামনা থাকে না। অধিক কি, তাঁহাদিগকে সালোক্য, সার্ষ্টি, সামীপ্য, সারূপ্য এবং একত্ব (সাযুজ্য)–এই সকল মুক্তি দিতে চাহিলেও তাঁহারা আমার সেবা ব্যতীত কিছুই চাহেন না। এই প্রকার ভক্তিযোগকে আত্যন্তিক বলা যায়, উহা হইতে পরমপুরুষার্থ আর নাই। মানব ত্রৈগুণ্য ত্যাগ করিয়া ব্রহ্মপ্রাপ্তিরূপ পরম ধন লাভ করে বলিয়া প্রসিদ্ধি আছে সত্য, কিন্তু তাহা আমার ঐ ভক্তির আনুষঙ্গিক ধন, ভক্তিযোগেই ত্রিগুণ অতিক্রম করিয়া ব্রহ্মত্ব প্রাপ্তি হইয়া থাকে।

ভক্তির সাধনা রাগমার্গ; সুতরাং যাঁহার যেরূপ অনুরাগ, তিনি ভগবানকে সেইরূপে হৃদয়ে ধারণ করিয়া মনের মত সাজাইয়া ভগবানে তন্ময়তা লাভ করিয়া থাকেন। সেই অবস্থায় বিধি-নিষেধ, শাস্ত্র-উপদেশ সমস্তই ভাসিয়া যায়। রাগমার্গের সাধনা ও সাধকের অবস্থা ভাষায় ব্যক্ত করিতে যাওয়া বিড়ম্বনা মাত্র।*

ভক্তির সাধনায় ক্রমে প্রেমভক্তির উদয় হয়। তখন সাধক শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, কান্তা বা মধুর প্রভৃতি প্রেমের উচ্চস্তরের মাধুরী-লীলায় বিভোর হইয়া যান। সাধক সর্বত্র ভগবানেরই অস্তিত্ব দর্শন করিয়া থাকেন। তিনি জানেন–

বিস্তারঃ সর্বভূতস্য বিষ্ণোর্বিশ্বমিদং জগৎ।
দ্রষ্টব্যমাত্মবৎ তস্মাদভেদেন বিচক্ষণৈঃ ॥
–বিষ্ণুপুরাণ

বিশ্বজগৎ সর্বভূত বিষ্ণুর বিস্তার মাত্র। বিচক্ষণ ব্যক্তি এইজন্য সকলকে আপনার সঙ্গে অভেদ দেখিবেন।

কিন্তু স্ত্রী-পুরুষ ভেদজ্ঞান থাকিতে সাধক প্রেমের অধিকারী হইতে পারে না। পুরাণে হরগৌরীমূর্তি এই জ্ঞান ও প্রেমের জাজ্জ্বল্যমান দৃষ্টান্ত। আলোক যদি ফানুস (চিম্‌নি) দ্বারা আচ্ছাদিত না হয়, তবে কিঞ্চিৎ কর্কশ ও অনুজ্জ্বল বোধ হয়, কিন্তু ফানুস দিয়া আচ্ছাদিত হইলে কেমন স্নিগ্ধ ও উজ্জ্বল আলোক বাহির হয়। জ্ঞানও তদ্রূপ কিঞ্চিৎ কর্কশ, কিন্তু প্রেমের ফানুসে আচ্ছাদিত হইলে ঐ জ্ঞানালোক স্নিগ্ধ মধুরোজ্জ্বল জ্যোতিঃ বিকীর্ণ করিয়া তৃপ্ত করিবে।

ভক্তিযোগ সিদ্ধ হইলে সাধক তখন ভক্তির বলে, প্রেমের বলে জগদ্রূপী জগন্নাথকে আপনার সঙ্গে লয় করিয়া থাকেন। ❑

* মৎপ্রণীত "প্রেমিকগুরু" গ্রন্থে প্রেমভক্তি প্রভৃতির স্বরূপ ও সাধনপ্রণালী অতি বিস্তৃতরূপে বর্ণিত হইয়াছে।

**উপনিষদ্ ব্যতীত সারা পৃথিবীতে হৃদয়ের উন্নতি বিধায়ক আর কোন গ্রন্থ নাই। জীবৎকালে উহা আমাকে সান্ত্বনা দিয়াছে, মৃত্যুকালেও উহাই আমাকে শান্তি দিবে।**

**–জার্মান দার্শনিক শোপেনহাওয়ার**

# বিশ্বমাঝে চলছে শুধু আত্মারই লীলা

স্বামী যুক্তানন্দ

দেবর্ষি নারদ সনৎকুমারের কাছে এসে বলছেন—প্রভু, আপনার কাছে জ্ঞানলাভের জন্য এসেছি, আপনি কৃপা করে আমাকে জ্ঞান দিন। সনৎকুমার বলেন—তুমি যা জান তা আগে আমাকে বল। তারপর তোমাকে প্রয়োজন মত শিক্ষা দেব।

নারদ বলতে থাকলেন—আমি ঋক্‌বেদ, যজুর্বেদ, সামবেদ, চতুর্থ অথর্ববেদ, ইতিহাস পুরাণ বেদ-ব্যাকরণ, শ্রাদ্ধতত্ত্ব, অঙ্কশাস্ত্র, অধিদৈব বিদ্যা, ধনতত্ত্ব, তর্কশাস্ত্র, নীতিশাস্ত্র, দেববিদ্যা, ব্রহ্মবিদ্যা, ভূতবিদ্যা, ধনুর্বিদ্যা, সর্পবিদ্যা, গন্ধর্ববিদ্যা প্রভৃতি সবই জানি। কিন্তু প্রভু, আমি এত শাস্ত্রপাঠের পরও শুধু মন্ত্রবিৎই হয়েছি। আত্মবিৎ হইনি। আপনার মত যাঁরা ব্রহ্মজ্ঞ তাঁদের কাছে জেনেছি—যারা আত্মবিদ তাঁরা শোককে জয় করতে পারেন। আমি শোকগ্রস্ত, আপনি আমাকে শোকের পরপারে নিয়ে চলুন।

সনৎকুমার বললেন—নারদ তুমি যা কিছু পড়েছ, সবই নামমাত্র। ঋগ্বেদ নামমাত্র, যজুর্বেদ, সামবেদ, চতুর্থ অথর্ববেদ, ইতিহাস পুরাণ ব্যাকরণ, শ্রাদ্ধতত্ত্ব, গণিত, অধিদৈব বিদ্যা, ধনবিদ্যা, তর্কবিদ্যা, নীতিশাস্ত্র, শিক্ষা ও কল্প, ভূতবিদ্যা, ধনুর্বেদ, জ্যোতিষ, সর্পবিদ্যা, গন্ধর্বশাস্ত্র—এ সমস্তই নামমাত্র। তুমি নামেরই উপাসনা কর। যে লোক নামকে ব্রহ্ম ভেবে উপাসনা করে, নামের যতদূর গতি, তারও ততদূর যেতে কোন বাধা আসে না।

তা শুনে নারদ মুনিবরকে জিজ্ঞাসা করছেন—প্রভু, নামের চেয়ে আরও শ্রেষ্ঠ কিছু আছে কি-না? সনৎকুমার বলেন—অবশ্যই আছে। নারদ তা শুনে বলেন—তাহলে আমাকে তা বলুন।

ঋষি বলেন—বাক্ অবশ্যই নাম অপেক্ষা শ্রেষ্ঠ। ঋগ্বেদ, যজুর্বেদ, সামবেদ, অথর্ববেদ, ব্যাকরণ, শ্রাদ্ধতত্ত্ব, ইতিহাস, পুরাণ, ব্যাকরণ, গণিত, তর্কশাস্ত্র, নীতি-শাস্ত্র, জ্যোতিষ সর্পবিদ্যা প্রভৃতি শাস্ত্র যদি বাক্ না থাকত তাহলে কিছুতেই প্রকাশ করা সম্ভব হত কি? পৃথিবী, আকাশ, জল, তেজ, দেবগণ, মানুষ, পশু-পাখি, তৃণ, বনস্পতি, কীটপতঙ্গ, পিপীলিকাসহ হিংস্র জন্তুগণ, পুণ্য ও পাপ, সত্য ও মিথ্যা, শুভ ও অশুভ, মনোরম ও অমনোরম এ সব কোন কিছুকেই প্রকাশ করা সম্ভব হত না। বাক্ই এদের প্রকাশ করে। বাক্ না থাকলে এসব কেউ জানতে পারত কি? তাহলে এসব জানায় বাক্। তাই তুমি বাক্কেই ব্রহ্মরূপে উপাসনা কর। যিনি বাক্কে ব্রহ্মরূপে উপাসনা করেন, বাকের গতি যতদূর, তাঁরও ততদূর গতি হয়ে থাকে। অর্থাৎ তিনিও ততদূর যেতে পারেন।

তা শুনে দেবর্ষি জিজ্ঞাসা করেন—হে ভগবন্, এই বাকের থেকেও শ্রেষ্ঠতর কিছু আছে কি? ঋষি বলেন—হ্যাঁ, বাকের চেয়েও শ্রেষ্ঠ বস্তু অবশ্যই আছে। ঋষি জানতে আগ্রহী হলে তিনি বলেন—

**নারদ তুমি এই আশার উপাসনা করো। যে আশাকে ব্রহ্মরূপে উপাসনা করে তার কোনো কামনা-বাসনা অপূর্ণ থাকে না এবং আশার যতদূর গতি সে ততদূর গতিলাভ করে।**

বাকের চেয়েও শ্রেষ্ঠ হল মন। হাতের মুঠো যেমন দুটি আমলকী বা দুটি বদরী ফলকে স্বচ্ছন্দে রাখতে পারে, তেমনি মনও বাক্ এবং মন্ত্রকে নিজের মধ্যে ধরে রাখে। কেউ যখন মন্ত্র পাঠ করব এরকম চিন্তা মনে মনে করে তখনই সে মন্ত্র পাঠ করে। যখন কাজ করি বলে কেউ মনে করে তখনই সে কাজ করে; যখন সে পুত্র কামনা করে বা পশু কামনা করে তখন সে পুত্র পায় বা পশু পায়। মন যখন চায় আমি ইহলোক চাই, আমি পরলোক চাই—তখন সে ইহলোক, পরলোকই লাভ করে। অর্থাৎ মানুষের চাওয়া পাওয়ার ব্যাপারটা ঠিক করে তার মনই। তারপর সে যা কিছু পাওয়ার জন্য কাজ করে। মনই আত্মা, মনই লোক, মনই ব্রহ্ম। তুমি মনের উপাসনা কর। মনকে যে ব্রহ্মরূপে উপাসনা করে যতদূর মনের গতি, সে নিজ ইচ্ছামত ততদূরই যেতে পারে।

নারদ ঋষির কাছে আরও জানতে চান—হে ভগবন্, মনের অপেক্ষা শ্রেষ্ঠ কিছু আছে কি-না? ঋষি বলেন—মনের চেয়েও শ্রেষ্ঠবস্তু অবশ্যই আছে। নারদ বলেন—তাহলে আমায় আপনি তা বলুন।

ঋষি বলেন—মনের চেয়ে বড় হ'ল সঙ্কল্প। লোকে প্রথমে সঙ্কল্প করে। তারপর সে চিন্তা করে। তারপর বাকে পরিচালিত করে। শেষে বাক্কে নাম উচ্চারণে প্রবৃত্ত করায়। সে-সময় মন্ত্রসকল নামে এবং কর্মসমূহ মন্ত্রের সঙ্গে এক হয়ে যায়। সঙ্কল্পই সবকিছুর একমাত্র গতি। সঙ্কল্প থেকেই নাম, বাক্ বা মনের সৃষ্টি। দ্যুলোক ও পৃথিবী সঙ্কল্প করেছে, বায়ু ও আকাশ সঙ্কল্প করেছে, জল ও তেজ সঙ্কল্প করেছে। তাদের সঙ্কল্পে বৃষ্টি সঙ্কল্প করে, বৃষ্টির সঙ্কল্পে অন্ন সঙ্কল্প করে, অন্নের সঙ্কল্পে প্রাণ সঙ্কল্প করে, প্রাণের সঙ্কল্পে মন্ত্র সঙ্কল্প করে। মন্ত্রের সঙ্কল্পে কর্ম সঙ্কল্প করে। কর্মের সঙ্কল্পে কর্মফল সঙ্কল্প করে, কর্মফলের সঙ্কল্পে সমস্ত জগৎ সঙ্কল্প করে। সবেরই মূল হল সঙ্কল্প। তুমি তাই এই সঙ্কল্পেরই উপাসনা কর। সঙ্কল্পকে যে ব্রহ্মবুদ্ধিতে উপাসনা করে, সে সহজেই তার সঙ্কল্পিত লোকে যায়। ধ্রুবলোকের সঙ্কল্প করলে সে ধ্রুবলোকও পায়। সঙ্কল্পই তাকে প্রতিষ্ঠাশালী লোকসকল এবং ব্যথাশূন্য করে ব্যথাহীন লোকে সুপ্রতিষ্ঠিত করে।

সঙ্কল্পের থেকেও আরও শ্রেষ্ঠ বস্তু কিছু আছে কি-না তা জানার আগ্রহ বেড়ে যাওয়ায় দেবর্ষি সনৎকুমারকে আবার জিজ্ঞাসা করলে ঋষি বলেন—অবশ্যই আছে। তা হল চিত্ত। সঙ্কল্পের চেয়েও চিত্ত অবশ্যই বড়। চিত্ত বড় কেন? চিত্ত দিয়েই মানুষ অনুভব করে। সকলে আগে সচেতন হয়। তখন সে সঙ্কল্প করে। তারপর চিন্তা করে তারপর বাক্কে পরিচালিত করে। বাক্ মনের প্রেরণায় নাম উচ্চারণ করে।

নারদ, এসবই চিত্তে লীন হয়। চিত্তই তাদের উপাদান এবং চিত্তেই তাদের প্রতিষ্ঠা। বিদ্বান হোক, বুদ্ধিমান হোক আর নিরক্ষরই

হোক, যার বিবেচনা বোধ থাকে সেই চিত্তবান, বুদ্ধিমান। যার তা নেই তাকে চিত্তবান বুদ্ধিমান বলা যাবে না। সবের মূলে চিত্ত। সে জন্যই নারদ তোমাকে চিত্তের সাধনাই করতে বলি। যে চিত্তকে ব্রহ্মরূপে উপাসনা করে, যতদূর চিত্তের গতি হয়, সেও অনায়াসেই সেই স্থান পর্যন্তই যেতে পারে। সে-জন্যই নারদ, তুমি চিত্তেরই উপাসনা কর।

নারদ চিত্তব্রহ্ম সম্বন্ধে জানার পর ঋষিকে প্রশ্ন করেন—এর চেয়েও শ্রেষ্ঠ কিছু আছে কি? ঋষি বলেন—হ্যাঁ আছে। নারদ বলেন—আমাকে অনুগ্রহ করে বলুন।

সনৎকুমার বলেন তা হল ধ্যান। চিত্তের থেকেও শ্রেষ্ঠ হচ্ছে ধ্যান। পৃথিবী যেমন ধ্যানমগ্ন, তেমনি অন্তরিক্ষ, দ্যুলোক, জল, পর্বত, দেবতা, মানুষ সকলেই ধ্যানমগ্ন। সুতরাং এইলোকে মানবোচিত যাঁরা মহান হতে চান, তাঁরা অবশ্যই ধ্যানমগ্ন হবেন। কিন্তু যাঁরা নীচমনা, ঝগড়া-বিবাদ ভালবাসে, অপরের দোষ দেখে, সঙ্কীর্ণচেতা বা চাটুকার তারা কোনদিনই ধ্যানমগ্ন হতে পারেন না। ধ্যানকে ব্রহ্মরূপে যে উপাসনা করে সে ধ্যানের গতি যতদূর, ততদূর নিশ্চিন্তে যেতে পারে। সুতরাং নারদ, তুমি ধ্যানেরই উপাসনা কর।

নারদ আবার ঋষির কাছে জানতে চাইলেন—ধ্যানের চেয়ে উত্তম আর কি কিছু নেই? ঋষি বললেন—হ্যাঁ আছে, তা হল বিজ্ঞান। বিজ্ঞানের দ্বারাই লোকে ঋগ্বেদ, যজুর্বেদ, সামবেদ, চতুর্থবেদ—অথর্ববেদ, পঞ্চমবেদ, ইতিহাস, পুরাণ, ব্যাকরণ, শ্রাদ্ধতত্ত্ব, রাশিতত্ত্ব, দেবতত্ত্ব, তর্কশাস্ত্র, নীতিশাস্ত্র, শিক্ষা ও কল্পাদি, ধনুর্বিদ্যা, সর্পবিদ্যা, গন্ধর্বশাস্ত্র প্রভৃতি তত্ত্বের রহস্য তো অবশ্যই, এমনকি, দ্যুলোক, পৃথিবী, বায়ু, আকাশ, দেবতাগণ, মানুষ, পশুপাখি, কীটপতঙ্গ-পিপীলিকা-তৃণ-বনস্পতিসহ হিংস্র জন্তুগণ, পুণ্য-পাপ, সত্য-মিথ্যা, শুভ-অশুভ, মনোরম ও অমনোরম, অন্ন ও আস্বাদ, ইহলোক পরলোক সবকিছুই বিজ্ঞানের মাধ্যমে অবগত হওয়া যায়।

নারদ তুমি বিজ্ঞানেরই উপাসনা কর। যে কেউ এই বিজ্ঞানকে ব্রহ্মরূপে উপাসনা করে, সে বিজ্ঞানবান ও জ্ঞানবানদের সকল লোকই লাভ করে।

এরপর নারদ আবার জিজ্ঞাসা করেন—ভগবন্ বিজ্ঞানের চয়ে শ্রেষ্ঠ কিছু আছে কি? ঋষি বলেন—আছে। বিজ্ঞানের থেকে অবশ্যই শ্রেষ্ঠ বল। শতজন বিজ্ঞানবান্ লোকও একজন বলবানের ভয়ে কাঁপতে থাকে। কেউ যখন বলবান হয়, তখনই তার উন্নতি সম্ভব হয়। উন্নতির জন্য কাজ করে, গুরুসেবা করে, গুরুর কাছে থাকে—তাতে তার দ্রুত উন্নতি হয়। গুরুকে দেখা, গুরুর কথা শুনা, চিন্তা করা, বুঝা, কাজ করা সবই সে পারে। এই পৃথিবী তো বলেই সুপ্রতিষ্ঠিত। বলের দ্বারাই পৃথিবী, অন্তরিক্ষ, দ্যুলোক, পর্বত, দেবতা, মানুষ, পশু, পাখি, গাছপালা, কীট-পতঙ্গ ও পিপীলিকা সকলেই প্রতিষ্ঠিত। তুমি এই বলকেই ব্রহ্মবুদ্ধিতে উপাসনা কর। যে এই বলকে ব্রহ্মরূপে উপাসনা করে বলের গতি যতদূর সেও ততদূর স্বচ্ছন্দেই যেতে পারে।

নারদ ঋষির কাছে জানতে চান—এর চেয়ে শ্রেষ্ঠ আর কিছু আছে কি-না? ঋষি বলেন বল অপেক্ষা শ্রেষ্ঠ বস্তু অবশ্যই আছে। সেটি হল অন্ন।

বলের চেয়েও অবশ্যই শ্রেষ্ঠ হল অন্ন। কারণ, কেউ যদি দশ দিন না খেয়ে থাকে তাহলে সে বাঁচতে পারে না। বেঁচে থাকলেও কিন্তু সে চোখ, কান, মন, বুদ্ধি, অঙ্গ-প্রত্যঙ্গ থাকতেও সে হবে দৃষ্টিহীন। শ্রবণহীন, মননহীন, বোধহীন, ক্রিয়াহীন এমন-কি বিজ্ঞানবিহীনও হবে। কিন্তু যখনই সে অন্নগ্রহণ করবে তখন সে দেখতে, শুনতে, বুঝতে, ভাবতে, কাজ করতে বা জানতে সমর্থ হবে। তাই নারদ তুমি অন্নকে ব্রহ্মরূপে উপাসনা কর। অন্নকে যে ব্রহ্মরূপে উপাসনা করে সে প্রচুর অন্নপানযুক্ত লোকসকল লাভ করে থাকে। এবং অন্নের গতি যত দূর, সেও স্বেচ্ছায় ততদূর যেতে পারে।

নারদ আবার ঋষির কাছে জিজ্ঞাসা করেন—অন্ন থেকেও শ্রেষ্ঠ কি? ঋষি বলেন তা হল জল। অন্নের চেয়ে অবশ্যই শ্রেষ্ঠ হল জল।

সেজন্য ভালো বর্ষা না হলে শস্য কম হবে এই আশঙ্কায় আমাদের মনে কষ্ট হয়। দুঃখ হয়। আবার বর্ষা বেশি পরিমাণে হলে ফসলের আর অভাব হবে না মনে করে আমরা খুবই আনন্দিত হই। পৃথিবী, অন্তরিক্ষ, দ্যুলোক, পর্বত, দেবতাবৃন্দ, মানুষ পশু-পাখি-কীট-পতঙ্গ, গাছপালা প্রভৃতি যা কিছুই দেখ না কেন সবই জলের এক একটি বাস্তব রূপ।

তুমি জলকেই ব্রহ্মরূপে উপাসনা কর। জলকে ব্রহ্মরূপে যে উপাসনা করে তার সব কামনাই পূর্ণ হয়। সে তার আকাঙ্ক্ষিত সব বস্তুই পায়। তৃপ্ত হয়। জলের গতি যতদূর, সেও ততদূর স্বচ্ছন্দে যেতে পারে।

নারদ আবার জিজ্ঞাসা করলেন—এর পর আর কিছু আছে কি-না? সনৎকুমার বলেন—নিশ্চয়ই আছে। নারদ বলেন, তাহলে অনুগ্রহ করে বলুন। ঋষি বলেন—তা হল তেজ। কারণ তেজ থেকেই জলের সৃষ্টি হয়। তেজ বাতাসকে আশ্রয় করে আকাশকে উত্তপ্ত করে তোলে। সেই গরম অসহ্য হয়ে উঠায় মানুষ বৃষ্টি চায়। ওই তেজ থেকেই আকাশ মেঘে ঢেকে যায়। তির্যক গতিতে মেঘের উপর দিয়ে বিদ্যুৎ ছুটতে থাকে। মেঘ গর্জন করে। এভাবেই তেজ থেকে আসে জল। ওই মেঘ ডাকা, বিদ্যুৎ চমকানো ও বৃষ্টির আশায় সবারই মন খুশিতে ভরে ওঠে।

নারদ তুমি তেজকে উপাসনা কর। তেজকে ব্রহ্মরূপে উপাসনা করলে তোমার কাছে অন্ধকার আসতে পারবে না। পরন্তু তেজের যতদূর গতি ততদূরই যেতে সক্ষম হবে।

নারদ এবার ভাবেন তেজই কি সবার শ্রেষ্ঠ, না আরও কিছু আছে? তাই ঋষিকে জিজ্ঞাসা করেন। উত্তরে ঋষি বলেন—নিশ্চয়ই আছে। তা হল—আকাশ। তেজের চেয়েও অবশ্যই আকাশ শ্রেষ্ঠ। মানুষ একজন যে অন্যের সঙ্গে কথা বলে, মানুষ যে একজন আরেকজনকে ডাকে, তার ডাক শুনে উত্তর দেয় সবই করে আকাশেরই সাহায্যে। মানুষের আনন্দ, দুঃখ সবই আকাশে। যা কিছু জন্মায় সবই আকাশমুখী।

নারদ, তুমি আকাশকে ব্রহ্মরূপে উপাসনা কর। ব্রহ্মরূপে আকাশকে উপাসনা করলে আকাশের মতই সীমাহীন হওয়া যায় ও জ্যোতির্ময় লোকসকল পাওয়া যায়। আকাশের যতদূর গতি ততদূরই স্বেচ্ছায় যেতে পারা যায়।

নারদ আবার জিজ্ঞাসা করেন—তাহলে আকাশের চেয়ে শ্রেষ্ঠ আর কি আছে? ঋষি বলেন, আকাশের চেয়ে অবশ্যই শ্রেষ্ঠ হল স্মৃতি। স্মৃতি যদি না থাকে তবে, বহু লোকের সমাবেশ হলেও তারা কেউ কারও কথা শুনতে পায় না, বলতে পারে না, চিন্তাও

সম্ভব হয় না। আর যদি স্মৃতি ঠিক থাকে, তাহলে মানুষ সব শুনতে পায়, চিন্তা করতে পারে, জানতে পারে। স্মৃতির সাহায্যেই লোকে পুত্র ও পশুকে চিনতে পারে। তাই নারদ তুমি স্মৃতিকেই উপাসনা কর। এই স্মৃতিকে ব্রহ্মরূপে উপাসনা যে করে সে স্মৃতির পথ যতদূর বিস্তৃত, ততদূর স্বেচ্ছাগতি লাভ করে।

নারদ ভাবেন স্মৃতির চেয়ে শ্রেষ্ঠ আরও কিছু আছে কি-না? তাই তিনি সেকথা ঋষিকে জিজ্ঞাসা করায় ঋষি বলেন অবশ্যই আছে। তা হল–আশা। আশায় উদ্দীপ্ত হয়েই স্মৃতিধর লোকেরা মন্ত্রপাঠ, দৈনন্দিন কাজকর্ম সবই করে। আশাই স্মৃতিকে জাগ্রত করে পুত্র, পশু, ইহলোক, পরলোক যা-কিছু সবেরই মূলে আশা।

নারদ তুমি এই আশার উপাসনা করো। যে আশাকে ব্রহ্মরূপে উপাসনা করে তার কোনো কামনা-বাসনা অপূর্ণ থাকে না এবং আশার যতদূর গতি সে ততদূর গতিলাভ করে।

নারদ ভাবছেন আশার চেয়ে কি আর বড় কিছু নেই? তিনি সনৎকুমারকে জিজ্ঞাসা করেন। ঋষি বলেন নিশ্চয়ই আছে। তা হল– প্রাণ। আশার চেয়েও শ্রেষ্ঠ হচ্ছে প্রাণ। একটা নির্দিষ্ট নাভি থেকে শলাকাগুলি বের হয়ে যেমন একটা চাকাকে ধরে রাখে, তেমনি এই দেহরূপী চাকাকেও ধরে রেখেছে প্রাণ। প্রাণ কারোর উপর নির্ভর করে না। সে নিজের কাজ নিজেই করে। প্রাণই প্রাণ দান করে এবং প্রাণকে দান করে। প্রাণই বাবা, মা, ভাই, বোন, আচার্য, ব্রাহ্মণ সবই। কেউ যদি ওই সকল লোকেদের সঙ্গে খারাপ ব্যবহার করে, তাদের প্রাণে কষ্ট দেয়, তাহলে তাদেরকে হত্যার সমান দোষ হয়। সেজন্য লোকে ওই আঘাতকারীকে তুমি পিতৃঘাতী, মাতৃঘাতী, ভ্রাতৃঘাতী, ভগিনীঘাতী ইত্যাদি বলে। কিন্তু আবার যখন ওই প্রাণই ওই সমস্ত মানুষদের ছেড়ে চলে যায় তখন তাদের শত আঘাত করলেও, খণ্ড খণ্ড করে পোড়ানো হলেও তার জন্য কেউ কাউকে দোষী মনে করে না। দোষ দেয় না। পিতৃঘাতী, মাতৃঘাতী, ভ্রাতৃঘাতী, গুরুঘ্ন প্রভৃতি অপবাদও দেয় না।

নারদ, তুমি যা কিছু দেখছ, এ সমস্তই প্রাণ। এই বোধ যার মধ্যে আসে সে তখন তাদের স্বরূপ প্রাণকেই দেখে। প্রাণকেই মনে করে। প্রাণকেই জানে। তখন তাকে লোকে অতিবাদী বা বহুবক্তা বলে মনে করে। ঋষি বলেন অতিবাদী মানে অহেতুক বহুবক্তার কথা বলছি না। অতিবাদী হলেন তিনিই যিনি সর্বশ্রেষ্ঠ তত্ত্বের বক্তা। প্রাণের এই তত্ত্বকে জেনে কিছু বলায় যদি কেউ তোমাকে কিছু বলে তবে তুমি কোন বাদ, প্রতিবাদ না করে বা অস্বীকার না করে বলবে–হ্যাঁ আমি অতিবাদী।

সকল শাস্ত্রে পণ্ডিত নারদের মনকে এত তত্ত্বকথা নাড়া দিতে না পারলেও প্রাণের কথা শোনার পর তাঁর মন তোলপাড় শুরু করে দেয়। ঋষি বলেন–নারদ, যখন কেউ মনন করেন, তখন তিনি বিজ্ঞান লাভ করেন, মনন না করে কেউ বিজ্ঞান লাভ করতে পারে না।

এরপর নারদের আগ্রহ দেখে সনৎকুমার তাঁকে সত্য, বিজ্ঞান, মনন, শ্রদ্ধা, নিষ্ঠা ও একাগ্রতা বিষয়ে বলার পর ভূমা বিষয়ে বলছেন–নারদ, যার নাম ভূমা তারই নাম সুখ। অল্পে সুখ নেই। ভূমাকেই বিশেষভাবে জানতে আগ্রহী হতে হবে। তবেই সেই সত্যস্বরূপকে জেনে শোক-তাপের পরপারে যাওয়া যাবে।

নারদ ভূমাকে জানতে আগ্রহী হলে সনৎকুমার বলতে থাকেন–ভূমা হল তাই যাতে অন্য কিছু দেখার থাকে না, শোনার থাকে না, জানার থাকে না। আর যাতে অন্য কিছু দেখার থাকে, শোনার থাকে, জানার থাকে তাই হল অল্প। যিনি ভূমা তিনি অমৃত বা অমর অক্ষয়, আর যা অল্প তা মর বা মরণশীল, ক্ষয়শীল। নারদ প্রশ্ন করেন–হে ভগবন্, এই ভূমা কোথায় প্রতিষ্ঠিত–স্বমহিমায় অথবা মহিমাতেও নন?

তাঁর কথা শুনে সনৎকুমার বলেন–এই লোকে গো, অশ্ব, হস্তী, স্বর্ণ, স্ত্রী, ভূমি, গৃহ প্রভৃতিকেই মহিমা বলে। আমি এরকম মহিমার কথা বলছি না। কারণ প্রতিষ্ঠা তাকেই বলে যার দ্বারা একজনের আরেকজনের উপর অবস্থিতি বুঝায়।

ঋষি আরও বলেন–ভূমা সর্বত্রই বিরাজ করছেন। তিনি যেমন বিশ্বজগতে, তেমনি দেহ জগতেও বর্তমান। তিনি নীচে, ওপরে, সামনে, পিছনে, উত্তরে, দক্ষিণে, সবদিকেই রয়েছেন। আবার অহং অর্থাৎ আমি দৃষ্টিতে যদি দেখা যায় তবে দেখা যাবে–আমি নীচে, ওপরে, সামনে, পিছনে, দক্ষিণে, উত্তরে। আমিই সব। আবার যদি আত্মদৃষ্টি দিয়ে দেখা যায় তবে দেখা যাবেড়আত্মা নীচে, ওপরে, সামনে, পিছনে, দক্ষিণে, উত্তরে। আত্মা এই সমস্ত কিছুই হয়ে আছেন। নারদ, এভাবে দেখে, মনন করে, এরকম বিশেষ জ্ঞানে জ্ঞানী ব্যক্তি আত্মরতি, আত্মক্রীড়া, আত্মমিথুন এবং আত্মানন্দে বিভোর হন। তিনি তখন আপনার মাঝে আপনি ডুবে থেকেও সমস্ত লোকে অপ্রতিহত গতিতে ঘোরাফেরা করেন। পরন্তু যারা এরকম নিজেকে স্বরাট মনে না করে নিজেকে অন্যের অধীনে মনে করে তারা পরাধীনতা থেকে মুক্ত হতে পারে না। সেই ক্ষয়শীল মৃত্যুলোকের পরপারে অমর্ত্যলোকে কখনো যেতে সক্ষম হয় না। এরকম দর্শনকারী, মননকারী, বিজ্ঞানশীল, বিদ্বানের পক্ষে আত্মা থেকে প্রাণ, আত্মা থেকে আশা, আত্মা থেকে স্মৃতি, আত্মা থেকে আকাশ, আত্মা থেকে তেজ, আত্মা হতে জল, আত্মা থেকে অবির্ভাব এবং তিরোভাব, আত্মা থেকে অন্ন, আত্মা থেকে বল, বিজ্ঞান, ধ্যান, চিত্ত, সঙ্কল্প, মন, বাক্, নাম, মন্ত্রসকল কর্ম সব কিছুই হয়ে থাকে। যাদের কথা তোমায় শোনালাম এ সবই তিনি হয়েছেন, হয়ে আছেন। সারা জগতে চলছে সেই আত্মারই লীলা।

উপনিষদের এই গল্প প্রসঙ্গে মনে পড়ে স্বামী প্রণবানন্দজীর সেই গুরুত্বপূর্ণ বাণীটি যেখানে তিনি বলেছেন–

**ধর্মের প্রাণ অনুভূতি, অনুষ্ঠান ও আচরণে। শাস্ত্র পড়িয়া বা লোকমুখে শাস্ত্রকথা শুনিয়া কেহ কখনো ধর্মলাভ করিতে পারে না।**

এখানে দেবর্ষি নারদ সবরকম বেদ, পুরাণ, ইতিহাস, জ্যোতিষ, সর্পবিদ্যা, গন্ধর্ববিদ্যা, দেববিদ্যা, ব্রহ্মবিদ্যা, ভূতবিদ্যা, তর্কশাস্ত্র, নীতিশাস্ত্র, অঙ্কশাস্ত্র প্রভৃতি সবকিছুতেই পণ্ডিত হলেও তিনি অশান্তি ও শোক-তাপের অতীত হতে পারেননি। কারণ তাঁর অনুভূতি হয়নি। আত্মজ্ঞান লাভ হয়নি। তিনি নিজেই বলছেন–এত পড়াশুনা করে আমি মন্ত্রবিৎই হয়ে আছি, আত্মবিৎ হতে পারিনি। তাই স্বামী প্রণবানন্দজী উপনিষদ-নির্দেশিত ব্রহ্মজ্ঞান ও আত্মজ্ঞানের আকাঙ্ক্ষিত মানুষকে সঙ্কল্প নেওয়ার জন্য বললেন–**আত্মতত্ত্বোপলব্ধি না হওয়া পর্যন্ত এই ত্যাগীর বেশ পরিত্যাগ ও সন্ন্যাস আশ্রমের কোন বিধি-নিষেধ কদাপি লঙ্ঘন করিবে না।** ❑

*ছান্দোগ্য উপনিষদ থেকে*

# সনাতন ধর্মে সৎকার

শ্রী বুলবুল ভৌমিক

**ভূমিকা :** অভিধানে সৎকার শব্দটির বিভিন্ন অর্থ পাওয়া যায়। তন্মধ্যে দু'টি অর্থ বহুল প্রচলিত এবং জনসাধারণের নিকট পরিচিত। একটি অর্থ হচ্ছে আপ্যায়ন, পূজা, সমাদর। যেমন অতিথি সৎকার অর্থাৎ অতিথি আপ্যায়ন। অপর অর্থটি হচ্ছে ধর্মীয় রীতি অনুসারে মৃতদেহের অন্তিম ক্রিয়া বা অন্ত্যেষ্টিক্রিয়া অর্থাৎ মৃতদেহের বিনাশসাধন। (বঙ্গীয় শব্দকোষ, পৃ: ২১০৮) সনাতন ধর্মীয় রীতি অনুসারে কিভাবে সনাতন ধর্মাবলম্বীর মৃতদেহ শেষ যাত্রায় গমন করতে অনুমোদিত, তা অনুসন্ধান করাই এই প্রবন্ধের উদ্দেশ্য।

**দেহ এবং আত্মার পার্থক্য :** পৃথিবীর বিভিন্ন ধর্মগ্রন্থের মধ্যে একমাত্র সনাতন ধর্মশাস্ত্রেই দেহ এবং আত্মার (অর্থাৎ দেহীর) পার্থক্য সুস্পষ্টভাবে ব্যাখ্যাত হয়েছে – এ কথা কোন অত্যুক্তি নয়। **"জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।"** (গীতা, ২/২৭) – যেহেতু জাত প্রাণীর (অর্থাৎ জাত প্রাণীর দেহের) মৃত্যু (বিনাশ) নিশ্চিত এবং মৃত প্রাণীর জন্মও নিশ্চিত। **"অন্তবন্ত ইমে দেহা...।"** (গীতা, ২/১৮) – বিনাশশীল এই দেহে। অর্থাৎ প্রত্যেক প্রাণীর দেহই অন্তিমে বিনাশশীল। এমনকী, স্বয়ং ভগবান যখন মনুষ্য (যেমন শ্রীরাম বা শ্রীকৃষ্ণ অবতার) বা অন্য কোন প্রাণীর দেহ (যেমন মৎস্য বা বরাহ অবতার) গ্রহণ করে আবির্ভূত হন, তখন সেই অনাদি, অনন্ত, অজ পরমেশ্বরকেও এই অনিত্য দেহ পরিত্যাগ করতে হয়। কিন্তু এই বিনাশশীল দেহে অবস্থিত দেহী বা আত্মার কোন ধ্বংস নেই।

> **"ন জায়তে ম্রিয়তে বা কদাচিন্, নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ। অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো, ন হন্যতে হন্যমানে শরীরে ॥"** (গীতা, ২/২০)
>
> –ইনি (আত্মা) কখনও জন্মগ্রহণ করেন না বা মৃত্যুবরণ করেন না অথবা পুনরায় জন্মগ্রহণ করে পরিদৃশ্যমান হন না। ইনি (আত্মা) জন্মরহিত, নিত্য, শাশ্বত, পুরাতন। শরীর নিহত হলেও (আত্মা) নিহত হন না।

**"অব্যক্তঽয়মচিন্ত্যোঽয়মবিকার্যোঽয়মুচ্যতে।"** (গীতা, ২/২৫) – এই (আত্মা) অব্যক্ত, অচিন্তনীয়, অবিকার (বলে শাস্ত্র ও ঋষিগণ কর্তৃক) উক্ত।

তদুপরি, কঠ উপনিষদে (১ম অধ্যায়) যমরাজ নচিকেতাকে যে আত্মতত্ত্বজ্ঞান প্রদান করেছেন তাতেও দেহ এবং আত্মার পার্থক্য এবং দেহের নশ্বরতা এবং দেহী বা আত্মার অবিনশ্বরতা সুন্দরভাবে প্রকাশ পেয়েছে। এ প্রবন্ধে দেহীর নয় (কারণ দেহী অবিনশ্বর) বরং দেহের বিনাশ-প্রণালী বা সৎকারের আলোচনাই উদ্দেশ্য। ছান্দোগ্য উপনিষদেও প্রজাপতি এবং ইন্দ্র-বিরোচন-সংবাদে দেহ এবং আত্মার মধ্যে যে পার্থক্য বিদ্যমান, তা সুস্পষ্টভাবে বিবৃত হয়েছে। (ছান্দোগ্য উপনিষদ, ৮/৭-৮/১২)

**সৎকারের আবশ্যকতা :** দেহস্থিত আত্মা বা দেহী অবিনশ্বর হলেও দেহ নশ্বর – এ বাস্তবতা আমরা দৈনন্দিন জীবনে প্রতিনিয়তই পর্যবেক্ষণ করি। দেহী বা জীবাত্মা যখন তাঁর ক্ষণকালের আবাসভূমি এই দেহকে পরিত্যাগ করে মহাপ্রস্থানের পথে যাত্রা করেন, তখন এই দেহ হয়ে যায় অচেতন, অকার্যকরী, অপ্রয়োজনীয়, অনাকাঙ্ক্ষিত। এমনকী, মৃত্যুর আধঘণ্টা পরেই শুরু হয়ে যায় এ দেহের পচন, গলন, বিকৃতি। ক্রমান্বয়ে দুর্গন্ধ আরম্ভ হয় এবং মৃতদেহ থেকে বিভিন্ন রোগ ছড়াবার আশঙ্কা বৃদ্ধি পায়। তাই বাধ্য হয়েই মানুষকে তার অতি প্রিয়জনের মৃতদেহকে ধ্বংস বা বিনষ্ট করতে হয় (অন্যান্য প্রাণীর ক্ষেত্রেও এ কথা সমভাবে প্রযোজ্য। তবে মানবেতর প্রাণীর ক্ষেত্রে একের মৃতদেহ সাধারণতঃ অন্যান্য প্রাণী ভক্ষণ করে। এমনকী, মানুষও বিভিন্ন প্রাণীর যেমন, মাছ, পাখী বা কিছু কিছু পশু ইত্যাদি প্রাণীর মৃতদেহ ভক্ষণ করে)।

> **মৃত্যু পরবর্তীতে জীবাত্মা আকাশে সমাগত হয়ে থাকে, আকাশের স্বভাবসিদ্ধ ধর্ম শব্দানুপাতী গতি তাতে স্বতঃই প্রকাশিত হয়। এই গতি অত্যন্ত প্রবহশীল।**

মৃত্যু পরবর্তীতে জীবাত্মা আকাশে সমাগত হয়ে থাকে, আকাশের স্বভাবসিদ্ধ ধর্ম শব্দানুপাতী গতি তাতে স্বতঃই প্রকাশিত হয়। এই গতি অত্যন্ত প্রবহশীল। অত্যন্ত দ্রুতগতির আধার এই সূক্ষ্ম শরীরের অপর নাম তাই আতিবাহিক। আতিবাহিক জীব জলে-স্থলে, অনলে-অনিলে, অবাধ সঞ্চরণ করতে থাকে পুত্র-মিত্রাদি প্রদত্ত অন্ন-দানাদি ক্রিয়ার অবিকল ফল ভাগী হতে পারে।... প্রেত হয়েও স্মরণ করে তার পূর্ববর্তী স্থূলদেহের কথা, স্ত্রী-পুত্র-পরিজনের সুখময় সংযোগ। পূরক পিণ্ডদান্দের মন্ত্রের একাংশে আছে,

> **"আকাশস্থো নিরালম্বো বায়ুভূতো নিরাশ্রয়ঃ।
> ময়াদত্তং জলং দুগ্ধং পিবত্বং বায়ুনাসহ ॥"**
>
> –হে জীব! তুমি এখন ভূতল ছেড়ে আকাশস্থ হয়েছ সত্য, কিন্তু এখনও তুমি দেবদেহ লাভ করতে পার নি, দেবভূমি লাভ করতে পার নি বলে এখনও রয়েছ নিরাশ্রয় বায়ুরূপী, নিরালম্ব ভাবে ঘুরছ ঐ আকাশে। তোমার তৃপ্তি বিধানার্থে রইল এই স্নানীয় ও পানীয় জল, স্নান ও পান করে সুখী হও। (শ্রীশ্রী দশমহাবিদ্যা, পৃ: ৪৪-৪৫)

সনাতন ধর্মাবলম্বীরা একদিকে যেমন যথাসময়ে মৃতদেহের সৎকারে তৎপর, তেমনি দেহত্যাগকারী আত্মার মঙ্গলকামনায় পারলৌকিক কার্য সম্পাদনেও সচেতন। অবিনশ্বর আত্মার পারলৌকিক কার্য প্রয়োজন কেন? "কোন একটি লোক যখন মারা যায় তার ১৫ দিন কিংবা ৩০ দিন অর্থাৎ একমাস পরে আত্মীয়-স্বজনরা তার আত্মার উদ্দেশ্যে (হিন্দুরা) সৎকর্মানুষ্ঠান ও যাগযজ্ঞ করেন। সেজন্য তাঁরা গরীবদের খাওয়ান, টাকা-পয়সা দেন ও

নানা পুণ্যকর্ম উপলক্ষে অর্থ দান করেন। 'শ্রাদ্ধ' শব্দের অর্থ কারও স্মৃতিতে সৎকর্ম করা।... হিন্দুরা বিশ্বাস করে যে এইসব সৎকর্ম যখন মৃত আত্মার নামে করা হয় তখন তা মৃত আত্মাদের অগ্রগতিতে সাহায্য করে...। হিন্দু বিশ্বাস অনুসারে, প্রত্যেক মর্ত্যবাসী মৃত্যুর পর কিছুকাল মর্ত্যের বন্ধনে আবদ্ধ থাকে, আর সেই আত্মারা সেই অবস্থায় তাদের জীবিত বংশধর, আত্মীয় ও বন্ধুদের সাহায্য প্রত্যাশা করে মর্ত্যবন্ধন থেকে মুক্তির জন্য। মৃত আত্মাদের স্মৃতিতে সৎকর্ম ও সৎচিন্তা সেই সাহায্য প্রদান করে, যাতে তারা মর্ত্যবন্ধন থেকে মুক্তি পাওয়ার সুযোগ পায়।" (মরণের পারে, পৃঃ ১৪৬-১৪৭) "হিন্দুদের অন্ত্যষ্টিক্রিয়ার মন্ত্রগুলি বুঝলে দেখা যাবে যে, মৃত ব্যক্তির আত্মীয়রা তাঁর নামে প্রার্থনা ও সৎকাজ করেন তাঁর সদ্‌গতি লাভের জন্য, কেননা তাঁরা বিশ্বাস করেন যে মৃতের উদ্দেশ্যে বা নামে সকলকিছু সচ্চিন্তা, প্রার্থনা ও সৎকর্ম বিদেহীদের পরলোকে সাহায্য করে।" (মরণের পারে, পৃঃ ৩৫) পিতা শান্তনু ভীষ্মকে উপদেশ দিয়ে বললেন, "ব্রহ্মার এইরূপ অনুশাসন আছে যে, ঐ যজ্ঞে (শ্রাদ্ধে) পিতৃদেবগণ পরিতৃপ্ত হন এবং পরিতৃপ্ত হইয়া আবার তাঁহারা জগৎসংসারকে পরিতৃপ্ত করেন। অতএব তুমি অনলস হইয়া উৎকৃষ্ট শ্রাদ্ধদ্বারা তাঁহাদিগের তৃপ্তি সাধন কর। তাঁহারা তোমার শান্তিবিধান ও অভীষ্ট ফলদান করিতে সমর্থ হইবেন। তুমি নাম-গোত্রাদি উল্লেখ করিয়া আরাধনা করিলেই স্বর্গে থাকিয়া আমরাও (মৃত পরিজন) প্রীতিলাভ করিব।" (হরিবংশ পর্ব, অধ্যায় ১৬, হরিবংশ, পৃঃ ৩০)

**সৎকারের বিভিন্ন ধর্মীয় রীতি :** বর্তমান পৃথিবীতে বিভিন্ন ধর্মমতে মুখ্যতঃ দু'টি পদ্ধতিতে মৃতদেহের অন্তিম কার্য সম্পাদন করা হয় – দাহ এবং সমাধি। সনাতন, বৌদ্ধ, জৈন, শিখ ধর্মাবলম্বীরা সাধারণতঃ মৃতদেহের দাহ (অগ্নিসংযোগ) করে। ইহুদী, খ্রীষ্টান ও মুসলমান ধর্মাবলম্বীরা সাধারণতঃ মৃতদেহের সমাধি করে। এতদ্ব্যতীত, পার্সীরা তাদের ধর্মাবলম্বীদের মৃতদেহকে কোন উঁচু দালানের ছাদে রেখে দেয় যেন বিভিন্ন পাখী এসে মৃতদেহের মাংস ভক্ষণ করার মাধ্যমে মৃতদেহকে বিনষ্ট করে দেয়। প্রাচীন মিশরীয়গণ রাজা-রাণী বা উচ্চপদস্থ ব্যক্তিদের মৃতদেহগুলিকে মমি হিসাবে সংরক্ষণ করত। সর্পাঘাতে মৃত ব্যক্তির দেহ দাহ বা সমাধি না করে ভেলায় করে নদীর জলে ভাসিয়ে দেয়ার ঘটনাও শোনা যায়, যেমন, বেহুলা-লক্ষীন্দরের কাহিনী (বাইশকবি শ্রীশ্রীপদ্মপুরাণ বা মনসা পুঁথি, পৃঃ ১২৩)। গিরি সম্প্রদায়ের সাধুদের অনেকের দেহকে সলিলসমাধি দেয়া হয় একটি রীতি হিসাবে। সলিলসমাধি দেয়ার পিছনে কারণ – সাধনভজনে দেহটি নামময় হয়ে যায়। [ ভ্রমণ ও সাধুসঙ্গ (ক), পৃঃ ৬৬৪ ] (আদি শঙ্করাচার্য প্রবর্তিত দশনামী সন্ন্যাসী সম্প্রদায়ের একটি হল গিরি সম্প্রদায়। দশনামী সন্ন্যাসী সম্প্রদায়: সরস্বতী, পুরী, বন, তীর্থ, গিরি, পর্বত, ভারতী, অরণ্য, আশ্রম ও সাগর। – কুম্ভমেলায়, পৃঃ ১৮) যে কোন ধর্মমতই অনুসরণ করা হউক না কেন, সৎকারের একটি সাধারণ লক্ষ্য এই যে, মৃতদেহটিকে যেন অতি সত্বর বিনষ্ট করা সম্ভব হয়, যেন মৃতদেহের পচন (যা মৃত্যুর আধঘণ্টা পর থেকেই শুরু হয়) থেকে জীবিত মানুষের কোনরকম ক্ষতির সম্ভাবনা না থাকে। আবার এও পরিলক্ষিত হয় যে, বিশেষ ক্রান্তিকালে ধর্মমত না মেনেও মৃতদেহের সৎকার করা হয়। যেমন, কোভিড-১৯ এর ক্রান্তিকালে শ্রীলঙ্কায় সরকারের বিশেষ নির্দেশানুসারে সকল ধর্মাবলম্বীদের মৃতদেহই দাহ করা হয়েছিল যেন সংক্রমণ প্রতিরোধ করা যায়। সেই ভয়ানক কালে ভারতে সনাতন ধর্মাবলম্বীদের কিছু কিছু মৃতদেহ নদীর জলে ভাসিয়ে দেয়া হয়েছিল শ্মশানে চুল্লীর অপর্যাপ্ততা ও অত্যধিক মৃত্যুর কারণ।

**সনাতন ধর্মমতানুসারে সৎকার :** সনাতন ধর্মাবলম্বীরা সাধারণতঃ মৃতদেহের দাহকার্যই সম্পাদন করে। এ ব্যবস্থায় স্বল্প স্থান ও অর্থের প্রয়োজন হয়। অধিকন্তু, দেহে অনেকদিন অবস্থান করার ফলশ্রুতিতে দেহীর তাঁর আবাস বা দেহের প্রতি একটি আসক্তি জন্মায়। "সেজন্য হিন্দুদের বিশ্বাস যে, মৃতদেহকে কবরে (সমাধিতে) ধরে না রেখে নষ্ট ক'রে ফেলা ভালো। তাতে আত্মা অর্থাৎ জীবাত্মাও দেহ বা দেহের মায়া থেকে মুক্ত হয়ে যায়, নইলে দেহটাকে যদি কবরেই রেখে দেওয়া হয় তবে তাকে দেখার জন্য আত্মার মায়ার আকর্ষণ তার ওপর থাকবে। এই ইচ্ছা ও কৌতূহল তার শরীর চলে গেলেও অনেক দিন অবধি থাকে, জীবাত্মা আগ্রহ নিয়ে দেখতে যায় কবরের ভেতর শরীরের অবস্থাটি কি হ'ল। কিন্তু আত্মা বা জীবাত্মার পক্ষে এটি অত্যন্ত অবাঞ্ছনীয় অবস্থা, কেননা তাকে এতে অসুখী ও বেদনাতুর হ'তে হয়...। এজন্যই হিন্দুদের মধ্যে দেহটাকে অগ্নি-সংযোগে পোড়ানোর ব্যবস্থা আছে এবং এটাকেই তারা শরীর-সৎকার করার শ্রেষ্ঠ উপায় ব'লে মনে করে। মৃতদেহ যত শীঘ্র নষ্ট হয়ে যায় তত শীঘ্র জীবাত্মার পক্ষে সেটাকে ভুলে যাওয়াই স্বাভাবিক।" (মরণের পারে, পৃঃ ১৭৮) কোন কোন সাধু ব্যক্তিও একইরূপ মনোভাব ব্যক্ত করেন। [ ভ্রমণ ও সাধুসঙ্গ (ক), পৃঃ ৬৬৫ ] তদুপরি, পরকায়প্রবেশ (শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ, ১১/১৫/৬) রোধেও দাহপ্রথা অধিকতর কার্যকরী। একটি ঘটনার সংক্ষিপ্ত বর্ণনা পরকায়প্রবেশ বিভূতির ব্যাখ্যা-সহায়ক হবে। দক্ষিণের মাহিষ্মতী নগরে মণ্ডন মিশ্র ও তাঁর স্ত্রী উভয়ভারতীর সাথে ধর্মীয় তর্কে শঙ্করাচার্য জয়লাভ করেন। কিন্তু উভয়ভারতী যখন কামশাস্ত্র ব্যাপারে তর্কে আহ্বান করেন তখন আজন্ম ব্রহ্মচারী শঙ্করাচার্য কামশাস্ত্রে জ্ঞানলাভের জন্য কিছু সময় প্রার্থনা করেন। পরে সুযোগ এলে অমরুক নামক এক তরুণ রাজার মৃতদেহে শঙ্করাচার্য তাঁর আত্মাকে প্রবেশ করালে (পরকায়প্রবেশ) মৃত রাজদেহে আবার প্রাণ সঞ্চারিত হয়। পুনর্জীবিত সেই রাজার দেহ অবলম্বন করে শঙ্করাচার্য গার্হস্থ্য জীবনে কামশাস্ত্র সম্পর্কে জ্ঞান অর্জন করে মণ্ডন মিশ্র ও তাঁর পত্নী উভয়ভারতীকে তর্কে পরাজিত করেন। (ভারতের সাধক, ৩য় খণ্ড, পৃঃ ১৯-২৩) রেভারেণ্ড ফর্থিংহামের মতে, "শবদাহ প্রথা মানুষের আধ্যাত্মিক শক্তি বৃদ্ধি করে, কারণ এটি শরীর ও আত্মার প্রভেদকে জোরালো করে।" (মরণের পারে, পৃঃ ২১০)

কিন্তু কোন কোন ক্ষেত্রে সমাধিস্থ করার প্রচলনও আছে। এখনও বাংলাদেশ ও ভারতের গ্রামাঞ্চলে সনাতন ধর্মাবলম্বীদের সমাধিক্ষেত্র পরিলক্ষিত হয়। বাঙ্গালী সনাতন ধর্মাবলম্বীদের মধ্যে যোগী সম্প্রদায় (নাথ, দেবনাথ, ভৌমিক, পণ্ডিত, মজুমদার ইত্যাদি পদবীধারী শিবগোত্রীয়রা) তাঁদের মৃতদেহকে সাধারণতঃ সমাধিস্থ করেন। কোন কোন মহাপুরুষের মৃতদেহ তাঁদের ভক্তরা দাহ করার পরিবর্তে সমাধিস্থ করাই অধিকতর সমীচীন মনে করেন। চৌমুহনীতে রাম ঠাকুরের সমাধি এর প্রকৃষ্ট উদাহরণ হিসাবে

উল্লেখ করা যায়। "সন্ন্যাসী সর্বকর্ম পরিত্যাগ করে ভগবান শিবের (পরমাত্মার) আশ্রয় গ্রহণ করে থাকেন। তাই তাঁর দেহের দাহ-সংস্কার হয় না এবং তা না হওয়ায় তাঁর দুর্গতি হয় না।" (সংক্ষিপ্ত শিবপুরাণ, পৃঃ ৪৬১)

দাহকরণের পরিবর্তে অল্পবয়সীদের মৃতদেহের সমাধির নির্দেশ বিভিন্ন স্মৃতিশাস্ত্রে পাওয়া যায়। "দুই বর্ষের ন্যূনবয়স্ক বালকের মৃত্যু হলে তাকে মৃত্তিকায় প্রোথিত করবে।" (যাজ্ঞবল্ক্যসংহিতা, ৩/১) সমরূপ নির্দেশনা পাওয়া যায় মনুসংহিতাতেও (৩/২৪৫, ৫/৬৯)।

একজন মাতৃসাধকের উক্তিতেও দাহ করার পরিবর্তে সমাধিস্থ করার গুরুত্বের কিছুটা আভাস পাওয়া যায়। "আজ পর্যন্ত ভগবানের নাম ছাড়া আর কিছু করিনি বাবা। এ দেহের হাড়গুলো, প্রতিটি লোমকূপ পর্যন্ত নামে নামে অনুরণিত হয়ে আছে। ভগবানের নামে তো দেহটা পুড়েই আছে, আবার নতুন করে পোড়ালে দেহে নামের ছাপগুলোই পুড়বে। আমি চাই না বাবা, আমি চাই না আমার এই নামরূপ দেহটাকে কেউ পুড়িয়ে ফেলুক।... ইষ্টনামটা গেঁথে গেছে দেহের মধ্য। মায়ের নাম আগুনে পুড়বে, এই চিন্তাটা মাঝেমধ্যে বড় কষ্ট দেয় মনকে।" [ ভ্রমণ ও সাধুসঙ্গ (ক), পৃঃ ৪৫২-৪৫৩ ] তবে সমাধিপ্রথা কোন অর্বাচীন প্রথা নয়, মহাভারতীয় যুগেও সমাধিপ্রথা প্রচলিত ছিল। মহাত্মা বিদুর যোগবলে তাঁর আত্মাকে ধর্মপুত্র যুধিষ্ঠিরের দেহমধ্যে প্রবিষ্ট করালেন। অনন্তর যুধিষ্ঠির বিদুরের দেহ দগ্ধ করতে উদ্যত হলে এই দৈববাণী তাঁর কর্ণগোচর হল, "মহারাজ! মহাত্মা বিদুর যতিধর্ম লাভ করেছেন; অতএব আপনি এঁর দেহ দগ্ধ করবেন না।" (মহাভারত, আশ্রমবাসিকপর্ব্ব/২৬, পৃঃ ১২২১)। তারপর,

"দৈববাণী শ্রবণ করিয়া যুধিষ্ঠির।
সমাধি দানিতে তাঁরে করিলেন স্থির ॥
তবে গঙ্গাতীরে গর্ত করিয়া খনন।
সমাধিতে সেই দেহ করেন স্থাপন ॥"

(শ্রীশ্রীদেবীভাগবত, ২য় স্কন্ধ, পৃঃ ১৩৪)

**নাথ বা যোগী সম্প্রদায়ের মৃতদেহের সমাধিকরণের কারণ :** নাথ সম্প্রদায়ের মধ্যে মৃতদেহের সমাধিকরণের কথা পূর্বে উল্লেখ করা হয়েছে। নাথ সম্প্রদায়ের মধ্যে সমাধি প্রথার প্রচলন সম্পর্কে একটি কাহিনী প্রচলিত আছে। মহাত্মা বিন্দুনাথের মৃত্যুর পর তাঁর পুত্র আদিনাথ (বা আয়িনাথ) মৃতদেহের সৎকার বিষয়ে জিজ্ঞাসা করলে বিন্দুনাথ যোগী ছিলেন বিধায় পিতামহ মহান্‌রুদ্র সমাধির পক্ষে এবং বিন্দুনাথ সংসারাশ্রম গ্রহণ করেছিলেন বিধায় মাতামহ কশ্যপ মুনি দাহের পক্ষে মতামত প্রদান করেন। উভয়সঙ্কটে পড়ে আদিনাথ তাঁর মাতা কৃষ্ণার মতসাপেক্ষে দেবর্ষি নারদকে মধ্যস্থ মেনে তাঁর মতামত যাচ্ঞা করেন। দেবর্ষি নারদ উভয়ের মান রক্ষার্থে মৃতদেহের মুখাগ্নি করে সমাধিস্থ করার পরামর্শ দেন। অদ্যাবধি নাথ সম্প্রদায় এই ব্যবস্থাই মেনে চলছেন। (নাথ সম্প্রদায়ের সংক্ষিপ্ত ইতিবৃত্ত, সনাতন ধর্ম জিজ্ঞাসা, পৃঃ ২০০)

**বেদের নির্দেশনা :** **"বেদোঽখিলো ধর্মমূলম্।"** (মনুসংহিতা, ২/৬, ৫/৪৪) – বেদ সকল ধর্মের মূল (ধর্মের প্রমাণস্বরূপ)। এখন অনুসন্ধান করা যাক, সনাতন ধর্মের মূল বেদে মৃতদেহের সৎকার সম্পর্কিত কিরূপ নির্দেশনা আছে। আমরা দেখতে পাই,

**"মৈনমগ্নেঃ বি দহো মাভি শোচো মাস্য ত্বচং চিক্ষিপো মা শরীরম্।
যদা শৃতং কৃণবো জাতবেদোঽথেমেনং প্র হিণুতাৎ পিতৃভ্যঃ ॥"**

(ঋগ্বেদ, ১০/১৬/১)

– এই মৃতব্যক্তিকে একেবারে ভস্ম করো না, এঁকে ক্লেশ প্রদান করো না; এঁর চর্ম বা এঁর শরীর ছিন্নভিন্ন করো না। হে জাতবেদা! যখন এঁর শরীর তোমার তাপে উত্তমভাবে পক্ক হয়, তখনই এঁকে পিতৃলোকগণের নিকট প্রেরণ করে দাও।

অর্থাৎ মৃতদেহের দাহ বা অগ্নিসংস্কারের উল্লেখ পাওয়া যায়।

আবার পরবর্তীতে পাই,

**"সূর্যং চক্ষুর্গচ্ছতু বাতমাত্মা দ্যাং চ গচ্ছ পৃথিবীং চ ধর্মণা। অপো বা গচ্ছ যদি তত্র তে হিতোমোষধীষু প্রতি তিষ্ঠা শরীরৈঃ ॥"** (ঋগ্বেদ, ১০/১৬/৩)

– হে মৃত! তোমার চক্ষু সূর্যে গমন করুক, তোমার শ্বাস বায়ুতে গমন করুক। তুমি তোমার পুণ্যফলে আকাশে ও পৃথিবীতে গমন করো। অথবা যদি জলে গমন করলে তোমার হিত হয়, তবে জলে গমন করো। তোমার শরীরের অবয়বগুলি উদ্ভিজ্জবর্গের মধ্যে গমনপূর্বক অবস্থিতি করুক।

অর্থাৎ অগ্নিসংস্কার ব্যতীতও মৃতদেহের সমাধিকরণ এবং জলে ভাসানোও বেদের নির্দেশনারই অঙ্গ হিসাবে গণ্য করা যায়।

আরও আছে,

**"যং ত্বমগ্নে সমদহস্তমু নির্বাপয়া পুনঃ।
কিয়াংব্বত্র রোহতু পাকদূর্বা ব্যল্কশা ॥"**

(ঋগ্বেদ, ১০/১৬/১৩; অথর্ববেদ, ১৮/৩/১/৬)

– হে অগ্নি! তুমি যাকে দাহ করলে, পুনর্বার তাকে নির্বাপিত করো। কিঞ্চিৎ জল এই স্থানে উপস্থিত হোক এবং শাখাপ্রশাখাযুক্ত পরিণত দূর্বা এই স্থানে উৎপন্ন হোক।

**"এদং বর্হিরসদো মেধ্যোঽভূঃ প্রতি ত্বা জানন্তু পিতরঃ পরেতম্।
যথাপরু তন্বং সং ভরস্ব গাত্রাণি তে ব্রহ্মণা কল্পয়ামি ॥"**

(অথর্ববেদ, ১৮/৪/৬/২)

– হে প্রেত! তুমি এই চিতায় আস্তীর্ণ কুশে আরোহণ কর এবং অতঃপর পিতৃমেধ যজ্ঞের যোগ্য হও অর্থাৎ দহনের দ্বারা সংস্কৃত হও। তোমার পূর্বতন পিতৃগণ পরলোক-প্রাপ্ত তোমাকে অনুমোদন করুন। জীবিত অবস্থায় তোমার অস্থিগুলির পর্ব যেমন সন্নিবেশিত ছিল, আমি এই মন্ত্রের দ্বারা তা পূর্বের ন্যায় সংহত করছি।

অর্থাৎ দাহের উল্লেখ। বেদের অন্ত অর্থাৎ উপনিষদেও দাহের উল্লেখ দৃষ্ট হয়। **"ইদং ভস্মান্তং শরীরম্।"** (ঈশ উপনিষদ, #১৭) অর্থাৎ এই শরীর ভস্মীভূত হোক।

উপরন্তু, **"যে অগ্নিদগ্ধা যে অনগ্নিদগ্ধা...।"** (ঋগ্বেদ, ১০/১৫/১৪) অর্থাৎ যে মৃতদেহ অগ্নিদগ্ধ (দাহ) বা অগ্নিদগ্ধ নয় (অর্থাৎ সমাধিস্থ) মন্ত্রও পরিলক্ষিত হয়।

সমাধিকরণের উল্লেখ পরিলক্ষিত হয় নিম্নলিখিত কতিপয় মন্ত্রে।

**"উপ সর্প মাতরং ভূমিমেতামুরুব্যচসং পৃথিবীং সুশেবাম্।"** (ঋগ্বেদ, ১০/১৮/১০)

– "হে মৃত! এই জননীস্বরূপা বিস্তীর্ণা পৃথিবীর নিকট গমন করো, ইনি সর্বব্যাপিনী, এঁর আকৃতি সুন্দর।

**"উচ্ছ্বঞ্চস্ব পৃথিবি মা নি বাধথাঃ সূপায়নাস্মৈ ভব সূপবঞ্চনা।**
**মাতা পুত্রং যথা সিচাভ্যেনং ভূম উর্ণুহি ॥"**

(ঋগ্বেদ, ১০/১৮/১১)

– হে পৃথিবি! তুমি এই মৃতকে উন্নত করে রক্ষা করো, এঁকে পীড়া প্রদান করো না। এঁকে উত্তম উত্তম সামগ্রী, উত্তম উত্তম প্রলোভন প্রদান করো। যেমন মাতা আপন অঞ্চলের দ্বারা পুত্রকে আচ্ছাদন করেন, সেরকম তুমি এঁকে আচ্ছাদন করো।

**"উচ্ছ্বঞ্চমানা পৃথিবী সু তিষ্ঠতু সহস্রং মিত উপ হি শ্রয়ন্তাম্।**
**তে গৃহাসো ঘৃতশ্চুতো ভবন্তু বিশ্বাহাস্মৈ শরণাঃ সংত্বত্র ॥"**

(ঋগ্বেদ, ১০/১৮/১২)

– পৃথিবী (মৃতের) উপরে স্তূপাকার হয়ে উত্তমভাবে অবস্থিতি করুন। সহস্রধূলি এই মৃতের উপর অবস্থিতি করুক। তারা এঁর পক্ষে ঘৃতপূর্ণ গৃহের স্বরূপ হোক, প্রতিদিন এই স্থানে তারা এঁর আশ্রয়স্থানস্বরূপ হোক।

**"উত্তে স্তভ্নামি পৃথিবীং ত্বৎপরীমং ॥"** (ঋগ্বেদ, ১০/১৮/১৩)

– তোমার উপর পৃথিবীকে উত্তম্ভিত করে রাখছি।

বেদের এসকল মন্ত্রগুলিতে সমাধিকরণের স্পষ্ট উল্লেখ আছে। অতএব, আমরা বেদের বিভিন্ন মন্ত্রে দাহ, স্থলসমাধি এবং সলিলসমাধি – এই তিন প্রকারের সৎকার প্রথারই অনুমোদন লক্ষ্য করি।

**অশৌচকালে পূজাপার্বণ:** মৃত্যু-পরবর্তীতে সনাতন ধর্মাবলম্বীদের অশৌচের বিধান স্মৃতিশাস্ত্রে উল্লেখ আছে (মনুসংহিতা, ৫/৫৭-৮৩; অত্রিসংহিতা/৮৫; বিষ্ণুসংহিতা, ২২/১; অঙ্গিরঃসংহিতা, ১/৫১ ইত্যাদি। ঊনবিংশতি সংহিতা)। সমাজে একটি প্রচলিত ধারণা বিদ্যমান যে, অশৌচকালে কোনরকম পূজাপার্বণে শোকাহত পরিবারের কেউ কোনরকম অংশগ্রহণ করতে পারবে না বা মন্দিরে প্রবেশ করতে পারবে না। কিন্তু ধর্মীয় বিধান এর বিপরীত বলেই উল্লেখ পাওয়া যায়। "বৈষ্ণব চতুঃসম্প্রদায়ের মহন্ত ব্রজবিদেহী ভারতবরেণ্য মহাপুরুষ শ্রীশ্রীসন্তদাস বাবাজি মহারাজ সমস্ত শাস্ত্র মন্থন করে জানিয়েছেন, 'কালশৌচ মধ্যে ভক্তিপূর্বক তীর্থদর্শন ও দেবালয়ে পূজাদি করিলে কোনও দোষ হইবে না'। একথা অনন্তকালের জন্য সত্য।" [ ভ্রমণ ও সাধুসঙ্গ (গ), পৃ: ২৩৯ ]

**উপসংহার :** বর্তমান কালে সনাতন ধর্মাবলম্বীদের মধ্যে দাহকরণই প্রধানতঃ প্রচলিত হলেও বেদের মন্ত্রগুলিতে আমরা মৃতদেহকে দাহ, সমাধি, এমনকী জলে ভাসানোর উল্লেখও পাই। হয়তোবা বিভিন্ন বাস্তব কারণে (যেমন অন্ত্যেষ্টিক্রিয়ার স্বল্প ব্যয়, ক্রমবর্ধমান জনসংখ্যার ফলে সমাধিস্থানের অভাব, সমাধিস্থান থেকে বিভিন্ন রোগের সংক্রমণের আশঙ্কা ইত্যাদি) দাহকরণই অধিকতর বাস্তব এবং সঠিক পদ্ধতি হিসাবে গণ্য ও জনপ্রিয়তা লাভ করেছে। কিন্তু মৃতদেহের সৎকারের অন্যান্য পদ্ধতিও যে বেদ কর্তৃক অনুমোদিত – এ নিয়ে সংশয় প্রকাশ করার কোন প্রয়োজন বা সুযোগ নেই – এ কথা বলাই বাহুল্য। ❑

**সহায়ক গ্রন্থাবলী :**


১) **বঙ্গীয় শব্দকোষ** – হরিচরণ বন্দ্যোপাধ্যায়, সাহিত্য অকাদেমি, কলকাতা, ২০১৬ খ্রীষ্টাব্দ

২) **শ্রীমদ্ভগবদ্গীতা-আলোচনা** – শ্রী বুলবুল ভৌমিক, সুফলা প্রিন্টার্স, ঢাকা, ২০২১ খ্রীষ্টাব্দ

৩) **উপনিষদ** (অখণ্ড সংস্করণ) – অনুবাদ ও সম্পাদনা : অতুল চন্দ্র সেন, সীতানাথ তত্ত্বভূষণ এবং মহেশচন্দ্র ঘোষ, হরফ প্রকাশনী, কলকাতা, ২০০০ খ্রীষ্টাব্দ

৪) **মরণের পারে** – স্বামী অভেদানন্দ, শ্রীরামকৃষ্ণ বেদান্ত মঠ, কলকাতা, ১৪২২ বঙ্গাব্দ

৫) **ঊনবিংশতি সংহিতা** – সঙ্কলন ও অনুবাদ : পঞ্চানন তর্করত্ন (সম্পাদনা: শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায়), সদেশ, কলকাতা, ২০১৮ খ্রীষ্টাব্দ

৬) **মনুসংহিতা** – সম্পাদনা ও অনুবাদ : মানবেন্দু বন্দ্যোপাধ্যায় শাস্ত্রী, সদেশ, কোলকাতা, ১৪১৮ বঙ্গাব্দ

৭) **ঋগ্বেদ** – মূল ব্যাখ্যাতা: দুর্গাদাস লাহিড়ী, অক্ষয় লাইব্রেরী, কলকাতা, ২০২১ খ্রীষ্টাব্দ

৮) ব্যাসদেব প্রণীত **শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ**, গীতা প্রেস, গোরক্ষপুর, ২০১১ খ্রীষ্টাব্দ

৯) **ভারতের সাধক** (৩য় খণ্ড, সুলভ সংস্করণ) – শঙ্করনাথ রায়, করুণা প্রকাশনী, কলিকাতা, ১৪২১ বঙ্গাব্দ

১০) **বাইশকবি শ্রীশ্রীপদ্মপুরাণ বা মনসা পুঁথি** – সম্পাদনা: শ্রীমদনগোপাল গুপ্ত, রাজেন্দ্র লাইব্রেরী

১১) **সংক্ষিপ্ত শিবপুরাণ** – বঙ্গানুবাদ : গায়ত্রী বন্দ্যোপাধ্যায়, গীতা প্রেস, গোরক্ষপুর, ২০২১ খ্রীষ্টাব্দ

১২) বেদব্যাস বিরচিত **হরিবংশ** – সম্পাদনা : ড. দীপক চন্দ্র, নিউ বেঙ্গল প্রেস প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০২০ খ্রীষ্টাব্দ

১৩) **ভ্রমণ ও সাধুসঙ্গ (ক)** – শিবশংকর ভারতী, সাহিত্যম্, কলকাতা, ২০১৮ খ্রীষ্টাব্দ

১৪) **কুম্ভমেলায়** – শঙ্কু মহারাজ, দে'জ পাবলিশিং, কলকাতা, ২০০৫ খ্রীষ্টাব্দ

১৫) **অথর্ববেদ** – মূল ব্যাখ্যাতা : দুর্গাদাস লাহিড়ী, অক্ষয় লাইব্রেরী, কলকাতা, ২০২০ খ্রীষ্টাব্দ

১৬) **ভ্রমণ ও সাধুসঙ্গ (গ)** – শিবশংকর ভারতী, সাহিত্যম্, কলকাতা, ২০২২ খ্রীষ্টাব্দ

১৭) **শ্রীশ্রী দশমহাবিদ্যা** – ব্যাখ্যা: শ্রীমৎ অদ্বৈতানন্দ পুরী, তুলসীধাম, নন্দনকানন, চট্টগ্রাম, ২০২১ খ্রীষ্টাব্দ

১৮) বেদব্যাস বিরচিত **মহাভারত** – অনুবাদ : কালীপ্রসন্ন সিংহ, তুলি-কলম, কলকাতা, ২০০৮ খ্রীষ্টাব্দ

১৯) **শ্রীশ্রীদেবীভাগবত** – পয়ার ও ত্রিপদীছন্দে বঙ্গানুবাদ : দীন ভক্তদাস, অক্ষয় লাইব্রেরী, কলকাতা, ২০১৮ খ্রীষ্টাব্দ

২০) **সনাতন ধর্ম জিজ্ঞাসা** – শ্রী বুলবুল ভৌমিক, সুফলা প্রিন্টার্স, বাংলাদেশ, ২০১৬ খ্রীষ্টাব্দ


নিউ ইয়র্ক, ডিসেম্বর ২২, ২০২২ – ডিসেম্বর ৩১, ২০২২

# মানুষ মৃত্যুর পরে কোথায় যায়?

স্বামী সোমেশ্বরানন্দ



*জন্মের মতো মৃত্যুও স্বাভাবিক। কিন্তু মৃত্যুকে মেনে নিতে পারি না। মৃত্যুর পর কী হয়? কেউ বলেন এটা আসলে মানুষের দীর্ঘ এক ঘুম। মৃত্যুর সঙ্গে সঙ্গে কেউই বুঝতে পারেন না তিনি মারা গেছেন। দেখছেন সবাই শোকার্ত, কাঁদছে। তিনি বলছেন ওগো, আমি এখানেই আছি, কোথাও চলে যাইনি। কেউ শোনে না তাঁর কথা। বিদেহী হয়ে তিনি পরিবারের সদস্যদের সাহায্য করার চেষ্টা করেন। অনেকে বলে, ভালো কাজ করলে মৃত্যুর পর ভালো গতি হয়। খারাপ লোকের খারাপ গতি। এর অর্থ কী?*

*মৃত্যুর আগে কি মানুষে বুঝতে পারে যে তার জীবন শেষ হয়ে আসছে? মৃত্যু পথযাত্রী কি এতে ভয় পান? দেবলোক, নাগলোক, পিতৃলোক ইত্যাদি কি সত্যিই আছে? পুনর্জন্ম নিতে কতদিন সময় লাগে? আজকের দিনে শ্রাদ্ধের কি দরকার আছে? পরলোকের এইসব অজানা প্রশ্নের উত্তর খুঁজলেন **স্বামী সোমেশ্বরানন্দ**।*

## মৃত্যুর পরে কী হয়?

মৃত্যুর পর কী হয়?

কেউ বলেন ঘুমিয়ে পড়ে, কেউ বলেন পূর্বপুরুষরা নিতে আসেন তাঁকে। তখন কী অবস্থা হতে পারে–

(১) মৃত্যুর সঙ্গে সঙ্গে কোনও মানুষই বুঝতে পারেন না যে তিনি মারা গেছেন। তাঁর শরীর বিছানায় শোয়া। সবাই শোকার্ত, কেউ বা কাঁদছে। এসব দেখে তিনি অবাক হন। নিজের শরীরে ঢুকতে চেষ্টা করেন, কিন্তু না পেরে ভয় পান। সবাইকে বলতে চান যে তিনি এখানেই আছেন, কোথাও চলে যাননি। আর অবকা হয়ে দেখেন তাঁর কথা কেউ শুনছে না। মাঝেমাঝেই তিনি যেন ওই জায়গা থেকে দূরে চলে যান। আবার ফিরে আসেন। কী হচ্ছে তা বুঝতে পারেন না।

(২) শবদেহকে শ্মশানে পুড়িয়ে দেওয়ার পর তিনি বুঝতে পারেন নিজের মৃত্যুকে। তখন থেকে তাঁর পিছুটান ধীরে ধীরে কমতে থাকে। আর যার পিছুটান বা সংসারের প্রতি আকর্ষণ বেশি, তিনি নিজের বাড়ির কাছেই থেকে যান সূক্ষ্ম বা বায়বীয় শরীর নিয়ে। সূক্ষ্ম দেহে থেকে তিনি পরিবারের সদস্যদের সাহায্য করে যাওয়ার চেষ্টা করেন। সম্পত্তি পাহারা দেন। ক্ষুধা তৃষ্ণা তিনি মেটান খাবারের গন্ধ নিয়ে। সংসারের সুখ-দুঃখে তিনি প্রভাবিত হন। কতদিন এই অবস্থায় তিনি থাকবেন সেটা নির্ভর করে তাঁর পিছুটান বা আকর্ষণের উপর।

**পুণ্য কাজে জীবাত্মার প্রসার হয়, নিজের সীমাবদ্ধতা থেকে মুক্তি ঘটে কিছুটা, স্বার্থপরতা বা আসক্তি কমে। আর খারাপ কাজে মনটা সংকুচিত হয়, নিজের সীমিত অস্তিত্বে পড়ে থাকে, স্বার্থপরতা বা আসক্তি বাড়ে।**

(৩) যার আকর্ষণ বা পিছুটান তত তীব্র নয়, তিনিও সিদ্ধান্ত নিতে না পারলে বিভ্রান্ত থাকেন। ফলে মাঝেমধ্যে দূরে চলে গিয়েও আবার ফিরে আসেন। এই যাওয়া-আসা চলতে থাকে। তাঁর কষ্ট বেশি হয়।

(৪) সংসারের প্রতি যার আকর্ষণ কম তিনি মৃত্যুর পর ঘুমিয়ে পড়েন। ফলে চিন্তা থাকে না। কতদিন এই অবস্থায় থাকবেন সেটা নির্ভর করে তাঁর মনের সংস্কারের উপর। গভীর ঘুমে তিনি আনন্দের আভাস পান। কারও ক্ষেত্রে কোনও পূর্বপুরুষ এসে তাঁকে নিয়ে যান ঘুম-বিশ্রামের পর। তিনি ভুলে যান তাঁর ফেলে আসা জীবনকে।

(৫) কেউবা মৃত্যুর পর কিছুক্ষণ ধরে দেখেন নিজের শবদেহ এবং শোকাবিভূত আপনজনদের। প্রথমে অবাক হলেও পরে বুঝতে পারেন যে তাঁর মৃত্যু হয়েছে। এই সময় তিনি অনুভব করেন যে এক লম্বা নীল রঙের আলোকিত সুড়ঙ্গের মধ্য দিয়ে তিনি ভেসে চলেছেন, কেউ কেউ অবশ্য অন্য রঙের সুড়ঙ্গও দেখেন। যেমন– সাদা, ধূসর, কালো, জ্যোতির্ময় ইত্যাদি। অনেকক্ষণ এভাবে গিয়ে তিনি কোনও দিব্য আত্মার দেখা পান যিনি আসেন তাঁকে কোথাও নিয়ে যাওয়ার জন্য।

(৬) মৃত্যুর পর কেউ নিজেকে খুব হালকা অনুভব করেন। যেন তাঁর কোনও ওজন নেই, এতদিনের রোগও দূর হয়ে গিয়েছে। তিনি বাতাসে ভাসছেন, নীচে বিছানায় নিজের শবদেহ দেখে বুঝতে পারেন যে তাঁর মৃত্যু হয়েছে। মনের আনন্দে কিছুক্ষণ হাওয়ায় ভেসে কোনও পূর্বপুরুষ বা দিব্য আত্মাকে দেখতে পান। দিব্যাত্মার সঙ্গে চলে যাওয়ার জন্য তিনি প্রস্তুত হন।

(৭) কেউ মৃত্যুর আগেই দেখতে পান কোনও সূক্ষ্মদেহীকে। বুঝতে পারেন যে তাঁকে নিতে এসেছেন তিনি আসক্তি কম থাকলে তিনি মানসিকভাবে তৈরি হন যাওয়ার জন্য। আর আকর্ষণ বা পিছুটান বেশি হলে তিনি কাকুতি-মিনতি করেন মুক্তির জন্য। কিন্তু তিনি যাবেন না থাকবেন সেটা নির্ভর করে সেই সূক্ষ্মদেহীর উপর। এ তো গেল স্বাভাবিক মৃত্যুর সময়। কিন্তু যিনি অন্যভাবে

দেহত্যাগ করেছেন, খুন কি দুর্ঘটনা বা আত্মহত্যা ইত্যাদিতে, তাঁর মন হঠাৎ অনুভূতি শূন্য হয়ে যায়। তিনি যেন আধো ঘুমে চলে যান। আর মৃত্যুর ঘটনা স্বপ্নের মতো বারবার তিনি দেখতে পান। বিশেষ কষ্ট হয় না। যেন স্বপ্ন দেখছেন। এরপর ঘুমিয়ে পড়েন। আত্মীয়রা তাঁর জন্য প্রার্থনা বা শ্রাদ্ধ করলে সেই চিন্তা ও ভাব-তরঙ্গ গিয়ে মৃতাত্মাকে সচেতন করে। এই সময় উপরে দেওয়া সাতটি অনুভবের কোনও একটি তাঁর হয়। এবং সেই অনুযায়ী গতি হয়। মৃত্যুর পর জীবের সংস্কার তীব্র হয়ে ওঠে। শরীর না থাকায় মানসিক তরঙ্গ বড় ভূমিকা নেয়। ইতিবাচক (পজিটিভ) তরঙ্গ ভালো পরিবেশ ও সূক্ষ্ম দেহকে আকর্ষণ করে। আর নেতিবাচক তরঙ্গ আকর্ষণ করে খারাপকে।

এবং এই আকর্ষণ তাকে নিয়ে যায় সম-তরঙ্গের পরিবেশ বা জগতে। অর্থাৎ কোন ধরনের সূক্ষ্ম জগতে সে যাবে সেটা নির্ভর করে তার মানসিক সংস্কারের উপর।

**মৃত্যুর পর নানারকম গতি হয়। যারা আসক্তিবশত পৃথিবীর কাছে থাকে তারা কী অবস্থায় থাকে?**

বিজ্ঞান আজ সমান্তরাল জগৎ (Parallel Universe) এর কথা বলছে। আমাদের নক্ষত্র জগতের পাশাপাশি অন্যরকম জগতের অবস্থিতি। নানারকম জগৎ, আমাদের ধরা-ছোঁয়ার বাইরে, আমাদের কাছে অদৃশ্য। এই যে বিভিন্নরকম জগৎ, কতকগুলি খুব কাছাকাছি, কিন্তু পরস্পরের অজানা। আবার নানারকম জীবও আছে সেখানে। অন্যরকম জীব। আমাদের যেমন অর্গ্যানিক (Organic) শরীর, অক্সিজেন নিই শ্বাসের সঙ্গে, তাদের ইন অর্গ্যানিক, তারা নাইট্রোজেন নেয়। এমনও হয় এই যে আমি টেবিলে বসে লিখছি, হয়তো আমার ঘরের এক অংশের মধ্য দিয়ে এমন এক সমান্তরাল জগতের অবস্থান যা আমি বুঝতে পারছি না। ধর্মশাস্ত্র বলছে, নানারকম সূক্ষ্ম জগৎ ও জীব প্রসঙ্গে তা যেন আজ বিজ্ঞানও বলছে।

**এখন আসুন ভূত-প্রেত বিষয়ে–**

উপরে বলা সাতরকম গতির প্রথমটি যাদের ঘটে তাদের কেউ কেউ এ অবস্থায় পড়ে। প্রবল আসক্তির জন্য এই পৃথিবীর বা নিজের বাড়ি ও আত্মীয়দের কাছে থাকতে চায়। চেতনার তেমন বিকাশ না হওয়ায় একরকম ঘুমের ঘোরে থাকে। ফলে নিজের পুরনো জায়গায় ফিরে এসেও থাকতে পারে না। আবার দূরে চলে যায় বা যেতে বাধ্য হয়।

মনে করুন আপনি স্বপ্ন দেখছেন। কেউ ডেকে তুললে আপনি কিছুক্ষণের জন্য জেগে বললেন 'উঠছি উঠছি', পরে আবার ঘুমিয়ে পড়লেন। জেগে আবার স্বপ্নে চলে গেলেন। মৃত্যুর পর এই মানুষদের এমন অবস্থা হয়। এরা বুঝতে পারে না কী হচ্ছে। সূক্ষ্ম শরীরে এদের মানসিক সংস্কার তীব্র থাকে, কিন্তু স্থূলদেহের মতো কাজ করতে, খেতে, হাঁটতে পারে না। অন্নময় কোষ (শরীর) নেই কিন্তু মনোময় কোষ (মন) রয়েছে। এজন্য সে সুযোগ খোঁজে কোনও স্থূলদেহের মাধ্যমে নিজের ইচ্ছা বা বাসনা তৃপ্ত করতে। বাসনা তীব্র কিন্তু শক্তি কম। ফলে অধিকাংশ ক্ষেত্রেই বিফল হয়। অনেক সময় জীবিত মানুষ এদের দেখতে পায়। এতে অবশ্য ভয়ের কিছু নেই। এই সূক্ষ্মদেহী আত্মা আসে মূলত সাহায্য পাওয়ার জন্য। আপনি যদি তার শান্তির জন্য প্রার্থনা করেন বা মন্ত্র জপ করেন তবে সেই মানসিক তরঙ্গ গিয়ে তাকে সচেতন করে, ঘুম ভাঙতে বা বিভ্রান্তি দূর করতে সাহায্য করে।

কোনও তান্ত্রিক অনেক সময় এদের লোভ দেখিয়ে নিজের স্বার্থে লাগায়। কীভাবে? আপনি যেমন বিস্কুট খাওয়াবার লোভ দেখিয়ে কুকুরকে দিয়ে নিজের কাজ করাতে পারেন, তেমনি এই সূক্ষ্মদেহী ভূত-প্রেতকে লোভ দেখিয়ে কাজ করায় তান্ত্রিক। নেতা যেমন চাকরির লোভ দেখিয়ে ক্যাডারদের দিয়ে নিজের কাজ করায় বা বিপক্ষকে পেটানো, ব্যাপারটা সেরকম। এই হলো ভূত দিয়ে অন্যর ক্ষতি করার চেষ্টা।

**এ থেকে রক্ষা পাওয়ার উপায় কী?**

মন্ত্রজপ করে পজিটিভ তরঙ্গ ছড়ানো। এটি দুর্বল করে দেয় নেগেটিভ তরঙ্গকে। এটিই আবার ওই সূক্ষ্মদেহীকেও সাহায্য করে জেগে উঠতে।

**ভূতপ্রেত কি আমাদের ক্ষতি করতে পারে?**

দেখা যাক বিচার করে।

(১) ভূতের কি শক্তি আছে? যদি থাকত তাহলে কি হতো? যাকে হত্যা করা হয়েছে, সে ফিরে এসে খুনিকে শাস্তি দিত? কিংবা কোনওভাবে প্রতিশোধ নিত? বা আদালতে দ্রুত ন্যায়বিচারে সাহায্য করতে পারত। তাই না? কিন্তু এমন কটা ঘটনা ঘটেছে বলে আপনি শুনেছেন?

(২) হাসপাতালে এত লোক মরে, কিন্তু কখনও শুনেছেন ভূতগ্রস্ত হাসপাতালের (Haunted Hospital) কথা? বেশিরভাগ ভূত শ্মশানে বা কবরস্থানে কেন? ভূতেরা মানুষকে ভয় পায়। এজন্য হাসপাতালে ভূতের থাকার কথা শোনা যায় না। সেখানে রোগী, নার্স, ডাক্তার, কর্মীর ভিড় ২৪ ঘণ্টা। তার উপর দু'বেলা ভিজিটিং আওয়ার্স। এত মানুষের উপস্থিতি ভূত সহ্য করতে পারে না। কারণ মানুষের শক্তি ভূতের শক্তির থেকে অনেক বেশি।

এজন্যই ভূতেরা নির্জন শ্মশান ও কবরস্থান পছন্দ করে। প্রথমত সেখানে নির্জনতা, মানুষ খুব কম বলে ভূতেরা স্বস্তিতে থাকে। দ্বিতীয়ত অধিকাংশ মৃত ব্যক্তির নিজ শরীরের প্রতি আসক্ত বলে ওই জায়গাগুলিতে থাকে। তারা মনে করে যেখানে তাদের শরীর শেষ সময়ে ছিল, সেখানেই থাকলে ওই শরীর তাদের থেকে যাবে সবসময়।

(৩) মৃত্যুর পর অধিকাংশ জীবই দূরে চলে যায় এই জগৎ ছেড়ে। সামান্য কিছু আত্মা (সূক্ষ্ম দেহী) যারা আসক্ত বা পাপী, ছেড়ে যেতে চায় না। এদের শক্তি জীবিত মানুষদের থেকে খুব কম। আপনার শক্তি পাঁচটি স্তরে (দেহ, প্রাণ, মন, আধ্যাত্মিক, আনন্দ)। কিন্তু ভূতের শক্তি মনেই কেন্দ্রিত কারণ তাদের স্থূলদেহ নেই, আর প্রাণশক্তি সীমিত। আর আধ্যাত্মিক ও আনন্দ শক্তি সুপ্ত। আপনার এই শক্তিতে ভূত ভয় পায়। যেমন এই জগতে মানুষ এড়িয়ে চলে বেশি শক্তিশালী লোককে।

তবুও যদি কখনও মনে হয় ভূতের উপস্থিতি, এর অর্থ সে আপনার সাহায্য চাইছে। তখন তার শান্তির জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন। সে চলে যাবে।

**অনেকে বলে, ভালো কাজ বা পুণ্য করলে মৃত্যুর পর ভালো গতি হয়। খারাপ লোকের খারাপ গতি। এর তাৎপর্য কী–**

ভালো কাজ বা পুণ্য করলে আপনার মনে কী অনুভব হয় সেটা লক্ষ করেছেন? গরিবকে দান করা, কাউকে ক্ষমা করা, ভালোবাসা, মানুষকে আনন্দ দেওয়া, পুজো বা সাধনা, এমনকী গঙ্গাস্নানেও কেমন ভাব ওঠে মনে? মনটা যেন ভরে গেল, হৃদয় প্রসারিত। অর্থাৎ মানবিক ভাব বা মন বড় হলো, প্রসারিত হলো (expend)। আর খারাপ কাজে মনটা সংকুচিত হয়ে যায়।

এভাবে পুণ্য কাজে জীবাত্মার প্রসার হয়, নিজের সীমাবদ্ধতা থেকে মুক্তি ঘটে কিছুটা, স্বার্থপরতা বা আসক্তি কমে। আর খারাপ কাজে মনটা সংকুচিত হয়, নিজের সীমিত অস্তিত্বে পড়ে থাকে, স্বার্থপরতা বা আসক্তি বাড়ে।

মৃত্যুর পরও এই ভাব বা সংস্কার চলতে থাকে। ফলে সংকুচিত জীবাত্মা নিজের মধ্যে (বাড়ি, আত্মীয়, সম্পদ ইত্যাদিতে) আটকে থাকে আসক্তির জন্য। সে এসব ছেড়ে যেতে চায় না। কিন্তু পুণ্যবান জীবাত্মার মানসিক সংস্কারে প্রসারণের স্বাভাবিক প্রবণতা থাকায় এবং আসক্তি কম থাকার ফলে সে সহজেই বাড়ি, আত্মীয় ইত্যাদির আকর্ষণ কাটাতে পারে। মনে দিব্য প্রবণতা থাকায় দিব্যাত্মারা সহজেই তাঁর কাছে আসতে পারেন তাকে উচ্চ স্তরে নিয়ে যাওয়ার জন্য। এভাবে মৃত্যুর পর পুণ্যবান বা ভালো লোকের সদ্‌গতি হয়, আর খারাপ লোকের দুর্গতি।

**॥ দুই ॥**

মানসিক রোগীকে সারানোর ব্যাপারে ফ্রয়েড এক পদ্ধতি ব্যবহার করতেন–মনোবিশ্লেষণ (Pshychoanalysis)। রোগী আধশোয়া অবস্থায় চেয়ারে বসে ক্রমাগত নিজের কথা বলে যেত। আর ফ্রয়েড কোনও বিশেষ পয়েন্ট সেই কথার মধ্যে ধরে রোগের উৎস চিহ্নিত করতেন। স্বাভাবিকভাবেই এই উৎসটি হতো অতীতের কোনও ঘটনায় রোগীর প্রতিক্রিয়া বা ঘটনা পরম্পরা।

মনোবিশ্লেষণকে আরও উন্নত করে তৈরি হলো নতুন পদ্ধতি–Hypnotic Regression রোগীকে সম্মোহিত করে তার মনের গভীর বা অবচেতন স্তর থেকে অতীতের কোনও ঘটনা বা স্মৃতিকে ধরার চেষ্টা হতো। এই ঘটনাকেই মনোচিকিৎসকরা রোগের উৎস বলে মনে করতেন। রিগ্রেস মানে পিছিয়ে যাওয়া, প্রোগ্রেসের বিপরীত।

কোনও কোনও ডাক্তার চেষ্টা করলেন ওই স্মৃতির আরও পেছনে যেতে। দেখা গেল যে ছোটবেলার ঘটনা বা শিশু বয়সের স্মৃতিও উঠে আসছে এর ফলে। ডাক্তার এভাবে ওই ব্যক্তিকে বারবার পরীক্ষা করে আরও গভীরে যাওয়ার চেষ্টা করলেন। ফল হলো আশ্চর্য। ওই ব্যক্তি এমন সব কথা বলতে লাগল যা তার এই জন্মের নয়।

ডাক্তার পরীক্ষা করে জানতে পারলেন যে এইরকম ঘটনা ও জায়গার অস্তিত্ব। এমনকী কোনও কোনও ঘটনা তো দু-তিনশো বছর পরনো। যেমন, এক যুবতী (২১ বছর বয়সি) বলতে লাগল; আমার সামনে এক রাজপ্রাসাদ... বালি রঙের... দরজার সামনে রঙিন পাগড়ি মাথায় এবং সাদা শেরওয়ানি পরে দু'জন দাঁড়িয়ে আছে... তাদের হাতে বর্শা ও কোমরে তরোয়াল... আমি ঘোড়ায় চড়ে ওই রাজপ্রাসাদের দিকে যাচ্ছি... আমার নাম মহেন্দ্র সিং...। ডাক্তার পরে খোঁজ নিয়ে জানলেন, যুবতী যে কথা বলছে তা কোনও বইতে নেই অথচ ওই রাজ্যের বর্তমান রাজা ও অন্যান্যরা ওই কথা সত্যতা স্বীকার করলেন। এমনও দেখা গেল যে ওই যুবতী মাঝেমাঝেই বিদেশি ভাষায় কথা বলছে যদিও এ জীবনে সে ওই ভাষা শেখেনি।

অন্যান্য মনোবিজ্ঞানীরাও এই ঘটনায় আগ্রহী হয়ে উঠলেন। এবং নিজেরা আলাদা আলাদাভাবে অন্যান্যদের নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চালাতে লাগলেন। তারা পুনর্জন্মের কথা আগে শুনেছেন কিন্তু বিশেষ গুরুত্ব দেননি। এবার কিন্তু যথেষ্ট প্রাধান্য দিয়ে নানান গবেষণা শুরু হলো ইউরোপ ও আমেরিকায়। এই পরীক্ষার নাম তারা দিলেন 'পাস্ট লাইফ রিগ্রেশন'। বিভিন্ন হাসপাতাল ও মনোবিজ্ঞান গবেষণা কেন্দ্রে এই নিয়ে পরীক্ষা বা গবেষণা চলতে লাগল। গত ৫০ বছরে এই গবেষণার গতি ও ব্যাপকতা অনেক বেড়েছে। শুধু শিশুদের নিয়ে পূর্বজন্মের গবেষণায় বিখ্যাত সাইকিয়াট্রিস্ট ড. জিম টাকার তাঁর পরীক্ষা-নিরীক্ষাকে ভিত্তি করে লিখলেন সাড়া-জাগানো বই 'লাইফ বিফোর লাইফ; এ সায়েন্টিফিক ইনভেস্টিগেশন' এবং 'চিলড্রেনস মেমোরিজ অফ প্রিভিয়াস লাইভস'।

দেখা গেল যে, এই পরীক্ষা বা ট্রিটমেন্টে রোগী দ্রুত সেরে উঠছেন কোনও ওষুধপত্তর ছাড়াই। এই সঙ্গেই দেখা গেল যে শুধু পূর্বজন্মের কথাই নয়, আগের বহু জন্মের কথাও তাঁরা বলতে পারছেন।

পরে ডাক্তাররা দেখলেন যে, সম্পূর্ণ সুস্থ মানুষও এভাবে আগের জন্মের কথা বলছেন। এই জন্মে এ ব্যক্তির কিছু শারীরিক বৈশিষ্ট্য ও সার্বিক সামাজিক পরিবেশের কারণ রয়েছে আগের জন্মগুলির কিছু ঘটনার মধ্যে। হিন্দুধর্মের পুনর্জন্ম ও কর্মবাদের সঙ্গে নিজেদের গবেষণা-তথ্যগুলির মিল দেখতে পেলেন ডাক্তাররা। ক্রমশ 'কর্ম' থেকে 'Karmic' শব্দটি ব্যবহার করতে শুরু করলেন মনোবিজ্ঞানী ডাক্তাররা।

পুনর্জন্ম সম্বন্ধে ইউরোপ-আমেরিকায় অনেক গবেষণা হয়েছে। আমেরিকার ৮-১০টি বিশ্ববিদ্যালয়ে–ভার্জিনিয়া, মিয়ামি, ডিউক, ব্রাউন ইত্যাদি–বৈজ্ঞানিক পদ্ধতিতে এ বিষয়ে অনেক গবেষণা করে তা লিপিবদ্ধ করা হয়েছে।

বিখ্যাত মনোবিজ্ঞানী স্টিভেনশন দু'হাজারের বেশি পুনর্জন্মের ঘটনা লিখে রেখেছেন, নানা প্রবন্ধ প্রকাশ করেছেন। মিয়ামি হাসপাতালের মনোবিজ্ঞানী ডা. ওয়েইস এই বিষয়ে লিখেছেন তার বিখ্যাত বই 'মেনি লাইভস, মেনি মাস্টার্স'। বইটির ১৯ বছরে ৩৩ বার পুনর্মুদ্রণ হয়েছে। হিন্দুদের পুনর্জন্ম তত্ত্বের সঙ্গে তাঁরা নিজেদের অনেক মিল খুঁজে পেয়েছেন।

২২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ মেডিসিন সংস্থায় এক বিশেষ সেমিনার হয়। 'ফিফটি ইয়ার্স

অফ লাইফ-আফটার ডেথ রিসার্চ'-এ অংশগ্রহণ করেন বিখ্যাত মনোবিজ্ঞানী ও ডাক্তারেরা।

ব্রিটেনের মেডিক্যাল রিসার্চ কাউন্সিলের ড. আড্রিয়াম ওয়েস, আমেরিকার সাইকিয়াট্রি অ্যান্ড নিউরো-বিহেভিয়ারাল সায়েন্সের ড. ব্রুশ গ্রেমন, মনোবিজ্ঞান-গবেষক ডা. এডওয়ার্ড কেলি প্রমুখ বিজ্ঞানীর সঙ্গে ছিলেন নিউজউইক পত্রিকার অন্যতম সম্পাদক লিসা মিলের।

॥ তিন ॥

**মৃত্যুর আগে কি মানুষ বুঝতে পারে যে তার জীবন শেষ হয়ে আসছে? মৃত্যু পথযাত্রী কি এতে ভয় পান? কোনওরকম অনুভব হয় কি? হলে কেমন প্রতিক্রিয়া হয় মানুষের?**



ডাক্তাররা বুঝতে পারেন মৃত্যু পথযাত্রীদের। দৈহিক কিছু লক্ষণ বা অঙ্গ-প্রত্যঙ্গের রিপোর্টের সাহায্যে তারা এটা বুঝতে পারেন। দেখেছেন নিশ্চয়ই যে, অনেক সময় ডাক্তারবাবু আত্মীয়স্বজনকে বলেন, সুস্থ না হলেও, রোগীকে হাসপাতাল থেকে বাড়িতে নিয়ে যেতে। আর কিছু দৈহিক লক্ষণ দেখে রোগীর আত্মীয়রাও বুঝতে পারেন, রোগী আর বেশিদিন বাঁচবে না।

কিন্তু রোগী বা মৃত্যুপথযাত্রী নিজে কি কিছু বুঝতে পারেন? উত্তর–অনেকেই পারেন। কীভাবে? কী হয় তখন? নানারকম লক্ষণ দেখা গেছে যা মৃত্যু পথযাত্রী বুঝতে পারেন কিন্তু অন্যরা নয়।

(১) কোনও কোনও মৃত্যু পথযাত্রী নিজের অনুমান ক্ষমতার (ইনটিউশন) সাহায্যে বুঝতে পারেন। যুক্তি দিয়ে নয়, তার মধ্যে এমন এক ভাব অনুভূত হতে থাকেযে তিনি স্পষ্টই বুঝতে পারেন যে তার মৃত্যু হতে চলেছে। লক্ষ করেছেন নিশ্চয়ই যে কেউ কেউ বলে ওঠেন 'ছেলেকে খবর দাও, আসতে বলো'। কেউ বা অফিসযাত্রী সন্তানকে বলেন 'আজ অফিসে না গিয়ে আমার কাছেই থাক'।

কারও মধ্যে মৃত্যু বিষয়ে চিন্তা ও কথা হঠাৎ বেড়ে যায়। অন্যদের মনে হয় এই পরিবর্তন অকারণে কেন হলো?

কেউ বা চুপ করে যান। যেন সবকিছু থেকে মনকে সরিয়ে নিয়েছেন, কিছুতেই আর আসক্তি নেই। অনেক সময় প্রশ্ন করলেও তিনি সাড়া দেন না।

(২) কোনও মৃত্যু পথযাত্রী দেখতে পান তাঁর মৃত আত্মীয় বা বন্ধুকে। বাড়ির লোকদের বলেন তাঁকে চেয়ারে বসাতে বা সেই প্রয়াত ব্যক্তি যেন বারান্দায় বা বাড়ির ছাদে দাঁড়িয়ে আছেন, এমন কথাও তিনি বলেন। অন্যরা দেখতে না পেলেও মৃত্যু পথযাত্রী দেখতে পান প্রয়াত আত্মাকে।

তিনি যে দেখতে পাচ্ছেন তাদের এ কথা বলার সময় তিনি তন্দ্রাচ্ছন্ন থাকতে পারেন, সম্পূর্ণ জাগ্রতও। তিনি এটা বলেন রীতিমতো বিশ্বাসের সঙ্গে। যেন চোখের সামনে দেখতে পাচ্ছেন তাদের। কিন্তু পার্থক্য হলো তিনি ভয় পান না ওই মৃত মানুষকে দেখে, ভূত বলেও মনে করেন না। এমন ঘটনা মৃত্যুর ১০-১৫ দিন আগে থেকে মাঝেমাঝেই ঘটতে পারে, কিংবা ২-১ দিন আগে।

(৩) আবার কোনও ব্যক্তি পরিচিত আত্মীয়ের বদলে অচেনা মানুষকে দেখতে পান। কোনও কথা হয় না তাঁদের মধ্যে। তবে মৃত্যু পথযাত্রী বুঝতে পারেন যে তাঁর মৃত্যু হতে চলেছে এবং এঁরা এসেছেন তাঁকে নিয়ে যেতে। কিন্তু তিনি ভয় পান না, স্বাভাবিকভাবেই গ্রহণ করেন এই পরিস্থিতিকে।

(৪) অনেকে স্বপ্নে দেখতে পান প্রয়াত পূর্বপুরুষকে কিংবা অচেনা নারী-পুরুষকে। কখনও বীভৎস বেশে তাদের দেখা যায়। খালি চোখে দেখলে বীভৎস রূপ নয়, বরং সাধারণ বেশেই দেখা যায়।

এছাড়া, শারীরিক বিশেষ লক্ষণও দেখা যায় মৃত্যু পথযাত্রীর। গরুড় পুরাণ, শিব পুরাণ, মার্কণ্ডেয় পুরাণ ইত্যাদিতে এরকম অনেক লক্ষণের কথা রয়েছে।

**মৃত্যুর মুখোমুখি হয়ে মানুষ কী ভাবেন? কেমন ব্যবহার করেন?**

গৃহীরা কীভাবে ক্রিয়া-প্রতিক্রিয়া দেখান তা অনেক পাঠকই দেখেছেন। কিন্তু সাধু-সন্ন্যাসীরা কেমন ব্যবহার করেন সেটা কৌতূহলের বিষয়। এই লেখক এমন কিছু অভিজ্ঞতা লাভ করেছেন বিভিন্ন সময়ে। কয়েকটির কথা বলা যাক।

শুকদেব মহারাজ (স্বামী জয়ানন্দ) ছিলেন যুবকদের মধ্যে খুবই জনপ্রিয়, ৫০-৫১ বছর বয়সে তিনি দুরারোগ্য অসুখে পড়েন। তাঁর অবস্থা খুব খারাপ শুনে হাসপাতালে দেখতে যাই তাঁকে, আমাকে দেখেই হাসিমুখে আমন্ত্রণ জানালেন তিনি–এসো, খুব ভালো খবর আছে। ভাবলাম, আরোগ্যের পথে চলেছেন হয়তো, জিজ্ঞেস করার আগে নিজেই বললেন, ডাক্তার বলেছেন, আর ২-৩ দিন বাঁচব। স্তব্ধ হয়ে তাকিয়ে আছি তাঁর দিকে, অবাক হয়ে তিনি প্রশ্ন করলেন, তুমি গম্ভীর হয়ে গেলে কেন? জানো, আমার খুব আনন্দ হচ্ছে, আর দু'দিন বাদেই রামকৃষ্ণলোকে চলে যাব। হো হোত করে হাসলেন। আমি ঠাকুরকে বলেছি নিতে আসার সময় গাড়ি আনতে, হেঁটে হেঁটে আমি রামকৃষ্ণলোকে যেতে পারব না। খুব হাসতে লাগলেন শুকদেব মহারাজ। সেই শেষ দেখা মহারাজের সঙ্গে।

স্বামী বীতশোকানন্দ মহারাজ তখন কামারপুকুর আশ্রমের অধ্যক্ষ। বর্ধমানে এক উৎসবে গিয়েছেন। সেখানে রামকৃষ্ণ মিশনের কোনও শাখা নেই। একজনর ভক্তের বাড়িতে উঠেছেন। একদিন ভোরে উঠেছেন। ঘরে দু'পা এগিয়েই দেখেন শ্রীশ্রীমা সারদা তাঁর সামনে দাঁড়িয়ে। মহারাজ বুঝতে পারলেন যে তাঁর মৃত্যুর সময় উপস্থিত। তাই মা এসেছেন তাঁকে নিয়ে যেতে।

মহারাজ দেখলেন তাঁকে কিছুক্ষণ। পরে বললেন, মা, এখানে নয়। আমি আশ্রমেই দেহত্যাগ করতে চাই। শুনে মা হেসে মিলিয়ে

গেলেন, আর তা-ই হলো। কয়েক মাস পর, কামারপুকুর আশ্রমে সন্ধ্যারতি শুরু হবে। মহারাজ এক ব্রহ্মচারীকে ডেকে বললেন, তোমরা আরতিতে যাও। আরতির সময় কেউ যেন আমায় না ডাকে, আমি একা থাকতে চাই।

আরতি শেষ হলে ওই ব্রহ্মচারী এসে বাইরে থেকে মহারাজকে ডাকল, কয়েকবার ডেকে সাড়া না পেয়ে দরজা খুলে ভেতরে গিয়ে দেখল যে বীতশোকানন্দজির শরীর বিছানায় পড়ে আছে। দেহত্যাগ করে তিনি চলে গেছেন।

খুব মজার ঘটনা হয়েছিল সম্বুদ্ধানন্দ মহারাজের সঙ্গে। দারুন সাহসী। কারওর তোয়াক্কা করেন না। এক সভায় তো তৎকালীন প্রধানমন্ত্রী নেহরুর সামনেই বলে উঠেছিলেন, গান্ধীজি যদি ফাদার অফ দ্য নেশন হন তবে স্বামী বিবেকানন্দ হলেন গ্র্যান্ড ফাদার অফ দ্যা নেশন।

আরেকবার রাজ্যপাল পদ্মজা নাইডু'র সভায় বক্তৃতায় বললেন, স্বামীজি আর নেতাজি, এরাই দেশের আদর্শ। নিজের পরিচয় দিতেন 'ঢাকার বাঙাল' হিসেবে।



মহারাজ তখন কলকাতার সেবা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে। পাশের ওয়ার্ডে আমি। অসুস্থ হয়ে হাসপাতালে, রোজ মহারাজের কাছে গিয়ে কিছুক্ষণ গল্প করতাম।

একদিন মাঝরাতে শুনলাম মহারাজ চেঁচিয়ে কাকে যেন ধমক দিচ্ছেন। পরদিন সকালে গিয়ে জানতে চাইলাম, কী হয়েছিল? তিনি বললেন, কাল রাতে হঠাৎ ঘুমিয়ে দেখি চারটে যমদূত এসেছে আমায় নিতে। কালো, লম্বা, মোটা। দিলাম এক ধমক–খবরদার, মেরে ঠ্যাং ভেঙে দেব। গেট আউট। ব্যাটারা ভয় পেয়ে দৌড়ে পালিয়ে গেল। বলি, মহারাজ আপনার তো খুব সাহস। তিনি হেসে বলেন, ঢাকার বাঙাল তো। কাউকে ভয় পাই না। মনে হয় অন্য কাউকে নিতে এসেছিল, ভুল করে আমার ঘরে ঢুকে পড়েছিল।

মৃত্যুর কয়েকদিন আগে থেকেই কিছু কিছু মানুষ দেখতে পান আগন্তুকদের এই অভিজ্ঞতা আমার হয়েছে কয়েকবার। কলকাতার এক বৃদ্ধামহিলাো যিনি শয্যাগত ছিলেন অনেকদিন, তিনি মৃত্যুর কয়েকদিন আগে থেকেই মাঝে মাঝে বলতে থাকেন তার ছেলেকে, তোর বাবা এসেছে, চেয়ার দে ওকে বসার জন্য। এ-ও বলতেন, তোর মামা দাঁড়িয়ে আছে ছাদে, ওকে ডেকে এনে বসা।

আরেকজন ভদ্রলোক, ইন্দোরে থাকতেন, মৃত্যুর এক সপ্তাহ আগে থেকেই মাঝেমাঝে দেখতেন যে দু'জন অপরিচিত মানুষ এসেছে তাঁকে নিয়ে যেতে। আশ্চর্যের বিষয়, তাঁর মৃত্যু হবে কয়েকদিনের মধ্যে একথা বুঝতে পেরে অচেনা দু'জন লোককে দেখেও তিনি ভয় পাননি। ওই আগন্তুকেরা প্রায় প্রতিদিনই মাঝেমাঝে এসে দেখা দিত। এই ভদ্রলোক নিজের বাড়িতে এটা দেখতেন, কিন্তু তাঁর মৃত্যু হয়েছিল হাসপাতালে। আর কলকাতার ওই ভদ্রমহিলাো। নিজের বাড়িতেই দেখতেন প্রয়াত আত্মীয়দের, এবং ওই বাড়িতেই তাঁর মৃত্যু হয়।

সাধু ও গৃহীদের এমন দর্শনের কথা দেখেছি যখন আমি সেখানে উপস্থিত ছিলাম। লক্ষ করেছি, গৃহীরা মৃত্যুর কয়েকদিন আগে থেকেই এমন দৃশ্য দেখতে পেলেও সন্ন্যাসীদের এমন দর্শন হয় মৃত্যুর দিনে।

॥ চার ॥

**ধর্মে যে বিভিন্ন লোকের কথা আছে, যেমন দেবলোক, নাগলোক, পিতৃলোক ইত্যাদি, এসব কি সত্যিই আছে?**

হ্যাঁ আছে। বিজ্ঞানও নানা ধরনের বিশ্বের কথা বলে (Mutiverse)। অস্তিত্বের বিভিন্ন মাত্রায় (Dimension) এগুলি রয়েছে। সমান্তরাল বিশ্ব (Parallel Universe)। আমরা আছি চার-মাত্রা বিশ্বে। বিজ্ঞানীদের মতে, দশ বা আরও বেশি মাত্রার অস্তিত্ব রয়েছে।

আপনার মন নানা কোষে (পঞ্চকোষ, 5 layers বা অস্তিত্বে বা মাত্রায়) ঘোরাঘুরি করে। অন্নময় বা দৈহিক কোষে আপনি একরকম অনুভব করেন, মনোময়ে (মানসিক) অন্যরকম। আচরণের পার্থক্য দেখা যায় এ জন্য। যাওয়ার সময় একরকম আমি-ভাব (I-awareness)। গানে (মনোময়) আরেকরকম, ধ্যানের সময় চলে যান বিজ্ঞানময়ে (প্রজ্ঞা) যখন আপনার অনুভব চার মাত্রাকে অতিক্রম করে আরেক অস্তিত্বে।

মনের মতো শরীরও বিভিন্ন মাত্রার অস্তিত্বে থাকতে পারে। ঘুমে একরকম, স্বপ্নে আরেকরকম মাত্রায় চলে যান আপনি, অজ্ঞান হলে অন্যরকম। আবার সাধনার সময় আরেকরকম।

মৃত্যুর পর জীব সূক্ষ্ম শরীর ও মন নিয়ে আরেকরকম (ভিন্ন মাত্রার) অস্তিত্বে যায়। এই জীব নিজের সংস্কার অনুযায়ী তরঙ্গ ছড়ায় এবং সম-তরঙ্গের সূক্ষ্ম জীবের সংস্পর্শে আসে। এরা যে স্থানে থাকে তাকে 'লোক' (জগৎ) বলা হয়। এমন নানা সূক্ষ্ম লোক রয়েছে।

বিভিন্ন সূক্ষ্ম লোক থাকলে আমরা তা দেখতে পাই না কেন? কারণ আমরা স্থূল ইন্দ্রিয় দিয়ে কাজ করি। বিজ্ঞানের মতে, আপনার ঘরের মধ্যে দিয়েই হয়তো কোনও অন্য মাত্রার বিশ্ব (প্যারালেল ইউনিভার্স) চলে গেছে, কিন্তু আপনি তা বুঝতে পারছেন না কারণ আপনারা আলাদা আলাদা মাত্রায় রয়েছেন।

আমাদের বিশ্ব এক বুদবুদের (Bubble) মতো। অসংখ্য এমন বুদবুদ রয়েছে যার কয়েকটা মিলে নতুন জগৎ তৈরি করে আবার দূরেও চলে যেতে পারে। এই সমান্তরাল বিশ্ব ও অসংখ্য বিশ্বের (মাল্টিভার্স) কথা যতই জানবেন ততই মনে হবে ধর্মশাস্ত্রের নাগলোক, পিতৃলোক, দেবলোক ইত্যাদি নিছক কল্পনা নয়। ব্রহ্মাণ্ডে অসীম সম্ভাবনা রয়েছে (Possibilites)। বিভিন্ন মাত্রার

(Dimension) বিশ্ব আছে। সত্য (Realism) ও আপাতত যা দেখি (Localism), এই দু'য়ের মধ্যে পার্থক্য আছে।

**স্বর্গ-নরক বিষয়ে যা শুনি তা কি সত্যি? মৃত্যুর পর মানুষ যে স্বর্গে বা নরকে যায় সেটা কী?**

আমরা আগেই বলেছি যে এগুলি ভিন্ন-ভিন্ন মাত্রার জগৎ। হিন্দু পুরাণে চতুর্দশ ভুবন বা জগতের কথা রয়েছে। উপরে সাত ও নীচে সাত জগৎ। উচ্চস্তরের সাত (৭) লোক হলো ভু, ভুব, স্ব, মহ, জন, তপ, সত্য।

ভু হলো এই পৃথিবী (ভুলোক, ভুবন)। এটা উচ্চস্তরের কারণ এখানে তপস্যা করলে অন্যান্য উচ্চ লোকে যাওয়া যায়।

ভুব হলো পৃথিবী ও স্বর্গের মাঝে যে স্থান বা জগৎ মৃত্যুর পর সূক্ষ্ম শরীরে মানুষ এখানেই থাকে পরবর্তী জন্মের আগে পর্যন্ত। কিন্তু এখানে তারাই আসে যারা মোটামুটি ভালোভাবে জীবন কাটিয়েছে।

তৃতীয় উচ্চ স্তর স্বরলোক। এটাই স্বর্গ। পৃথিবীতে জীবনে যারা বিশেষ কোনও কামনা রেখে পুণ্য কাজ বা তপস্যা করেছে, তারা এখানে আসে মৃত্যুর পর। যে কামনাবশত পুণ্য করেছে সেইমতো ফলভোগ করে। সাধনার দ্বারা মানুষ ওঠে পশুত্ব থেকে মনুষ্যত্ব, পরে সেখান থেকে দেবত্বে। এই দেবত্ব উচ্চস্তরের সূক্ষ্ম শরীরে তারা থাকে এই স্বরলোক বা স্বর্গে।

চতুর্থে রয়েছে মহলোক বা স্তর। এখানে তাঁরাই আসেন যাঁরা কামনা না রেখে তপস্যা করেছেন বা শুদ্ধ মানবপ্রেম থেকে সেবা বা পুণ্য কাজ করেছেন। এঁরা সাধারণত ঋষি। বিষয়-সম্পত্তি নয়, সূক্ষ্ম বা চেতনা লাভ ছিল তাঁদের উদ্দেশ্য। এই লোকে এসে তাঁরা বুঝতে পারেন, পৃথিবীতে তাঁরা যা অনুভব করেছেন তার গভীরেও সত্তা রয়েছে। তখন সেই সত্তাকে অনুভবের চেষ্টা করেন, ঋষির অর্থ সত্যদ্রষ্টা। কিন্তু তাঁরা অনুভব করেন যে পৃথিবীতে তপস্যায় যে সত্যকে অনুভব করেছেন সেটা একাংশ মাত্র। ফলে মহর্লোকে স্থিত থেকেই তাঁরা তপস্যা চালিয়ে যান।

এর উপরে জনলোক। তপস্যার সঙ্গে সঙ্গে লোক-কল্যাণে তাঁরা সচেতন থাকেন। তবে শুধু ভু বা পৃথিবী নয়, অন্যান্য লোকের কল্যাণও করেন। অর্থাৎ পুরো ব্রহ্মাণ্ড যাতে সুষ্ঠুভাবে চলে তার খেয়াল রাখেন।

ষষ্ঠ স্তর তপলোক। এখানে তাঁরা শুধু তপস্যা নিয়েই থাকেন, মহর্লোকে যে সত্যের একাংশকে অনুভব করেছিলেন, সেই সত্যকে পূর্ণরূপে জানার জন্য চেষ্টা করেন। এখানেই আবার ব্রহ্মশক্তি বিভিন্ন দেবদেবীর রূপ নিয়ে আবির্ভূত হন। তৃতীয় বা স্বর্গলোকের দেবদেবীদের সঙ্গে ষষ্ঠ বা তপলোকের দেবদেবীদের এটাই পার্থক্য। স্বর্গে মানুষ তপস্যা করে দেবত্ব লাভ করে, আর পুণ্যক্ষয় হলে আবার পৃথিবীতে জন্ম নিতে হয়। কিন্তু তপলোকে দেবদেবীর আবির্ভাব হয় ঈশ্বর থেকে।

সপ্তমে সত্যলোক। ষষ্ঠ বা তপলোকে যে সত্যকে আংশিক অনুভব করে পূর্ণরূপ জানার জন্য তপস্যা করে চলেছিলেন, এবার তাকে অনুভব করে সত্যে মিশে যান।

**নরকেও কি এমনই বিভিন্ন স্তর আছে? থাকলে সেগুলি কী কী?**

একে পুরাণে (শাস্ত্রে) পাতাল বলা হয়েছে। এর সংখ্যাও সাত– অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল, পাতাল। এগুলিই বিভিন্ন নরক।

মৃত্যুর পর জীব কোনও বিশেষ আসক্তিতে বদ্ধ হয়ে কোথাও আটকে গেলে সেই স্থিতিকে অতল বলা হয়। সে নিজের বাড়ি বা সম্পদ কিংবা কোনও স্থান ছাড়তে চায় না। ফলে তার আর অগ্রগতি হয় না, যেখানেই যে বদ্ধ হয়ে পড়ে। ওই জায়গায় সে থাকে তার অতৃপ্ত বাসনা নিয়ে। আগের মতো ভোগ করতে পারে না কিন্তু চেষ্টা করে। এই ব্যর্থতা তাকে কষ্ট দেয় কিন্তু সে মোহবশত ওই জায়গা ছাড়তে পারে না।

এর নীচে রয়েছে বিতল নরক। আরও কঠোর। মৃত ব্যক্তি একা একা ঘুরে বেড়ায়। কখনও সে নিজেকে অনুভব করে মরুভূমির গরম বালিতে চলতে থাকা পথিক হিসেবে, মাথার উপর সূর্য। কেউ নেই চারদিকে। কিংবা পাহাড়ে বা জঙ্গলে এক থাকা কেউ কেউ বলেন, মহাভারতের অশ্বত্থামা আজও এভাবে রয়েছেন।

এরপর সুতল স্তর। এখানে গেলে অকারণে মনে হঠাৎ দুঃখ, ভয়, রাগ, বিষাদ ইত্যাদি নেতিবাচক ভাব ওঠে। কিন্তু সমাধান জানা না থাকায় তাকে ওইসব সহ্য করতে হয়।

পরের স্তর তলাতল। এখানে জীব কোনও পশু বা পাখির



রূপ পায় কিন্তু আগের মানসিক সংস্কার থাকে। অর্থাৎ, শরীরটা কোনও পশু বা পাখির অথচ মনটা মানুষের। এমন এক দ্বিধাগ্রস্ত ত্রিশঙ্কু অবস্থায় থাকে জীব।

এ-রকম শরীরটা জীবাণু থেকে কীটপতঙ্গের মধ্যে কোনটা হয় মহাতল নরকে। ভাবুন কী দুরবস্থা। শরীরটা আরশোলার কিন্তু মনটা মানুষের। এখানে যে বলা হচ্ছে 'মানুষের মন' এই মন কী তবে আপনার–আমার মতো? না। পৃথিবীতে কর্মের ফলে খারাপ কাজে তার মন সংকুচিত হয়ে পড়ে। এই সংকুচিত মন+আরশোলার দেহ। মহাতল = মহা+অতল।

এর নীচে রসাতল। এখানে গাছ (উদ্ভিদ) হিসেবে অস্তিত্বের রূপ। লক্ষ করুন, মন এখানে আরও সংকুচিত।

শেষস্তর পাতাল। এই নরকে জড় অস্তিত্ব, যেমন পাহাড়, পাথর ইত্যাদি। রামায়ণে অহল্যা কিছু সময় এই স্তরে ছিলেন। পরে রাম তাঁকে উদ্ধার করেন।

ভালো কাজ বা পুণ্য কর্মে ব্যক্তির মন প্রসারিত হয়, খারাপ কাজে সংকুচিত। পরীক্ষা করে দেখুন। উদারতা, প্রেম, দয়া ইত্যাদিতে মনটায় প্রসারিত বোধহয়। ঈর্ষা, রাগ, লোভ ইত্যাদিতে মনে সংকুচিত বোধ হয়। এবার লক্ষ করুন, পাপ যতই বাড়ে, মন ততই নীচের দিকে নামতে থাকে সংকুচিত হয়ে নরক বিষয়ে।

আসক্তির জন্য অতল নরক। বহু সংখ্যক নিরপরাধ মানুষকে হত্যা করলে বিতল। জীবনে অনেক মানুষকে দুঃখ দিলে সুতল।

মানুষকে পশুপাখির মতো তুচ্ছ-তাচ্ছিল্য করে নিজের স্বার্থে ব্যবহার করলে তলাতল নরক। আর কীটপতঙ্গ মনে করে এমন ব্যবহার করলে মহাতল। অসহায় মানুষদের তুচ্ছ মনে করে তাঁদের কষ্ট দিলে ব্যক্তি যায় রসাতল নরকে। আর ঈশ্বরের নামে শপথ নিয়ে যদি কেউ সরল বিশ্বাসী মানুষদের ঠকায় তবে পাতাল।

॥ পাঁচ ॥

**মৃত্যুর পর পুনর্জন্ম নিতে এক ব্যক্তির কতদিন সময় লাগে?**

কম করেও এক-দেড় বছর। আর বেশির দিক থেকে কোনও সীমা নেই। ৫০০, ১০০০... অনেক বছরও লাগতে পারে। যাদের চেতনা বিশেষ উন্নত নয় কিন্তু সরল মানুষ এবং পারিবারিক বা সামাজিক বন্ধনে আসক্ত তারা বেশি সময় নেয় পুনর্জন্মে। কিন্তু যারা বুদ্ধি প্রয়োগে কুশল এবং বিশেষ উপযোগী পরিবেশে জন্মাতে চায় তারা অনেক সময় নেয়।

অশুভ বা পাপী আত্মাদের নরকে যেতে হলে এবং পুণ্যাত্মাদের স্বর্গে যাওয়ার ফলে এই দুই স্তরের ব্যক্তিদের পুনর্জন্ম নিতে দেরী হয়। আবার অনেকে জাগতিক আসক্তির জন্য আটকে পড়ে। এদেরও দেরি হয় জন্ম নিতে।

**প্রয়াত বা মৃত ব্যক্তির সঙ্গে কি যোগাযোগ করা যায়?**

হ্যাঁ যায়। প্ল্যানচেট ইত্যাদি পদ্ধতির কথা জানেন নিশ্চয়ই। তবে এই অনুষ্ঠানে উদ্দিষ্ট আত্মাই যে আসবে তার কোনও স্থিরতা নেই। অনেক সময়ই অন্য আসক্তিপূর্ণ আত্মা এসে মিথ্যা কথা বলে যে সেই ওই উদ্দিষ্ট আত্মা। অন্যদিকে যেসব অত্মা অনেক দূর চলে গেছে তাদের ডাকলে কষ্ট হয় আসতে। এজন্য প্রয়াত আত্মাকে না ডাকাই ভালো।

মৃত ব্যক্তি ইহজীবনে যতই প্রিয়জন হন না কেন, মৃত্যুর পর তাঁদের মানসিকতায় পরিবর্তন ঘটে। আপনি তাঁকে এখনও ভালোবাসতে পারেন কিন্তু তিনি যে এখনও আপনাকে আগের মতোই ভালোবাসেন এমন নাও হতে পারে। আরেকটা কথা, কোনও দুষ্ট আত্মা ছদ্মপরিচয় দিয়ে আপনার কাছে এসে পরে ফেরত নাও যেতে পারে। এতে আপনারই ক্ষতি।

তবে কী করতে পারেন আপনি? তার জন্য প্রার্থনা করতে পারেন ঈশ্বরের কাছে। প্রয়াত ব্যক্তি যাতে শান্তিতে থাকেন, তার যাতে উচ্চগতি হয়, এই প্রার্থনা করুন।

**মৃত ব্যক্তি যদি আমার স্বপ্নে দেখা দেন তবে কি করব?**

অনেক সময় আপনার কল্পনাই স্বপ্ন হয়ে আপনি দেখেন। এই দেখাগুলি মূলত স্মৃতিনির্ভর। পুরনো দৃশ্য বা ঘটনার ছাপ ওই স্বপ্নে থাকে। কিন্তু যদি তেমন ছাপ বা স্মৃতি না থাকে তাহলে আপনি তাঁকে স্বপ্নে দেখবেন আপনার দিকে তাকিয়ে থাকতে বা অচেনা কোনও স্থানে তিনি বসে বা দাঁড়িয়ে আছেন একা। এর অর্থ তিনি স্বপ্নে দেখা দিচ্ছে আপনাকে।

এমন স্বপ্ন দু-এক বার দেখলে গুরুত্ব দেবেন না। কিন্তু প্রায়ই বা মাঝেমাঝেই দেখলে চিন্তা করুন ওই সময় তাঁর মুখের অবস্থা কেমন ছিল?

যদি মুখ আনন্দিত বা উজ্জ্বল থাকে তবে তার অর্থ তিনি মৃত্যুর পর আনন্দে আছেন এবং আপনাকে আশীর্বাদ করতে এসেছেন। আর মুখে দুঃখের ছাপ বা অসহায় ভাব কিংবা বিভ্রান্তি অথবা শূন্য দৃষ্টি থাকে তবে তিনি বিশেষ ভালো নেই। তিনি আটকে গিয়েছেন কোথাও, আসক্তিবশত এগিয়ে যেতে পারছেন না, এবং আপনাকে স্বপ্নে দেখা দিচ্ছেন সাহায্য পাবার জন্য।

**আপনি কি করবেন তাঁকে সাহায্যের জন্য?**

সম্ভব হলে গয়ায় পিণ্ড দেওয়ার ব্যবস্থা করুন। কিংবা ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তাঁর মঙ্গলের জন্য। মন্ত্রজপ করুন এবং ওই জপের ফল তাঁকে নিবেদন করুন কিংবা তাঁর সুগতির জন্য তিনদিন, সাত বা দশদিন রোজ ১০-১৫ মিনিট মন্ত্রজপ করুন। কোনও মন্দিরে গিয়ে তাঁর মঙ্গল কামনায় পুজো দিতে পারেন। তাঁর ব্যবহৃত পোশাক, জুতো, পেন ইত্যাদি দিয়ে দিন কাউকে। কয়েকজন গরিবকে খাওয়াতে পারেন। অর্থাৎ মৃত ব্যক্তির মঙ্গল কামনা করে কিছু পুণ্যকর্ম করা।

এখানে একটা কথা বলা বিশেষ প্রয়োজন। মৃত্যুর পর কারওর বিয়োগ ব্যথায় আপনার দুঃখ হওয়া, কান্না আসা স্বাভাবিক। কিন্তু এই অবস্থাকে বেশিদিন চলতে দেবেন না। অনেকে হা-হতাশা করেন। তাঁর কাছে যাওয়ার জন্য মিনতি করেন, মনে-মনে মৃত ব্যক্তির উদ্দেশ্যে ক্রমাগত বা মাঝেমাঝেই বলতে থাকেন দুঃখের সুরে 'তুমি কোথায় গেলে গো?' 'দেখে যাও তোমাকে ছাড়া আমাদের কী অবস্থা!' ইত্যাদি। এভাবে দুঃখে হা-হুতাশ কান্নাকাটি করা বেশিদিন উচিত নয়। এতে মৃত আত্মা ভাবে যে আপনি বুঝি সত্যিই তাঁকে ছেড়ে থাকতে চান না। ফলে তিনি ফিরে আসতে চান কিন্তু তা না পেরে কষ্ট পান।

তাছাড়া আপনার দুঃখ ও আর্তনাদ তাঁর অগ্রগতিতে বাধা দেয়। তিনিও শরীরের অভাবে ফিরে আসতে না পেরে স্বপ্নে বারবার দেখা দেন। এজন্য তিনদিন (কোথাও বা তেরো দিন)–এরপর মৃত ব্যক্তির জন্য দুঃখ না করে তাঁর সদ্গতির জন্য প্রার্থনা, জপ, পুজো দেওয়া ইত্যাদি করা ভালো।

**মৃত ব্যক্তি কতদিন পরে তার আপনজনদের ভুলে যায়?**

যারা বিশেষ আসক্ত নয় তারা অনেকেই মৃত্যুর পরে নিজেকে দেখতে পায় বিছানায় শোওয়া অবস্থায়। নিজেকে অনুভব করে ওই দেহ থেকে বিচ্ছিন্ন সত্তা হিসেবে, কিছুটা উপরে ভাসমান অবস্থায়। অনেকেই ভয় পেয়ে যায় এবং ওই মৃতদেহে ঢুকতে চেষ্টা করে। বুঝতে পারে না যে সে মরে গেছে। সবাইকে সে বলার চেষ্টা করে যে সে কোথাও যায়নি। এখানেই আছে। কিন্তু কেউ তার কথায় সাড়া দিচ্ছে না বলে সে অবাক হয়। যে মৃত ব্যক্তি আগত কোনও আত্মার সঙ্গে চলে যায় তার আর অসুবিধে হয় না। কেউ আবার ঘুমের মতো অবস্থায় চলে যায়। যারা আসক্ত তারা ওই বাড়ির কাছাকাছি থাকে। শ্মশানে দেহ পুড়িয়ে দিলে বুঝতে পারে যে সে মারা গেছে। বাকিরা নিদ্রাচ্ছন্ন অবস্থা থেকে কিছুটা জেগে ওঠে শ্রাদ্ধের দিন যখন তাকে খাবার দেওয়া হয় এবং পুজো-প্রার্থনা করা হয় তার জন্য। সে তখন এক শক্তির প্রবাহে ওই জায়গা ছেড়ে চলে যায়। কিংবা আগত আত্মার সঙ্গে চলতে থাকে।

চলতে চলতে সে অন্যমাত্রার জগতে ঢুকে পড়ে গত জন্মের কথা ভুলে যায়। অনেকটা সে নবজাত শিশুর মতো। তারও

সূক্ষ্মদেহী রূপে যেন নতুন জন্ম হয়। চতুর্দশ ভুবনের কথা আগেই বলা হয়েছে। কর্ম ও সংস্কার অনুযায়ী সে ওইগুলির মধ্যে যাতায়াত করে। পরবর্তী মানুষ জন্ম অবধি এভাবেই সে থাকে।

**আজকের দিনে শ্রাদ্ধ করা কি কুসংস্কার নয়? এর প্রাসঙ্গিকতা কী বর্তমানে?**

বছরে একদিন শ্রমিক দিবস পালন করা যেতে পারে। আরেকদিন শিক্ষক দিবস, অন্যদিন যুব দিবস, শিশু দিবস, নারী দিবস...। এমনকী প্রেমিকার জন্য ভ্যালেন্টাইনস ডে। আর পিতৃদিবস হলেই সেটা কুসংস্কার?

শ্রাদ্ধ শব্দটি এসেছে শ্রদ্ধা থেকে। বছরে অন্তত একটি দিন তাঁদের প্রতি শ্রদ্ধা জানানো, তাঁদের স্মরণ করা যাদের প্রতি আমি ঋণী। যাদের স্বার্থহীন ভালোবাসা ও ত্যাগের ফলে আমি বড় হয়েছি, আমার অস্তিত্ব, আমার পরিচয়। শ্রাদ্ধ এই ঋণ স্বীকার। যতটা না তাঁদের জন্য, এর চেয়ে বেশি আমার জন্য।

তাঁরা আজ সূক্ষ্ম শরীরে কী পরজন্মে নতুন জীবনে, যেটা মুখ্য নয়। বড় কথা, শ্রাদ্ধ অনুষ্ঠানে ঈশ্বরের পুজো করে তাঁদের মঙ্গল কামনা করছি। যাঁরা সারাজীবন আমার কল্যাণ চিন্তা ও কর্মে ব্যস্ত থেকেছেন, তাঁদের কথা মনে করা। ভোগ দিচ্ছি, সেইসব খাবার যা তাঁরা ভালোবাসতেন। যুগ পার্থক্যে খাদ্যের ধরন ও অভ্যাস পাল্টায়, কিন্তু আমি ভুলিনি তাঁদের পছন্দের কথা।



দান করছি তাঁদের হয়ে, তাঁদের নামে। অর্থাৎ বলতে চাইছি, 'আপনাদের দেওয়া সুসংস্কার ভুলিনি আজও, মনে রেখেছি আপনাদের দেখানো পথ'।

সকালে গঙ্গা নদীতে তর্পণ করে বলতে চাইছি যে আপনাদের স্মরণ করা, এই স্মৃতিচারণ পরম পবিত্র আমার কাছে। আর গঙ্গাজলে তর্পণ? সবচেয়ে গরিব মানুষও যাতে কিছু দিতে পারে তাঁদের। তাঁদের ঋণ কখনও শোধ করা যায় না। তাই গঙ্গাজল এক প্রতীক, অমূল্য ও সবচেয়ে পবিত্র বস্তুর। তর্পণ তো তৃপ্তির আরেক নাম। আর নদীতে দাঁড়িয়ে কেন এই তর্পণ? সামান্য বস্ত্র পরে দাঁড়াও, হও তাঁদের মুখোমুখি, কোনও রাজবেশে নয়, অহংকার নিয়ে নয়, সবকিছু ছেড়ে দাঁড়াও। যে বেশে এসেছিলে এই পৃথিবীতে তাঁদের কাছে, সেভাবেই আশীর্বাদ চাও।

ভোরে নদীতে তর্পণ, বাড়ি ফিরে পুজো ও শ্রাদ্ধ, পরে দান (পুরোহিতকে, আর অন্যান্যদের খাবার), বিকেলে সবাই মিলে স্মৃতিচারণ, সন্ধ্যায় ভজন ও সমবেত প্রার্থনা। এভাবে সারাটা দিন ঋণস্বীকার ও কৃতজ্ঞতা জানানো।

আর এই প্রার্থনা, মহানচিন্তা, কৃতজ্ঞতা চিন্তাতরঙ্গ হিসেবে গিয়ে পৌঁছায় ওই প্রয়াত ব্যক্তির কাছে। তারও সদ্‌গতি হয়। আত্ম হয়, চিন্তাতরঙ্গ বা যোগীদের ভাষায় যা তন্মাত্রা, তার চেতনাকে সুগতি দেয়, সূক্ষ্মদেহকে সাহায্য করে অগ্রগতিকে। আর মৃত্যুর পর আবার জন্ম হয়ে গেলেও এক অজানা অচেনা আনন্দে ভরে ওঠে তার মন। এই হলো শ্রাদ্ধের তাৎপর্য।

**আমাদের কাজের হিসেব কি চিত্রগুপ্ত লিখে রাখেন? পরজন্মে আমি কি হব সেটা কি তিনিই ঠিক করেন?**

আপনার অবচেতন মনই চিত্রগুপ্ত। মনের ওই স্তরে আপনার চিন্তা ও কর্মের সংস্কার জমা থাকে। এবং সেই অনুসারে পরজন্ম অনেকটা প্রভাবিত হয়। এর মানে এই নয় যে সব কাজের ফলই সংস্কার হিসেবে থাকে বা চিত্রগুপ্ত লিখে রাখেন। কিংবা সেই অনুসারে পরজন্ম নির্ধারিত হবে। যেমন আপনি রোজ ভাত খেলেও পরজন্মে যে বাঙালি হয়েই জন্মাবেন ভাত খাওয়ার সংস্কারের জন্য তাও নয়।

সংস্কার দৈহিক ও মানসিক দু-রকমেরই হয়। কাজ হয় শরীর দিয়ে কিন্তু এই কাজ মনে তীব্র বা গভীর ছাপ ফেললে তবেই পরজন্মে সেটা প্রভাব ফেলে। উদাহরণ দিই। এক মন্ত্রী রোজ অফিসে গিয়ে লিফ্‌ট দিয়ে উপরে উঠে নিজের রুমে যান, ফাইল দেখেন। কিন্তু এই কাজগুলি তেমন গুরুত্বপূর্ণ নয় তার কাছে। আর পাঁচটা কাজের মতোই। তিনি বেশি চিন্তিত নিজের গদি নিয়ে। নির্বাচন আসছে, তাছাড়া দলের মধ্যেই বিক্ষুব্ধ গোষ্ঠী আছে তাকে হঠিয়ে দেবার জন্য। অর্থাৎ লিফ্‌ট ও ফাইলের কাজ নয়, তার মনে গভীর সংস্কার তৈরি করে গদি রাখার ইচ্ছে ও কাজ।

নিষ্কাম কর্মের গুরুত্ব এখানেই। শরীর কাজ করছে কিন্তু মনে গভীর প্রভাব ফেলছে না। ফলে সংস্কার তৈরি হচ্ছে না। এজন্যই মিশনের সাধুরা এত ত্রাণ কাজ করলেও পরজন্মে এরা নিছক ত্রাণকর্মী হয়ে জন্মান না। আরেকটা উদাহরণ। হত্যা খুবই ভয়ানক কর্ম। এ-সত্ত্বেও শ্রীকৃষ্ণ বলছেন অর্জুনকে এ কাজ করতে। নিষ্কামভাবে এ কাজ দৈহিক কিন্তু নিষ্কামভাবে করলে মনে গভীরে ছাপ ফেলে না, সংস্কার তৈরি হয় না।

মনে করুন, আপনি খেতে ভালোবাসেন, আজ ইলিশ, কাল চিকেন, পরশু পিৎজা খান প্রায়ই। আপনার মনে সংস্কার তৈরি করবে বিষয় (খাবারের পদ) নয়, বরং খাবারের প্রতি লোভ। পরজন্মে এই লোভ বড় হয়ে দেখা দেবে ইলিশ, চিকেন, পিৎজা নয়। অর্থাৎ বিষয় নয়, মানবিক আসক্তিই প্রভাবিত করে পরজন্মকে। তখন হয়তো বিষয় বা খাদ্য পাল্টাবে পরিবেশ বা স্থান-কাল-পাত্র অনুযায়ী। হয়তো চাউমিন ইডলি রসম হবে। আর তখন লোভ প্রকাশিত হবে এই খাদ্যপদগুলির প্রতি।

এজন্যই গীতা সতর্ক করছে কাম, ক্রোধ, লোভ নিয়ে, বিষয় নিয়ে নয়। এগুলির বিষয় বদলে যেতে পারে পরজন্মে, কিন্তু থেকে যাবে মানসিক প্রবণতা। আর এই প্রবণতা (বা সংস্কার) কাজ করবে বিভিন্ন বিষয়কে নিয়ে। যেমন এই জন্মের খাদ্য লোভ যদি আমিষকে কেন্দ্র করে থাকে পরজন্মে যেটা মদ বা কোনও নেশাকে নিয়েও হতে পারে।

অন্যত্র বিষয় গৌণ হলেও মানুষের ক্ষেত্রে তা নয়। কোনও মানুষকে তীব্রভাবে ভালোবাসলে পরজন্মেও তার সঙ্গে মিলন

সম্ভব। কিন্তু শুধু ভালোবাসা নয়, তীব্র বিদ্বেষও কাছে নিয়ে আসে দু'জনকে। মনে করুন, কেউ সুযোগ পেলেই আপনাকে অপমান করে বা শত্রুতা করেছে। আপনার মনের অবস্থা তখন কেমন? আপনি পাল্টা আঘাত করতে চান বা প্রতিহিংসা। যদি এই জন্মে সেই সুযোগ না পান, পরজন্মে প্রকৃতি সেই সুযোগ আপনাকে দেবে। তখন আপনাদের দেখা হবে বা কাছাকাছি আসবেন দু'জন। এবং আপনার প্রতিশোধ নেবার ইচ্ছা পূর্ণ হবে। এজন্যই বলা হয় যে অকারণে বা অসহায় দুর্বল মানুষকে কষ্ট দিতে নেই।

জীবনে হয়তো এমন বেশ কয়েকবার আপনার মনে হয়েছে যে অজানা অচেনা কাউকে দেখে তার প্রতি অকারণেই ভালোবাসা বা বিদ্বেষ ভাব উঠেছে। এ হলো গত জন্মেরই প্রতিফলন।

**কোনও মানুষ যখন আবার জন্ম নেয় তখন কি পূর্বজন্মের মতোই পরিবেশ পেশা জীবন হয়? এই জন্ম দেখে কি বলা যায় তার পরজন্ম কেমন হবে?**

খালি হাতেই এসেছি, খালি হাতেই যেতে হবে। কথাটা আংশিক সত্যি। আসলে, পুরনো সংস্কার নিয়ে এসেছি আর নতুন সংস্কার নিয়ে যাব। এ জন্ম তো গেল কিন্তু পরজন্মটা কেনম হবে? আবার কি এ-জন্মের মতো শিক্ষক বা ডাক্তার হব? এটা নির্ভর করে সংস্কার বা মনের প্রবণতার উপর, এবং ওই সময়ের পরিবেশ অনুযায়ী।

কিন্তু বোঝা যায় পরজন্মটা কেমন হবে। তার আভাস পাওয়া যায়। কীভাবে, অবসর জীবনযাপনের ধরন লক্ষ করে বা ৬৫ বছরের পর এক ব্যক্তি কীভাবে জীবন কাটাচ্ছে তা দেখে। কাজের সময় অনেকরকম টানা-পোড়েন প্রভাব ফেলে মানুষের মনের উপরে। আর অবসর সময়ে বেরিয়ে আসে তার মূল ইচ্ছা-অনিচ্ছা বা প্রবণতা। আর এটাই দেখায় তার এ-জন্মের সংস্কার। তাই এই বয়সি কোনও ব্যক্তির আচরণ দেখলে আভাস পাওয়া যায় পরজন্মে সে কেমন হবে।

**এই সংস্কারগুলি যদিও থাকে তার অবচেতন মনে, বিভিন্ন চক্রে ওই ব্যক্তির চেতনার স্থিতি লক্ষ করলে সেটা বোঝা যায়। কীভাবে?**

জীবনের শেষাংশে চেতনা যদি মূলাধার চক্রে থেকে যায় তবে তিনি বেঁচে আছেন সাধারণ মানুষের মতো। দৈহিক অস্তিত্বই প্রধান তাঁর কাছে। অর্থাৎ সেই কবিতার মতো 'দাদা আমি সাতে পাঁচে থাকি না/ বারান্দা থেকে আমি নামি না।' তার সঙ্গে কথা বললে তিনি তার দৈহিক কষ্টের কথাই বেশি বলেন। দেহগত অস্তিত্ব ও বাড়ি টাকা পরিজন, এই সংস্কার নিয়ে তার মৃত্যু এবং পরজন্মেও তার রেশ চলতে থাকে, নিজেকে নিয়েই ব্যস্ত, গতানুগতিক ধরাবাঁধা জীবন পছন্দ। তামসিক চরিত্র নিয়েই সম্ভবত কাটবে তার জীবন।

ব্যক্তি বৃদ্ধ বয়সেও প্রাণশক্তিতে উজ্জ্বল থাকেন যদি তাঁর চেতনা থাকে স্বাধিষ্ঠান চক্রে। তিনি দৈহিক কষ্ট নিয়ে বলতে, বরং হইচই করতে ভালোবাসেন। হয়তো ৭০ বছর বয়সে আবার বিয়েই করে ফেলবেন। এই প্রাণশক্তি তাঁকে পরজন্মে করে তুলতে পারে প্লেয়ার, নেতা, ব্যবসায়ী। আবার এই প্রাণশক্তির অপপ্রয়োগ হতে পারেন তোলাবাজ পাড়ার দাদা, পতিতাপল্লির দালাল। কী হবে তা নির্ভর করবে পরজন্মের পরিবেশের উপর।

তেজ বা আগুনের স্থান মণিপুর চক্রে। এখানে চেতনা থাকলে ব্যক্তির মেজাজ হয় খিটখিটে, সংসারে দাদাগিরি করে সবাইকে অতিষ্ঠ করে তোলে, পরের দোষ ধরা তাঁর অভ্যাস হয়ে দাঁড়ায়। কিংবা যে হবে সাহসী, ঝুঁকিপূর্ণ কাজে উৎসাহী, অন্যদের অনুপ্রাণিত করতে পারবে, সহজেই। এরা পরজন্মে সৈন্য, বা পুলিশ হতে পারে। কিংবা সাহসী কাজের পেশায় যেমন পর্বত আরোহী, সাগরের অতলে ডাইভার, শিকারি, ফিল্মের স্টান্টম্যান ইত্যাদি।

হৃদয়মান ব্যক্তি অনাহত চক্রে স্থিত। ইনি কোমল স্বভাবের। ফলে অনেক সময়ই অন্যায়ের প্রতিবাদ করতে না পেরে কষ্ট পান। কিন্তু তাঁরা ভালো লোক হন সাধারণত যদিও দুঃখ পান নিজের দোষেই। তাঁদের অনেকের মধ্যে সৃজনশীলতা থাকে। পরজন্মে শিল্পী, সাহিত্যিক, সমাজসেবী হবার সম্ভাবনা, আর এই শক্তির ভুল প্রয়োগে ছিঁচ কাঁদুনে, ঘনঘন প্রেমে পড়া, ভয়ার্ত ও অসুরক্ষিত ভাব থাকে এদের ব্যক্তিত্বে। এ দূর না করলে পরজন্মেও এই মানসিকতা থেকে যেতে পারে তাদের মধ্যে।

চেতনা অধিকাংশ সময় বিশুদ্ধি চক্রে থাকলে ব্যক্তি বাকপটু হন। পাণ্ডিত্য ও স্বচ্ছ ধারণা দেখা যায় তাঁর মধ্যে। পরজন্মে তিনি হতে পারেন বক্তা, শিক্ষক, দার্শনিক, সাংবাদিক, বিজ্ঞানী প্রমুখ। ইনি সংক্ষেপে এবং ট্যু-দ্য-পয়েন্ট কথা বলতে পছন্দ করেন। আর এই শক্তির অপব্যবহারে তিনি হয়ে যান বাক্যবীর বুদ্ধিজীবী, সবজান্তা নির্বোধ।

ব্যক্তির মধ্যে ধর্ম, সাধনা, জীবনজিজ্ঞাসা দেখা যায় যখন চেতনা আজ্ঞা চক্রে থাকে অধিকাংশ সময়। পরজন্মেও এই প্রবণতা থেকে যায় তার মধ্যে।

এসব যে এয়ারটাইট কম্পার্টমেন্ট তা নয়। বরং অধিকাংশ ব্যক্তিতে মিলিয়ে থাকে একাধিক বৈশিষ্ট্য। যেমন কোনও পুরোহিত বা পান্ডা ধর্মস্থানে থেকেও মুলাধার ভিত্তিক হতে পারে অর্থ-কাপড় প্রণামীর দিকে আসক্তি থাকলে। আর আতঙ্কবাদীরা ধর্মসথানে মন রেখেও মণিপুর চক্রে কেন্দ্রায়িত। তাই কারওর মধ্যে একাধিক বৈশিষ্ট্য থাকলেও বেশ কিছুদিন ধরে ব্যক্তিকে লক্ষ করতে হয় তার মূল প্রবণতা বোঝার জন্য।

তাছাড়া পরজন্মে ভালো প্রভাবে ব্যক্তির মধ্যে পরিবর্তন আসতে পারে। সেখানে আরও সূক্ষ্ম বিচার ও বিশ্লেষণ করা দরকার।

মৃত্যুর সময় বা কিছু আগে অনেকেই দুঃখ পান সব ছেড়ে চলে যেতে হবে বলে। কিন্তু 'কী ছেড়ে যাচ্ছি' তার চেয়েও গুরুত্বপূর্ণ প্রশ্ন 'কী নিয়ে যাচ্ছি?' কোন সংস্কার নিয়ে শুরু হবে পরবর্তী জীবন?

দেখা গেছে মৃত্যুর কয়েক ঘণ্টা পরেও ব্যক্তির চুল-নখ বাড়তে থাকে। শরীরের কোনও কোনও অঙ্গপ্রত্যঙ্গ তখনও একেবারেও মরে যায় না। আর এজন্যই মৃত ব্যক্তির শরীরের বেশকিছু অংশ আলাদা করে অন্যের শরীরে লাগানো যায়। যেমন চোখ, চামড়া, কিডনি ইত্যাদি। অর্থাৎ বাড়ির মালিক বাড়ি ছেড়ে চলে গেলেও বাড়িটা ধ্বংস হয়ে যায় না।

এ-রকম হয় মাতৃগর্ভেও। ভ্রূণ সৃষ্টি হলেই জীবের বা পূর্বজন্মে মৃত ব্যক্তির আগমন হয় না। ডিম নিষিক্ত হলে যেন বাড়ির ভিত্তি

স্থাপন হলো। এবং এরপর বাড়ি তৈরি শুরু হয়। মোটামুটি দেড় মাস পরে ওই শরীরে জীবের আগমন ঘটে। অর্থাৎ জীব 'মায়ের গর্ভে আসার আগেই তার থাকার ব্যবস্থা হয়। দেড় মাস পরে জীবের আবির্ভাব হলেও ওই জীব আবার বেরিয়ে যেতে পারে। অর্থাৎ নতুন বাড়িতে কয়েকদিন থাকার পর অপছন্দ হলে বা ইচ্ছা করলে ওই বাড়ি ছেড়ে জীব অন্য বাড়ির খোঁজে যেতে পারে।

নতুন গর্ভ ভালো কী খারাপ লাগছে এই সিদ্ধান্তে আসার জন্য আরও দেড় মাস সময় সে পায়। অর্থাৎ গর্ভবতী হবার তিন মাস পরই চূড়ান্ত অবস্থায় আসে জীব। সে সিদ্ধান্ত নিয়ে ফেলে যে এই মায়ের সন্তান হয়েই সে জন্ম নেবে।

**মাতৃগর্ভে জীব কীভাবে থাকে? তার কি স্বাধীন ইচ্ছা আছে মা-বাবা-ঘর বেছে নেওয়ার?**

তাহলে তো সবাই আম্বানির মতো ধনী ঘর বেছে নিত। এখানে সংস্কার ও স্বাধীনতা প্রসঙ্গে বোঝা দরকার। মনে করুন যে, দুই বন্ধু একসঙ্গে লাইব্রেরিতে গেল বই আনতে। এখানে দু'জনেরই স্বাধীনতা রয়েছে ওই লাইব্রেরির ত্রিশ হাজারে বইয়ের যে-কোনওটা বেছে নেওয়ার। দেখা গেল এক বন্ধু নিয়েছে উপন্যাস, অন্যজন ধর্মগ্রন্থ। কেন এই পার্থক্য? তারা স্বাধীন হয়েও এই স্বাধীনতার ব্যবহার করেছে নিজেদের সংস্কার অনুযায়ী। যেমন এক গায়ক পরজন্মে ধনী ব্যক্তির পরিবারের চেয়ে কোনও গায়ক পরিবারে জন্মাতে চাইবেন। এক মাফিয়া পরজন্মে ধার্মিক নয় বরং কোনও বড় গুণ্ডার ঘরে জন্মাতে চাইবে।

**মাতৃগর্ভে জাতকের অবস্থা কেমন থাকে?**

ঘুমের ঘোরে থাকে। আবছা স্বপ্নের মতো অনুভবও হয় গত জন্মের কিছু ঘটনা। এবং মায়ের চারপাশে বিভিন্ন মানুষ যে কথা বলে, মায়ের মনে যে ভাব ওঠে, সেসব ঢেউ বা তরঙ্গের আকারে সে অনুভব করে। এবং এভাবেই নতুন সংস্কার তৈরি হতে শুরু করে। সে অনেক সময় নিজের মনোভাব প্রকাশ করতে চায় কিন্তু অক্ষমতার জন্য কষ্ট পায়।

ধর্মশাস্ত্রে বলা হয়েছে, এই সময় অর্থাৎ গর্ভকালীন অবস্থায় মায়ের মন যাতে শান্ত ও আনন্দে থাকে তার জন্য পারিবারিক সদস্যদের চেষ্টা করা উচিত। তিনি যে ঘরে রয়েছেন যেখানে কোনওরকম নেতিবাচক কথা বা ভাব না করার জন্য। কারণ এই পরিস্থিতিতে অজাত শিশু নতুন সংস্কার নিতে থাকে। অনেক সময় দেখা যায়, ওই ঘরে মায়ের সামনে কেউ কেউ পুত্র জন্মের ইচ্ছা প্রকাশ করেন। এর ফল খুব খারাপ হয়। গর্ভস্থ শিশু যদি কন্যা হয় তবে এমন তরঙ্গ তার মনে অসহায়ভাব জাগাতে পারে, সে নিজেকে অযাচিত (Unwanted) মনে করতে পারে। গর্ভস্থ শিশুর মনে এমন তরঙ্গ তুলতে হয় বা সে-রকম কথা বলতে হয় যাতে সে অনুভব করে যে তাকে স্বাগত জানাবে সবাই।

শিশু মাতৃগর্ভে আসার আগে অন্য এক শরীরে (সূক্ষ্ম দেহ) ছিল অন্য লোকে (আগে বলা চতুর্দশ ভুবনের কোনওটিতে)। ফলে গতজন্মে মৃত্যুর পর সূক্ষ্মদেহে গিয়ে সে প্রথমে যেমন নার্ভাস বা উত্তেজিত বা দুঃখী ছিল, তেমনি সূক্ষ্মদেহ ছেড়ে মাতৃগর্ভে স্থুলদেহেএসেও তার মন এমনই থাকে। যেন সূক্ষ্ম দেহের মৃত্যুর পর সে স্থুলদেহে জন্মাল। এজন্য কোনওরকম নেতিবাচক বা উত্তেজিত ব্যবহার করা অনুচিত গর্ভবতী মায়ের সামনে। ওই শিশু তার মায়ের কাছে স্থুল খাদ্য পায়, কিন্তু মা ও চারপাশের মানুষদের চিন্তা তরঙ্গ থেকে সূক্ষ্ম তরঙ্গ গ্রহণ করে। এই সূক্ষ্ম তরঙ্গ যেন তাকে মানসিক পুষ্টিকর খাদ্য দেয়।

**এ এক দীর্ঘ যাত্রা–**

মৃত্যুর কিছু আগে থেকে পরবর্তী সময় পার হয়ে আবার জন্ম নেওয়ার আগে পর্যন্ত দীর্ঘ যাত্রা। প্রত্যেক নিজের ভাবে আলাদা আলাদা পথে চলে। স্বাধীনতা থাকে চলার পথে, তবে নিজস্ব সংস্কার অনুযায়ী সে বেছে নেয় গতি ও লক্ষ্য।

এ নিয়ে আগ্রহ দেখিয়েছেন রবীন্দ্রনাথ ঠাকুর, স্বামী অভেদানন্দ, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় আরও অনেকে। বিভূতিভূষণের 'দেবযান' উপন্যাস তো অনেক অজানা রহস্যের উন্মোচন করেছে।

মৃত্যুভয় মানুষকে উদ্বিগ্ন করে তোলে। বিশেষ করে বৃদ্ধ বয়সে অনেককে যেন তাড়িয়ে বেড়ায়। কিন্তু তখন শারীরিক সমস্যা (ব্যথা, অস্বস্তি) কষ্ট দিতে পারে যা ওষুধের সাহায্যে মেটানো যেতে পারে বহু ক্ষেত্রে। মূল সমস্যা মানসিক। আপন জনপদ হারানো আর মৃত্যুর পর অজানা জগৎ। এই সমস্যা কমানো যায় ঈশ্বরের নাম নিয়ে, কোনও মহাত্মা বা গুরুর ছবি দেখতে দেখতে। এতে ভয় অনেকটা কাটানো যায়।

এজন্য বৃদ্ধ বয়সে অভ্যাস গড়ে তুলতে হয়। প্রচুর অবসর সময় তখন। ভালো চিন্তা ও কাজ করে মনে ভালো সংস্কার বাড়ানো দুইভাবে সাহায্য করে। প্রথমত, এই জীবনে মন শান্ত ও আনন্দিত থাকে। দ্বিতীয়ত, যে শুভ সংস্কার গড়ে তুলছেন সেটি সূক্ষ্ম শরীরের সঙ্গে মৃত্যুর পর ভালো গতি দেয়। এবং পরজন্মে এই শুভ সংস্কার তাকে সাহায্য করে। এজন্য বৃদ্ধ বয়সে দুঃখ না করে মনকে নতুন তেজ ও সংস্কার দিতে হয়।

বিভূতিভূষণের 'দেবযান'-এ দেখা যায় শুভ সংস্কার কীভাবে প্রয়াত আত্মাকে সাহায্য করে এবং খারাপ প্রবণতা সূক্ষ্ম শরীরকে মোহিত করে দুঃখ দেয়। বিভিন্ন চরিত্রের মাধ্যমে তিনি এটা দেখিয়েছেন।

আমাদের বিশেষত্ব হলো যে বয়সের সঙ্গে শরীর বৃদ্ধ হয় কিন্তু মনকে চিরতরুণ রাখা যায়। দেখা গেছে পজিটিভ দৃষ্টিভঙ্গি ও সৃজনী প্রবণতা মানুষকে আনন্দময় ও তরুণ রাখে। মন এভাবে শুধু যে জীবনকে বর্ণময় করে তোলে তা নয়, মৃত্যুর পর সূক্ষ্মশরীরকে সুগতি দেয়। ❑

**কৃতজ্ঞতা স্বীকার :**

*অমিতাভ চৌধুরীর 'রবীন্দ্রনাথের পরলোকচর্চা', ঈপ্সিতা রয় চক্রবর্তীর 'স্পিরিটস আই হ্যাভ নোন', বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'দেবযান', রজার স্ট্রহ্যানের 'আ স্টাডি ইন সার্ভাইভাল', এস্টেল রবার্টসের 'ফিফটি ইয়ার্স আ মিডিয়াম', গ্রান্ট ও জেন সলোমনের 'দ্য স্কোল এক্সপেরিমেন্ট'।*

# শ্রীমদ্ভগবদ্‌গীতা : এই মহাবিশ্ব আমার অব্যক্তমূর্তি দ্বারা পরিব্যাপ্ত

শ্রী বিদ্যুৎ মজুমদার

গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন, এই মহাবিশ্ব আমার অব্যক্তমূর্তি বা রূপ দ্বারা পরিব্যাপ্ত। তাহলে এই মহাবিশ্ব কি ব্রহ্মের (বা পরমের) সাথে সম্পর্কিত? ব্রহ্মের সাথে আমরা যে ব্রহ্মাণ্ডের বা মহাবিশ্বের সম্বন্ধ অনুভব করছি, তা কিরূপ ব্রহ্মের কথা আমরা বলছি? আপাতদৃষ্টিতে এই মহাবিশ্বকে বাস্তব মনে হলেও আমরা বলছি যে এটা বাস্তব নয়। তাহলে পরম ব্রহ্ম কি মহাবিশ্ব থেকে আলাদা? না, তারা আলাদা নয়। তারা যদি আলাদা হয়, তবে দেখুন আপনি কাকে ব্রহ্ম বলছেন লক্ষ্য করুন? উপনিষদে যে বাস্তবতা ব্যাখ্যা করা হয়েছে, তা হল ব্রহ্ম ***'সৎ-চিৎ-আনন্দ'*** স্বরূপ। অস্তিত্ব, চেতনা এবং আনন্দ ব্রহ্মের গুণ বা বৈশিষ্ট্য নয়। ব্রহ্ম স্বয়ং অস্তিত্ব। ব্রহ্ম নিজেই সত্তা, অস্তিত্ব নিজেই। যৌক্তিকভাবে, যদি এমন একটি জিনিস থাকে যা অস্তিত্ব নিজেই এবং আপনি যদি বলেন যে কিছু অস্তিত্ব থেকে পৃথক, তবে এটি কী হবে? কাগজ ছাড়া অন্য কিছু কাগজ নয়। অস্তিত্ব ছাড়া অন্য কিছু হচ্ছে অনস্তিত্ব। সুতরাং যদি ব্রহ্ম ছাড়া অন্য কোন মহাবিশ্ব থেকে থাকে, আপনি আক্ষরিক অর্থে বলছেন যে এটি বিদ্যমান ব্যতীত অন্য কোন মহাবিশ্ব, এটি একটি অস্তিত্বহীন মহাবিশ্ব। তাই মহাবিশ্ব ব্রহ্ম থেকে আলাদা হতে পারে না। যেমন, একটি কাঠের টেবিল কি কাঠ থেকে আলাদা হতে পারে? মাটির পাত্র কি মাটির থেকে আলাদা হতে পারে বা সোনার অলংকার কি সোনার থেকে আলাদা হতে পারে?

**বিশ্বের পিছনে যে অবিনাশী সৎবস্তু (সত্য) রয়েছে, তাকে বিনাশ করার সামর্থ্য কারো নেই। শুদ্ধ-অদ্বৈত-চৈতন্য স্বরূপ অনন্ত সত্য (সৎ-বস্তু) সমগ্র বিশ্ব পরিব্যাপ্ত করে আছেন।**

আবার, এই মহাবিশ্ব কি ব্রাহ্মণের মতই? না, পুরোপুরি না। আমরা দেখি নারী-পুরুষ এবং মানুষকে জীবনে কষ্ট ও সংগ্রাম করতে, জীবিত এবং নির্জিব প্রাণী, এমন এক ভৌত জগৎ (মহাবিশ্ব) যাকে পরম ব্রহ্মের ন্যায় মনে হয় না। এই সব জিনিস সেখানে আছে। সুতরাং এই জগৎ ব্রহ্ম থেকে পৃথক নয়, এক (এক নম্বর প্রশ্নের উত্তর) এবং এই জগৎ ব্রহ্মের মত হুবহু এক নয়, দুই (দুই নম্বর প্রশ্নের উত্তর)। আপনি যদি ব্রহ্মকে বিশুদ্ধ অস্তিত্ব বা সত্তা বলেন, তবে এই জগৎ বা মহাবিশ্ব অস্তিত্ব বা সত্তা ব্যতীত অন্য কিছু নয়। অনস্তিত্ব থাকলে তা বিলুপ্ত হয়ে যেত। ব্রহ্ম হল জাগ্রত, স্বপ্ন এবং গভীর ঘুমের তিনটি অবস্থার স্তর বা অবলম্বন। এই তিনটি অবস্থা তাদের অস্তিত্বের জন্য ব্রহ্মের চূড়ান্ত বাস্তবতার উপর নির্ভর করে, যেমন পর্দা ছাড়া একটি চলচিত্রের অস্তিত্ব থাকতে পারে না। যেমন, আমরা সর্বদা ব্যবহার করি, কাঠ এবং টেবিল। টেবিলটি কাঠ থেকে আলাদা নয়।

মনে রাখতে হবে যে, কার্য ও কারণ দুটি আলাদা বস্তু নয়, কারণই একরূপে কার্য; কার্য কোন বাইরের বস্তু নয়। কারণই কার্যরূপে ব্যক্ত হয়। কারণের মধ্যে যা নেই, কার্যের মধ্যে তা কখনওই প্রকাশিত হতে পারে না। কোন কিছুই আকাশ থেকে পড়ে না। কারণ আর কার্য ভিন্ন নয়, যেমন কারণ তেমন কার্য। যন্ত্রে যত শক্তি যোগাবে, তার থেকে তত বেশি কাজ পাওয়া যাবে। তার বেশি নয়। কারণ এবং কার্য কেবল সময়ের দ্বারা পৃথক একই জিনিসের বিভিন্ন অবস্থা (কেবল রূপের পরিবর্তন হয়, পদার্থের কখনই নয়)। কারণ ছাড়া কিছুই আসে না, আর কারণ হচ্ছে অন্য রূপের প্রভাব; সুতরাং এই অভূতপূর্ব জগতের অবশ্যই একটি কারণ থাকতে হবে।

তাহলে কি থেকে এই মহাবিশ্ব সৃষ্টি হয়েছে? পূর্ববর্তী সূক্ষ্ম মহাবিশ্ব থেকে। কী থেকে মানুষ উৎপন্ন হয়েছে? পূর্ববর্তী সূক্ষ্ম রূপ বা ফর্ম থেকে। গাছটি কী থেকে উৎপন্ন হয়েছে? বীজ থেকে; গোটা গাছটাই ছিল বীজের মধ্যে। তা বের হয়ে আসে এবং প্রকাশ পায়। সুতরাং, এই মহাবিশ্বের সমগ্র একটি সূক্ষ্ম আকারে বিদ্যমান এই মহাবিশ্ব থেকে তৈরি হয়েছে। তা এখন প্রকট আকার ধারণ করেছে। এইভাবেই আমাদের মহান আচার্যরা এই সত্য আবিষ্কার করেছেন যে, সমগ্র বিশ্ব শুদ্ধ, অনন্ত, চৈতন্যস্বরূপ ব্রহ্ম থেকেই উদ্ভূত হয়েছে। 'রবীন্দ্রনাথ ঠাকুরের অনেক লেখায় উপনিষদ শিক্ষা দেয় যে ব্রহ্ম অতীন্দ্রিয় এবং অবিনশ্বর, সমস্ত কিছুকে পরিব্যাপ্ত করেও তাদের বাইরেও রয়েছে।' গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন,

***ময়া ততমিদং সর্বং, জগদ্ অব্যক্ত-মূর্তিনা।***
***মৎস্থানি সর্বভূতানি, ন চাহং তেষু অবস্থিতঃ ॥ (৯/৪)***

'এই সমগ্র জগৎ বা মহাজাগতিক প্রকাশ আমার অব্যক্তমূর্তি (অপ্রকাশ্য রূপ বা শক্তি) দ্বারা পরিব্যাপ্ত হয়ে আছে; সকল জীব আমাতেই অবস্থিত, কিন্তু আমি তাদের কারও মধ্যেই স্বতন্ত্রভাবে অবস্থান করি না।'

ছবি : শ্রীবিষ্ণু (নারায়ণ)। এই রূপটি (শঙ্খ, চক্র, গদা, পদ্মধারী নারায়ণ) শ্রীবিষ্ণু নিজেই প্রথম ব্রহ্মা ও শিবকে দেখিয়েছিলেন (ভাগবৎ)।

এখানে ***'ততম্'*** বলতে এই সর্বব্যাপী চৈতন্যকেই বুঝিয়েছে। ***ময়া ততমিদং (ততম-ইদম) সর্বং***, 'সবকিছুই আমার দ্বারা পরিব্যাপ্ত।' আমার স্বরূপটি কী? তার উত্তরে বলছেন, জগদ্ অব্যক্ত-মূর্তিনা, 'এই জগতে আমি অব্যক্তমূর্তি ধারণ করে আছি'। বাস্তবিক, আপনি কোন একটি বস্তুকে কেটে ফেললেও, সেখানে অনন্ত চৈতন্যকে দেখতে পাবেন না, যদিও তা সেখানেই বিরাজ করছে, তবে অপ্রকাশিত অবস্থায়। সকল জীব ও বস্তু আমাতেই অবস্থান করছে, কিন্তু আমি তাদের মধ্যে অবস্থান করি না–অর্থাৎ

আমি তাদের কারও মধ্যে পৃথকভাবে অবস্থান করি না। আমি সম্পূর্ণভাবে মুক্ত। এই বিশ্ব সেই অনন্ত বিশুদ্ধ চৈতন্যের (অব্যক্তের বা শক্তির) দ্বারা পরিব্যাপ্ত, যা প্রতিটি বস্তুর মধ্যে বর্তমান।

বৈদিক দর্শন ঈশ্বরের জগৎ সৃষ্টি এবং তারপর সপ্তম স্বর্গ থেকে উঁকি দিয়ে তাঁর জগৎ ঠিকঠাক চলছে কিনা তা পরীক্ষা করার ধারণাকে গ্রহণ করে না। তারা বারবার ঈশ্বর জগতে সর্বব্যাপীঃ এই প্রতিপাদ্যকে তুলে ধরেছেনঃ *'একো দেবঃ সর্বভূতেষু গূঢ়ঃ সর্বব্যাপী সর্বভূতান্তরাত্মা (শ্বেতাশতর উপনিষদ ৬.১১)'*। শুধু এক ঈশ্বর সর্বভূতের মধ্যে গূঢ় (অপ্রকাশিত আছেন); কারণ তিনি সর্বব্যাপী ও সর্বভূতের অন্তরাত্মা।

**এমনকি আধুনিক কসমোলজি অনুসারে যে ব্যাকগ্রাউণ্ড উপাদান (মৌল পদার্থ) বা প্রাকসৃষ্টি যাকে আদি পদার্থ বলে, সেই আদি বস্তুটি (বিশুদ্ধ চৈতন্য) বিস্ফোরিত হয়ে এই জগতের রূপ নিয়েছে।** কাজেই এই পরম চৈতন্য প্রকৃতিতে ছড়িয়ে আছে; মানুষের মধ্যে তা বেশি করে প্রকাশিত। মানুষ নিজের ও অন্যের মধ্যে তা আবিষ্কারও করতে পারেন। যদি তা না থাকত, তাহলে এখানেও থাকত না। কারণের মধ্যে যা নেই তা প্রভাবে উপস্থিত হতে পারে না। শূন্য থেকে কিছু আসতে পারে না। শুধুমাত্র কিছু থেকে কিছু আসতে পারে। আচার্যদের মতে সমগ্র বিশ্ব শুদ্ধ, অসীম, চৈতন্যস্বরূপ ব্রহ্ম থেকে উদ্ভূত হয়েছে। ব্রহ্মই এই বিশ্বের অন্তরাত্মা। একটি জীব কোষের কথাই ধরুন, তার মধ্যেও রয়েছে এই অনন্ত চৈতন্য। কোষের সব কাজকর্ম এবং প্রক্রিয়া তার দ্বারাই পরিচালিত হয়। অতএব, এই চৈতন্য হলো ততম্, অর্থাৎ 'সর্বত্র পরিব্যাপ্ত'। তাকে দেখতে গেলে অন্তর্দৃষ্টি বা অন্তর্ভেদী দৃষ্টিশক্তি চাই। একমাত্র ঐ দৃষ্টির সাহায্যেই আমরা তাকে যেমন প্রকৃতির মধ্যে, তেমনই মানব সত্তার মধ্যে প্রত্যক্ষ করতে পারি। প্রকৃতির মধ্যে তাকে আবিষ্কার করার চেয়ে, মানুষের অন্তরে প্রবেশ করে তাকে খুঁজে পাওয়া অনেক বেশি সহজ। বাহ্য প্রকৃতির মধ্যে অনুসন্ধান চালিয়ে আমরা কেবল তার কিছু আভাস এবং সংকেত পেতে পারি। একবার ভেবে দেখুন, কীভাবে শরীরের অঙ্গ-প্রত্যঙ্গগুলি গড়ে উঠে? কীভাবে তাদের বৈশিষ্টগুলি ক্রমশ ফুটে উঠতে থাকে? ভালোভাবে লক্ষ্য করলে দেখা যাবে, সবকিছুই কেমন সুপরিচালিত, সুসংহত এবং পরস্পর সম্পর্কযুক্ত। ব্রহ্মাণ্ডের এতকিছু বৈচিত্রের মধ্যেও একটা ঐক্য রয়েছে; এই ঐক্যের মূলে কিন্তু চৈতন্য (অব্যাক্তমূর্তি), যা সবকিছুর মধ্যে বর্তমান। কোন ইন্দ্রিয় তাকে খুঁজে পায় না।

এই সর্বব্যাপী চৈতন্যকে আপনি চোখ দিয়ে দেখতে পাবেন না বা স্পর্শ করতে পারবেন না; তবে তার অস্তিত্ব আপনি অনুভব করতে পারেন, কারণ পার্থিব জগতের বহু ঘটনাপ্রবাহের মধ্যেই তাঁর পদচিহ্ন ধরা আছে। শ্রীকৃষ্ণ বলেছেন, আমি জগতে অনুস্যূত হয়ে আছি; আমি সমগ্র ব্রহ্মাণ্ডে পরিব্যাপ্ত হয়ে আছি। *মৎস্থানি সর্বভূতানি*, 'সকল জীব ও বস্তু আমাতেই অবস্থান করছে'। *ন চাহং তেষু অবস্থিতঃ*, 'আমি তাদের মধ্যে নেই'। 'তারা আমাতে অবস্থান করে, আমি তাদের মধ্যে অবস্থান করি না', এর অর্থ এই যে, 'আমি তাদের কারও মধ্যেই পৃথকভাবে অবস্থান করি না'।

তাহলে অব্যক্ত কি এমন একটি পদার্থ যা সৃষ্টির পরবর্তী চক্রে রূপান্তরিত হয়? না, এটি অসীম রূপ প্রক্ষেপণের সম্ভাবনাসহ শক্তির প্রকৃতির। ঈশ্বরই একমাত্র পদার্থ, এই বিশ্বব্রহ্মাণ্ডের বস্তুগত কারণ, একমাত্র বাস্তবতা। অব্যক্ত বা প্রকৃতি হল ঈশ্বরের আদিম শক্তি যা ঈশ্বর থেকে মহাবিশ্বকে প্রজেক্ট বা প্রতিফলিত করে। সুতরাং ঈশ্বর সৃষ্টির কার্য ও বস্তুগত কারণ উভয়ই। **আদি শঙ্করাচার্য গীতাভাষ্য ভূমিকার একটি পৌরাণিক শ্লোকে বলা হয়েছে,**

*নারায়ণঃ পরোঃ অব্যাক্তাৎ, অণ্ডম অব্যাক্ত-সম্ভবম্।*
*অণ্ডস্যান্তস্তিমে (অণ্ডস্য-অন্তস্তিম) লোকাঃ, সপ্তদ্বীপা চ মেদিনী ॥*

'নারায়ণ (পরম দৈবসত্তা/ব্রহ্ম) হলেন অব্যাক্তের পারে, ব্রহ্মাণ্ড/জগৎ এসেছে অব্যক্ত (শক্তি) থেকে। ব্রহ্মাণ্ডের অর্ন্তগত রয়েছে সপ্তদ্বীপ-মহাদেশযুক্ত পৃথিবীসহ এই লক্ষ কোটি জগৎ।' অব্যক্ত থেকে উদ্ভূত হয় ব্যক্ত বা প্রকাশিত জগৎ (কার্য), যাকে এই শ্লোকে ব্রহ্মাণ্ড বা মহজাগতিক ডিম (অণ্ডম) বলা হয়েছে, যাতে রয়েছে লক্ষ লক্ষ মহাবিশ্ব, যাতে সাতটি মহাদেশসহ পৃথিবীও রয়েছে। অব্যাক্ত বা মূল বস্তুগত কারণ, এই বস্তুগত প্রকাশের বাইরে এবং যা বস্তুগত জগতের কারণ। ঈশ্বর, সর্বোচ্চ বাস্তবতা, বেদান্তে ঈশ্বর বা পরম বাস্তবতাকে (সত্যকে) অনন্ত কোটি ব্রহ্মাণ্ড নায়ক বলা হয়েছে। **গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন,**

*অবিনাশি তু তদ্ বিদ্ধি, যেন সর্বমিদং ততম্।*
*বিনাশম্ অব্যয়স্য অস্য, ন কশ্চিৎ কর্তুম্ অর্হতি ॥ (২/১৭)*

'যিনি সমগ্র বিশ্ব পরিব্যাপ্ত **(ততম্)** করে আছেন, তাঁকেই অবিনাশী (নিরাকার নির্গুণ ব্রহ্ম) বলে জানবে; সেই অব্যয় সৎবস্তুর (আত্মার) বিনাশ কোনো কিছুর দ্বারাই সম্ভব নয়।'

বিশ্বের পিছনে যে অবিনাশী সৎবস্তু (সত্য) রয়েছে, তাকে বিনাশ করার সামর্থ্য কারো নেই। শুদ্ধ-অদ্বৈত-চৈতন্য স্বরূপ অনন্ত সত্য (সৎ-বস্তু) সমগ্র বিশ্ব পরিব্যাপ্ত করে আছেন। নানা বস্তু সৃষ্টি হচ্ছে আবার বিনষ্টও হচ্ছে, কিন্তু যা থেকে বস্তুসমষ্টিরূপ বিশ্ব সৃষ্টি হয় তা কোনোভাবেই বিনষ্ট হয় না। তাই আবার রয়েছে এই শরীরের মধ্যে আত্মারূপে। সুতরাং যা এই সমগ্র বিশ্বকে পরিব্যাপ্ত করে আছে, তা আদি-অন্তহীন ও অবিনাশী বলে জানবে। এই দেহের আদি ও অন্ত আছে, কিন্তু যিনি দেহের মধ্যে বাস করেন, তিনি অনাদি ও অবিনশ্বর। জ্ঞান পথের অনুসারীগণ সেই নিরাকার নির্গুণ ব্রহ্মের উপাসনা করেন। এঁদের ধারণা ঈশ্বরকে বা সেই অবিনাশী সত্যকে এটা বা ওটা বলে নির্দেশ করা যায় না। কারণ তা দেখানোর বস্তু নয়। **এই সত্যকে (ব্রহ্মকে) অনুভূতি দিয়ে উপলব্ধি করতে হয়।** তাঁকে শুধু কল্পনা করা যায়, কিন্তু ঈশ্বর তাতে বাঁধা পড়ে না। তিনি নাম ও রূপের অতীত, প্রকাশের অতীত ও সর্বব্যাপী (অব্যক্তমূর্তি), অচিন্তনীয়। আমরা মন ও বুদ্ধি দিয়ে তাঁর নাগাল পাই না। তাঁকে কোন কিছু দিয়ে প্রকাশ করা যায় না। **গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন,**

*অব্যক্তো অয়ম্ অচিন্ত্যো অয়ম্, অবিকার্যো অয়ম্ উচ্যতে।*
*তস্মাদেবং বিদিত্বা এনং, ন অনুশোচিতুম্ অর্হসি ॥ (২/২৫)*

'এই আত্মা অব্যক্ত, ভাবনাতীত ও বিকারাতীত বলে শাস্ত্রে উক্ত হয়েছে। অতএব, আত্মার এই সনাতন রূপ অবগত হও এবং শোক পরিত্যাগ কর।'

এই আত্মাকে অব্যাক্ত বা অপ্রকট বলা হয়। আত্মার স্পর্শ আমরা কোথাও অনুভব করতে পারি না। একে আমরা চিন্তায় আনতে পারি না, অর্থাৎ চিন্তার সাহায্যে একে ধরা যায় না বা ধারণার মধ্যে আনতে পারি না। এ হলো সকল বস্তুর পশ্চাতে অবস্থিত শাশ্বত চৈতন্য বা ব্রহ্ম। ব্রহ্ম বা আত্মার কোনো পরিবর্তন হয় না, চিরকাল একরূপ। এই ব্রহ্ম অনন্ত বিশুদ্ধ চৈতন্য, এক এবং অদ্বিতীয় স্বরূপসম্পন্ন। বেদান্ত বলে ব্রহ্মাণ্ড এসেছে ব্রহ্ম (অব্যক্ত) থেকে, ব্রহ্মেই তা অবস্থান করছে এবং একটি সৃষ্টিচক্রের অন্তে আবার তা ব্রহ্মেই (অব্যাক্তেই) তা লীন হয়ে যায়। যেমন কয়েক বছরে আমাদের দেহের পরিবর্তন হয়; দেহের প্রতিটি অংশেরই পরিবর্তন হয়। তবু আমাদের অনুভূতি হয় যে আমি একই মানুষ আছি। এই পরিবর্তনশীল জগতের মধ্যে কোথাও কোন সংহতির বাঁধন আছে। মানুষই তা আবিষ্কার করতে পারে। পশু পারে না। তাহলে সেই সংহতির বাঁধনটি কী? অব্যাক্ত অমর অনন্ত আত্মা (প্রতিটি ঘটনার দ্রষ্টা; ইনি প্রতিটি 'ইতি' ও 'নেতি' বাচক ঘটনার দ্রষ্টা) যা, শুদ্ধ চৈতন্যস্বরূপ, একমেবাদ্বিতীয়ম, সমগ্র বিশ্বের উৎপত্তি যেখান থেকে, স্থিতি যেখানে, সৃষ্টিচক্রের অন্তে যেখানে তার লয়। চৈতন্য ঘনীভূত হয়ে জড়বস্তুরূপে মানবের ইন্দ্রিয়তন্ত্রের উপলব্ধিতে আসে। **গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন,**

**যৎ চাপি সর্ব-ভূতানাং, বীজং তদহম্ অর্জুন।**
**ন তদস্তি বিনা যৎ স্যাৎ,**
**ময়া ভূতং চরাচরম্ ৷৷**
**(১০/৩৯)**

'হে অর্জুন, সকল ভূতের যা বীজস্বরূপ, তাও আমি-ই। চর বা অচর এমন কোন বস্তু নেই, আমাকে ছাড়া যার অস্তিত্ব সম্ভব হতে পারে।'

শ্রীকৃষ্ণ বলেছেন : এই জগতে যা কিছু আছে, তার উৎপত্তি সেই বিশুদ্ধ চৈতন্য (অপ্রকাশ্য রূপ বা অব্যাক্ত মূর্তি) পরম ব্রহ্ম থেকে। অতএব আমিই জগতের সবকিছুর বীজ বা কারণ; আমিই সেই; আমিই সেই; আমিই সেই। আমিই সেই পরম বস্তু। এই জগতের যে কোনো বস্তু থেকে আমার অস্তিত্ব মুছে দাও–দেখবে তার আর অস্তিত্ব থাকবে না। তার থাকা না থাকা আমার ওপরই নির্ভর করে। গীতা সেই কথাই বলছে। কুড়ি হাজার শূন্য পাশাপাশি বসালেও তার কোনো মূল্য নেই, যদি না তাদের আগে একটি '১' বসানো হয়। সেই '১' হলো ঈশ্বর বা ব্রহ্ম। 'বহু'র পিছনে 'এক'কে রাখলে, তবেই 'বহু'র মূল্য। জগতের পরিবর্তনশীল সব বস্তুর মধ্যে যে এক অদ্বিতীয় বস্তু রয়েছে, সেটিই সত্য (ব্রহ্ম) বা এক। বেদান্ত মতে, এই ব্রহ্মাণ্ড পাঁচটি উপাদানে তৈরি। প্রথম তিনটি হলো–সৎ, চিৎ, আনন্দ। এই তিনটি ছাড়া আরও দুটি আছে, নাম এবং রূপ। জগতের সব কিছুই সৎ, চিৎ, আনন্দ, নাম এবং রূপ–পাঁচটি উপাদানের সমন্বয়ে গঠিত। **নাম এবং রূপের কারণেই বস্তুতে বস্তুতে ভেদ**। কিন্তু সবই সৎ-চিৎ-আনন্দ। এই সৎ-চিৎ-আনন্দ অংশটিই ব্রহ্ম। নাম-রূপ অংশটি হলো জগৎ। এই জগৎ স্বরূপত সৎ-চিৎ-আনন্দ, বৈচিত্র যা কিছু, তা কেবল নাম এবং রূপের জন্য।

সেইরকম বেদান্তও বলে যে, নাম ও রূপযুক্ত ব্রহ্ম বা আত্মাই হলো এই জগৎ। নাম বা রূপ বাদ দিলে কী থাকে? শুধুই ব্রহ্ম। **ঈশোপনিষদের প্রথম শ্লোকে** বলা হয়েছে, ***'ঈশা বাস্যম্ ইদং সর্বম'***। এই সমগ্র ব্যক্ত বিশ্ব সেই অনন্ত বিশুদ্ধ চৈতন্যস্বরূপ ব্রহ্ম ছাড়া আর কিছুই নয়। ঈশোপনিষদে বলা হয়েছে,

*পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণম উদচ্যতে।*
*পূর্ণস্য পূর্ণম আদায় পূর্ণম এব-অবশিষ্যতে ৷৷*
*শান্তি শান্তি শান্তিঃ।*

'উহা (অদহঃ) বা পরব্রহ্ম পূর্ণ। এই নিখিল জগৎ (ঈদম) পূর্ণ। সেই পরব্রহ্ম থেকেই এই নিখিল জগৎ প্রকাশিত। পূর্ণ (পূর্ণস্য=পরম আত্মা) হতে পূর্ণ (পূর্ণম=স্বতন্ত্র আত্মা) নিলে পূর্ণই অবশিষ্ট থাকে। ওম, শান্তি, শান্তি, শান্তিঃ।'

এই মন্ত্রটির অর্থ হল, পরম সত্তা সম্পূর্ণ এবং নিখুঁত, এবং তাঁর থেকে যা প্রসারিত হয় তাও সম্পূর্ণ এবং কোনভাবেই তাঁর শক্তি কেড়ে নেয় না। যেখান থেকে সমস্ত জিনিসের উৎপত্তি তা পূর্ণ, এবং সেই উৎস থেকে আসা সমগ্র সৃষ্টিও পূর্ণ। অদ্বৈত বেদান্ত অনুসারে এই নিখিল জগৎ মায়ার প্রভাব, পরম ব্রহ্মের একটি প্রতিফলিত রূপ। মায়া হচ্ছে সেই পর্দা যা আমাদের আসল প্রকৃতি এবং আমাদের চারপাশের জগতের আসল প্রকৃতিকে ঢেকে রাখে। মায়া মৌলিকভাবে দুর্বোদ্ধ; আমরা জানি না কেন এটি বিদ্যমান এবং আমরা জানিনা কখন এটি শুরু হয়েছিল। মায়া জ্ঞানের ভোরে, আমাদের নিজস্ব ঐশ্বরিক প্রকৃতির জ্ঞানের অস্তিত্ব বন্ধ করে দেয়। মায়া বিশ্ব সৃষ্টির জন্য দায়ী। বিভ্রান্তির দ্বারা, অবিদ্যা বা মায়া ব্রহ্মকে আড়াল করে এবং জগৎ গঠন করে। সমগ্র বস্তু বা এমনকি আধ্যাত্মিক সৃষ্টি ঈশ্বরের শক্তির প্রকাশ, ঠিক যেমন আগুনের আলো এবং তাপ আগুনের শক্তির বিভিন্ন প্রকাশ। তাই ঈশ্বর তাঁর অব্যাক্ত (নৈর্ব্যক্তিক) রূপে শক্তির সম্প্রসারণের মাধ্যমে বিরাজ করেন এবং সম্পূর্ণ সৃষ্টি তাঁর অব্যাক্ত বৈশিষ্টের উপর নির্ভরশীল।



উপনিষদের দৃষ্টিভঙ্গি হল যে সৃষ্টি অবিভাজ্য (পূর্ণ), একটি সামগ্রিকতা; এটি একটি জৈব সমগ্র। অংশগুলি আলাদা নয়, আমরা সবাই একত্রে বিদ্যমানঃ পাহাড়, গাছ, মানুষ, নক্ষত্র, পাখি, তারা যত দূরেই উপস্থিত হোক না কেন–চেহারা দ্বারা প্রতারিত হবেন না–তারা সবাই সেতুবন্ধ, সমস্ত আন্তঃসংযুক্ত। এমনকি ঘাসের ক্ষুদ্রতম ব্লেডটি সবচেয়ে দূরবর্তী নক্ষত্রের সাথে সংযুক্ত, এবং এটি বৃহত্তম সূর্যের মতোই গুরুত্বপূর্ণ। কোন কিছুই অন্য যে কোন কিছুর চেয়ে ছোট নয়, কোনো কিছুই নগন্য নয়। অংশটি সমগ্রকে প্রকাশ করে, ঠিক যেমন বীজে সমগ্র থাকে। (বৃহদারণ্যক উপনিষদ (২.১.২০) বা স্বামী রঙ্গনাথানন্দ গীতা ৪র্থ অধ্যায় আলোচনা)

*স যথা উর্ণনাভিঃ তন্তুনা উচ্চরেৎ,*
*যথা অগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তি;*
*এবম্ এব অস্মাদ্ আত্মনঃ সর্বে প্রাণাঃ*
*সর্বে লোকাঃ সর্বে দেবাঃ, সর্বাণি ভূতানি ব্যুচ্চরন্তি;*
*তস্যোপনিষৎ সত্যস্য সত্যম্ ইতি;*
*প্রাণা বৈ সত্যম্, তেষাম্ এষ সত্যম্–*

'যেমন মাকড়শা (নিজ শরীর থেকে তৈরি করা) জালের ওপরই ঘুরে বেড়ায়, যেমন প্রজ্বলিত অগ্নিশিখা থেকে ক্ষুদ্র ক্ষুদ্র স্ফুলিঙ্গ ছিটকে বেরিয়ে যায়, ঠিক তেমনিভাবে এই আত্মা থেকে যেন বেরিয়ে আসে সব রকম ভৌত, জৈব ও মনঃশারীরিক) তেজ (প্রাণাঃ) জগৎসমূহ, দেবগণ ও জীব সকল।' মুণ্ডকা উপনিষদে (মুণ্ডকা ২.২.১০) বলা হয়েছে,

*ন তত্র সূর্যো ভাতি ন চন্দ্রতারকং*
*নেমা বিদ্যুতো ভান্তি কতোহয়মগ্নিঃ।*
*তমেব ভান্তমনুভাতি সর্বং*
*তস্য ভাসা সবর্ংমিদং বিভাতি ॥ ১০*

'সেই ব্রহ্মকে সূর্য, চন্দ্র, তারকা বা বিদ্যুৎসমূহ প্রকাশ করে না–সুতরাং অতিসীমিত প্রকাশ-শক্তি বিশিষ্ট অগ্নি কি করে তাঁকে প্রকাশ করবে? তিনি স্ব-প্রকাশ বলেই তাঁর দীপ্তিতে সমস্ত কিছু প্রকাশিত।'

আত্মস্বরূপ ব্রহ্ম। যিনি আমাদের হৃদয়ে চৈতন্য জ্যোতি স্বরূপ অবস্থিত, তিনিই আবার পুরো ব্রহ্মাণ্ডের মালিক। দুটো আলাদা কিছু নয়। কারণ, তিনিই তো আছেন, তিনি ছাড়া দ্বিতীয় কিছুই নেই আর তিনি আছেন বলেই সবকিছু চলছে। আবার মুণ্ডকা উপনিষদে (মুণ্ডকা ২.২.১১) বলা হয়েছে,

*ব্রহ্মৈবেদম্ অমৃতম্ পুরস্তাদ্ ব্রহ্ম পশ্চাদ্ ব্রহ্ম দক্ষিণতশ্চোত্তরেণ,*
*অধশ্চোর্ধ্বং চ প্রসৃতং ব্রহ্মৈবেদম্ বিশ্বমিদম্ বরিষ্ঠম্ ॥ ১১*

'এই সমস্তই ব্রহ্ম, অমৃতময়–ব্রহ্ম সম্মুখে, ব্রহ্ম পশ্চাতে, দক্ষিণে ব্রহ্ম, উত্তরেও। ব্রহ্ম-অধোভাবে ঊর্দ্ধে, সমান প্রসারিত (সবকিছু পরিব্যাপ্ত), ব্রহ্ম- ব্রহ্মই এই অনুপম (উপমাহীন বা অতুলনীয়) বিশ্ব।'

অব্যক্ত হল ব্যক্তের বিপরীত। অব্যক্ত হল অপ্রকাশিত এবং সীমাহীনতা। অব্যক্ত অনন্তের পর্দার মত যেখানে নিত্য পরিবর্তনশীল বিশ্বের খেলা হয়। এটি অব্যক্ত যা নিজেকে বস্তুর স্বতন্ত্র বস্তুতে প্রকাশ করে। যে কোন কিছুর সারমর্ম হলো অব্যক্ত বা অপ্রকাশিত। একটি পর্দার বস্তুর পর্দা ছাড়া অন্য কোন পৃথক অস্তিত্ব নেই, অব্যক্ত হলো অনন্তের পর্দার মতো যেখানে নিত্য পরিবর্তনশীল উদ্ভাশিত জগতের খেলা হয়। আপনি যখন বিচ্ছেদের অনুভূতি হারিয়ে ফেলেন, তখন আপনি বুঝতে পারেন যে আপনি অব্যক্ত। আপনি উপলব্ধি করেন যে এই অব্যক্তই একমাত্র সত্য। অব্যক্ত হল পরম বাস্তবতা, ব্রাহ্মণ, সচ্চিদানন্দ ইত্যাদির সমার্থক। মাণ্ডুক্য উপনিষদে ব্রহ্ম বা অব্যক্ত সম্বন্ধে বলা হয়েছে,

*ন অন্তঃপ্রজ্ঞম্ ন বহিষ্প্রজ্ঞম্ ন উভয়তঃ প্রজ্ঞম্ ন প্রজ্ঞানঘনম্ ন প্রজ্ঞম্ ন অপ্রজ্ঞম্।*
*অদৃষ্টম্ অব্যবহার্যম্ অগ্রাহ্যম্ অলক্ষণম্ অচিন্তম অব্যপদেশ্যম্ একাত্মপ্রত্যয়সারম্ প্রপঞ্চোপশমম্*
*শান্তম্ শিবম্ অদ্বৈইতম্ চতুর্থম্ মন্যন্তে স আত্মা স বিজ্ঞেয়ঃ ॥ ৭*

উপনিষদে বলা হয়েছে যে, জাগ্রত অবস্থায় আমরা চারপাশের জগৎ সম্পর্কে সচেতন থাকি (**বহিষ্প্রজ্ঞং**)। নিদ্রিত অবস্থায় আমরা অন্তর্জতৎ (**অন্তঃপ্রজ্ঞং**) সম্পর্কে সচেতন। তখন এই জগৎকে আমরা স্বপ্নে অনুভব করি। আত্মা বা ব্রহ্ম **'বহিষ্প্রজ্ঞং'** নন আবার **'অন্তঃপ্রজ্ঞং'**ও নন। আত্মা বহির্জগৎ বা স্বপ্ন-জগৎ কোনটি সম্পর্কেই সচেতন নন। ইনি জাগ্রত ও স্বপ্নের মধ্যবর্তী জ্ঞান সম্পন্নও নন (**উভয়তঃপ্রজ্ঞং**)। আবার সুষুপ্তি বা গভীর ঘোমের অবস্থায় মানুষ প্রগাঢ় চৈতন্য অর্থাৎ ঘনীভূত চৈতন্যকে (**প্রজ্ঞানঘনম্**) অনুভব করে। তখন তুমি কোন কিছুর সম্পর্কে সচেতন নও এমনকি নিজের সম্বন্ধেও না, আত্মা এরূপ অবস্থারও ঊর্দ্ধে। আত্মা চেতনও নন অচেতনও নন (**ন প্রজ্ঞং ন অপ্রজ্ঞং**)। এই দুইয়ের কোনও অবস্থাই আত্মা তথা ব্রহ্মের সম্পর্কে প্রযোজ্য নয়। আত্মা সকল অবস্থা নিরপেক্ষ অবস্থাসমূহ আত্মায় আরোপিত কিন্তু প্রকৃতপক্ষে আত্মা ঐসকল বিশেষণ থেকে মুক্ত।

আত্মাকে বা ব্রহ্মকে বর্ণনা করা যায় কিভাবে? উপনিষদের মতে আত্মার সম্বন্ধে কিছু বলা যায় না। আত্মাকে কোনও বিশেষণে বিশেষিত করা যায় না। বলা যায় না যে, আত্মা এই প্রকার বা আত্মা ঐ প্রকার। যখন আমরা আত্মার সম্বন্ধে কিছু বলি তখনি আমরা আত্মাকে সীমাবদ্ধ করে ফেলি। আত্মার এই আরোপিত গুণসমূহ আত্মার বৈশিষ্ট্য নয়। যেমন, কেউ হয়তো বলল পদ্মফুল নীল। নীল একটি গুণ মাত্র, পদ্মের কোনও অংশ নয় কারণ পদ্ম সাদা কিংবা লালও হতে পারে। সেভাবেই কেউই বলতে পারে না আত্মা ছোট কিংবা বড় আরও কিছু। আত্মাকে বর্ণনা করা যায় না, আত্মা যে সঠিক কি তা বলে বোঝানো যায় না। সেইজন্যই বেদান্ত বলেন, 'নেতি, নেতি' অর্থাৎ 'ন ইতি, ন ইতি' যার অর্থ আত্মা এটি নয়, এটি নয়। তাই উপনিষদে বলা হয়েছে, **'অদৃষ্টং'**–আত্মা দৃষ্টির অগোচর। অর্থাৎ কোনও ইন্দ্রিয়ের সাহায্যে আত্মাকে অনুভব করা যায় না। **'অব্যবহার্যং'**–কোনও ইন্দ্রিয়ের দ্বারা আত্মা ব্যবহারযোগ্য নন। যেমন আমি এই 'পেপার ওয়েট'কে অনুভব করতে পারি, এটাকে হাত দিয়ে ধরতে পারি।

এটাকে আমি নানা কাজে ব্যবহারও করতে পারি। কিন্তু আত্মাকে এভাবে ব্যবহার করা যায় না। কারণ আত্মার কোনও রূপ নেই। **'অগ্রাহ্যং'**–আত্মাকে বুদ্ধি দিয়ে বোঝা যায় না। **'অলক্ষণং'**–আত্মা ইন্দ্রিয়াতীত। **'অচিন্ত্যং'**–আত্মা বা ব্রহ্ম চিন্তার অতীত। এমনকি তাঁকে চিন্তাও করা যায় না। যেমন, সূর্য যে কত বৃহৎ তা বিজ্ঞানীরা আমাদের বলে দেন। কিন্তু প্রকৃতপক্ষে আমরা কি তা ধারণা করতে পারি? কোন কিছুর সঙ্গেই আমরা আত্মাকে তুলনা করতে পারি না। আত্মা **'অব্যপদেশ্যং'**–তাঁকে বর্ণনা করা যায় না।

তবে আত্মা বা ব্রহ্ম কি? **'একাত্মপ্রত্যয়সারং'**-এ কেবল 'অহংবোধ' অর্থাৎ আমিই কর্তা এই বোধ বা আমাদের আত্মচৈতন্য। এটাই এর একমাত্র বৈশিষ্ট্য। আমাদের সকলেরই এই 'অহংবোধ' আছে। কিন্তু আমাদের সকলের মধ্যে এক 'সাধারণ অহংবোধ' আছে। এবং সেটাই ব্রহ্ম। কেমন করে বুঝবো যে এই 'অহংবোধ'ই ব্রহ্ম? আমি মনে করি যে, আমি শ্রীযুক্ত অমুক এবং অমুক বংশে আমার জন্ম। তুমি মনে কর, তুমি আর একজন স্বতন্ত্র ব্যক্তি। কিন্তু আমাদের এই 'অহংবোধ' আমাদের দেহ মনের সঙ্গে অভিন্ন। এই অহংকারের ফলেই আমরা নিজেদেরকে একে অপরের থেকে আলাদা মনে করি। প্রশ্ন উঠে তবে 'আমি' কে? এই দেহ ও মন চলে গেলে আর কি অবশিষ্ট থাকে? থাকে এক ব্রহ্ম বা আত্মা, এটিই সাধারণ আশ্রয়, সাধারণ অধিষ্ঠান। ইনিই পরম আত্মা। এখানে একটি বিষয় লক্ষণীয় যে, উপনিষদ্ দক্ষতার সাথে আমাদেরকে এই সিদ্ধান্তে উপনীত করলেন–'আমরাই ব্রহ্ম'। প্রথমে 'নেতি নেতি' করে আমরা সব কিছুকে অস্বীকার করি। শেষে থাকে কেবলমাত্র একটি সত্তা, 'আত্মপ্রত্যয়'–অহংবোধ বা আত্ম-উপলব্ধি (নিজের উপর আস্থা), সমগ্র জগৎ চরাচরের এই হল আশ্রয়, আমাদের সকলেরই সত্তাস্বরূপ।

কখন আমরা এই সত্য উপলব্ধি করি? **'প্রপঞ্চ-উপশমং'**, প্রপঞ্চ কথার অর্থ হল দৃশ্যমান জগৎ এবং উপশমং এর অর্থ অস্বীকার করা। এই দৃশ্যমান পঞ্চভূতে গড়া জগৎকে অস্বীকার করতে পারলেই আমরা আত্মাকে উপলব্ধি করতে পারি। এই জগৎ নাম-রূপ ছাড়া আর কিছুই নয়। এই নাম-রূপ বর্জিত হলে আর কি অবশিষ্ট থাকে? **'শান্তং শিবম্ অদ্বৈতম্'** অর্থাৎ শান্তি, আনন্দ ও একত্ববোধ। সাধারণভাবে, আমরা সবসময়ই একে অপরের প্রতিদন্দ্বী। কিন্তু যেখানে কোন দুই নেই, কেবলমাত্র এক রয়েছে সেখানেই শান্তি এবং আনন্দ। এটাই চতুর্থ অবস্থা–**'চতুর্থং'**, একেই তুরীয় অবস্থা বলে। এটি চেতনার তিনটি অবস্থার (যেমন– জেগে উঠা, স্বপ্ন দেখা ও গভীর ঘুম) বাইরে, এই অবস্থা অর্থাৎ ব্রহ্মই আমাদের প্রকৃত অবস্থা। এটাই প্রকৃত সত্য আত্মা (**স আত্মা**) যাকে উপলবদ্ধি করতে হয় (স বিজ্ঞেয়)। **'সঃ বিজ্ঞেয়ঃ'**–এই আত্মাকে জানতে হবে, উপলব্ধি করতে হবে। [ তুরিয়াঃ আত্মা হিসাবে প্রকাশিত চেতনার সারাংশ (তিনটি অবস্থায়), এটি সমস্ত প্রপঞ্চের অবসান; সবই শান্তি, সবই আনন্দ এবং অদ্বৈত। এটিই চতুর্থ (তুরিয়া) নামে পরিচিত। এটিই আত্মা, এটি উপলব্ধি করতে হবে। ]

কেউ কেউ আপত্তি তুলতে পারেন আত্মাকে বিজ্ঞেয় বলা হচ্ছে কেন? কে এই আত্মাকে জানতে পারে? তাহলে কোন জ্ঞাতা চাই। আমি আমার থেকে কোন পৃথক কোন বস্তু জানতে পারি অর্থাৎ সেখানে জ্ঞাতা ও জ্ঞেয় এই বোধ আছে। ব্রহ্ম যদি জ্ঞেয় বস্তু হন তবে জ্ঞাতা কে? এর উত্তর আচার্য শঙ্কর বলেছেন 'জ্ঞেয়' শব্দটি এই অর্থে উপনিষদে ব্যবহৃত হয়নি। উপনিষদ বলছেন যে এখানে আমরা নিজেদের আত্মা সম্পর্কে অজ্ঞ। আমাদের অজ্ঞানতা দূর করতে হবে। এভাবেই আত্মাকে জানা যাবে। ❑

**আবার অদ্বৈতবাদীও বোঝাতে পারেন না যে এক বহু হ'ল কি করে। এর ব্যাখ্যা কেবলমাত্র পঞ্চেন্দ্রিয়ের অতীত অবস্থায় গেলেই পাওয়া যেতে পারে। আমাদের তুরীয় ভূমিতে উঠতে হবে, একেবারে অতীন্দ্রিয় অবস্থায় যেতে হবে। অতীন্দ্রিয় শক্তি যেন ঐ অবস্থায় যাবার একটি যন্ত্রস্বরূপ, আর তার ব্যবহার অদ্বৈতবাদীরই করায়ত্ত।**

*সংগৃহিত : দেববাণী, ১১ই জুলাই, ১৮৯৫, বৃহস্পতিবার*

*Thousand Island Park, Kingstone, Ontario, Canada*

# শ্রীগীতার প্রথম অধ্যায় : ব্যক্তিগত সমীক্ষার বিনীত উপস্থাপন

সুমন ধর

শ্রীগীতার অনুপম ব্যাখ্যা-ভাষ্যের কোনো অভাব নেই। সার্বজনীন এই মহাগ্রন্থের আরও অনেক ভাষ্য বর্তমানে রচিত হয়ে যাচ্ছে। আগামীতেও হতে থাকবে। যোগেশ্বর তাঁর 'কৃষ্ণ' নামকে সার্থক করে আরও অগণিত মানুষকে এই বাণীতে আকর্ষণ করবেন।

আজকে শ্রীগীতার প্রথম অধ্যায়কে একটু ব্যক্তিগত আলোকে দেখার চেষ্টা করবো। আমি কোনো পণ্ডিত বা শাস্ত্র-বিশারদ নই। যোগেশ্বরের একজন নগণ্য দাস। শ্রীগীতার একজন সামান্য অনুরাগী। এটা একেবারেই ব্যক্তিগত অনুভূতির জায়গা থেকে লেখা। আজকের পৃথিবীর আলোকে প্রথম অধ্যায়ের অল্প কিছু বিষয়ের বিনীত উপস্থাপন।

**ধৃতরাষ্ট্রের অবিদ্যা : পরিচয়ের ভিন্নতা ও হিংসার সূত্রপাত**

শ্রীগীতার একেবারে শুরুর শ্লোকটি খেয়াল করা যাক। দিব্যদৃষ্টিপ্রাপ্ত সঞ্জয়ের কাছে প্রজ্ঞাচক্ষু ধৃতরাষ্ট্র জানতে চাইছেন।

**ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।**
**মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয় ॥ ১**

*বঙ্গানুবাদ : হে সঞ্জয়, পুণ্যক্ষেত্র কুরুক্ষেত্রে আমার পুত্রগণ এবং পাণ্ডুপুত্রগণ যুদ্ধার্থে সমবেত হইয়া কি করিলেন? ১*

পাঠক খেয়াল করবেন, শ্লোকের "মামকাঃ" শব্দের অর্থ "আমার"। ওপরে ওপরে দেখলে, কথাটায় দোষ নেই। দুর্যোধনাদি ধৃতরাষ্ট্রেরই ছেলে। কিন্তু মহাভারত-কথা অনুযায়ী কুরুক্ষেত্রের যুদ্ধ-বিবাদ রক্ত-সম্পর্কীয়দের মাঝেই। এখানে কেউ কারও পর নয়। এখানে 'আমার' শব্দটির বিশ্লেষণে দুটি দিক বিবেচনার আছে।

প্রথমতঃ ধৃতরাষ্ট্র রাজা হতে পারেননি জন্ম-অন্ধত্বের কারণে। ভাই পাণ্ডু মারা যাওয়ায় এক প্রশাসনিক সংকট তৈরি হয়। সেই অবস্থায় তিনি রাজ্যপরিচালনার দায়িত্ব পেয়েছিলেন। শুরু থেকেই সিংহাসনের প্রতি প্রবল আকর্ষণ ছিল ওনার।

পরবর্তীতে রাজা হয়েছিলেন ধৃতরাষ্ট্র। যেভাবেই হোক। আসল কথাটা হচ্ছে, পদাধিকারে থেকে পক্ষপাত চলে না। স্বজনপ্রীতিও চলে না। রাজা হিসেবে তিনি নিরপেক্ষভাবে সবকিছু বিচার করবেন, এটাই কাঙ্ক্ষিত। কিন্তু তা কখনও হয়নি। জতুগৃহ দাহ থেকে ইন্দ্রপ্রস্থের মতো জঙ্গলে রাজত্ব করতে পাঠানোর সিদ্ধান্ত দিয়ে তিনি বারবার পক্ষপাতের প্রমাণ দিয়েছেন। আর পাশাখেলার আসরে সেটা দিনের আলোর মতো পরিষ্কার। এতোকিছুর পরেও এই সময়ে এসে দুর্যোধনাদিকে "মামকাঃ" বা "আমার" বলার মাধ্যমে তিনি 'পক্ষপাত' বা 'স্বজনপ্রীতি'র চূড়ান্ত প্রকাশ করে ফেললেন।

এটা তো গেল প্রাতিষ্ঠানিক যোগাযোগের জায়গা থেকে দেখাশোনা। এবারে ব্যক্তিগত সম্পর্কের এলাকায় আসা যাক।

প্রতিপক্ষ যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডব ধৃতরাষ্ট্রের সহোদর পাণ্ডুর ছেলে। ভাই এখন জীবিত নেই। পিতৃব্য হিসেবে ধৃতরাষ্ট্রের স্নেহধারা মৃত ভাইয়ের ছেলেদের প্রতি থাকাটাই মানবিক এবং সমুচিত। এইদিক থেকে বিচার করলেও দুর্যোধনকে 'আমার' বলে অনুচিত কাজ করলেন ধৃতরাষ্ট্র। বিভেদ তৈরি করে ফেললেন। ব্যক্তিগত সুসম্পর্ক নষ্ট করে দিলেন। একেবারে শেষমুহূর্তেও সমাধানের দিকে না গিয়ে প্রতিপক্ষ তৈরি করে দিলেন। বলে ফেললেন, 'আমার পুত্রগণ' এবং 'পাণ্ডুপুত্রগণ'। অভিভাবকের সুস্থিত দায়িত্ব পালন না করে, বিমাতাসুলভ আচরণ করে ফেললেন। অন্যায় ভেদাভেদ করে ফেললেন। 'প্রজ্ঞাচক্ষু' উপাধিতে ভূষিত ধৃতরাষ্ট্র যে আক্ষরিক অর্থেই 'অন্ধ', সেটা আরও অনেকবারের মতো আবারও প্রমাণিত হলো।

**এই কথাটা ভালোভাবে ভাবা কেন দরকার?**

বর্তমান পৃথিবীতে সেই একই 'অন্ধত্ব' বেড়ে চলেছে। চারিদিকে শুধু সংঘাত আর হানাহানি। সংকীর্ণ আত্ম-পরিচয়ের জমিতে জন্ম নিচ্ছে প্রাণঘাতী সংঘাত। অমর্ত্য সেন তাঁর 'আইডেন্টিটি এন্ড ভায়োলেন্স' গ্রন্থে এবিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন। বইখানার মূল বক্তব্য, সব হানাহানির মূলে এই আত্ম-পরিচয়ের ভিন্নতা। 'তুমি' আর 'আমি' আলাদা। সেটা সম্প্রদায়ের হোক, কিংবা দেশ-জাতি-বর্ণের ভিন্নতা হোক। সবকিছুর মূলে শুধু 'আমি' এবং 'আমার' বোধ। এ থেকে জন্ম নিচ্ছে নির্লজ্জ স্বজনপ্রীতি। আর তার পথ বেয়ে আসছে ভেদনীতি। সবকিছুতেই দেখা যাচ্ছে আদিম অহমের অসুস্থ প্রকাশ। বিভেদের অন্ধ হিংসার বলি হচ্ছে মানবতা।

তাই এক সম্প্রদায় আরেকজনকে বিষাক্ত চোখে দেখছে। এক দেশ আরেক দেশের ওপর হামলে পড়ছে। মূলে আছে আত্ম-পরিচয়ের ভিন্নতা। আর সবকিছুর মূলে ওই ভেদাভেদির সীমাবদ্ধ ধারণা।

> **সভ্যতা হিসেবে আমরা খুব বেশি মানবিক হতে পেরেছি কি? অবিদ্যা আর অসুস্থ চিন্তার প্রতিকারে ধর্মের বিজয়গাঁথা নিয়েই কুরুক্ষেত্রের সংঘর্ষ।**

দেখেশুনে প্রশ্ন জাগে, সভ্যতা হিসেবে আমরা খুব বেশি মানবিক হতে পেরেছি কি? অবিদ্যা আর অসুস্থ চিন্তার প্রতিকারে ধর্মের বিজয়গাঁথা নিয়েই কুরুক্ষেত্রের সংঘর্ষ। সেটিকে প্রথম শ্লোকের একটিমাত্র শব্দে প্রকাশ করে দিল শ্রীগীতা। তার সাথে আমাদের বুঝিয়ে দিলো, মহাভারত-কালের সংকীর্ণ চিন্তা এখনও বহাল আছে। তাই শ্রীগীতাকার আজও আমাদের পথ দেখাবেন। সার্বজনীন প্রাসঙ্গিকতার ঘোষণা দিয়ে শুরু হলো সর্বশাস্ত্রময়ী শ্রীগীতা।

**দুর্যোধনের অবিদ্যা : কূটকৌশলের জয়**

আসুন এবারে দ্বিতীয় এবং তৃতীয় শ্লোকের দিকে দেখা যাক।

**সঞ্জয় উবাচ**
**দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।**
**আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥ ২**

**পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূম্।**
**ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩**

*বঙ্গানুবাদ : সঞ্জয় কহিলেন– তৎকালে রাজা দুর্যোধন পাণ্ডব-সৈন্যদিগকে ব্যুহাকারে সজ্জিত দেখিয়া দ্রোণাচার্য সমীপে যাইয়া এই কথা বলিলেন। ২*

*"গুরুদেব, আপনার ধীমান্ শিষ্য দ্রুপদপুত্র কর্তৃক ব্যুহবদ্ধ পাণ্ডবদিগের এই বিশাল সৈন্যদল দেখুন।" ৩*

কৌরবপক্ষের সেনাপতি পিতামহ ভীষ্ম। প্রতিপক্ষের সৈন্যসজ্জা দেখে দুর্যোধনের যাওয়া উচিত ছিল সেনাপতি, তথা পিতামহ ভীষ্মের দিকে। কিন্তু দুর্যোধন গেল গুরু দ্রোণাচার্যের দিকে। অবাক হবার কথা!

অনেকে বলবেন, দ্রোণ আচার্য। তাই গুরু বন্দনার জন্যে দুর্যোধন দ্রোণের কাছে গেছেন। কিন্তু আসল ব্যাপার তা নয়। জ্যেষ্ঠ কৌরবকুমারের কথায় বর্তমানের কূটনীতি আর অতীতের ইতিহাস মিলেমিশে আছে।

অনুরাগী পড়ুয়ারা জানেন যে, পাঞ্চাল রাজা দ্রুপদ আর দ্রোণাচার্য ছোটবেলায় একই গুরুগৃহে বড় হয়েছেন। অন্তরঙ্গ বন্ধু ছিলেন। হরিহর আত্মা। দ্রুপদ কথা দিয়েছিলেন, রাজা হতে পারলে অর্ধেক রাজত্ব বন্ধুকে দেবেন। কালের পরিক্রমায় দ্রুপদ পাঞ্চালের রাজা হলেন। ব্রাহ্মণবংশীয় দ্রোণ ততদিনে শাস্ত্রবিদ্যায় ক্ষত্রিয়দের চাইতেও অনেক বেশি দক্ষ। চলে গেলেন বন্ধুর কাছে। দ্রুপদ অপমান করে তাড়িয়ে দিলেন বাল্যবন্ধুকে।

মনে প্রতিশোধের আগুন নিয়ে হস্তিনাপুরে এলেন দ্রোণ। একমুখী চিন্তার ভীষ্ম তাকে রাজকুমারদের অস্ত্রগুরু করে নিলেন। তখনকার দিনে গুরুদক্ষিণা দেবার প্রথা ছিল। শুরুতেই সেটা কুমারদের মনে গেঁথে দিলেন দ্রোণ। তবে সেটা কি হবে জানালেন না। কালে কালে কুমারেরা সব বড় হলো। শিক্ষাশেষে গুরু মনে করিয়ে দিলেন সেই গুরুদক্ষিণার কথা। কুমারেরাও যথাযথভাবে দক্ষিণা দেবার আশ্বাস দিলো গুরুকে। দ্রোণ এবারে প্রস্তাব দিলেন, দ্রুপদরাজকে ধরে আনতে হবে। অধ্যাবসায়ের গুণে অর্জুন গুরুর প্রিয়পাত্র। কার্যক্ষেত্রেও অসাধ্যসাধন করলো মধ্যম পাণ্ডব। সাথে মহাবলী ভীম।

বন্দী দ্রুপদকে মৃত্যুর অধিক সাজা দিলেন দ্রোণ। পাল্টা অপমান করে ছেড়ে দিলেন। রাজপুরুষ দ্রুপদের মনে প্রতিশোধের আগুন। বিশাল যজ্ঞের আয়োজন করলেন। উদ্দেশ্য দ্রোণহত্যায় সক্ষম মহাবলশালী পুত্রলাভ। যজ্ঞের আগুন থেকে জন্ম নিলো ধৃষ্টদ্যুম্ন। সাথে অনিন্দ্যসুন্দর দ্রৌপদী।

সেই ধৃষ্টদ্যুম্ন কুরুক্ষেত্রের যুদ্ধে আজ পাণ্ডবদের সেনাপতি। তার ওপরে আবার দ্রৌপদী পঞ্চপাণ্ডবের সহধর্মিনী। সেইসূত্রে ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবদের নিকটাত্মীয়ও। এই হলো পাঞ্চাল আর হস্তিনাপুরের মাঝে বৈরীতার ইতিহাস। কূটনীতি তাহলে কোথায়?

ধৃষ্টদ্যুম্নের জন্মই হয়েছে দ্রোণনিধনের উদ্দেশ্যে। এইকথা আর্যাবর্তে সবাই জানে। তাই দুর্যোধন প্রতিপক্ষের সেনাপতিকে স্বনামে সম্বোধন না করে বলছেন 'দ্রুপদপুত্র'। কিন্তু কেন? একদা বন্ধুর সাথে পুরনো শত্রুতার কথা গুরুকে মনে করিয়ে দিচ্ছেন দুর্যোধন। আবার বলছেন 'ধীমান্ শিষ্য'। সবকিছুর পেছনে মূল উদ্দেশ্য হচ্ছে, যুদ্ধের আগে নিজের দলে থাকা গুরুকে তাতিয়ে দেয়া।

কারণ সবাই জানে, ধর্মশীল পাণ্ডবদের প্রতি গুরুদ্রোণ স্নেহপ্রবণ। আর অর্জুন ওনার সর্বাধিক প্রিয় শিষ্য। দুর্যোধনের মনে তাই ভয় আছে। যদি নিজের সবটুকু সামর্থ দিয়ে যুদ্ধ না করেন আচার্য! তাহলে কি হবে! তাই শেষমুহূর্তে গুরুকে মনে করিয়ে দিচ্ছেন, প্রতিপক্ষে শুধু আপনার স্নেহের পাত্ররাই নয়, আপনাকে হত্যার লক্ষ্যে জন্ম নেয়া শত্রুর ছেলে ধৃষ্টদ্যুম্নও আছে। তাই দুর্বল হবার সুযোগ নেই।

লক্ষ করুন, আবারও সেই ভেদনীতি। পরিচয়-ভিত্তিক সংঘাত। মানতেই হবে, কূটকৌশলে দুর্যোধন অনুপম বটে!

**দুর্যোধনের অবিদ্যা : অহংকারের আস্ফালন**

শ্লোক : চার-ছয়

**সঞ্জয় উবাচ**

**অত্র শূরা মহেম্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।**
**যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪**

**ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।**
**পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫**

**যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।**
**সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥ ৬**

*বঙ্গানুবাদ : এই সেনার মধ্যে ভীমার্জ্জুনের সমকক্ষ, মহাধনুর্দ্ধারী বহু বীর পুরুষ রহিয়াছেন। সাত্যকি, বিরাট, মহারথ দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবান্ কাশীরাজ, কুন্তীভোজ পুরুজিৎ, নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, বীর্য্যবান্ উত্তমৌজা, সুভদ্রা-পুত্র (অভিমন্যু), দ্রৌপদীর পুত্রগণ (প্রতিবিন্ধ্যাদি) ইহারা সকলেই মহারথী।*

গুরুর সামনে পাণ্ডবদের পুরো 'এলায়েন্স'টা তুলে ধরলো দুর্যোধন। একেবারে রাজা ও রাজ্যের বা তাদের জন্ম-পরিচয়ের সূত্র ধরে। তাতে যুদ্ধের সমীকরণ বুঝতে সুবিধা হবে। যাকে বলে একেবারে গরুড়-দৃষ্টি।

কিন্তু থাকলে কি হবে। আত্মশ্রদ্ধা না থাকলে অপরকেও যে শ্রদ্ধা করা যায় না দুর্যোধনের কথাবার্তায় সেটা স্পষ্ট। সম্বোধনটা খেয়াল করতে হবে। পাণ্ডবদের সেনাকে বলছে, 'অত্র শূরা', মানে 'এই সেনা'। পুরো তাচ্ছিল্য। আরেকটা কারণ হচ্ছে অহংকারে আক্রান্ত মানুষ অনেক সময়ই বাহ্যিক চাকচিক্য বা বস্তুর পরিমাণ দিয়ে তার কার্যকারিতা বুঝতে চায়। একটু পরেই সেটা বোঝা যাবে। (অধ্যায় ১, শ্লোক ১০)

এরপরের শ্লোকে যাওয়া যাক।

**অস্মাকন্তু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম।**
**নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭**

বঙ্গানুবাদ : হে দ্বিজশ্রেষ্ঠ! আমার সৈন্যমধ্যেও যে সকল প্রধান সেনানায়ক আছেন তাহাদিগকে অবগত হউন। আপনার সম্যক অবগতির জন্য তাহাদিগের নাম বলিতেছি। দুর্যোধনের মানসিকতা বোঝা যায় এইসব কথাবার্তা থেকে। একটু আগেই পাণ্ডবদের সেনাকে বলছেন 'অত্র শূরা', মানে 'এই সেনা'। উদ্দেশ্য শুধু নিজের অহমের তৃপ্তিমাত্র। এখন আবার বলছেন 'অস্মাকন্তু', 'আমার সেনা'। হস্তিনাপুরের সেনা নয়। কৌরবপক্ষের সেনাও নয়। আমার সেনা। অহম-কেন্দ্রিকতার চূড়ান্ত!

তারপর সম্বোধনের বাকচাতুর্য খেয়াল করার মতো। দ্রোণাচার্যকে বলছেন, 'দ্বিজশ্রেষ্ঠ'। দ্বিজ মানে যিনি দ্বিতীয়বার জন্মেছেন। আগেই জেনেছি, দ্রোণ ব্রাহ্মণের ঘরে জন্মেছিলেন ঠিকই। তবে অস্ত্রবিদ্যায় তিনি ক্ষত্রিয়শ্রেষ্ঠ'র তালিকায়। আগের শ্লোকে শত্রুদের চিনিয়ে এবারে 'দ্বিজশ্রেষ্ঠ' সম্বোধন। তাতিয়ে তোলার কি কায়দা!

একটু এগিয়ে দেখা যাক, নবম শ্লোকে কি বলছে দুর্যোধন

**অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।**
**নানাশস্ত্র প্রহরণাঃ সর্ব্বে যুদ্ধ-বিশারদাঃ ॥ ৯**

*বঙ্গানুবাদ : আমার জন্য জীবন ত্যাগে প্রস্তুত আরও অনেক নানাশস্ত্রধারী বীরপুরুষ আছেন। তাঁহার সকলেই যুদ্ধ বিশারদ।*

আমার সৈন্য, 'আমার জন্যে জীবন ত্যাগে প্রস্তুত' (মদর্থে ত্যক্তজীবিতাঃ)। আবার সেই অহম!

দশম শ্লোকের কি ব্যাপার, দেখা যাক।

**অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।**
**পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥ ১০**

*বঙ্গানুবাদ : ভীষ্মকর্তৃক সম্যক রক্ষিত আমাদের সেনা অপরিমিত। আর ভীমকর্তৃক রক্ষিত পাণ্ডবদের সেনা পরিমিত (অপেক্ষাকৃত অল্প)।*

এবারে আবারও অহমের ঢক্কানিনাদ। আমাদের সেনা 'অপরিমিত'। মানে অপেক্ষাকৃত বিশাল। ছিলও তাই। কৌরবপক্ষে ছিল এগারো অক্ষৌহিণী সেনা। তুলনায় পাণ্ডবদের সেনা 'পরিমিত'। মানে অপেক্ষাকৃত অল্প। দুর্মতিগ্রস্ত কৌরবনেতা বলছেন, আমাদের চেয়ে কম। এটাও বাস্তব। কারণ পাণ্ডবদের সেনা ছিল সাত অক্ষৌহিণী।

কিন্তু অহংকারী দুর্যোধন কুরুক্ষেত্রের সমীকরণের সবচেয়ে বড় সঞ্চালকের কথা ভুলে গিয়েছে। স্বয়ং যোগেশ্বর শ্রীকৃষ্ণ। এখানেই অবিদ্যা-আক্রান্ত মানুষ আর ধর্মপথের অনুসারীদের মাঝে পার্থক্য। আগামীতে এই কথা আরও পরিষ্কার হবে।

**তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।**
**সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২**

*বঙ্গানুবাদ : তখন প্রতাপশালী কুরুবৃদ্ধ পিতামহ তাঁহার (দুর্যোধনের) আনন্দ জন্মাইয়া উচ্চ সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিলেন।* ১২

এখানে একটি কথা মনে রাখতে হবে। মহাভারতের অনেক দুর্লভ দৃশ্যাবলীর মাঝে অন্যতম হস্তিনাপুর রাজসভায় পাঞ্চালীর অপমান। কুরুক্ষেত্রের যুদ্ধের বীজ কার্যতঃ সেদিনই বুনে দেয়া হয়। ওই মহাকলঙ্কময় অধ্যায় শেষে ভীমসেনের সেই তীব্র প্রতিজ্ঞাই আজ যুদ্ধে রূপ নিয়েছে। ওই আসরেও কিন্তু পিতামহ ভীষ্ম নীরব ছিলেন। সবাই জানে পাশা খেলায় অন্যায়ের আশ্রয় নিয়েছে গান্ধার-রাজ শকুনি। তাছাড়া দাসী হলেও ভরা সভায়, রজস্বলা অবস্থায় থাকা একজন নারীকে ওইরকম অপমান চূড়ান্ত পাশবিকতা। অথচ কুরুকুল মেতে আছে ধর্ম আর অধর্মের তাত্ত্বিক আলোচনায়। বিদুর, একমাত্র বিদুর প্রতিবাদে সোচ্চার। আর প্রতিবাদ জানিয়েছিলেন কৌরবভ্রাতা বিকর্ণ।

আর আজও দুর্যোধনের আনন্দের জন্যে (তস্য সংজনয়ন্ হর্ষং), গঙ্গাপুত্র ভীষ্ম সিংহনাদ করে শঙ্খ বাজালেন। যুগে যুগে যারা দুরাচারী (দুর্যোধন) তারা অপরাধের শক্তি পায় সৎলোকের (ভীষ্ম, দ্রোণ, কৃপ ইত্যাদি) নীরবতা, বা ভুলপক্ষ নেয়ার কারণে। সৎমানুষদের নীরবতার সুযোগেই অসৎ সবসময় তেড়ে ওঠে।

আজকের পৃথিবীও তার প্রতীক। ভালো মানুষেরা আজ অনেকক্ষেত্রেই সঙ্ঘবদ্ধ নয়। কিন্তু সর্বত্র অপরাধীদের 'সিন্ডিকেট' সাংঘাতিক শক্তিশালী।

পাশ্চাত্যের অতীন্দ্রিয়বাদী কবি দান্তে অলিঘিয়েরি তাঁর বিখ্যাত মহাকাব্য 'দ্য ডিভাইন কমেডি'র প্রথম ভাগ 'ইনফার্নো'তে বলেছেন, সংকটের মুহূর্তে যেসব সৎ ব্যক্তিগণ শুভের পক্ষ না নিয়ে অথবা নিরপেক্ষ থাকবেন, মৃত্যুপরবর্তী সময় তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি।

**ততঃ শঙ্খাশ্চ ভের্যশ্চ পণবানকগোমুখাঃ।**
**সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোহভবৎ ॥ ১৩**

*বঙ্গানুবাদ : তখন শঙ্খ, ভেরী, পণব, আনক, গোমুখ প্রভৃতি বাদ্যযন্ত্র সহসা বাদিত হইলে সেই শব্দ তুমুল হইয়া উঠিল।* ১৩

অর্থাৎ এবারে দুরাচারীদের কণ্ঠ দুর্বিনীত হয়ে উঠলো। তুমুল শব্দে তারা তাদের অস্তিত্ব জানান দিতে লাগলো (শব্দস্তুমুলোহভবৎ)। 'তুমুল শব্দ' মানে দুটি। অত্যাচারীদের কণ্ঠ সজোর হলো। চোরের মায়ের বড় গলা। আরেকটা হচ্ছে, চারিদিকে বিশৃঙ্খলা বা 'ক্যাওস' তৈরি হলো। এরপরে 'অর্ডার' বা শৃঙ্খলা আসবে। তবে তার আগে আরেকটি ধাপ আছে।

**অবিদ্যার বিপরীতে বিদ্যার শুভ আবির্ভাবধ্বনি**

**ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।**
**মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪**

*বঙ্গানুবাদ : অনন্তর শ্বেতাশ্বযুক্ত মহারথে স্থিত শ্রীকৃষ্ণ ও অর্জুন দিব্য শঙ্খধ্বনি করিলেন।* ১৪

প্রথম অধ্যায়ের ১ম শ্লোক থেকে শুরু করে ১৩তম শ্লোক পর্যন্ত ধৃতরাষ্ট্র আর দুর্যোধনের কথাবার্তা। আস্ফালনও বলা চলে। ১৩তম শ্লোকে এসে তুমুল আওয়াজ বা বিশৃঙ্খলা। কৌরবদের আস্ফালনের জবাবে পাণ্ডবেরা কি করলো, তার বর্ণনা ১৪ থেকে ১৮তম শ্লোকে। আর সেই শুভকাজের পরিণতি ১৯তম শ্লোকে।

চৌদ্দতম শ্লোকে এসে শুভশক্তির জয়ধ্বনি পাওয়া গেল। শুভশক্তি কিভাবে বোঝা গেল? ওই 'দিব্য' শব্দটি দিয়ে (দিব্যৌ)।

কুরুক্ষেত্রের যুদ্ধের যিনি জাগতিক ও আধ্যাত্মিক–দুই অর্থেই যিনি 'মাস্টারমাইন্ড', তাঁর শঙ্খ দিয়েই শুভশক্তির জয়ধ্বনি শুরু হল। কি অপূর্ব সংযোগ!

**পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।**
**পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥ ১৫**

**অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।**
**নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥ ১৬**

বঙ্গানুবাদ : শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য নামে শঙ্খ, অর্জ্জুন দেবদত্ত নামক শঙ্খ এবং ভীম পৌণ্ড্র নামক মহাশঙ্খ বাজাইলেন। কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় নামক শঙ্খ, নকুল সুঘোষ নামক শঙ্খ এবং সহদেব মণিপুষ্পক নামক শঙ্খ বাজাইলেন।

সচেতন পাঠক একটু খেয়াল করবেন। কৌরবদের পক্ষের কোনো শঙ্খের কোনো নাম উল্লেখ নেই। কারা কারা বাজিয়েছেন তারও উল্লেখ নেই। শুধু কৌরব সেনাপতি পিতামহ ভীষ্মের কথা উল্লেখ আছে।

আর এখানে প্রত্যেকের প্রতিটি শঙ্খের নাম সব বিস্তারে উল্লেখ করেছেন গীতাকার।

**কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।**
**ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭**
**দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।**
**সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মু পৃথক পৃথক ॥ ১৮**
**স ঘোষো ধার্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।**
**নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোহভ্যনুনাদয়ন্ ॥ ১৯**

*বঙ্গানুবাদ : হে রাজন্, মহাধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট রাজা, অজেয় সাত্যকি, দ্রুপদ, দ্রৌপদীর পুত্রগণ, মহাবাহু সুভদ্রা-পুত্র–ইহারা সকলেই পৃথক পৃথক শঙ্খ বাজাইলেন। সেই তুমুল শব্দ আকাশ ও পৃথিবীতে প্রতিধ্বনিত হইয়া ধৃতরাষ্ট্রপুত্রগণ ও তৎপক্ষীয়গণের হৃদয় বিদীর্ণ করিলো।*

আর শুধু পাণ্ডবরাই নন, তাঁদের সাথে উল্লেখিত হলেন সহযোদ্ধারাও। সৎসঙ্গে থাকার সৌভাগ্য একেই বলে। আওয়াজ যত বড়ই হোক (১৩তম শ্লোকের, শব্দস্তুমুলোহভবৎ), দিনশেষে গুরুত্ব পায় শুভ পথে চলা মানুষেরাই।

গীতাকারের কি সুন্দর যুক্তিবন্ধন দেখুন। ১৯তম লোকটির শেষ হলো কি দিয়ে! শুভপক্ষের শঙ্খ ধ্বনিতে হৃদয়বিদীর্ণ হলো 'ধৃতরাষ্ট্র পুত্রগণ ও তৎপক্ষীয়গণের' (ধার্তরাষ্ট্রাণাং)। প্রথম অধ্যায়ের বার্তালাপ শুরু হয়েছিল যার কথা দিয়ে, তার হৃদয়ে বিধির্ণ করা দিয়েই অশুভপক্ষের সংবাদ শেষ হলো। 'আমার পুত্রগণ' বলার অবিদ্যা দিয়ে যিনি কথা শুরু করলেন, শেষ পর্যন্ত তার হৃদয়ই বিদীর্ণ হলো।

অবিদ্যা আর অহংকারে আক্রান্ত হয়ে পথ চলার পরিণাম এইরকমই হয়।

**অবিদ্যার পরবর্তী ধাপ, তবে...**

এখন প্রশ্ন আসতে পারে, ভালো মানুষকে কখনো অবিদ্যা বা অজ্ঞানে আক্রান্ত হতে পারে না? উত্তর হচ্ছে, অবশ্যই পারে। মানব চরিত্রের সব দিক নিয়েই শ্রীগীতা সুন্দর করে আলোকপাত করেছেন। প্রথম অধ্যায়ের বাকি অংশে সেটাই আলোচিত হয়েছে।

মধ্যমপাণ্ডব অর্জুন অবিদ্যায় আক্রান্ত হয়েছেন। সমস্ত জাগতিক সম্পর্ককে তিনি শুধুমাত্র জৈবিকতার ভিত্তিতে দেখছেন। আর তার বিপরীতে নিজের আত্মিক বা আধ্যাত্মিক অস্তিত্বকে ভুলে যাচ্ছেন। ভুলে যাচ্ছেন স্বধর্ম। ভুলে যাচ্ছেন কর্তব্যকর্ম। জিভ-গলা শুকিয়ে আসছে। হাত থেকে খসে পড়ছে গাণ্ডীব। হতাশায় আচ্ছন্ন হয়েছে মন। বীরোচিত স্বভাব মেঘাচ্ছন্ন হয়েছে ভিক্ষুকের মানসিকতায়। সবমিলিয়ে পুরোপুরি বিভ্রান্তিজনিত বিষাদ।

অর্জুন এখানে আমাদের সবার প্রতিনিধি যেন। জগত সংসারের ঘূর্ণিপাকে পড়ে আমরাও যেমন ভুলে যাই সত্যিকারের পথ নির্দেশনা। অর্জুনেরও সেই অবস্থা। কিন্তু যোগেশ্বর পাশে থেকেই সান্ত্বনা দিচ্ছেন। বলছেন বিষাদ যত বড়ই হোক, আমার হাত ধর, তাহলে সেই বিষাদই পরিণত হবে যোগে।

পার্থসারথীর সেই অমীয় বাণীই বাকি পুরো সপ্তশতী শ্রীগীতা। প্রথম অধ্যায়ের অর্জুনের অবিদ্যা সংক্রান্ত আলোচনায় আবারো দেখা হবে আপনাদের সাথে, সেই প্রার্থনায় আজ বিদায়।

যাবতীয় জীবন-বিষাদ আমাদের জন্যেও 'যোগ' হয়ে উঠুক। মহাভারত-সূত্রধার শ্রীকৃষ্ণের আশীর্বাদে ভরে উঠুক সবার জীবন। ❑

**ঋণস্বীকার :**


শ্রীগীতা, শ্রী জগদীশ চন্দ্র ঘোষ, ৩৩ তম সংস্করণ, নভেম্বর ২০০৬, প্রেসিডেন্সি লাইব্রেরী, কলকাতা।

শ্রীমদ্ভগবদ্গীতা–আলোচনা, শ্রী বুলবুল ভৌমিক, প্রথম সংস্করণ, ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ, ঢাকা।

কৃষ্ণা কুন্তী এবং কৌন্তেয়, নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, প্রথম সংস্করণঃ জানুয়ারি ১৯৯৮, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা।

মহাভারতের ভারত যুদ্ধ এবং কৃষ্ণ, নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, প্রথম সংস্করণ : ২৫ বৈশাখ ১৩৯৮, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা।

Laghu Vasudeva Mananam (Sanskrit), Subrahmanya Shastri, Sri Vani Vilas Press, Sri Rangam, 1928.

Sen, Amartya, Identity and violence: The illusion of destiny, 2006, W. W. Norton & Company.

Vyas, Ramnarayan (1992). Nature of Indian Culture, Concept Publishing Company, pp. 27 - 31.

World of Dante; Section: Inferno Canto 3; Author: Dante Alighieri; Translator of Inferno: Allen Mandelbaum; General website editor: Deborah Parker (Professor of Italian, University of Virginia) in 1913, At Close Quarters by Rev. John A. Hutton (John Alexander Hutton), Chapter X: The Shame of Being Neutral, Start Page 101, Quote Page 101, Published by Robert Scott, London. (HathiTrust)

# শারদীয় শুভেচ্ছা



## সাউথ এশিয়ান উইমেন'স সেন্টার

সাউথ এশিয়ান উইমেন'স সেন্টার
৮০০ ল্যান্সডাউন এভিনিউ
টরনোটা, অন্টারিও এমভএইচ ৪কেত
ফোন ঃ ৪১৬-৫৩৭-২২৭৬
ফ্যাক্স ঃ ৪১৬-৫৩৭-৯৪৭২

সেবা প্রদানের ভাষাসমূহ ঃ ইংরেজী, বাংলা, হিন্দী, উর্দু, পাঞ্জাবী, গুজরাটি, মারাঠি, তামির, সিনহালিজ, তিব্বতী, উড়িয়া, আসামিজ, ভুটানিজ, নেপালিজ, তেলেগু, সিন্ধি, কুচি, কানাডা, মালয় এবং আরো অন্যান্য সাউথ এশিয়ান ভাষাসমূহ।

### আমাদের সেবামুলক কার্যক্রম ঃ

- ইমিগ্রেশন, স্পনসরশিপ, ভিজিটর ভিসা, পিআর কার্ড, সিটিজেনশীপ এ্যাপ্লিকেশন, পাসপোর্ট এ্যাপ্লিকেশন
- ওয়েলফেয়ার এ্যাসিস্ট্যান্স এ্যাপ্লিকেশন
- ডিসাবিলিটি সাপোর্ট প্রোগ্রাম এ্যাপ্লিকেশন
- সরকারী বাড়ী-সাবসিভাইজড হাউসিং এ্যাপ্লিকেশন
- ইন্টারপ্রিটেশন (দোভাষী) এবং অনুবাদ
- সহায়ক পরামর্শ
- চাকুরী সন্ধান পরামর্শ ও সহায়তা
- আইন বিষয়ক পরামর্শ, তথ্য এবং প্রেরণ (নোটারাইজেশন / এফিডেভিট)
- লিগ্যাল এসিস্ট্যান্স, সন্তানের আইনী অধিকার এবং সহায়তামূলক পরামর্শ
- স্বাস্থ্য শিক্ষা
- নারী ও শিশু নির্যাতন বিষয়ক পরামর্শ ও সহায়তা প্রদান
- শিশু যত্ন ও সেবা এবং মাতা-পিতার করণীয় সম্পর্কে পরামর্শ
- মাল্টিকালচারাল উইমেন'স ওয়েলনেস গ্রুপ
- সিনিয়র উইমেন'স গ্রুপ
- লাইফ স্কিলস সাপোর্ট গ্রুপ
- হোমওয়ার্ক ক্লাব (ছাত্র/ছাত্রীদের জন্য)
- বেষ্ট হেলথ এডুকেশন প্রোগ্রাম
- নির্যাতন এবং অত্যাচার বিরোধী কর্মসূচী
- স্বেচ্ছাসেবক কর্মসূচী
- সিটিজেনশীপ পরীক্ষা প্রস্তুতিমূলক ক্লাশ
- ইংরেজী ভাষা শিক্ষা ক্লাশ
- আইন বিষয়ক কর্মসূচী
- নোটারাইজেশন / এফিডেভিট
- খাদ্য বিতরণ কর্মসূচী
- ইয়ুথ গ্রুপ

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন ঃ

*সবিতা সাহা*- ফোন: ৪১৬-৫৩৭-২২৭৬ এক্স ২৩১
ssaha@sawc.org

**www.sawc.org**

# সর্বজীবে গুরুকৃপা

অরুণাভ দত্ত



মহাভারতে স্বর্গারোহণের পথে জ্যেষ্ঠ পাণ্ডব যুধিষ্ঠিরের চরম পরীক্ষা নিতে ধর্মরাজকে এক মনুষ্যেতর অর্থাৎ মানুষের চেয়ে হীন, তুচ্ছ জীবের রূপ ধারণ করতে হয়েছিল। যুধিষ্ঠির তাঁর যাত্রাপথের সঙ্গী কুকুরটিকে নিয়েই ইন্দ্রের রথে উঠতে চেয়েছিলেন। কিন্তু ইন্দ্র বাধা দিয়ে বলেন, 'যার কুকুর থাকে সে স্বর্গে যেতে পারে না। ক্রোধবশ নামক দেবতারা তার দান, যজ্ঞের ফল নষ্ট করে দেন। তুমি কুকুরকে ত্যাগ করো।'

ধর্মপুত্র যুধিষ্ঠির কিন্তু এমনটা চাননি। কুকুরটি তাঁর আশ্রিত। আশ্রিতকে রক্ষা করাই মানুষের ধর্ম; আর প্রাণ থাকতে তিনি ধর্মত্যাগ করতে পারবেন না। সেইজন্য যদি সশরীরে স্বর্গদর্শনের মতো দুর্লভ সৌভাগ্য থেকে বঞ্চিত হতে হয়, সেও ভালো। যুধিষ্ঠিরের সত্যবাদিতায় প্রসন্ন হয়ে ধর্মরাজ নিজমূর্তি ধরে যুধিষ্ঠিরকে স্বর্গারোহণের ছাড়পত্র দিয়েছিলেন।

**পশু-পাখি-কীট-পতঙ্গরা বড়ই অবহেলার বস্তু। কিন্তু ভগবান তাদের সৃষ্টি করেছেন। আবার সময় বিশেষে তাদের মধ্য দিয়ে লীলাও করেছেন।**

রামায়ণেও পাওয়া যায় এমনই কিছু মনুষ্যেতর প্রাণীর কথা। যাঁদের প্রত্যক্ষ সাহায্য ছাড়া শ্রীরামচন্দ্রের রাবণবধ ও জানকী উদ্ধার এক প্রকার অসম্ভব ছিল। জটায়ু, সম্পাতির মতো পাখি; হনুমান, সগ্রীবসহ সমস্ত বানরকুল; এঁরা সকলেই জাগতিক দৃষ্টিতে তুচ্ছ জীব। তবুও এঁরা মহাকাব্যের এক একজন রথী-মহারথী। রঘুবীরের কৃপাভাজন।

আবার শ্রীমদ্ভাগবতে অবধূত দত্তাত্রেয় মানুষকে উপদেশ দিয়েছেন, 'প্রকৃতির তুচ্ছ পশু-পাখি-কীট-পতঙ্গদের কাছ থেকেও শিক্ষা নাও।'

পুণ্যভূমি ভারতবর্ষে প্রাচীনকাল থেকেই প্রকৃতির অতি নগণ্য প্রাণীরাও দেবতার আসন পেয়ে এসেছে। শ্রীরামকৃষ্ণের মতে, 'এরা কলমীর দল। টানলেই আসবে।'

প্রভুপাদ বিজয়কৃষ্ণ গোস্বামীর মতে, 'এরা সঙ্গে আসে, সঙ্গে যায়।' সেইসব প্রণম্য সদ্‌গুরুগণের লীলাসহচরদের মধ্যে যেমন আছেন ঈশ্বরকোটি, জীবকোটি; তেমনই আছে প্রকৃতির অতি নগণ্য প্রাণীরাও। শক্তিধর সদ্‌গুরুগণের কৃপাস্পর্শে সেইসব সামান্য প্রাণী হয়ে উঠেছে অসামান্য। আবার গীতায় ভগবান স্বয়ং বলেছেন, 'এই বিশ্বচরাচরে যা কিছু দেখছো বন্ধু, সবই আমি।' ভগবান যেমন তাঁর বাণীর সত্যতা অটুট রাখার জন্যই তুচ্ছ প্রাণীদের রূপ ধরে লীলা করেছেন; তেমনই সদ্‌গুরুদের অলৌকিক লীলার মধ্য দিয়েও পূর্ণতা পেয়েছে ভগবানের সেই চিরকালীন বাণী। যেমন সিদ্ধ মারাঠা সাধক নামদেব। একদিন নামদেব খেতে বসেছেন। দেখতে পেলেন একটি কুকুর এসে তাঁর পাত্র থেকে দুটো শুকনো রুটি মুখে তুলে নিয়ে পালাচ্ছে। নামদেব কুকুরটার পিছু ধাওয়া করলেন। দেখা গেল নামদেবের হাতে ঘিয়ের পাত্র। দু'চোখে বইছে প্রেমাশ্রু। তিনি ছুটছেন আর কুকুরটার উদ্দেশ্যে কাতর মিনতি জানিয়ে বলছেন, 'দাঁড়াও প্রভু! শুধু শুকনো রুটি কেন নিয়ে যাচ্ছো! একটু থামো। রুটিতে ঘি মাখিয়ে দিই।'

কিংবা যদি যাওয়া যেত আজ থেকে পাঁচশো বছর আগেকার ঝাড়খণ্ডের গহন অরণ্য পথ ধরে, যে পথ ধরে বৃন্দাবনের পথে ছুটে যাচ্ছেন শ্রীচৈতন্যদেব। মুখে মধুর কৃষ্ণনাম। দুই নয়নে প্রেমাশ্রু। তবে দেখা যেত মহাপ্রভুর নর্তন-কীর্তন আর তাঁর প্রবল কৃষ্ণপ্রেমের আকর্ষণে অরণ্যের হিংস্র জন্তুরা হিংসা ভুলে গিয়েছে। কৃষ্ণনাম শুনে বাঘ নাচছে। প্রেমে আলিঙ্গন করছে হরিণকে। সাক্ষী মহাপ্রভুর যাত্রাপথের সঙ্গী বলভদ্র ভট্টাচার্য।

চলুন, এইবার জেনে নিই প্রণম্য সদ্‌গুরুগণের কিছু অদ্ভুত কৃপাদানের কাহিনি। ঠাকুর শ্রীরামকৃষ্ণ বাল্য বয়সে কামারপুকুরের প্রতিবেশী মধু যুগীর বাড়িতে গিয়ে প্রহ্লাদ চরিত্র ইত্যাদি পুঁথি পাঠ করতেন। একবার বালক গদাধর পুঁথি পাঠ করছেন। এমন সময় কাছের একটি আমগাছ থেকে একটি হনুমান নেমে এসে গদাধরের সামনে বসলো। উপস্থিত শ্রোতারা বিস্মিত নয়নে দেখলেন হনুমানটি গদাধরের চরণ ছুঁয়ে বসে একমনে পাঠ শুনছে। পাঠ শেষ হলে গদাধর পুঁথিটি হনুমারে মাথায় স্পর্শ করালেন এবং হনুমানটি অবিকল মানুষের মতো করজোড়ে তাঁকে প্রণাম জানিয়ে ফিরে গেল আমগাছের মাথায়।

দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণের পরম অনুরক্ত, অতিবৃদ্ধ একটি কুকুর ছিল। ঠাকুর তাকে আদর করে 'কাপ্তেন' নামে ডাকতেন। সে ভবতারিণীর মন্দিরের সামনের চাতালে বসে থাকতো। ঠাকুর 'কাপ্তেন' বলে ডাকলেই ছুটে এসে ঠাকুরের চরণে গড়াগড়ি দিত। কাপ্তেনের প্রতিদিনের খাদ্য ছিল শ্রীরামকৃষ্ণের উচ্ছিষ্ট প্রসাদ। এমনকী গঙ্গার ঘাটে নেমে সে গঙ্গার জল পান করতো। ঠাকুর তার সম্বন্ধে বলতেন, 'এত যে কুকুর রয়েছে, কাপ্তেনের মতো কেউই মায়ের সামনে বসে না; গঙ্গার ধাপে বসতে, গঙ্গাজল খেতে, ওর

মতো কাউকে দেখিনি। কাপ্তেনটা শাপভ্রষ্ট, ওর পূর্বজন্মের সংস্কার যা ছিল, তাই করছে এখানে এসে–ধন্য হয়ে গেল!'

দক্ষিণেশ্বর কালীবাড়িতে একটি স্ত্রী কুকুরের কয়েকটি ছানা প্রসব করেই মারা গিয়েছিল। মাতৃহারা শাবকগুলো অনাহারে সারা রাত পড়ে থাকে। পরদিন ঠাকুরকে আসতে দেখে তারা ছুটে গেল এবং ঠাকুরের চরণে লুটিয়ে পড়ে কুঁই কুঁই শব্দ করতে লাগলো। করুণাময় ঠাকুর শাবকগুলোকে আশ্বাস দিয়ে নিজের ঘরে চলে গেলেন। তারপরই ঘটলো এক আশ্চর্য ঘটনা! কালীবাড়ির জনৈক ব্যক্তি ঠাকুরের কাছে গিয়ে জানালেন যে, কোথা থেকে কালীবাড়িতে একটা স্ত্রী কুকুর এসে হাজির। আশ্চর্যের বিষয় হলো তাকে দেখতে অবিকল মাতৃহারা শাবদের মৃত মায়ের মতো। শাবকেরা এখন আনন্দে ওই সারমেয়টির স্তন্যপান করছে। সব শুনে শ্রীরামকৃষ্ণ প্রসন্ন কণ্ঠে বললেন, 'সবই শ্যামা মায়ের ইচ্ছা!'

জয়রামবাটীতে জননী সারদার বাড়িতে 'গঙ্গারাম' নামে একটা পোষা টিয়া পাখি ছিল। নামটি মায়েরই দেওয়া। মা খাঁচার কাছে গিয়ে যখন বলতেন, 'বাবা গঙ্গারাম, পড় তো', তখন পাখিটা তার স্বভাবসিদ্ধ ভঙ্গিতে হরিনাম শোনাতো। আবার কখনও সে 'মা, ও মা' বলে ডেকে উঠলে শ্রীমা উত্তর দিতেন, 'যাই বাবা, যাই।' পাখির 'মা' সম্বোধনের অর্থ হলো তার খিদে পেয়েছে। শ্রীমায়ের দেহত্যাগের কয়েক বছর আগে এক গ্রীষ্মের দিনে গঙ্গারাম মারা যয়। মা তখন বলেন, 'গোপাল আমার অনেক ভগবানের নাম শুনিয়েছে।' শ্রীমা গঙ্গারারামের দেহ গেরুয়া কাপড়ে ঢেকে দেন এবং মায়ের ভাই বরদাপ্রসাদ ও কয়েকজন সেবক খোল বাজিয়ে হরিনাম করতে করতে নদীতীরে গঙ্গারামকে সমাধিস্থ করেন।

তারাপীঠের ভৈরব বামাখ্যাপার বাসস্থঅন ছিল অরণ্যসংকুল, ভয়ঙ্কর শ্মশানভূমি। সঙ্গী ছিল শ্মশানের কেলো আর ভুলো কুকুর। প্রায়ই দেখা যেত, ভাবাবিষ্ট মহাসাধক তাঁর খাবার তাঁর প্রিয় কুকুরদে সঙ্গে ভাগ করে মহানন্দে খাচ্ছেন। যখন তিনি তারাময়ের মন্দিরে পুজো করতে যেতেন, তখন তাঁকে অনুসরণ করতো তাঁর প্রিয় কুকুরের দল। একদিন মন্দিরের আঙিনায় বসে বামাখ্যাপা মায়ের প্রসাদ খাচ্ছেন। সামনে উপস্থিত কয়েকজন দর্শনার্থী। সকলে দেখছেন বামাখ্যাপা তাদের সঙ্গে কথা বলতে বলতে প্রসাদ মুখে দিচ্ছেন এবং তাঁর প্রিয় পার্ষদ কুকুরেরাও ওই পাতা থেকেই প্রসাদ খাচ্ছে। সেখানে উপস্থিত কিছু তরুণের ওই দৃশ্য দেখে ঘৃণা হচ্ছিলো। অন্তর্যামী সদ্‌গুরু বামাখ্যাপা তরুণদের কাছে ডাকলেন এবং তাদের পৃষ্ঠদেশ স্পর্শ করে বললেন, 'বাবারা, এবার কী দেখেছেন?' বিস্ময়ের হতভম্ব তরুণরা দেখলো বামাখ্যাপার পাশে বসু কুকুরা সকলেই মানুষের আকৃতি নিয়েছে। তারা ও বামাখ্যাপা ছাড়া মন্দিরে যত দর্শনার্থী রয়েছে, সকলের আকার মনুষ্যেতর জীবের। কেউ সাপ, কেউ কুকুর আর কেউ বা বিড়াল। খানিক পরেই ফিরে এলো তাদের স্বাভাবিক দৃষ্টি। তারা ক্ষমাপ্রার্থনা করলেন বামাখ্যাপার শ্রীচরণে।

মা আনন্দময়ীর সঙ্গে সাপেদের একটা সুন্দর সম্পর্ক ছিল। ঢাকার রমণার একটি শিবমন্দিরে মা সাপেদের জন্য দুধ-কলা রেখে দিতেন। তারা খেয়ে যেত। একবার দেখো গেল দুধ-কলা রেখে দেওয়ার পরে সাতদিন পেরিয়ে গেলেও কোনও সাপ তা স্পর্শ করেনি। মা সেই দুধ সামান্য মুখে দিয়ে প্রসাদ করে দিলেন। পরদিন সকালে দেখা গেল পাত্র ফাঁকা। সাপে সবটা খেয়ে গিয়েছে।

শক্তিধর মহাপুরুষ বিজয়কৃষ্ণ গোস্বামী কুম্ভমেলা উপলক্ষে প্রয়াগধামের যে বাড়িতে বাস করতেন, তার কাছেই একটি শিবমন্দির ছিল। প্রতিদিন যখন মন্দিরে সন্ধ্যারতি হতো তখন একটি কুকুর সেখানে এসে নিজের ভাষায় সুর করে গান করতো। গোস্বামীজি কুকুরটিকে দেখে বলেছিলেন, 'পূর্বজন্মে ইনি একজন সাধক ছিলেন; কোনও অপরাধে কুকুর হয়েছেন।'

বিজয়কৃষ্ণ গোস্বামীর গেণ্ডারিয়া আশ্রমে দুটি কুকুর ছিল। চেয়ারম্যান ও কালু। প্রথম কুকুরটি আশ্রমের একটি গদিওয়ালা কেদারায় সারাক্ষণ শুয়ে থাকতো বলে সে 'চেয়ারম্যান' নাম পেয়েছিল। গোস্বামীজি আশ্রমে যখন মধ্যাহ্নভোজন সারতেন, তখন চেয়ারম্যান ঘরের বাইরে বারান্দায় অপেক্ষায় প্রহর গুনতো। ঘরের মধ্যে গোস্বামীজির খাওয়া শেষ হওয়া মাত্র দেখা যেত সে উঠে দাঁড়িয়েছে। গোস্বামীজি আদার করে চেয়ারম্যানকে কাছে ডেকে খাওয়াতেন। শঅস্ত্রে শিব বলেছেন, গুরুর উচ্ছিষ্ট ভোজন ও গুরুর পাদোদক পানই শিষ্যের পবিত্র কর্তব্য। তাই দেখা যেত সদ্‌গুরুর উচ্ছিষ্ট সেবন করে কুকুরটির মধ্যে বৈরাগ্যের ভাব ফুটে বেরোচ্ছে। সে অন্যান্য কুকুরদের সঙ্গে মিশতো না। লোকসঙ্গও তার বিশেষ পছন্দ ছিল না। সর্বদা কীসের যেন ভাবে মগ্ন হয়ে সে এক বসে থাকতো। একদিন এক অদ্ভুত কাণ্ড ঘটলো। সহসা চেয়ারম্যান আশ্রম ছেড়ে কোথায় চলে গেল কেউ তার সন্ধান পেল না। পরদিন গোস্বামীজি জানালেন, 'চেয়ারম্যান কাল আমাকে বললো, আমি আর থাকবো না।' গোস্বামীজি যখন আশ্রম ছেড়ে চলে গেলেন তখন গোস্বামীজির ভক্তদের রাস্তায় দেখতে পেলে চেয়ারম্যান যেন তাঁদের পথ দেখিয়ে আশ্রম পর্যন্ত নিয়ে আসতো; কিন্তু কিছুতেই তাকে আশ্রমের ভিতরে আনা যেত না। যেন গুরুশূন্য আশ্রমে প্রবেশ করতে আর তার ভালো লাগতো না।

কৃষ্ণবর্ণ কুকুর কালুর কাহিনি আরও রহস্যময়। আশ্রমে যখন এসেছিল কালু, তখন সে শিশু। আশ্রমের অপূর্ব আধ্যাত্মিক পরিবেশেই তার বেড়ে ওঠা। সুতরাং পূর্ণবয়স্ক কালুর মধ্যে দেখা যেত অপূর্ব ধর্মভাব। নামসংকীর্তন ছিল তার অতি প্রিয়। গোস্বামীজির ভক্তেরা স্বচক্ষে দেখেছেন যে, যখনই কীর্তন শুরু হতো তখনই কীর্তনের জায়গায় ছুটে আসতো কুকুর কালু। কীর্তনের তালে তালে সে দু'পা তুলে আনন্দে বিভোর হয়ে সকলকে আলিঙ্গন করতো। বিজয়কৃষ্ণ গোস্বামীর কাছে জনৈক ভক্ত প্রতিদিন সকালে চৈতন্যচরিতামৃত পাঠ করতেন। সেখানে বসে পাঠ শুনতে শুনতে কালুর ভাবাবেশ হতো। মৃতের ন্যায় অচৈতন্য হয়ে হাত-পা ছড়িয়ে পড়ে থাকতো। গোস্বামীজি ভক্তদের আদেশ দিতেন, 'কালুর সমাধি হয়েছে, ওর কানে নাম শোনাও।' নাম শোনালে কালুর দেহে চেতনার সঞ্চার হতো। কীর্তনের সময় কালুর সমাধি হলে গোস্বামীজি কালুর পদধূলি নিজের মাথায় নিতেন।

গোস্বামীজির কোনও ভক্ত গেণ্ডারিয়া আশ্রমে আসছেন, এমন খবর কানে গেলেই কালু আগন্তুককে আনার জন্য ষ্টেশনে গিয়ে অপেক্ষা

করতো। আগন্তুক পরিচিত হলে কালু তাকে দেখে লেজ নেড়ে আনন্দপ্রকাশ করে সামনের দু'পা তুলে আলিঙ্গন করতো। একদিন কালু গোস্বামীজির কুটিরের দ্বারে বসে কাতরভাবে গোস্বামীজির দিকে তাকিয়ে আছে। যেন যে প্রারব্ধ ভোগ করার জন্য সে কুকুর জন্ম নিয়েছে, সেই অবস্থা থেকে সে মুক্তি চায়। সদ্‌গুরুকে তাই নিবেদন করছে অন্তরের গভীর আকুতি। বিজয়কৃষ্ণ করুণামাখা কণ্ঠে তাকে বললেন, 'কালু, কী করবো? তোমাকে সহ্য করতে হবে। সহ্য করা ছাড়া উপায় নেই।' গোস্বামীজির কথা শুনে কিছুক্ষণ মৌন হয়ে বসে থাকার পর সে আস্তে আস্তে উঠে চলে গেল।



গোস্বামীজি গেণ্ডারিয়া আশ্রম ছেড়ে চলে যাবার পর ওই কুকুরটি অত্যন্ত মনমরা হয়ে পড়ে। তার পিঠে দেখা দেয় ভয়ানক ঘা। একদিন চিঠি মারফত আশ্রমবাসীরা জানতে পারলেন যে, গোস্বামীজি হয়তো আশ্রমে আসবেন। সেদিন থেকে দেখা গেল কালুর মনে আবার ফূর্তি ফিরে এসেছে। এমনকী পিঠের ক্ষত আরোগ্যের পথে। কিন্তু কিছুদিন পরেই আবার চিঠিতে খবর এল যে, গোস্বামীজি আর আশ্রমে আসবেন না। ঘটনাচক্রে কালুও সামনে বসে শুনল সেই সংবাদ। দেখা গেল তার পিঠের ঘা বাড়ছে। সে মৃতকল্প। ক্রমে সে দেহত্যাগ করল। গোস্বামীজির জনৈক ভক্ত তাকে আশ্রমের দক্ষিণ দিকে সমাধিস্থ করলেন।

বিজয়কৃষ্ণ গোস্বামীর জীবনলীলায় পাওয়া যায় 'ভক্তরাজ' কুকুরের কথা। আজীবন নিরামিষভোজী এই কুকুর প্রতিদিন গোস্বামীজির গৃহদেবতা শ্যামসুন্দরের মন্দির পরিক্রমা করতো। কীর্তন শুনে নীরবে চোখের জল ফেলত। গোস্বামীজি তাকে ডাকতেন 'ভক্তরাজ' নামে। গোস্বামীজি আরও বলতেন যে, ভক্তরা নাকি বিশেষ কোনও উদ্দেশ্যে সংসারে এসেছে। গোস্বামীজির সেই বাণীর সত্যতা প্রমাণিত হল অচিরেই। শান্তিপুরের কাছে বাবলায় অদ্বৈত আচার্যের যে ভজনস্থান আছে, তার সঙ্গে গোস্বামীজির আবাল্য সম্বন্ধ। একদিন তিনি ভক্তসঙ্গে খোল-করতাল বাজিয়ে কীর্তন করতে করতে সেখানে চলেছেন। ভক্তরাজও তাঁকে অনুসরণ করেছে। বাবলার পুণ্যভূমিতে গিয়েবিজয়কৃষ্ণ প্রেমানন্দে নর্তন-কীর্তনে মেতে উঠলেন। এমন সময় কুকুর ভক্তরাজকে দেখা গেল এক অদ্ভুত কাণ্ড করতে। কীর্তনের স্থান থেকে খানিক দূরে পঞ্চবটীর কাছে সে দৌড়ে গিয়ে নখ দিয়ে মাটি খুঁড়তে লেগেছে। তারপরই সে গোস্বামীজির কাছে এসে তাঁর বহির্বাস কামড়ে ধরে সেদিকে টেনে নিয়ে যেতে লাগল। অনেকবার তাকে এমনটা করতে দেখে গোস্বামীজি সেখানে গেলেন এবং কিছু উপলব্ধি হওয়ায় জায়গাটা খুঁড়তে আদেশ দিলেন। কাছাকাছি কৃষকদের বাড়ি থেকে দুটি কোদাল এনে ভক্তরাজের চিহ্নিত করা স্থানটি ভক্তেরা খুঁড়তে লাগলেন। কিন্তু কিছু পাওয়া গেল না। ভক্তরাজকে দেখা গেল গোস্বামীজির দিকে তাকিয়ে নিজের সামনের দু পায়ের নখ দিয়ে আরও মাটি খুঁড়তে ইশারা করছে। সুতরাং গোস্বামীজি খননকারীদের আরও খুঁড়তে নির্দেশ দিলেন। এবার কিছুটা খুঁড়তেই বেরিয়ে এল একটি পিতলের হাঁড়ি। সকলে দেখলেন হাঁড়ির ভিতরে রক্ষিত আছে অদ্বৈত আচার্যের নামাঙ্কিত এক জোড়া কাঠের পাদুকা, একটি মাটির করোয়া এবং একটি বাক্স। বাক্সের ভিতরে পাওয়া গেল একটি হাতে লেখা পুঁথি। গোস্বামীজি পাদুকা জোড়া শিরে ধারণ করে নৃত্য করতে লাগলেন। আবার শুরু হল নামসঙ্কীর্তন। বিজয়কৃষ্ণ প্রেমানন্দে উন্মত্ত। ভাবাবেশে অচৈতন্য। চৈতন্যলাভ করে দেখলেন তাঁর প্রিয় কুকুরও হরিপ্রেমে সংজ্ঞাহীন। তার কানে নাম শোনানো হলে ভক্তরাজের চেতনা হল। তখন গোস্বামীজি তাকে বুকে জড়িয়ে ধরে বললেন, 'যে কাজের জন্য তুমি এসেছিলে, আজ তা সম্পন্ন হল। এখন তুমি গঙ্গালাভ করো।' ভক্তরাজ নীরবে শুনল গুরুর আদেশ। পরদিন প্রভাতে সকলে গঙ্গাস্নানে গিয়ে দেখলেন গুরুর আদেশ পালন করেছে ভক্তরাজ। গঙ্গায় এক হাঁটু জলে ভাসছে ভক্তরাজের মৃতদেহ। বিজয়কৃষ্ণ স্বহস্তে গঙ্গাতীরের মাটি খুঁড়ে ভক্তরাজকে সমাধি দিলেন।

বিজয়কৃষ্ণ যখন বৃন্দাবনে ছিলেন, তখন সেখানে তাঁর সামনে প্রতিদিনই চৈতন্যচরিতামৃত প্রভৃতি ভক্তিগ্রন্থ পাঠ হতো। একটি বানর তাঁর কাছে বসে নীরবে পাঠ শুনত। গোস্বামীজি তাকে 'কৃষ্ণদাস' বলে ডাকতেন। একদিন অন্য একটি বানর জনৈকা বৈষ্ণবীর একটি বাসন নিয়ে পালায়। বৈষ্ণবী বাসনের জন্য দুঃখ পাচ্ছেন দেখে গোস্বামীজি অদূরে উপবিষ্ট কৃষ্ণদাসকে নির্দেশ দিলেন, 'কৃষ্ণদাস! দেখো তো কী অন্যায়! গরিবের বাসনখানা নিয়ে গেল। তুমি বাসনখানা এনে দাও।' তাঁর কথা শেষ হওয়া মাত্র বানর কৃষ্ণদাস সেখান থেকে প্রস্থান করল এবং কিছুক্ষণ পরে সে ফিরে এল বৈষ্ণবীর বাসনটি হাতে নিয়ে।

ব্রহ্মচারী লোকনাথ তখন পরিব্রাজক। বাস করছেন চন্দ্রনাথ পাহাড়ের জনমানবহীন শ্বাপদসংকুল অরণ্যে। সঙ্গী বেণীমাধব। হঠাৎ তাঁরা শুনতে পেলেন এক ভয়ানক গর্জন। দেখা গেল এক হিংস্র বাঘিনী তার সদ্যোজাত কয়েকটি শাবককে আড়াল করে দাঁড়িয়ে। মায়ের মন। ভেবেছে এই দুই আগন্তুক যদি তার ছানাদের চুরি করে নেয়। লোকনাথ মধুর কণ্ঠে বাঘিনীর উদ্দেশ্যে বললেন, 'ওগো, আমরা সাধু। তোমার কোনও ভয় নেই। তুমি তোমার সন্তানদের নিয়ে এখানে ঘুমিয়ে পড়ো।' আশ্চর্য কাণ্ড! তাঁর মধুরবাণী শুনে বাঘিনী তর্জন-গর্জন বন্ধ করে যেন বিড়ালের মতো তার ছানাদের নিয়ে ঘুমিয়ে পড়ল। পরদিন সকালে আবার বাঘিনীর গর্জন। অন্তর্যামী লোকনাথ বুঝলেন যে, বাঘিনীর ছানারা সদ্যোজাত। আত্মরক্ষার উপায় শেখেনি। অথচ বাঘিনীকে খাদ্য সংগ্রহের জন্য ছানাদের একলা রেখে অন্যত্র যেতে হবে। তাই

দুশ্চিন্তায় সে আকুল। লোকনাথ তাকে বললেন, 'ওগো, তুমি নিশ্চিন্তে শিকারে যাও। তোমার সন্তানদের আমরাই দেখভাল করব।' বাঘিনী নিশ্চিন্তে শিকারে বেরিয়ে গেল। এমনভাবে বেশ কিছুদিন সাধুদের জিম্মায় শিশুদের রেখে বাঘিনী শিকারে যায়। এবার লোকনাথ ও বেণীমাধবকে এই স্থান ছেড়ে যেতে হবে। সেদিন যাবেন বলে স্থির করলেন অমনি তাঁরা শুনতে পেলেন অরণ্যভূমি কাঁপিয়ে বাঘিনী মুহুর্মুহু গর্জন তুলছে। লোকনাথ তাঁর সঙ্গীকে বললেন, 'বেণী, আজ তো তবে আর যাওয়া হল না।' ফিরে এসে বাঘিনীকে বললেন, 'দেখো, আমরা থেকেই গেলাম। যতদিন তোমার ছানারা তোমার সঙ্গে শিকারে যাবার মতো উপযুক্ত না হয়, আমরা এখানেই থাকব।' লোকনাথের কথা শুনে বাঘিনী মুহূর্তে শান্ত। প্রতিজ্ঞা মতো লোকনাথ ও বেণীমাধব এক মাস অরণ্যের ওই নির্দিষ্ট স্থানে বাস করেন। তারপর একদিন তাঁরা দেখেন যে, বাঘিনী তার ছানাদের সঙ্গে নিয়ে কোথায় যেন চলে গিয়েছে। আর ফিরে আসেনি। প্রতিজ্ঞা পূর্ণ হয়েছে দেখে লোকনাথ ও বেণীমাধবও অরণ্য ত্যাগ করে চলে গেলেন।

করুণাময় মহাপুরুষ রাম ঠাকুর তখন ভক্ত কেশবচন্দ্র গুহর বাড়িতে রয়েছেন। এক বিকেলে ঠাকুর তাঁর ঘরের খাটে শুনেয় বিশ্রাম করছেন। ভক্তেরা ঘরের মেঝেতে উপবিষ্ট। বাড়ির পোষা কুকুরটি তখন ভীষণভাবে চিৎকার করছে। কুকুরটি বড়ই শান্তশিষ্ট। সুতরাং তার এভাবে চিৎকার করার কারণ কেউই বুঝতে পারছেন না। সহসা কুকুরটি চিৎকার থামিয়ে ঠাকুরের ঘরের দরজায় এসে দাঁড়াল। তারপর সবাইকে ডিঙিয়ে সোজা খাটের কাছে। সামনের দু'পা খাটের উপর তুলে দিয়ে ঠাকুরের দিকে সে তাকিয়ে আছে একদৃষ্টে। কী যেন নীরব ভাব বিনিময় চলছে উভয়ের মধ্যে। কিছুক্ষণ পর আবার সে সবাইকে পাশ কাটিয়ে ঘরের বাইরে বেরিয়ে গেল। ঠাকুর এবার উঠে বসলেন। জিজ্ঞাসা করলেন, 'এখানে পশুর ডাক্তার পাওয়া যায় না?' উপস্থিত এক ভদ্রলোক বললেন, 'না বাবা, তবে নোয়াখালীতে পাওয়া যায়।' তখন পরিবারের সদস্যদের উদ্দেশ্যে ঠাকুর বললেন, 'আপনারা কিছু দেখেন না। ওকে একটু যত্ন করবেন, যা তা খেতে দেবেন না। সজনে ডাঁটা খেতে দিয়েছিলেন, সেই ডাঁটা ওর গলায় আটকে গিয়েছিল।' ঠাকুরের এই অভিযোগ পেশ করার পর থেকে কুকুরের হাঁকডাক বন্ধ।

রাগানুগা ভক্তি সাধনায় সিদ্ধ পুরুষ শ্রীরাধারমণ চরণদাস বাবাজি ভজন-কীর্তন সেরে ফেরার পথে একদিন তাঁর বন্ধু জুটে গেল। সেটি একটি স্ত্রী কুকুর। নামকীর্তন শুনে তার বড় আনন্দ হয়। বাবাজি তার নাম রাখলেন 'ভক্তি মা'। বাবাজির আশ্রমে এই কুকুরী শ্রদ্ধেয়া বৈষ্ণবীর মতোই সেবা ও মর্যাদা পেত। একদিন ভক্তি মা দেহত্যাগ করল। গঙ্গাগর্ভে তাকে সমাধিস্থ করার পর বাবাজির মনে জাগল এক অদ্ভুত বাসনা। ভক্তি মায়ের ধামপ্রাপ্তি উপলক্ষে এক মহোৎসব করবেন। সেখানে নিমন্ত্রণ করা হবে নবদ্বীপের সমস্ত বৈষ্ণবদের; সেইসঙ্গে ভক্তি মায়ের স্বজাতি অর্থাৎ নবদ্বীপের সমস্ত কুকুরদের! বাবাজির সঙ্গী ও ভক্তেরা তাঁর মনোবাসনা শুনে হতবুদ্ধি হলে গেলেন। একেই কুকুরীর শ্রাদ্ধ! আবার সেই শ্রাদ্ধে কুকুরদের নিমন্ত্রণ! এমন অদ্ভুত কথা শুনলে লোকে যে হাসবে! কিন্তু বাবাজির ইচ্ছা। নিমন্ত্রণ করবার ভার পড়ল বাবাজির ভক্ত নবদ্বীপদাসের উপর। নিমন্ত্রণ করতে যাবার আগে নবদ্বীপদাস বাবাজির আশীর্বাদ নিতে গেলেন। বাবাজি তখন ভাবাবিষ্ট। সেই অবস্থায় তাঁর পিঠে এক চপেটাঘাত করলেন। অমনি দেখা গেল নবদ্বীপদাস প্রবল ভাবাবেগে উন্মত্ত হয়ে উঠে দাঁড়িয়েছেন; সেই অবস্থায় তিনি আশ্রম থেকে বেরিয়ে গেলেন। সমস্ত মঠ ও আখড়ার সাধু, মোহান্ত ও ভক্তদের নিমন্ত্রণ করবার ফাঁকে ফাঁকে গুরুর ভাবে আবিষ্ট নবদ্বীপদাস রাস্তায় যেখানে কুকুর দেখলেন, সেখানেই করজোড়ে নিবেদন করলেন তাঁর গুরুর আবেদন, 'আমাদের ভক্তি-মা দেহ রেখেছেন। আগামীকাল মহোৎসব। আপনার সবান্ধবে বড়াল ঘাটের কাছে আমাদের গুরুদেবের আশ্রমে প্রসাদ সেবা করবেন!'

মহোৎসবের দিন গোলমাল বাধল। নিমন্ত্রিত বৈষ্ণবসাধুরা বেঁকে বসলেন। জানালেন, এখানে কুকুর-ভোজন হলে তাঁরা জলগ্রহণও করবেন না। অন্যদিকে আশ্রমবাসীদের দুশ্চিন্তাও কম নয়। খাদ্যের লোভে আশপাশের দু-দশটা কুকুর এসে জুটতে পারে। কিন্তু নবদ্বীপের কুকুর সমাজ আসবে কী করে? তারা কি মানুষের ভাষা বোঝে? রাধেশ্যাম বাবাজি চরণদাস বাবাজিকে ভর্ৎসনা করে বললেন, 'এ তোর কী পাগলামি? শেষকালে সকলের কাছে হাসির পাত্র হবি! কোথায় তোর নিমন্ত্রিত কুকুরের দল?'

বাবাজি দৃঢ়কণ্ঠে বললেন, 'বাবা, আপনারা বলেন যে প্রভু সর্বঘটে বিরাজমান। কুকুরদের ঘটে কি তিনি নেই? প্রহ্লাদের জন্য তিনি স্ফটিক স্তম্ভ থেকে নৃসিংহ মূর্তিতে বেরিয়েছিলেন। নিতাইচাঁদ সর্বত্র আছেন—এ কথা যদি সত্য হয়, তবে আমি নিশ্চিত আজ নবদ্বীপের কুকুর সমাজ দিয়ে আমার নিতাই এক অপূর্ব রঙ্গ দেখাবেন।' বেলা বাড়তেই সকলেই অবাক! শয়ে শয়ে কুকুর মহোৎসবের চত্বরে এসে জমা হচ্ছে। তাদের মধ্যে কোনও চিরাচরিত বিবাদ নেই, গণ্ডগোল নেই। সভ্যভব্য নিমন্ত্রিদের মতো তারা সারিবদ্ধ হয়ে আসছে। 'জয় নিতাই' আনন্দে জয়ধ্বনি দিলে বাবাজি। তারপর আমন্ত্রিত কুকুরদের ভোজনে যাতে কোনও খামতি না থাকে সেজন্য ব্যস্ত হয়ে উঠলেন। সারি দিয়ে বসে নবদ্বীপের শত শত কুকুর প্রসাদ গ্রহণ করছে। চরণদাস বাবাজির এই অলৌকিক লীলা দেখে মহোৎসব প্রাঙ্গণে উঠছে জয়ধ্বনি। পঙ্‌ক্তিভোজন শেষ হলে নিঃশব্দে প্রস্থান করল কুকুরের দল। তারপর যে সমস্ত সাধুরা আপত্তি জানিয়েছিলেন তাঁরা চরণদাস বাবাজির কাছে ক্ষমাভিক্ষা চেয়ে পঙ্‌ক্তিভোজনে বসলেন।

পশু-পাখি-কীট-পতঙ্গরা বড়ই অবহেলার বস্তু। কিন্তু ভগবান তাদের সৃষ্টি করেছেন। আবার সময় বিশেষে তাদের মধ্য দিয়ে লীলাও করেছেন। শক্তিধর সদ্‌গুরুদের পবিত্র সঙ্গ লাভ করে ধন্য হওয়া সেই সব তুচ্ছ প্রাণীরা যেন মানুষকে এই শিক্ষাই দিয়েছে, কখনও যেন আমরা মনে না করি যে আমরা বদ্ধজীব, আমাদের জ্ঞান-ভক্তি হবে না। গুরুর কৃপা হলে আর ভয় নেই। তিনি বুঝিয়ে দেবেন, ঈশ্বরই সত্য আর সব অনিত্য। ❑

**তথ্যসূত্র : শ্রীশ্রীরামকৃষ্ণ সংস্পর্শে : নির্মলকুমার রায়; শ্রীশ্রীসারদা দেবী : ব্রহ্মচারী অক্ষয়চৈতন্য; ভারতের সাধক (১-৫) : শঙ্করনাথ রায়; প্রভুপাদ : বিজয়কৃষ্ণ গোস্বামী : জগদ্বন্ধু মৈত্র।**

# নীরোগ থাকতে ধ্যান

স্বামী স্তবপ্রিয়ানন্দ, ডা. শৌভিক দুবে ও ডা. সুজিত সরখেল



*গৃহীরা কীভাবে ধ্যান করবে? এই প্রশ্নের সহজ করে উত্তর দিলেন রামকৃষ্ণ মিশন আশ্রম, মনসাদ্বীপ-এর সম্পাদক,* **স্বামী স্তবপ্রিয়ানন্দ**

**॥ ধ্যান ॥**

**● ধ্যান আসলে কী? গৃহীদের জন্য যদি সহজ করে বলেন?**

●● বিক্ষিপ্ত মনকে শান্ত করার একটি পদ্ধতি হল ধ্যান। মন সর্বদা চঞ্চল। এই অস্থির মনকে স্থির করে ধ্যানের অভ্যেস। মনের রশি ধরা সহজ কর্ম নয়। ধ্যান করতে বসার সময়ে বার বার মন বিক্ষিপ্ত হবে। ধেয়ে যাবে অন্য ভাবনার দিকে। তাকে পুনরায় ধরে এনে বসাতে হবে ধ্যানের বিষয়ের সামনে। একসময় মন স্থির হবে। ধ্যানের উদ্দেশ্যও পরিষ্কার হবে।

**● ধ্যান কি নিষ্কাম হয়ে করা প্রয়োজন?**

●● নিষ্কাম হওয়াই বাঞ্ছনীয়। কেন তা বলি। ধরা যাক কেউ ধ্যান করার সময় শ্রী শ্রী রামকৃষ্ণের মুখ স্মরণ করছেন। স্মরণ করার পিছনে কোনও অভীষ্ট থাকলে তার সঙ্গে একাত্ম হওয়া যাবে না। সকাম ধ্যান হল চিমনির কাচের ভিতরে থাকা আগুন। দীপশিখার কাছ পর্যন্ত হয়তো পৌঁছানো যাবে তবে আলোর সঙ্গে একাত্ম হওয়া যাবে না। নিষ্কাম ধ্যান হল সেই আলোর সঙ্গে একাত্ম হওয়ার প্রক্রিয়া।

**● ধ্যান শুরু করার সঠিক সময় কখন?**

●● যে কোনও সময় ধ্যান করা যায়। দিনের শেষে, আজ কী কী ভালো কাজ করলাম, কী কী খারাপ কর্ম হল তা যখন জানা হয়ে যায়, তখন শুধু ভালোর কথা ভেবে ধ্যানে বসা যেতে পারে। আবার ধ্যানে বসা যায় ঊষাকালেও।

**● ধ্যানের আগে কি মন্ত্রোচ্চারণ করলে ভালো হয়?**

●● যদি মনে হয় করলে ভালো হয় তাহলে করতে পারেন। ঈশ্বরের স্তুতিগান, শিবের স্তব করতেই পারেন। অগোছাল মনকে গোছাতে সুবিধা হলে নিশ্চয় গান করা যায়।

**● শিশুবয়সে কি ধ্যান করা যায়?**

●● আমার মতে ৯ বছর বয়স থেকে ধ্যান করা যায়।

**● কতক্ষণ অবধি ধ্যান করা উচিত?**

●● প্রথমদিকে অল্প সময়ের জন্যই মন নিবিষ্ট হবে। তারপর ধীরে ধীরে সময় বাড়ানো যেতে পারে।

**● পিতা-মাতা-সন্তান কি একসঙ্গে ধ্যান করতে পারে?**

●● ধরুন, আপনি বেলুড় মঠে গিয়েছেন। রামকৃষ্ণের মূর্তির দিকে তাকিয়ে রয়েছেন। অগণিত ভক্তগণের ঠেলাঠেলিতে তাঁর দিকে বেশিক্ষণ তাকিয়ে থাকতে পারছেন না। নিজের অবস্থান থেকে সরে আসতে হচ্ছে। তবু ঘাড় ঘুরিয়ে তাঁকে দেখছেন। একেবারে সরে যাওয়ার আগে ফের তাঁকে দেখছেন, ফের ঘুরে এসে তাঁকে দর্শন করছে– এমনটি করছেন কারণ আপনি এক অবর্ণনীয় আকর্ষণ অনুভব করছেন তাঁর প্রতি। এই আকর্ষণ তৈরি হয় আধ্যাত্মিক শক্তির তরঙ্গের প্রবাহের কারণে। আমাদের চেতনায় আঘাত করে এই তরঙ্গ। সকলে মিলে ধ্যান করলে ভিন্ন মাত্রার তরঙ্গ তৈরি হয়। মনে সাধু ভাব রাখলে সপরিবারে ধ্যান করা যায়।

**● ধ্যানের আগে কি শুদ্ধ পোশাক পরা উচিত?**

●● আপনি প্রতিদিন দাড়ি কেটে, স্নান করে, পরিষ্কার জামা কাপড় পরে অন্যের মন্দ চিন্তা করছেন! মন্দ কাজ করছেন! তাতে লাভ কিছু নেই। তাই সৎ চিন্তা মনে ধারণ করে ধ্যানে বসা শুদ্ধ পোশাকের চাইতেও অনেক বেশি জরুরি। তবে হ্যাঁ, পোশাক সবসময়েই পরিষ্কার পরিচ্ছন্ন থাকা উচিত। তবে আরও বেশি উচিত কর্ম হল পরিষ্কার পোশাকের সঙ্গে মনকেও পরিষ্কার রাখা। স্বামীজী বলছেন– পশু থেকে মানুষ হতে হবে। আর তা হওয়া যায় সৎকর্মের মাধ্যমেই। মোট কথা শুধু ধ্যান নয়, ভালো কাজ করা প্রয়োজন। ভালো কর্মের দ্বারাও মনের নিয়ন্ত্রণ সম্ভব। এই প্রসঙ্গে বাংলাদেশের একটি ঘটনার কথা উল্লেখ করা প্রয়োজন। ২৫ ডিসেম্বরের এক রাতে একদল তরুণ নিজেদের মতো উদ্‌যাপন করবেন বলে নানা ধরনের খাদ্যদ্রব্য, কেক কেনাকাটা শেষ করে পথ ধরে আসছিলেন। হঠাৎ করেই



তাঁদের নজরে পড়ে ব্রিজের নীচে বসবাসকারী দুঃস্থ এক মানুষের প্রতি। তাঁর পরনের পোশাক জীর্ণ। দেখলেই বোঝা যায় ক্ষুধার্ত। ওঁদের অবস্থা দেখে সঙ্গে সঙ্গে ওই যুবকের দল স্থির করে ফেলে কর্মপদ্ধতি। যেখান থেকে যে যে সামগ্রী তাঁরা কিনেছিলেন, সব ফেরত দেন। অর্থও ফিরিয়ে আনেন। তারপর তাঁরা ওই দুঃস্থ

ব্যক্তি এবং তার মতো আরও আর্তজনের জন্য পোশাক, খাদ্য খরিদ করে। সামাজিক মাধ্যমে তাঁদের সেই কীর্তি ছড়িয়ে পড়ে। তা দেখে ভারতেও একদল যুবক শুরু করে অনুরূপ কার্য। এটি একটি উদাহরণ। ভালো কাজ যে ভালো কাজকে আকর্ষণ করে, তা এই ঘটনা থেকেই বোঝা যায়। আমি বলছি না রোজ এমন কাজ করতে হবে। তবে রোজ একটু একটু করে ভালো কাজ করব, ভালো ভাবব, এমন অভ্যেস করলে শরীর ও মনে শুদ্ধতা আসবেই। সুকর্মের প্রতি আগ্রহও বাড়বে।

**● ধ্যান করলে কী মনঃসংযোগ বাড়ে?**

● ● হ্যাঁ। মনঃসংযোগের ক্ষমতা বৃদ্ধি পায়।

**● ধ্যানের সময় কি নির্জন স্থান বেছে নেব?**

● ● নির্জন স্থান নির্বাচন শ্রেয়।

**● ধ্যানে বসে কী ভাবব?**

● ● ঊষাকালের সূর্যের কথা ভেবেও ধ্যান করা যায়। ধ্যান করা যায় শ্রীশ্রী রামকৃষ্ণের মুখ স্মরণ করেও। আবার শ্রীশ্রী রামকৃষ্ণ দেব রথ টানছেন আর বলরাম বসু, গিরীশ ঘোষ, বিজয়কৃষ্ণ গোস্বামী নৃত্যসহ কীর্তন করছেন... লুটিয়ে পড়ছে বিজয়কৃষ্ণ গোস্বামীর জটা– ধ্যানের মাধ্যমে সেই মহাক্ষণের কথা ভাবা যায়। অনুভব করা যায় সেই মহানন্দের মুহূর্তে আপন উপস্থিতি। তবে সবার চাইতে আগে প্রয়োজন মনকে ভালো কাজের জন্য প্রস্তুত করা। ভালো কাজের মধ্যে থাকা সৎ চিন্তা করা। আর্তের সেবা করা। তার সুপ্রভাব শরীর ও মনেও পড়বে।

**প্রতিদিন একটু একটু করে ভালো কাজ করব, ভালো ভাবব এমন অভ্যেস করলে শরীর ও মনে শুদ্ধতা আসবেই। সুকর্মের প্রতি আগ্রহও বাড়বে।**

– সাক্ষাৎকার সুপ্রিয় নায়েক

## ধ্যানের সাথে স্নায়ুর খেলা

ডা. শৌভিক দুবে

*'মাইন্ডফুলনেস' কথাটি সম্প্রতি জনপ্রিয় হলেও ভারতীয় সংস্কৃতিতে এর উপস্থিতি বহু হাজার হাজার বছর আগে থেকেই। ধ্যান কীভাবে মনকে নিয়ন্ত্রণ করে সে কথাই জানালেন বাঙুর ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স-এর সহকারী অধ্যাপক **ডা. শৌভিক দুবে***

ধ্যান আদতে 'মাইন্ডফুলনেস'-এর অভ্যেস। মনঃসংযোগের সঙ্গে যেটি আষ্টেপৃষ্ঠে বাঁধা। একটি জায়গায় চোখ বন্ধ করে বসে কোনওক্রমে কিছুটা সময় কাটিয়ে দিলেই কি ধ্যান হয়ে যায়? জানা প্রশ্নের সহজ উত্তর– হয় না। তাহলে কী উপায়? সাম্প্রতিককালে ধ্যান ও মেডিটেশন নিয়ে সারা দুনিয়া জুড়ে নানা গবেষণা চলছে। মূল কথা হিসেবে উঠে আসছে একটি নতুন শব্দবন্ধ– 'মাইন্ডফুলনেস'। কী এই মাইন্ডফুলনেস? তা জানার আগে, বুঝে নেওয়া যাক মনোযোগী হওয়ার প্রয়োজনটাই বা কী? কেন বিশ্ব জুড়ে এত মাইনন্ডফুলনেস চর্চা শুরু হয়েছে।

**মনোযোগ ও মাইন্ডফুলনেস কী?**

'মনোজগৎ' ও 'মনোযোগ' এই দুই আসলে হাত ধরাধরি করে দাঁড়িয়ে আমাদের মস্তিষ্কের যতগুলো সার্কিট কাজ করে, তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ সার্কিট হল মনঃসংযোগ। কোনও ব্যক্তির নিত্যদিনের কাজ, সাফল্য, বুদ্ধিমত্তার মুল ভিত্তিই দাঁড়িয়ে রয়েছে তিনি মনোযোগী কি না, এই অঙ্কের উপর। এই মনোযোগের আবার দু'টি ভাগ। একটি অন্তর্জগতে মনোযোগ আর একটি বহির্জগতে মনোযোগ। বাইরের জগতে মনোনিবেশের কাজটি আমাদের প্রতিনিয়ত সঙ্গী। গাড়ি চালানোর সময় বা রাস্তা দিয়ে হাঁটার সময় বা বাড়িতেও জাগ্রত অবস্থায় যা কিছু কাজ আমরা সারি, সেই সময় চারপাশে কী আছে, কারা আছে, এগুলো নিয়ে সর্বক্ষণ সচেতন করে আমাদের মস্তিষ্ক। আমরাও সেসব চোখ দিয়ে দেখি, মস্তিষ্ক দিয়ে বুঝি ও ফ্রন্টাল লোব দিয়ে মনে রাখি। এ গেল বাইরের মনোযোগ। অন্তর্জগতের মনোযোগের বেলায় আমাদের মন যে ভাবনা ভাবে, চোখ সেই ভাবনার উপকরণগুলিকে সরাসরি দেখতে পায় না। উদাহরণস্বরূপ বলা যায়, জাগ্রত অবস্থায় আমরা হয়তো মনে মনে বাড়ির কোনও সমস্যা বা পরীক্ষার পড়া বা পরবর্তী কাজের কোনও স্ট্র্যাটেজি নিয়ে গভীরভাবে চিন্তাভাবনা করছি। এই ভাবনা ভাবার সময় চারপাশের কোনও কিছু দিকে আমাদের খেয়াল নেই। হয়তো বাড়ির সদস্য বা বন্ধুরা বারবার ডেকেও সাড়া পাচ্ছেন না। সামনে



এসে 'কোন জগতে আছিস'– বলে চটক ভাঙিয়ে দিলেন। এই যে কিছু সময়ের জন্য বহির্জগতে অবস্থান করেও সেসব থেকে বিচ্ছিন্ন হয়ে নির্দিষ্ট একটি বিষয়ে মনে মনে মনোনিবেশ করা, এটিই অন্তর্জগতে মনোযোগ।

এই দুই স্তরের মনোযোগ অনেকটা পিঠোপিঠি ভাই বা বোনের মতো। বেশিরভাগ সময়ই একে অন্যের কাজে নাক গলায়, বিরক্ত করে। ফলে হয়তো রাস্তায় হাঁটতে হাঁটতে মনে মনে এবার পুজোর শপিং লিস্ট তৈরি করছেন, এমন সময়ে রাস্তার কোনও ঘটনা আপনার ভাবনার সুতোকে ছিঁড়ে দিল। আবার উল্টোটাও হয়।

খুব খেয়াল করে, রাস্তার দিকে মন রেখে গাড়ি চালাচ্ছেন, বারবার মনের মধ্যে অফিসের বা বাড়ির কোনও টেনশন বা উদ্বেগ উঁকি দিচ্ছে, গাড়ি চালানোর জন্য বহির্জগতে যে মনোনিবেশটি ছিল, তাতে সেই চিন্তা এসে বিভ্রান্ত করছে।

মানুষের মনের জগৎ পরিবারের ছোট ভাই বা বোনের তো। খুব দামাল। ক্ষণে ক্ষণে বদলায়। মুহূর্তে যে কোন দিকে ধায়, তার কোনও আগাম হদিশ থাকে না। তাই মানুষকে চেষ্টা করতে হয় কোনও কাজে মন বসানোর জন্য। মনকে যদি আয়ত্তে আনা যায়, তাহলে বহির্জগতে মনোযোগের ক্ষেত্রেও অনেকটা সুফল পাওয়া যায়। তখন বাইরের কোনও কাজের ফাঁকে মনে অন্য চিন্তার অনুপ্রবেশ ঘটে না। মন নিজের বশে থাকলে সেখানে টেনশন, হতাশা, নেতিবাচক কথা কিছুই বিচলিত করতে পারে না। মনকে আয়ত্তে আনার প্রক্রিয়া মাইন্ডফুলনেসের তিনটি স্তর। নিজের 'আমি'– কে চেনা, নিজের ভিতরে থাকা গুণাবলি অন্যের হিতে কাজে লাগানো ও সেই বোধের প্রচার। এই তিন স্তরই যথেষ্ট কঠিন। সকলে এর অন্তিম পর্যায় অবধি পৌঁছতেও পারেন না। তবে সাধারণ মানুষ জীবন-জীবিকা-পেশা সামলে যদি একেবারে বুনিয়াদি পর্যায়টির (আন্তরিক মনোনিবেশ ও আত্মকে চেনা) চর্চা চালিয়ে যেতে পারেন, তাহলেও তাঁদের নার্ভাস সিস্টেম অনেকটা শান্ত হয়। তার প্রভাব পড়ে নিত্য কাজে। ধীশক্তি বাড়ে।

**ভারতীয় সংস্কৃতিতে ধ্যানের নানা ধাপ**

মানুষের নার্ভাস সিস্টেমকে স্থির করে মনকে আয়ত্তে আনতে আদি যুগে ধার্মিক মানুষেরা যে ধ্যান করতেন, তা কয়েকটি ধাপে বিন্যস্ত। এগুলিই মাইন্ডফুলনেসের নানা স্তর। প্রাথমিক ধাপ 'সেলফ ট্রান্সজেন্ডেন্স'। ভারতীয় মুনিরা বা বিভিন্ন ধর্মের ধর্মগুরুরা যে 'আমিত্বকে জানা'-র বিষয়টি বলেছেন, সেটি আদতে এই 'সেলফ ট্রান্সজেন্ডেন্স'। আমি কে, আমি কী কী পারি, আমি কী কী পারি না তা জেনে নিজেকে চেনা। এই বিশ্বাস অর্জিত হওয়ার পরের ধাপ নিজের থেকে বেরিয়ে চারপাশের মঙ্গলসাধনা। রবীন্দ্রনাথ যাকে বলেছেন, 'আপন হতে বাহির হয়ে বাইরে দাঁড়া।' নিজের সব সহজাত ক্ষমতা ও ভালো গুণগুলিকে অন্যের হিতার্থে ব্যবহার করা। এর পরের ধাপ 'মেটা অ্যাওয়ারনেস'। অর্থাৎ ধ্যান করে আত্ম-কে জানার যে পদ্ধতি, তার সুফল ও অন্যের হিতার্থে নিজেকে নিয়োজিত করার যে প্রয়োজনীয়তা, তা মানবকুলকে জানিয়ে যাওয়ার কাজ। এই প্রতিটি ধাপই নিজের জীবনলব্ধ অভিজ্ঞতা এবং ঠিক-ভুল থেকে শিক্ষা নিতে নিতে চর্চা করতে হয়। তবেই বিশ্বমানব হয়ে ওঠা সম্ভব। যে পথে হেঁটেছেন স্বামী বিবেকানন্দ, গৌতম বুদ্ধসহ অন্যান্য ধর্মসংস্কারক।



**মাইন্ডফুলনেস চর্চার নিয়ম**

● কোনওভাবেই জাজমেন্টাল বা বিচারসর্বস্ব মনোভাব নিয়ে ধ্যানচর্চা করা যাবে না। তাতে নার্ভ উত্তেজিচত হয়, মোটর নিউরোন সেই উত্তেজনা পৌঁছে দেয় মস্তিষ্কে। অনেকেই ধ্যানের সময় মন আয়ত্তে আনতে না পেরে ভাবতে থাকেন কে তাঁকে কবে বিপদে ফেলেছিল, কে তাঁর উপকার করেনি ইত্যাদি। ফলে শরীরে ব্যাড হরমোনের ক্ষরণ হয়। এতে ক্ষোভ বাড়ে। উক্ত ব্যক্তির ক্ষতিসাধনের ইচ্ছে জাগে। ধ্যানের যে প্রাথমিক শত– নিজেকে চেনা, সেখান থেকে অনেক দূরে সরে ব্যক্তিগত ক্ষুদ্র পরিসরেই মনকে আটকে রাখা নয়।

● নিজেকে চেনার ও জানার সময় নির্দিষ্ট কোনও একটি ভালো লাগার বস্তুকে মনে মনে কল্পনা করে নিতে হবে। সেই বস্তুতেই মনোনিবেশ করতে হবে। কারও সবুজ মাঠ, নীল আকাশ বা আরাধ্য বিষয়ও তা হতে পারে। যে মুহূর্তে সেখান থেকে মন বিক্ষিপ্ত হয়ে অন্য চিন্তা শুরু করল, চোখ খুলে ফেলুন। দেখে নিন আজ কতটুকু সময় একটানা মন দিতে পেরেছেন। ধীরে ধীরে অভ্যেস করতে করতে দেখা যাবে এই সময়সীতা ক্রমেই বাড়ছে, মন বেশ কিছুটা সময় চিন্তাশূন্য থাকতে পারছে। আত্মোপলব্ধির পথে এগচ্ছে মন।

● ধ্যানের অন্যতম প্রধান বিষয় সেলফ অ্যাকসেপ্ট্যান্স। অর্থাৎ নিজে যেমন, নিজেকে সেইভাবে গ্রহণ করা। নিজের ভুল, দোষ, সীমাবদ্ধতা সবকিছুকে শর্তবিহীনভাবে গ্রহণ করতে হবে। নিজে কী কী পারি আর, কোথায় কমজোরি, সে সম্পর্কে স্পষ্ট ধারণা থাকবে। কিন্তু তা নিয়ে আক্ষেপ বা খেদ মনে রাখা চলবে না।

● মাইন্ডফুলনেস চর্চা করার সময় মনকে সর্বদা উন্মুক্ত ও ইতিবাচক রাখতে হবে। নিজের ব্যক্তিগত সুখ-দুঃখ, অসুখ, বিষাদ, হতাশা, উদ্বেগ ও অন্যের ক্ষতির চিন্তা কিছুই করা যাবে না।

**ধ্যান কি বুজরুকি?**

দিনের কিছুক্ষণ সময় এই পদ্ধতি মেনে ধ্যান করতে পারলে শরীরের সমস্ত স্নায়ু শান্ত হয়, শরীরে ইতিবাচক তরঙ্গ খেলে, উত্তম হরমোনের ক্ষরণ হয়। সার্বিকভাবে শারীরিক সুস্থতাকে ত্বরান্বিত হয়। সমস্যা হল, চিকিৎকরা অনেক রোগীকে ধ্যান করার পরামর্শ দিলেও সকলে এটি সফলভাবে করে উঠতে পারেন না এই মূল বিষয়গুলি সম্পর্কে অবগত নন বলেই। তবে এই নিয়মগুলি মেনে ধ্যান করতে পারলে মস্তিষ্কের কগনিটিভ অংশে মনঃসংযোগ বাড়ে। মনোযোগের হাত ধরে বাড়ে বুদ্ধির নানা অক্ষ। শরীরের উপর মনের নিয়ন্ত্রণ শুরু হয়। উদ্বেগ, হতাশামুক্তির পাশাপাশি যে কোনও নার্ভের অসুখে মেডিটেশন ইতিবাচক ফল দেয়। তাই যেসব নার্ভের রোগী মেডিটেশন করতে সক্ষম, তাঁদের ধ্যান করার পরামর্শ দেওয়া হয়। তাই ধ্যানের ভাব করা বা ভুল উপায়ে ধ্যান 'বুজরুকি'। কিন্তু মাইন্ডফুলনেসের সব নিয়ম মেনে দিনের কিছুটা সময় ধরে ধ্যান সম্পূর্ণ বৈজ্ঞানিক ও তাতে যে উপকার পাওয়া যায় তা অভাবনীয়। ভারতীয় যোগশাস্ত্রের এই অমোঘ বিধানের সঙ্গে তাই মডার্ণ মেডিসিনের কোনও বিরোধ নেই।

–লিখেছেন মনীষা মুখোপাধ্যায়



## মডার্ন মেডিসিনে ধ্যানের গুরুত্ব

ডা. সুজিত সরখেল

*যোগবিদ্যার এক অত্যন্ত গুরুত্বপূর্ণ পর্ব ধ্যান বা মেডিটেশন। তা নিয়ে মডার্ণ মেডিসিনের চিকিৎকদের মত কি? জানালেন পি.জি. হাসপাতালের ইন্টিটিউট অব সাইকিয়াট্রিক অধ্যাপক ডা. সুজিত সরখেল*

মেডিটেশন বা ধ্যানের মূলত লক্ষ্য 'মাইন্ডফুলনেস'-এ নিজের অন্তরকে উন্নীত করা। অর্থাৎ যখন যে কাজটি করব, সেই কাজটিতে সম্পূর্ণ মনোনিবেশ করা। এটা শুধুমাত্র পড়াশোনা বা জরুরি কোনও কাজের সময় প্রয়োজন এমন নয়। ধরা যাক, একজন সাধারণ মানুষ খেতে বসে গল্পগুজব করেন বা হয়তো মোবাইল ঘাটতে ঘাটতে খান। এতে খাবারের আনন্দ মাঠে মারা যায়। পুষ্টিগুণও ভালো করে মেলে না। খাবারটি সুস্বাদু হলে তার স্বাদ যেসব গুড হরমোন ক্ষরণ করত, মাইন্ডফুলনেসের অভাবে তা পাওয়া যায় না। কিন্তু মনঃসংযোগে অভ্যস্ত কোনও মানুষ যদি তাড়িয়ে তাড়িয়ে কোনও খাবার উপভোগ করেন, তাহলে বহির্জগতের কোনও দিকেই তাঁর খেয়াল থাকে না। তিনি খাবারের প্রতিটি টুকরো, অংশ খুব উপভোগ করে খান। ফলে পুষ্টি ও খাবারের আনন্দ দুইই মেলে। মাইন্ডফুলনেসে অভ্যস্ত ব্যক্তি সারাদিনে যে কাজই করেন, সম্পূর্ণ মন দিয়ে ওই মুহূর্তটি বাঁচেন!

ভারতীয় যোগশাস্ত্র ও বৌদ্ধধর্মে এই মাইন্ডফুলনেসের উল্লেখ আছে। বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে, এই ধরনের মেডিটেশন বিভিন্ন মানসিক অসুখের খুব বড় পথ্য। দেশবিদেশের বিভিন্ন মনোবিদ ও মনোযোগ বিশেষজ্ঞ চিকিৎসকরা এই পরীক্ষালব্ধ ফল মেনে চলেন ও ধ্যানের উপর আস্থা রাখেন। তবে মাইন্ডফুলনেস ধ্যান প্রথম দিন থেকেই করা সম্ভব নয়। ধ্যান মূলত একটি প্রযুক্তি বা টেকনিক। সহজ ধ্যান দিয়ে অনুশীলন শুরু করে ধীরে ধীরে মাইন্ডফুলনেসের দিকে মানুষ উন্নীত হয়। বেশ কিছু রোগের এই ধরনের ধ্যান খুব কাজে আসে। এই পদ্ধতি বিশেষজ্ঞ যোগবিদের কাছ থেকেই শিখে অভ্যেস করা উচিত।

### কোন কোন রোগে উপকারী?

মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে দেখা গিয়েছে, ডিপ্রেশন এবং ওসিডি বা শুচিবাইগ্রস্ত রোগীদের ক্ষেত্রে আরোগ্যকে ত্বরান্বিত করে মাইন্ডফুলনেস ধ্যান। দেশবিদেশের বহু কেস স্ট্যাডি ও গবেষণাপত্র এই তথ্যো মান্যতা দিয়েছে। তবে ওষুধ বাদ দিয়ে শুধু ধ্যানের কথা কোথাও উল্লেখ নেই। বরং ওষুধের পাশাপাশি ভালো ফল পেতে 'আনুষঙ্গিক ওষুধ' হিসেবে এই মাইন্ডফুলনেস ধ্যানের ভূমিকা অনস্বীকার্য।

### 'টেনশন রোগ'-এর দাওয়াই

স্ট্রেস বা টেনশন ইদানীং আমাদের নিত্যসঙ্গী। দ্রুতগামী জীবনের সঙ্গে পাল্লা দিতে দিতে প্রবল মানসিক চাপকে সঙ্গী করে নিতে বাধ্য হই আমরা। কেউ আছেন, যাঁরা সেই চাপ কিছুটা নিয়ন্ত্রণ করতে পারেন। আবার কেউ আছেন চাপের কাছেই নতি স্বীকার করেন। রোজ আমরা এমন কিছু মানুষের দেখা পাই, যাঁদের কথায় কথায় টেনশন হয়। জীবনপথের সামান্য বিচ্যুতিতে তাঁরা অনেক বেশি ভেবে ফেলেন ও উদ্বিগ্ন হয়ে পড়েন। কখনও কখনও তা অমূলক টেনশন। মানুষের এই 'টেনশন রোগ'-এর সেরা দাওয়াই প্রাণায়াম বা ধ্যান। এক্ষেত্রে তাঁদের মাইন্ডফুলনেসের মতো গভীর ধ্যানই যে করতে হবে এমন নয়, খুব সাধারণ শ্বাসপ্রশ্বাসের প্রাণায়াম ও ধ্যানের প্রাথমিক পর্যায়টি অভ্যেস করলেই অনেকটা ভালো কাজ হয়।

### ছাত্রজীবনে ধ্যান

আদি যুগ থেকে আজ পর্যন্ত রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম বা নামী কোনও মিশনারি স্কুলে শিক্ষার্থীদের পাঠক্রমে ধ্যানের একটি ভূমিকা রাখা হয়। রামকৃষ্ণ মিশনগুলির ছাত্রাবাসের রুটিনে ধ্যান ও প্রার্থনার জন্য একটি নির্দিষ্ট সময় বরাদ্ধ থাকে। প্রাচীন



ভারতের মুনি-ঋষিরাও ধ্যান করতেন। রেটিকিউলার অ্যাক্টিভিটিং সিস্টেম-সহ নানা শারীরবৃত্তীয় সিস্টেম আমাদের মনের একাগ্রতা ও মনঃসংযোগ বাড়াতে সাহায্য করে। মস্তিষ্কের প্রি ফ্রান্টাল লোবও এই কাজে খুব সাহায্য করে। ধ্যান করার প্রধান উপলক্ষ মাথা ও মনকে শান্ত ও একাগ্র করে তোলা। পড়াশোনায় মন বসানোর ক্ষেত্রে ধ্যান তাই অত্যন্ত কার্যকরী। একাগ্রতা বাড়লে এমনিই লেখাপড়ার ফলাফল ভালো হবে। সেই কারণেই ছাত্রজীবন থেকে দিনের মধ্যে ১০-১৫ মিনিট সময় ধ্যানের জন্য বরাদ্দ করা একটি স্বাস্থ্যকর অভ্যেস। ❑

—লিখেছেন মনীষা মুখোপাধ্যায়

# শ্রীশ্রীরামঠাকুর

অরুনাংশু হোর

*(পূর্ব প্রকাশিতের পর)*

শ্রীশ্রীঠাকুর ছিলেন আড়ম্বরহীন সাধারণ মানুষের মত। বাহ্যিক আবরণের কোন বালাই ছিল না। সবসময় শুধু একটি ধূতি আর একটি চাদর নিয়েই চলাফেরা করতেন। শীত কিংবা গরমকাল, ঐ একই পোশাকে থাকতেন। ভক্তরা যখনই ধূতি, গরম জামা, চাদর, ইত্যাদি দিতেন, তিনি ওগুলো নিয়ে গরিব কোনো ভক্তকে দিয়ে দিতেন। দামী দামী জিনিস যেসব ভক্তরা দিতেন, তাঁরা একটু মনঃক্ষুণ্ণ হতেন, কিন্তু ঠাকুরকে কিছু বলার সাহস পেতেন না। টাকা পয়সাও ঐ একইভাবে অন্যদের দিয়ে দিতেন। তিনি সর্ব্বশাস্ত্রবিশারদ ছিলেন। তাঁর সামনে যে কেউ এলেই শ্রদ্ধায় মাথা নুয়ে থাকতো। অত্যন্ত সুমধুর ছিল তাঁর কণ্ঠস্বর। সমাজের পাপী, অজ্ঞ, মূর্খ, হতদরিদ্র লোকেদের তিনি সহজেই কাছে টেনে নিতেন। যাকেই তিনি স্পর্শ করেছেন, সেই পবিত্র হয়ে যেত। তাঁর কাছে কেউ আপন বা পর ছিলনা, সবাই তাঁর কাছে ছিল সমান। তাঁর কাছে যে কেউ গেলেই মনে হত তিনিই ঠাকুরের অতি প্রিয় জন।

শ্রীশ্রীঠাকুরের একনিষ্ঠ ভক্ত ড. প্রভাতচন্দ্র চক্রবর্তী (কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্বক আশুতোষ অধ্যাপক) তাঁর সমসাময়িক গুরুভাইদের মধ্যে খুবই সুপরিচিত ছিলেন। এরকম বিদ্বান আবার আমোদপ্রিয় খোশমেজাজের লোক শ্রীশ্রীঠাকুরের আশ্রিতদের মধ্যে খুব কমই দেখা গেছে। তাঁর বাইরের আবরণটা কঠিন হলেও ভেতরে ছিলেন অত্যন্ত কোমল, সুন্দর এবং পবিত্র। খুব মিশুকে ছিলেন তিনি, অতি সহজেই পরকে আপন করে নিতে পারতেন। সবাই তাঁকে খুব শ্রদ্ধা ভক্তি করতেন। তিনি বলতেন, "ঠাকুরের সাথে আমার যে কি সম্বন্ধ জানি না, জানবার প্রয়োজনও মনে করিনি। তাঁকে আমার খুব ভাল লাগে, প্রাণ ভরে ভালোবাসতে ইচ্ছে করে। তাঁর স্বভাবসুন্দর মূর্তি, বাল-প্রকৃতি ও প্রাণস্পর্শি মধুর কথা আমার প্রাণে আনন্দ ধারা বর্ষণ করে। তাঁর মধ্যে কি আছে জানিনা, তিনি সবাইকে আকর্ষণ করেন, অতি অল্পেই সবাইকে আপন করে নেন। একবার দেখলে কেন জানিনা মন প্রাণ তাঁর চরণে লুটিয়ে পড়তে চায়। আমার কলুষপঙ্কিল জীবনে যে কয়টি মুহূর্ত তাঁর সাথে কাটিয়েছি, তার একটা পবিত্র স্মৃতি আমার প্রাণে স্থায়ীভাবে গেঁথে রয়েছে। জন্মে জন্মে যেন আমি তাঁর শ্রীচরণের দাসানুদাস হতে পারি, এটাই একমাত্র প্রার্থনা।"

**শ্রীশ্রীঠাকুর বলতেন, "সংসার ক্ষণভঙ্গুর, উদয়স্ত গতি। স্থিতির অভাবে আর গুণের আকর্ষণে নানাভাবে জড়িত হয়ে জীব সুখ-দুঃখ ভোগ করে থাকে"।**

শ্রীশ্রীঠাকুর একবার চৌমুহনীর এক ভক্তের বাড়িতে আছেন। বহু লোক ঠাকুরের কাছে 'নাম' পাওয়ার জন্য এসেছেন। যথাসময়ে 'নাম' পাওয়ার পর ঠাকুর সবাইকে বললেন, আপনারা উপেনবাবুর বাড়িতেই প্রসাদ পেয়ে যাবেন। নামপ্রার্থীদের মধ্যে একজন ব্রাহ্মণ দম্পতি ছিলেন। তাঁরা রান্নাঘরে গিয়ে দেখেন কোন ব্রাহ্মণ ঠাকুরকে দিয়ে রান্না করানোর পরিবর্তে উপেনবাবুর মা নিজেই ভক্তদের জন্য রান্না করছেন। এতে তাঁরা খুব অস্বস্তিতে পড়লেন। ব্রাহ্মণ হয়ে সাহার হাতের রান্না খাবেন? কিছুক্ষণ পর তারা মাকে বললেন, একটা স্টোভ দিতে, উনাদের রান্না উনারা নিজেরাই করে নেবেন। মা স্টোভ দিতেই তারা সবে মাত্র ভাতের হাঁড়ি চাপাতে উদ্যত হয়েছেন এমন সময় ঠাকুর রান্নাঘরে এসে দুই হাত প্রসারিত করে রান্নাঘরের দরজার দু'পাশের পাল্লায় হাত রেখে বললেন, এখানে যাই খাবেন, সবই প্রসাদ, এমনকি মাছ মাংস খেলে সেটাও প্রসাদ। এরপর ব্রাহ্মণ দম্পতির অবস্থা সহজেই অনুমেয়। পরে তারা বিনা বাক্য ব্যয়ে উপেনবাবুর মায়ের হাতের রান্না চেটেপুটে খেয়েছিলেন।

আর একদিন চারজন মুসলিম ধর্মে দীক্ষিত মানুষ চৌমুহনীর নরেন্দ্র ভূঁইয়ার টালির ঘরে ঠাকুরের পরীক্ষার জন্য উপস্থিত। ঘরে বহু আশ্রিত, নাম প্রার্থী ও ভক্তরা ঠাকুরের পাদস্পর্শে ধন্য হবার জন্য অপেক্ষারত। চার মুসলমানও সেই ভক্তদের মাঝে গিয়ে বসলেন। তাদের হাতে হাড়িতে করে নিয়ে আসা ভোজ্য নিবেদন করতে লাগলেন। শ্বেত পুষ্পবত পাদপদ্মে স্পর্শ করে প্রণাম করতেই ঠাকুর আশীর্বাদ শেষে বললেন–সবাইকে প্রসাদ দিয়া যান। সব্বার ক্ষেত্রে ঠাকুরের একই নির্দেশ। দর্শন ও স্পর্শেই ঠাকুরের ভোগ গ্রহণ। তাই প্রসাদ বিতরণের নির্দেশ। বারোটা বাজার কাছাকাছি। এতক্ষণে সমস্ত আশ্রিত ও শ্রদ্ধালুরা–গুরু প্রণাম জানিয়ে চলে গেছেন। চার মুসলমান পরীক্ষক তখনও ঠায় বসে। তাদের মনে শংকা। শ্রীশ্রী ঠাকুর তাদের দিকে কিছুক্ষণ নির্বাক তাকিয়ে বললেন–ঠাকুররে ভোগ নিবেদন কইরা প্রসাদ লন। দেরী কইরেন না। ভোগের সময় বইয়া যায়। ঠাকুরের আহ্বান শুনেও মুসলমান চারজন নিশ্চুপ। শুধু গুরুর মুখপানে তাকিয়ে আছেন। শ্রীশ্রীঠাকুর খুব কম কথা বলতেন তা সবারই জানা। তবু দিব্যদৃষ্টির প্রভাবে চার মুসলমানের মনের কথা জেনে আবার আহ্বান জানালেন–যা গুরুর নামে আনছেন তাই দেন। লজ্জা পাওয়ার কিছু নাই। এ যেন গুরুর তীক্ষ্ণ নির্দেশ। তখন তারা চারজন নিজেদের পাত্রের মুখ খুলে তার ভিতরে হাত দিয়ে বের করলো বড় আকৃতির অনেক অনেক বাতাসা। সবার হাঁড়ি থেকে যেন অফুরন্ত বাতাসা বেরুচ্ছে। বিস্ময়ে হতবাক চার মুসলিম যুবক। কিংকর্তব্যবিমূঢ় হয়ে ঠাকুরের পা ধরে তখন তারা কাঁদতে শুরু করলো। বলতে লাগলো ঠাকুর আমাদের অপরাধ মাপ কইরা দেন। আমরা না বুইঝা এত বড় পাপ করছি। আপনারে পরীক্ষা করতে আইছি। আমাদের পাপের সীমা নাই।

আপনি আমরারে বাঁচান। ছি ছি আমরা নরাধম। আপনারে সন্দেহ করছি। বিলাপ আর কান্না তাদের আর থামে না। তাদের অশ্রু শ্রীশ্রীঠাকুরের পাদপদ্মে বিগলিত ধারায় বইতে থাকে। ঠাকুর একে একে চারজনের মাথায় হাত বুলিয়ে সান্ত্বনা দিয়ে বলেন, জয় সত্যনারায়ণ, জয় সত্যনারায়ণ, সত্যের জয় সর্বত্র। সত্যরে ধৈরা পইড়া থাকেন। তারা কাতর কণ্ঠে বললেন–ঠাকুর আমাদের নাম দেন। ঠাকুর আশীর্ব্বাদ ও বরাভয়ের ভঙ্গিতে–চারজনকেই নাম দিলেন। বললেন–নাম লইয়া স্বধর্মে পইড়া থাকেন। ইসলাম ত্যাগ কইরেন না। নাম করলেই হয়। সর্বদা ধীর হইতে হয়। ধীরে অভ্যাসেই সংসার থেকে ত্রাণ পাওয়া যায়। নামের অভ্যাস যোগে থাকিতে থাকিতে মনের গ্লানি দূর হইয়া দেহমন, চিত্ত, ভাব সবকিছু পবিত্রতা লাভ করিয়া পরম শান্তি পাওয়া যায়। নামই চিন্তামনি। নামে বিশ্বাস রাইখেন। ঠাকুরের চরণে মাথা রেখে তখন চারজনই বলল, ঠাকুর আমাদের মনের গ্লানি, অপরাধবোধ কীভাবে দূর হবে? ঠাকুর পরমস্নেহে বললেন–জগতে কাহারো দোষ দেখিতে হয় না। সরলতা সহ নাম করিয়া যান। সরলতাই আনন্দ উৎপন্ন করিয়া লয়। কী করেছিল ওই চার মুসলমান পরীক্ষক? তারা আসলে শ্রীশ্রীঠাকুরকে পরীক্ষা করার জন্য হাঁড়িতে গরুর মাংস নিয়ে এসেছিল। কিন্তু গুরু কৃপায় তা বাতাসাতে রূপান্তরিত হয়ে যায়। তাই ভয় পায়ে ঐ চার উদ্ধত মুসলিম যুবক শ্রীশ্রীঠাকুরের ভক্ত বনে যায়।



শ্রীশ্রীঠাকুর সূক্ষ্মদেহে একই সময়ে বহু স্থানে ঘুরে বেড়াতেন। শ্রদ্ধেয় মোহান্ত মহারাজ শ্রী ভবতোষ বন্দোপাধ্যায়ের কাছে আমি নিজেই শুনেছি, কোলকাতায় একদিন ঠাকুর হঠাৎ বলে উঠেছিলেন, "আগুন আগুন"। সবাই দেখেন কোথাও কোনো আগুনের চিহ্নই নেই। অনেকক্ষণ পরে ঠাকুর স্বাভাবিক হয়ে এলে সবাই তাঁকে জিজ্ঞেস করে জানতে পারলেন যে নোয়াখালীতে তাঁর ভক্তরা নাম সংকীর্তনে এতই মগ্ন হয়ে পড়েছিল যে তারা খেয়ালই করেননি তাদের মাথার ওপর হ্যাজাক বাতির দড়িটা আগুন লেগে পুড়ে গেছে এবং তাতে বাতিটা তাদের মাথার ওপরেই পড়তে যাচ্ছিল। আর ঠাকুর তাই কোলকাতা বসেই বাতিটার হ্যান্ডেল ধরে বসে ছিলেন ভক্তদের সংকীর্তন শেষ না হওয়া অব্দি। সংকীর্তন শেষ হবার পরে বাতিটা সশব্দে নীচে পড়ে যায়। পরদিন নোয়াখালী থেকে এই অদ্ভুত ঘটনার কথা কোলকাতায় আসে। কয়েকজন ভক্ত অবাক দৃষ্টি নিয়ে দেখেছিলেন দড়ি ছাড়াই বাতিটা শুন্যে ঝুলছিল। এইভাবে ঠাকুর তাঁর ভক্তকূলকে রক্ষা করতেন।

কোলকাতার যাদবপুরে কৈবল্যধাম প্রতিষ্ঠিত হবার পরে সবাই ঠাকুরকে ধরেছিলেন ওখানে কিছুদিন থাকতে। ঠাকুর কোথাও ২/৩ দিনের বেশি থাকতেন না। যাহোক, ঠাকুর ২ দিনের জন্যে এখানে এসেছিলেন। সবাই ঠাকুরকে প্রচুর সব খাবার এনে নিবেদন করার পরেও ঠাকুর একটি দানাও মুখে তোলেননি। প্রথমদিন ঠাকুর না খেয়েই কাটিয়ে দিলেন। পরেরদিন সবাই ঠাকুরকে বার বার অনুরোধ করার ফলে ঠাকুর বলে উঠেন, এই কৈবল্যধাম সবার জন্যে, বিশেষ কোনো ব্যক্তি বা দলের জন্যে নয়। আমার কাছে দেখা করার জন্যে নিজের রান্না করা পায়েস নিয়ে এক বৃদ্ধা মহিলা গতকাল থেকে বাইরে দাঁড়িয়ে আছে। কিন্তু উনারা (আঙ্গুল তুলে দু'ব্যক্তিকে দেখিয়ে দিলেন) তাকে এখানে আসতে দিচ্ছেন না। বড়ই গরীব কিনা, তাই। আমি ওই বৃদ্ধা মহিলার প্রসাদ ছাড়া আর কিছুই খাবোনা। তখন সবাই বার বার ঠাকুরের কাছে ক্ষমা চেয়ে চটজলদী গেটের বাইরে ২ দিন ধরে বসে থাকা ওই মহিলাকে ঠাকুরের কাছে নিয়ে আসেন। ঠাকুর পরম তৃপ্তিতে মহিলার আনা পায়েস খেয়ে বলে উঠেন, বাঃ, চমৎকার হয়েছে আপনার পায়েস। এরপর ঠাকুর তাঁকে দীক্ষা দেন।

শ্রীশ্রীঠাকুর গেরুয়াধারী সন্ন্যাসী ছিলেন না। সাধারণ দীনবেশে আমজনতার মধ্যে আত্মগোপন করে চলতেন। যদি বাহ্যিকভাবে জটাজুটধারী, গেরুয়া পরিহিত, ত্রিশূল ও কমণ্ডলুধারী সন্ন্যাসী হতেন, তবে রাস্তার লোক সরে দাঁড়াতো, বাসে ট্রেনে বেঞ্চ ছেড়ে দিতো কিংবা বিছানা এগিয়ে দিতো। কিন্তু শ্রীশ্রীঠাকুর কারো কোনো অসুবিধা বা কৌতূহলের সৃষ্টি না করে আপনভাবে চলাফেরা করতেন। তাঁর ভক্তরা কখনও তাঁর আরামের ব্যবস্থা কিংবা তাঁকে বেশভুষায় সাজাতে পারেননি। শ্রীশ্রীঠাকুর বলতেন, "সংসার ক্ষণভঙ্গুর, উদয়স্ত গতি। স্থিতির অভাবে আর গুণের আকর্ষণে নানাভাবে জড়িত হয়ে জীব সুখ-দুঃখ ভোগ করে থাকে"। তাই সব ভার গুরুর উপর ন্যস্ত করে সংসারে সব কাজ করে যেতে হয়। গুরুই জীবকে উদ্ধার করবেন। বর্তমান যুগে গুরুর ভরসা ছাড়া শুধু তপস্যা করে কারু পক্ষে উদ্ধার পাওয়া কঠিন। যিনি গুরু, তিনিই কৃষ্ণ। কৃষ্ণ আর গুরুকে আলাদা করে দেখার কারণেই জীব বিভ্রান্তির মধ্যে পড়ে যায়। তিনি আরও বলেছিলেন, "সদ্‌গুরুর কাজ হোল ভক্তকে উদ্ধার করা। ভক্ত নাম করুক আর নাই করুক, সদগুরু যিনি, তিনি তাঁর ভক্তদের উদ্ধার করবেনই"।

শ্রীশ্রীঠাকুর সহজে নাম বা দীক্ষা দিতে চাইতেন না। কেউ যদি বলতেন, "আমাকে কৃপা করে দীক্ষা দিন"; তবে ঠাকুর বলতেন, "আমারই দীক্ষা হলনা, আপনাকে কি করে দেব বলুন"। ঠাকুরের কাছ থেকে দীক্ষা নিতে হলে অনেকদিন ধৈর্য্য ধরে থাকতে হোত। কাউকে বা তিনি বলতেন, এখানে আপনার পাওনা নেই, সময় হলে হবে। কাউকে বা ঠাকুর তাঁদের কূলগুরুর কাছ থেকে দীক্ষা নিতে উপদেশ দিতেন। ঠাকুরের কাছে বারবার মিনতি করেও অনেককেই

দীক্ষা পেতে প্রচুর ধৈর্য্য ধরতে হয়েছিল। কাউকে কাউকে ঠাকুর স্বপ্নে দীক্ষা দিতেন। স্বপ্নে যারা দীক্ষা পেতেন, তাঁদের কেউ কেউ সন্দিগ্ধমনে আবার ঠাকুরের কাছে এসে স্বপ্নবৃত্তান্ত নিবেদন করতেন আর বীজ মন্ত্রটি ঠাকুরের কাছে আবার শুনতে চাইতেন। কারণ তাঁরা স্বপ্নে পাওয়া মন্ত্রটি ঠিক কিনা তা যাচাই করতে চাইতেন। কিন্তু ঠাকুর তাঁদের অবাক করে দিয়ে ঐ একই মন্ত্র আবার উচ্চারণ করতেন। তাতে প্রার্থী ভক্ত পরম সন্তুষ্টি লাভ করতেন। জীবনের শেষ প্রান্তে এসে ঠাকুর আর কাউকে নিরাশ করতেন না, যে কেউ নাম প্রার্থী হলেই দীক্ষা দিতেন। শ্রীশ্রীঠাকুর বলতেন, সব ভার গুরুই বহন করেন। তাই কোন চিন্তা করবেন না। যতটুকু পারবেন, করবেন। না পারবেন, না করবেন। কিন্তু গুরুর পায়ে অনন্যমতি হয়ে থাকতে চেষ্টা করবেন। মনকে সবসময় সবল রাখবেন। বাসনা মনকে চঞ্চল করে ফেলে। শান্তি, অশান্তি এতেই হয়। তাই গুরুর ওপর সব ভার দিয়ে সংসারে কাজ করে যাবেন। পরের দোষ দেখতে নেই। শুধু নিজের দোষগুলোর অনুসন্ধান করে তা পবিত্র করার চেষ্টা করবেন। প্রারব্ধ ভোগের জন্যে চঞ্চল কিংবা ভীত হবেন না। যখন যে অবস্থাই আসুক না কেন, সহিষ্ণুতা দিয়ে তা সহ্য করে যাবেন। অদৃষ্টচক্রে যা জুটবে, তাতেই সন্তুষ্ট থাকবেন। ভ্রান্তিবশতঃ হা হুতাশ করবেন না। সত্যই পরম পদ, সত্যকে ত্যাগ করবেন না। সর্বদা মনকে সত্যপথে রাখার চেষ্টা করবেন। ❑

**ঋণ :**

১) রাম ঠাকুররর কথা– ড. ইন্দুভূষণ বন্দোপাধ্যায়। পি, আর, এস
২) শ্রীশ্রীঠাকুর রামচন্দ্রদেব– শ্রী শুভময় দত্ত
৩) সাধু দর্শন ও সৎসঙ্গ– ড. গোপীনাথ কবিরাজ পদ্মবিভূষণ
৪) শ্রীশ্রী রাম ঠাকুর– শ্রীশ্রী কৈবল্যধাম, যাদবপুর, কলকাতা।
৫) শ্রীশ্রী কৈবল্যধাম– চট্টগ্রাম
৬) শ্রীগুরু শ্রীশ্রীরামঠাকুর– রোহিণী কুমার মজুমদার।
৭) ভারতের সাধক– শঙ্করনাথ রায়
৮) শ্রীশ্রী রাসস্থলী, কুমিল্লা।

[ * অধ্যাপক ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সেন্টেনিয়াল কলেজ, টরন্টো ]

**যেমন দুধের ভিতর সর্বত্র ঘি রয়েছে, ব্রহ্মও সেইরূপ জগতের সর্বত্র রয়েছেন। কিন্তু মন্থন দ্বারা তিনি এক বিশেষ স্থানে প্রকাশ পান। যেমন মন্থন করলে দুধের মাখন উঠে পড়ে, তেমনি ধ্যানের দ্বারা আত্মার মধ্যে ব্রহ্মসাক্ষাৎকার হয়। সমুদয় হিন্দুদর্শন বলেন, আমাদের পাঁচটি ইন্দ্রিয় ছাড়া একটি ষষ্ঠ ইন্দ্রিয় আছে। তাই দিয়েই অতীন্দ্রিয় জ্ঞানলাভ হয়ে থাকে।**

*সংগৃহিত : দেববাণী, ৭ই জুলাই, ১৮৯৫, রবিবার*
*Thousand Island Park, Kingstone, Ontario, Canada*

# Bansaree Indian Restaurant

## বাঁশরী

ইন্ডিয়ান রেষ্টুরেন্ট

**Karan Chowdhury**

**Tel: 905-684-3411**

শারদীয় শুভেচ্ছা



**Special discount for Temple Cattering. Please contact to Bansaree at Karan Chowdhury**

| | |
|---|---|
| Saturday Lunch | $12.95 + tax |
| Lunch special starting from Monday to Friday | $7.95 + tax |
| Sunday Brunch (More than 50 items, 11:30 am - 2:30 pm) | $17.95 + tax |
| Take out 10% off, free delivery within at St. Catharines on orders over | $50 + tax |
| Students and seniors discount | 10% |

www.bansareeindianrestaurant.com
C- 905-380-6637
Take out + Delivery opens

7 DAYS OPEN

MONDAY TO SUNDAY
9:00 AM - 2:00 PM
5:00 PM - 9:00 PM

Orders : ubereats.com, dineniagara.ca,
skipthe dishes.com,
tummyexpress.com

**Bansaree Indian Restaurant**
342 St. Paul Street (East) St. Catharines, Ontario, L2R 3N2

# তবু প্রাণ কেন কাঁদে রে

রেখা পাঠক

ছাড়া আর ধরা। (ধরে রাখা)

এই নিয়ে চলছে ধরা। (এই ধরা মানে পৃথিবী)

ইসকনের দ্বারা প্রভাবিত হয়ে আজ লক্ষ লক্ষ খ্রিস্টানরা খ্রিস্টমাস ট্রি ছেড়ে করছে মহৌষধী তুলসী বৃক্ষের পূজা অর্চা, তুলসী জয়ন্তীতে, তুলসী পূজন। মাছ, মাংস, ও সুরাপান বর্জন করে, সাত্ত্বিক আনন্দে হরিনাম কীর্তন ও নৃত্য করে করছে তুলসী পরিক্রমা। এই হলো একদলের ধরা। আর আমাদের হলো ছাড়া, ছাড়াটা কেমন, আমরা বৈজ্ঞানিক ও আধ্যাত্মিকভাবে স্বীকৃত মহৌষধী যে তুলসীবৃক্ষ, মানবদেহের সর্বরোগ নিরাময়, আর দূষিত প্রকৃতির সব দোষ শোধকারী সে তুলসীবৃক্ষকে আজ তুলসী পূজার দিন তাঁর বিশেষ পূজা অর্চা না করে ঘরে ঘরে ওই তাদের ত্যাগ করা খ্রিস্টমাস ট্রি এনে কত খরচ করে, মনের কত মাধুরি ও আনন্দ ভালোবাসা মিশিয়ে, কত নান্দনিকভাবে, (অবশ্য নান্দনিকভাবে সাজানো কথাটি যথার্থ নয়, কারণ, সনাতনধর্ম ব্যতিত অন্য কোনও ধর্মের ধর্মীয় উৎসবে, উৎসবের আচার আচরণে নন্দনতাত্ত্বিক কোনও শিল্প সংস্কৃতির প্রয়োজন পড়ে না, ফলে নান্দনিকতার ছোঁয়া দেখা যায় না।) সাজিয়ে রাখি, এর পাশে ছবি ওঠি। এভাবে একদলের বর্জনকে, আরেক দলে করেছেঝঝ গ্রহণ। এটাই পৃথিবীর নিয়ম। এর জন্য কোনও উপদেশ আদেশ, অনুরোধ, নিন্দা সমালোচনা কিছুই নেই আমার ঝুলিতে। সত্য সুন্দর শাশ্বত সনাতন ধর্মের পবিত্র আধ্যাত্মিক সংস্কৃতি ছেড়ে পরধর্মে মত্ত থেকে কী শান্তি আছে মনে? প্রমোদে মন প্রাণ ঢেলে দিয়ে ও তবু যেন মনে জাগে রবীন্দ্রনাথ ঠাকুরের এই বাণী বেদনা–

**ঈশ্বরকে পিতা, মাতা, সখা, সন্তান, ও প্রেমিকভাবে ভেবে আরাধনা করার কথা বলেন একমাত্র সনাতনধর্ম। সনাতনীরা এত ধর্মীয় স্বাধীনতা পেয়েও পরধর্ম লোভী!**

“প্রমোদে ঢালিয়া দিনু মন, তবু প্রাণ কেন কাঁদে রে।  
চারিদিকে হাসি রাশি, তবু প্রাণ কেন কাঁদে রে ॥  
আন সখী, বীণা আন, প্রাণ খুলে কর গান,  
নাচ সবে মিলে ঘিরি ঘিরি ঘিরিয়ে–  
তবু প্রাণ কেন কাঁদে রে ॥  
বীণা তবে রেখে দে, গান আর গাস নে–  
কেমনে যাবে বেদনা।  
কাননে কাটাই রাতি, তুলি ফুল মালা গাঁথি,  
জোছনা কেমন ফুটেছে–  
তবু প্রাণ কেন কাঁদে রে ॥”

জাগতিক জগতের আনন্দ বিনোদন সবই তো হলো, জোছনা রাতে কাননে কুসুম বিহার ও হলো। তবে কেন রবীন্দ্রনাথ ঠাকুরের প্রাণ কেঁদেছিল? উত্তর হলো রবীন্দ্র চিত্ত জড়জাগতিক আনন্দে তৃপ্ত ছিল না কখনও। তাঁর প্রিয়তম হলেন, পরমাত্মা পরমপুরুষ অনাদির আদি শ্রীগোবিন্দ। শুনে অবাক হচ্ছেন, না অবাক হওয়ার কথা নয়, এটাই সত্য। সমগ্র রবীন্দ্র দর্শন তা-ই বলে। রবীন্দ্র সুধা সাগর হতে ক'টি কবিতা তুলে ধরা হলো এর উদাহরণস্বরূপ–

“প্রভু আমার, প্রিয় আমার পরম ধন হে।  
চিরপথের সঙ্গী আমার চিরজীবন হে ॥  
তৃপ্তি আমার, অতৃপ্তি মোর, মুক্তি আমার, বন্ধনডোর,  
দুঃখসুখের চরম আমার জীবন মরণ হে ॥  
আমার সকল গতির মাঝে পরম গতি হে,  
নিত্য প্রেমের ধামে আমার পরম পতি হে।  
ওগো সবার, ওগো আমার, বিশ্ব হতে চিত্তে বিহার–  
অন্তবিহীন লীলা তোমার নূতন নূতন হে ॥”

(গীতবিতান, পূজা, পৃষ্ঠা নং ৪৭, কবিতা নং ৬৮)

“তুমি বন্ধু, তুমি নাথ নিশিদিন তুমি আমার।  
তুমি সুখ, তুমি শান্তি, তুমি হে অমৃত পাথার ॥  
তুমিই তো আনন্দলোক, জুড়াও প্রাণ, নাশো শোক,  
তাপহরণ তোমার চরণ অসীম শরণ দীনজনার ॥”

গীতবিতান, পূজা, পৃষ্ঠা নং ৪৭, কবিতা নং ৬৯)

“এ কি এ সুন্দর শোভা! কী মুখ হেরি এ!  
আজি মোর ঘরে আইল হৃদয়নাথ,  
প্রেম-উৎস উথলিল আজি ॥  
বলো হে প্রেমময় হৃদয়ের স্বামী,  
কী ধন তোমারে দিব উপহার।  
হৃদয় প্রাণ লহো লহো তুমি, কী বলিব–  
যাহা কিছু আছে মম সকলই লও হে নাথ ॥”

(গীতবিতান, পূজা, পৃষ্ঠা নং ১৪৩, কবিতা নং ৫৪৩)

“আমার পরান যাহা চায় তুমি তাই, তুমি তাই গো।  
তোমা ছাড়া আর এ জগতে মোর কেহ নাই, কিছু নাই গো ॥  
তুমি সুখ যদি নাহি পাও, যাও সুখের সন্ধানে যাও–  
আমি তোমারে পেয়েছি হৃদয় মাঝে, আর কিছু নাহি চাই গো ॥  
আমি তোমার বিরহে রহিব বিলীন, তোমাতে করিব বাস  
দীর্ঘ দিবস দীর্ঘ রজনী, দীর্ঘ বরস-মাস।  
যদি আর– কারে ভালোবাস, যদি আর ফিরে নাহি আস,  
তবে তুমি যাহা চাও তাই যেন পাও, আমি যতদুখ পাই গো ॥”

(গীতবিতান, প্রেম, পৃষ্ঠা নং ২০৩, কবিতা নং ১৪২।)

রবীন্দ্রনাথ ঠাকুরের এই ক'খানি কবিতার দর্শন অনুধাবন, উপলব্ধি করতে হলে বেদবৃক্ষের গলিতফল পুরাণ শিরোমণি শ্রীমদ্ভাগবতের দশম স্কন্দের আলোকে শ্রীচৈতন্যমহাপ্রভুর সাথে শ্রী রায়রামানন্দ মিলনে, রাম রায়ের সাথে শ্রীচৈতন্য মহাপ্রভুর সাধ্য সাধন বিষয়টি নিয়ে যে আলোচনা হয়েছিল তা জানতে ও বুঝতে হবে। প্রসঙ্গক্রমে বলা যে, আধ্যাত্মিক চিন্তা-চেতনায়, আধ্যাত্মিক জীবন দর্শনে রবীন্দ্রনাথ ঠাকুরের পরিবার ছিল বৈষ্ণব সম্প্রদায়ভুক্ত। রবীন্দ্রনাথ ঠাকুর গৌড়ীয় বৈষ্ণব দর্শনের ভিত্তিতেই গীতবিতানের প্রেম ও পূজার সব কবিতা লিখেছেন। রবীন্দ্রনাথ ঠাকুর বাহিরে পুরুষ, অন্তরে নারী। (প্রকৃতি) বৈষ্ণব দর্শনে একমাত্র পুরুষ হলেন পরমাত্মা ভগবান শ্রীকৃষ্ণ। আর সবই নারী বা প্রকৃতি। রবীন্দ্রনাথ নিজেকে নারীভাবে নিবেদন করেছেন পরমপুরুষ পরমাত্মা শ্রীভগবানের চরণে। তাঁর সাথেই করেছেন প্রেম, তাঁকেই চেয়েছেন স্বামীরূপে। ঐশ্বরিক প্রেমের বেদনাই রবীন্দ্রনাথ ঠাকুরের চিত্তের প্রেম বেদনা। তিনি প্রেমিকারূপে ঈশ্বরের সাথে মিলন পিপাসী। তাই জড় জাগতিক প্রমোদে তাঁর অন্তর পরিতৃপ্ত হতো না।

আমাদের ও জড় চেতনায় যখন চৈতন্যের স্ফূরণ ঘটে, তখন আমরা ও জীবনের অনিত্যতা, না হয় সংখ্যালঘু হওয়ার যন্ত্রণা, না হয় পরধর্মের দুষ্কৃতীকারী দ্বারা মন্দির মূর্তি ভাঙার সচিত্র প্রতিবেদনের দৃশ্য, না হয় স্বধর্মের মানুষের ওপর অন্যায়ভাবে জুলুম, খুন, জমিজমা দখল, সেই রামায়ণের সময়ের পবিত্র চন্দ্রনাথ পাহাড়, চন্দ্রনাথ ধাম, সীতাকুণ্ড আক্রমণ, দখল, ভক্তদের ওপর অতর্কিতে হামলা, হত্যা, না হয় সন্তানদের লাভ জিহাদ, না হয় হিন্দু হিসেবে প্রজন্মের নিরাপদ বাসস্থানের নিশ্চয়তার ভাবনা, না হয় জন্মভূমি ত্যাগের নস্টালজিয়া, উদ্বাস্তু হয়ে পূর্ববঙ্গ হতে পশ্চিমবঙ্গে আশ্রয়, পশ্চিমবঙ্গ হতে উদ্বাস্তু হলে আবার কোথায় হবে আশ্রয়, ইত্যাদির কারণে হয়তো প্রমোদে মন ঢেলে দিলেও প্রাণ কাঁদে।

প্রমোদে মন প্রাণ ঢেলে দেবার পরও যাদের ভয়ে প্রমোদকারীদের মন ভীত হয়, সেই ভয় উৎপাদনকারীরা কিন্তু কারো ভয়ে ভীত নয়। তারা সর্বধর্ম সমন্বয়কারীও নয়। সর্বধর্ম সমন্বয়ের কথা বলেন একমাত্র সনাতনধর্মের কিছু সংখ্যক তথাকথিত মহাপুরুষ।

যা কি না কোনোভাবেই সম্ভব নয়। সমন্বয় হলো সমানভাবে মিশে যাওয়া। অন্য ধর্মের সাথে এক হয়ে যাওয়া! এইসব ভাষণে, এই দর্শনে আমার বুদ্ধি বিদ্রোহ ঘোষণা করে। মনে খটকা লাগে।

সনাতনধর্মই একমাত্র ধর্ম। সনাতনধর্ম পারলে অন্য মতের, অন্য পথের মানুষকে শাশ্বত, সত্য-সুন্দর সনাতনধর্মের সুশীতল ছায়াতলে নিয়ে আসুক। এক সময় তো সবই ছিল সনাতনধর্মের আশ্রয়ে। তাই তো মাটি খনন করলে পাওয়া যায় হাজার হাজার বছরের পুরাতন সনাতন ধর্মের বিষ্ণু মূর্তিসহ নানা স্মৃতি চিহ্ন। চার্চ বা মসজিদ নয়। সাত দিনে পৃথিবী সৃষ্টি এমন অবৈজ্ঞানিক, অযৌক্তিক ধর্ম, মূর্তিভাঙার ধর্ম, মানুষকে কাফের বলার ধর্ম, কাফেরকে হত্যার কথা বলার ধর্ম,

জন্মান্তরবাদহীন যে ধর্ম, অবতারবাদহীন যে ধর্ম, ব্রহ্মে বিলীন হওয়ার কথা নেই যে ধর্মে, যে ধর্ম বলে অন্য ধর্মের মানুষ মৃত্যুর পর অনন্তকাল নরকের আগুনে জ্বলে পুড়ে যন্ত্রণা পেতেই থাকবে, যুদ্ধে পরাজিত নারীরা গণিমতের মাল বলে যৌনদাসীতে পরিণত হয়, সেইসব ধর্মের সাথে সনাতনধর্মের সমন্বয় হয় কীভাবে? সনাতন ধর্মের মধ্যে এত সুধা, এত অমৃত, এত বৈজ্ঞানিকতা, এত মানবতা, এত নান্দনিকতা, তবু সনাতনীদের ধর্মীয় ক্ষুধা মিটেনা। তাই সনাতন ধর্মের তথাকথিত অনেক মহাপুরুষ বলেন সমন্বয় সমন্বয়। সনাতনীরা যাদের ভয়ে ভীত, যাদের দ্বারা আক্রান্ত, তাদের ধর্মীয় ক্ষুধা সনাতনীদের মতো এত অতৃপ্ত, এত রাক্ষুসে নয়। ওই তাদের বেদ নেই, উপনিষদ নেই, গীতা নেই, ভাগবতম, নেই রামায়ণ, মহাভারত, চণ্ডী, নেই অষ্টাদশ পুরাণ, উপপুরাণ, নেই শ্রীচৈতন্য চরিতামৃত, তাদের ধর্ম বইয়ে লেখা নেই "সর্বভূতে হিতেরতা" নিরন্তর সবের মঙ্গল করো, তাদের ধর্ম বইয়ে লেখা নেই, "সর্বে সুখিনঃ ভবন্তু / সর্বে সন্তু নিরাময়া / সর্বে ভদ্রানি পশ্যন্তু। / মা কৃচিৎ দুঃখ ভাগ ভবেৎ। / ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।" তাদের ধর্ম বইয়ে, তাদের স্রষ্টা এ কথা বলেন না–

"আত্মৌপম্যেন সর্বত্র সমং পশ্যতি যোহর্জন।
সুখং বা যদি দুঃখং স যোগী পরমো মতঃ" ॥ গীতা ৬/৩২।

বাংলা হলো– "হে অর্জুন, সুখই হোক, আর দুঃখই হোক, যে ব্যক্তি আত্মসাদৃশ্যে সর্বত্র সমদর্শী, সে যোগী সর্বশ্রেষ্ঠ, এটাই আমার অভিমত।" গীতার এই সমত্ব বুদ্ধি, এই বিশ্বপ্রেমের কথা গীতা ছাড়া আর কাদের, কোনো ধর্মগ্রন্থে আছে? সনাতন শাস্ত্র বলেন সর্বভূতে এক আত্মাই আছেন। যিনি সর্বভূতে একই আত্মা দর্শন করেন, তিনি অপরের সুখে সুখী, অপরের দুঃখে দুঃখী না হয়ে পারেন না। বিশ্বপ্রেমের মূলে সর্বত্র একই আত্মদর্শন। "ইহাই বেদান্তের ব্রহ্মজ্ঞান। ইহাই যোগীর সমদর্শন। ইহাই কর্মীর নিষ্কাম, ইহাই ভক্তের নির্গুণা ভক্তি। এই শ্লোকটিতে জ্ঞান, কর্ম, ভক্তি যোগের অপূর্ব সমন্বয়। ইহাই গীতোক্ত পূর্ণাঙ্গ যোগ। তাই শ্রীঅরবিন্দ লিখিয়াছেন, এই শ্লোকটিকে সমগ্র গীতার চরম সিদ্ধান্ত বলিয়া গ্রহণ করা যায়।" (শ্রীমদ্ভগবত গীতা, শ্রীজগদীশচন্দ্র ঘোষ, পৃষ্ঠা নং ২২৫)। সনাতন ধর্ম ছাড়া আর কোনও ধর্মে নেই–এমন উপদেশ।

"যা দেবী সর্বভূতে মাতৃরূপেণ সংস্থিতা।" ঈশ্বরকে পিতা, মাতা, সখা, সন্তান, ও প্রেমিকভাবে ভেবে আরাধনা করার কথা বলেন একমাত্র সনাতনধর্ম। সনাতনীরা এত ধর্মীয় স্বাধীনতা পেয়েও পরধর্ম লোভী! সনাতনীরা অবৈজ্ঞানিক, অন-ঔষধী গাছকে সাজায়, ঔষধী তুলসীগাছকে বাদ দিয়ে বিশেষ তুলসী পূজার দিনে! সনাতনীরা প্রজন্মের মধ্যে বিস্তার করে না নিজ ধর্মের মহিমাকে। সনাতনীরা জন্মনিয়ন্ত্রণ করতে করতে জন্মের হার এক্কেবারে তলানিতে এনে দিয়েছে। অথচ তৈত্তিরীয় উপনিষদ আছে ঋষি বাক্য– "প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীঃ।" অর্থাৎ সন্তান ধারা অবিচ্ছিন্ন রাখবে। সেখানে বেদের ঋষি বাক্য কেউ শুনেনি, সবে তা ত্যাগ করেছে, একমাত্র মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ব্যতিত। নইলে কী আমরা পেতাম রবীন্দ্রনাথ ঠাকুরকে? আর সনাতনধর্ম ধ্বংসকারীরা বংশবিস্তার করে সবকে গ্রাস করে শক্তপোক্ত ও মজবুত হয়ে আছে। "স্বধর্মে নিধনং শ্রেয় পরধর্ম ভয়াবহ" সনাতন

হিন্দু রা এর অর্থ জানে না বা ভুলে গেছে। "সর্বধর্মান্ পরিত্যজ মামেকং শরণং ব্রজ"।

ভগবান শ্রীকৃষ্ণ বলছেন "সকল ধর্ম পরিত্যাগ করে তুমি (অর্জুনের মাধ্যমে আমাদের) একমাত্র আমারই শরণ লও।" আমরা সনাতনধর্মের লোকেরা সেই এক ও অদ্বিতীয় শ্যামল সুন্দরকে ভুলে আছি, আছি নকল আনন্দে মশগুল হয়ে। তা-ই চেতনা শীলের চেতনায় প্রমোদে ও প্রমাদ। খাঁটি ছেড়ে নকল ধরা। তবে হ্যাঁ, যার যা ভালো আছে, আছে সত্য সুন্দর কল্যাণজনক তা অবশ্যই গ্রহণ করব, তবে নিজের সত্য সুন্দর ও ভালোকে বাদ দিয়ে নয়। তবে প্রশ্ন হলো, শাশ্বত সত্য, সুন্দর, ঈশ্বর প্রেম, মানবপ্রেমের উৎস ভূমি সনাতনধর্ম ছাড়া বর্তমানে জীবিত আর কোন ধর্ম আছে, যে সব ধর্মে সনাতন ধর্মের এই সব বৈশিষ্ট্য বিদ্যমান? কোন ধর্মশাস্ত্রে পণ্ডিতের সংজ্ঞা এমন বলা হয়েছে–

"বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ॥" (গীতা, ৫, ১৮)

বাংলায় হলো– "বিদ্যাবিনয়যুক্ত ব্রাহ্মণে, চণ্ডালে, গো, হস্তী ও কুক্কুরে আত্মবিৎ পণ্ডিতগণ সমদর্শী।" গীতার এই বাণীগুলো কিন্তু স্বয়ং জগৎপতি ভগবান শ্রীকৃষ্ণের শ্রীপদ্মমুখ নিঃসৃত বাণী। লক্ষ করুন, ভগবানের কথায় ব্রাহ্মণ কেমন হবেন? ব্রাহ্মণ হবেন, বিদ্যান ও বিনয়যুক্ত। বিদ্যান হয়ে অহংকারী হবেন না।

ব্রাহ্মণ মূর্খ হবেন না। বিদ্ ধাতু হতে এসেছে বিদ্যা। বিদ্ ধাতুর অর্থ হলো জ্ঞান। এক কথায়, ব্রাহ্মণ হবেন জ্ঞানী ও বিনয়ী, প্রকৃত জ্ঞানই মানুষকে করে বিনয়ী।

এমন যে জ্ঞানী বিনয়ী ব্রাহ্মণ, তিনি থেকে শুরু করে চণ্ডালসহ ইতর প্রাণীকে যিনি নিজের আত্মার মত ভালোবাসেন, তিনিই প্রকৃত পণ্ডিত, ভগবানের মতে।

আর কোনও ধর্মগ্রন্থে স্বয়ং ভগবানের মুখে পণ্ডিতের সংজ্ঞা কী এমন করে বলা হয়েছে? জানা নেই। সনাতনধর্ম মতে ভগবানের বাসস্থান কোথায়? এর উত্তর দিয়েছেন গীতায়–

"ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশেহর্জুন তিষ্ঠতি।" ১৮/৬১

ঈশ্বর সর্বজীবের হৃদয়ে অধিষ্ঠিত।

গীতার ষষ্ঠ অধ্যায়ে ৩১নং শ্লোকে ভগবান বলছেন–

"সর্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্বথা বর্তমানোহপি স যোগী ময়ি বর্ততে।"

বাংলা হলো– "যে যোগী সমত্ব বুদ্ধি অবলম্বনপূর্বক সর্বভূতে ভেদজ্ঞান পরিত্যাগ করে সর্বভূতস্থিত আমাকে (ভগবানকে) ভজনা করেন, তিনি যে অবস্থায়ই থাকেন না কেন, আমাতেই অবস্থান করেন।"

এই শ্লোকের অর্থই হলো জীবে প্রেম। মানুষকে তো বটেই, সব প্রাণীকে ভালোবাসলেই ভগবানকে ভজনা করা হলো। সনাতনধর্মে বিধর্মী বলে কোনও কথা নেই, অন্য ধর্মে যেভাবে আছে তাদের ধর্মের অনুসারী না হলে কলা কেটে ফেলতে হবে। আরো কত ভয়ংকর কথা। গীতায় ভগবান অর্জুনকে মানবপ্রেমের কথা যেভাবে বলেছেন, শ্রীমদ্ভাগবতেও ঠিক একই কথা বলেছেন 'উদ্ধব'-কে–"আমাকে ভজনা কর"। এবং "সর্বভূতস্থ আমাকে ভজনা কর"। তাঁকে ভজনা করা মানে সর্বভূতকে ভজনা করা।

কারণ, সর্বভূতে যে তিনিই আছেন, তিনি (ভগবান) ছাড়া যে কেউ নেই, কিছুই নেই, তা-ই ই বর্ণনা করা হয়েছে–

"অহং সর্বেষু ভূতেষু ভূতাত্মাবস্থিতঃ সদা।
তমবজ্ঞায় মাং মর্ত্যঃ কুরুতেহর্চাবিড়ম্বনম্॥
যো মাং সর্বেষু ভূতেষু সন্তমাত্মানমীশ্বরম্।
হিত্বার্চাং ভজতে মৌঢ্যাদ্ভস্মন্যেব জুহোতি সঃ॥
অহমুচ্চাবচৈর্দ্রব্যঃ ক্রিয়য়োৎপন্নয়ানঘে।
নৈব তুষ্যেহর্চিতোহর্চায়াং ভূতগ্রামাবমানিনঃ॥
অথ মাং সর্বভূতেষু ভূতাত্মানং কৃতালয়ম্।
অথ মাং সর্বভূতেষু ভূতাত্মানং কৃতালয়ম্।
অর্হয়েদ্দানমানাভ্যাং মৈর্ত্যাহভিন্নেন চক্ষুষা।"
(শ্রীমদ্ভাগবত, ৩য় স্কন্দ, ২৯ অধ্যায়, ২১/২২/২৪/২৭)

বাংলা– "আমি সর্বভূতে ভূতাত্মস্বরূপে অবস্থিত আছি। অথচ সেই আমাকে (অর্থাৎ সর্বভূতকে) অবজ্ঞা করিয়া মনুষ্য প্রতিমাদিতে পূজারূপ বিড়ম্বনা করিয়া থাকে। সর্বভূতে অবস্থিত আত্মা ও ঈশ্বর আমাকে উপেক্ষা করিয়া যে প্রতিমাদি ভজনা করে সে ভস্মে ঘৃতাহুতি দেয়। যে প্রাণীগণের অবজ্ঞাকারী, সে বিবিধ দ্রব্যে ও বিবিধ ক্রিয়াদ্বারা আমার প্রতিমাতে আমার পূজা করিলে ও আমি তাহার প্রতি সন্তুষ্ট হই না। সুতরাং মনুষ্যের কর্তব্য যে, আমি সর্বভূতে আছি ইহা জানিয়া সকলের প্রতি সমদৃষ্টি, সকলের সহিত মিত্রতা ও দান-মানাদির দ্বারা সকলকে অর্চনা করে।"

ভগবান এতে বুঝালেন, সর্ব জীবের সেবাই ঈশ্বরের অর্চনা। বিশ্বপ্রেমই ঈশ্বরে ভক্তি। তবে ভাগবতের ৩ স্কন্দের ২৯/২৫ এ বলা হয়েছে–"পুরুষ যে পর্যন্ত সর্বভূতস্থিত আমাকে আপনার হৃদয়ের মধ্যে জানিতে না পারে, সে পর্যন্ত প্রতিমা প্রভৃতিতে আমার অর্চনা করিবে।" বেদের নির্যাস হলো উপনিষদ, আর সর্ব উপনিষদের সার হলো শ্রীমদ্ভগবদ্গীতা। তাই গীতা থেকে সংক্ষেপে আলোচনা করা হলো স্বয়ং জগৎপতি ভগবানের শ্রীমুখে উচ্চারিত সনাতনধর্মের উদারতা, মানবতা। তেমনি শ্রীমদ্ভাবত হলো বেদ বৃক্ষের গলিত ফল এবং ভগবান শ্রীকৃষ্ণের অঙ্গস্বরূপ। বেদ উপনিষদকে মথিত করে সনাতনধর্মের সর্বশ্রেষ্ঠ দুই মহাপবিত্র গ্রন্থে স্বয়ং জগৎপতি ঈশ্বর যেভাবে মানবতার কথা, মানুষকে ভালোবাসার কথা, যে ভাবে সমস্ত প্রাণীকুলকে, যেভাবে সমস্ত জগৎকে, ভালোবাসার কথা বলেছেন, তা তো আমি আর কোনও ধর্মের বইয়ে দেখি না। মানুষকে ভালো না বাসলে, প্রাণীকুলকে ভালো না বাসলে, এক কথায় সর্বভূতকে ভালো না বেসে কেবলই তাঁকে (ঈশ্বরকে) ভালোবাসলে ঈশ্বর সাধনা হয় না। অনেকেই বলতে পারেন যে, বেদ, উপনিষদ, গীতা, ভাগবতের সময়ে সনাতনধর্ম ব্যতিত অন্য কোনও ধর্ম ছিল না, তাই সনাতন ধর্মের গ্রন্থে কাউকে বিধর্মী বলা হয় নাই, বিধর্মীকে হত্যা করে ফেলার কথা ও নাই। কিন্তু কলি যুগে আজ হতে মাত্র পাঁচশত আটত্রিশ বছর আগে ভগবান শ্রীকৃষ্ণের অবতার শ্রীচৈতন্যদেব তো আব্রাহামিক ধর্ম ইসলাম

ধর্মের শাসনের মধ্যেই আবির্ভূত হয়েছিলেন শ্রীধাম নবদ্বীপে। তিনি গীতা ও ভাগবতের আদর্শ নিয়ে এসেছিলেন মানবতার বাণী প্রচার করতে, সর্বস্তরের মানুষের মধ্যে ঈশ্বরপ্রেম বিলাইতে। হিংসা নয়, যুদ্ধ নয়, বিশ্বের বুকে শান্তি স্থাপন করতে।

শ্রীচৈতন্যমহাপ্রভু যে বলেছেন, "পৃথিবীতে যত আছে নগরাদি গ্রাম। সর্ব প্রচারিত হইবে মোর নাম।" (শ্রীচৈতন্যচরিতামৃত) শ্রীচৈতন্য তাঁর নাম প্রচারের জন্য কাউকে হত্যা করার কথা বলেন নি, অন্য ধর্মের নিন্দা করার কথা বলেন নি, অন্য ধর্মের ধর্মীয় উপাসনালয় ভেঙে ফেলার কথা বলেন নি। বরং তিনি অর্থাৎ শ্রীচৈতন্যদেব বলেছেন–

"অন্য দেব অন্যশাস্ত্র নিন্দা নান করিব।
প্রাণী মাত্রে মনোবাক্যে উদ্বেগ না দিব" ॥
(শ্রীচৈতন্যচরিতামৃত)

যে ধর্মে কেবল মানুষ নয়, ইতর প্রাণীও নিরাপদ, সে ধর্ম হলো কলিযুগের ধর্ম। সে ধর্ম হলো সনাতন হিন্দুধর্ম। সনাতনধর্ম তলোয়ার দিয়ে ধর্ম প্রচার করে না, অর্থের লোভ দেখিয়ে ধর্ম প্রচার করে না। কলিযুগ পাবন অবতার প্রেম পুরুষোত্তম ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর নির্দেশমতো আন্তর্জাতিক কৃষ্ণ ভাবনামৃত সংস্থা (ইসকন) বর্তমানে সারাবিশ্বে যেভাবে ভগবান শ্রীচৈতন্যমহাপ্রভুর দেওয়া "হরেকৃষ্ণ" মহামন্ত্র প্রচার করছেন, তা তো তলোয়ারহীন, নিন্দাহীন, জোরজবরদস্তি হীন, অন্য ধর্মের উপাসনালয় ভেঙে সেখানে নিজ ধর্মের মন্দির স্থাপন, এই সব পাশবিক কাজ না করে, কেবল খোল করতাল সহযোগে "হরেকৃষ্ণ" মহামন্ত্র বলে প্রেমপুরুষোত্তমের প্রেমের বাণী, প্রকৃত শান্তির বাণী প্রচার করছেন। এমন মানব ধর্ম, এমন প্রেমের ধর্ম, এমন বিশ্বশান্তির বার্তা বহনকারী ধর্ম, এমন শাশ্বত সত্য, সুন্দর, এমন নান্দনিক শিল্প সংস্কৃতির ধর্ম বাদ দিয়ে যে আব্রাহামিক ধর্ম বলে–"তোমরা তাদের 'দেবতাদের পূজা কিংবা সেবা করবে না– তোমরা তাদের দেবদেবতার মূর্তিগুলো ভেঙে ফেলবে এবং তাদের পূজার পাথরগুলোও টুকরো টুকরো করে ফেলবে।" (পবিত্র বাইবেলঃ যাত্রাপুস্তক, ২৩, ২৪) "সদা প্রভুকে ছাড়া যদি কেউ কোন দেবতার কাছে কিছু উৎসর্গ করে তবে তাকেও মেরে ফেলতে হবে।" (পবিত্র বাইবেলঃ যাত্রা পুস্তক, ২২, ২০)

যে ধর্মের প্রবর্তকের মুখে এমন হিংসার কথা, এমন অশান্তির কথা, এমন ঘৃণার কথা, সে ধর্মের সাথে এবং আরো যে সব ধর্ম এই ধরণের কথা বলে, সেই সব ধর্মের সাথে সনাতন ধর্মের সমন্বয় ঘটবে কেমনে? যখন সর্বধর্ম সমন্বয়কারী সনাতনী সম্প্রদায় নিজ ইষ্টের সাথে বসিয়ে সংস্কৃত ভাষায় মন্ত্র সৃষ্টি করে, সনাতনধর্মের দর্শনবিরোধী ধর্মপ্রবর্তককে সে মন্ত্র উচ্চারণ করে পূজা করেন, তখন প্রাণ কাঁদে, হয়তো কম বুঝি বলে। ❑

**তথ্য সহায়তা :**

পবিত্র বাইবেল (পুরাতন ও নূতন নিয়ম)। বাংলাদেশ বাইবেল সোসাইটি, ঢাকা, ২০০০।

**জ্ঞান, যোগ, ভক্তি ও কর্ম–এর মধ্যে যে-কোন একটি ভাবকে মূল ভিত্তি কর; কিন্তু অন্যান্য ভাবগুলিও সঙ্গে সঙ্গে শিক্ষা দাও। জ্ঞানের সঙ্গে ভক্তি দিয়ে সামঞ্জস্য করতে হবে, যোগপ্রবণ প্রকৃতিকে যুক্তিবিচারের দ্বারা সামঞ্জস্য করতে হবে, আর কর্ম–তত্ত্বকে কাজে পরিণত করার সাধনা যেন সকল পথেরই অঙ্গস্বরূপ হয়। যে যেখানে আছে, তাকে সেইখান থেকে ঠেলে এগিয়ে দাও, ধর্মশিক্ষা যেন ধ্বংসমূলক না হয়ে সর্বদা গঠনমূলক হয়।**

*সংগৃহিত : দেববাণী, ১১ই জুলাই, ১৮৯৫, বৃহস্পতিবার*

*Thousand Island Park, Kingstone, Ontario, Canada*

# ধর্মের বৈশ্বিক ও বৈদিক একটি প্রতীক ত্রিশূল

নীগোপাল দেবনাথ



**ভূমিকা**

ত্রিশূল নিয়ে নানা আলোচনা শুনেছি, ব্যাখ্যা পড়েছি যে, এটি হলো বিচিত্রমুখিতা এবং সমৃদ্ধির প্রতীক। শিব-ভগবানের প্রতিকী চিহ্নরূপে তাঁর হাতে আমরা সব সময় বিরাজমান থাকতে দেখি। পুরাণ মতে নিজপুত্র গণেশকে অহংকার এবং ঔদ্ধত্য দেখাতে দেখে ক্রোধের বশে শিবঠাকুর নিজেই ত্রিশূল দিয়ে তার শিরোচ্ছেদ করেছিলেন। যে কারণে আমরা গণেশকে বর্তমান অবয়বে দেখতে পাই। মা দুর্গাও তাঁর অন্যান্য অস্ত্রের সাথে ত্রিশূলও ধারণ করেন। ত্রিশূলের তিনটি ফলার একাধিক অর্থ ও গাম্ভীর্য রয়েছে পৌরাণিক বর্ণনায়। এটি নিয়ে হিন্দু ধর্মাবলম্বীদের একাধিক ধর্মীয় পুস্তকে বিভিন্ন ব্যাখ্যা রয়েছে, এর তাৎপর্যের পেছনে। সেই বিষয়ে কিছুটা আলোকপাত করার প্রয়াসে এ লেখাটি আজ উপস্থাপন করা। ত্রিশূলের তিনটি ফলা জীবনের ত্রিত্বগুণকে প্রকাশ করে। যেমন ত্রিত্ব বৈশিষ্ট্যগুলো হলো, সৃষ্টি-স্থিতি-বিনাশ, অতীত-বর্তমান-ভবিষ্যত, দেহ-মন-আত্মা, সমবেদনা-আনন্দ-ভালোবাসা, সুখ-স্বস্তি-বিষণ্ণতা, গর্ব-খ্যাতি-আমিত্ব, স্পষ্টতা-জ্ঞান-পাণ্ডিত্য, স্বর্গ-মন-পৃথিবী, যুক্তি-আসক্তি-বিশ্বাস, প্রার্থনা-প্রকাশ-মহিমা এবং মৃত্যু-উত্তরণ-পুনরুজ্জীবন। এসব ত্রিত্বগুণের প্রকাশকে একত্রে ত্রিশূলের রূপ হিসাবে ধরা হয়েছে, ধর্মীয় মহিমায়। এ নিয়ে সংক্ষিপ্ত আলোচনায়, বিভিন্ন প্রশ্নের ব্যাখ্যা খোঁজার আগ্রহ করেছি এ নিবন্ধে।

**ইয়েজদি পুরোহিত হিন্দুদের মতোই আগুন জ্বালিয়ে যজ্ঞ করেন। হিন্দুদের মতোই যজ্ঞের আগুন অত্যন্ত পবিত্র বলে মনে করেন ইয়েজিদিরা।**

মন্দিরের মাথায় ত্রিশূল ধর্মীয় এবং সাংস্কৃতিক অভিপ্রায় রাখে। ত্রিশূল নৈতিকতার প্রধান তিনটি শক্তিতে প্রতীত হয়– সৃষ্টিতত্ত্ব, সংরক্ষণতত্ত্ব, ও সংহারতত্ত্ব। ত্রিশূলের ধর্মীয় মৌলিক অর্থ বিশেষভাবে হিন্দুধর্মে অনেক গুরুত্বের সাথে দেখা হয়। বিষ্ণুর দ্বাদশ অবতারের মধ্যে গরুড় অবতার যেখানে বিষ্ণুর ত্রিশূল নিয়ে একটি গুরুত্বপূর্ণ ছবির অংশ হয়েছে। এছাড়াও শিব ধর্মে, মা দুর্গা ও কালীর হাতে ত্রিশূল তাৎপর্য নিয়েই রয়েছে।

সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকে ত্রিশূল একটি প্রাচীন যুদ্ধ সাধনায় অস্ত্র ছিল, যা যুদ্ধের সময় অতি প্রয়োজনীয় ছিল। এটি পুরাতন ভারতীয় যুদ্ধবিদ্যা ও যুদ্ধ সম্বলিত ছিল, এবং বিভিন্ন যুদ্ধাস্ত্রের মধ্যে অন্যতম ছিল।

তাই মনে করা হয়, মন্দিরের মাথায় ত্রিশূল থাকার পেছনে অনেক গুরুত্বপূর্ণ ধার্মিক, সাংস্কৃতিক এবং ঐতিহাসিক কারণ রয়েছে। প্রতীকটি মন্দিরে দাঁড়ানো প্রধান মূর্তির একটি অংশ হিসেবে প্রদর্শন করে এবং ধার্মিক অনুপ্রেরণা যোগায়।

প্রধানত দেখা যায় হিন্দু দেবতা শিব সর্বদা ত্রিশূল ধারণ করেন। কেন ধারণ করেন সেটির তাৎপর্য নিয়ে ধর্মীয় ও সাংস্কৃতিক অনেক ব্যাখ্যা রয়েছে। অস্ত্রের প্রতীক হিসাবে এটি সবচেয়ে জনপ্রিয় ছিল গ্রেকো-রোমান বিশ্বে। তবে ত্রিশূল সারাবিশ্বে একটি অস্ত্রের প্রতীক হিসাবে ব্যবহৃত হয়। হিন্দুধর্মে উদাহরণস্বরূপ, ত্রিশূল ছিল বিখ্যাত ব্যক্তিদেরও পছন্দের অস্ত্র। দেবতা শিব, তাঁর হাতে ত্রিশূলটি ছিল একটি বিধ্বংসী অস্ত্র এবং ভারতীয় বৈদিক দর্শনের তিনটি গুণ সত্ত্ব, রজস এবং তমসের (ভারসাম্য, আবেগ, এবং বিশৃঙ্খলা) প্রতীক হিসাবে।

**ভগবান শিব কীভাবে ত্রিশূল লাভ করেছিলেন?**

ভগবান শিব কীভাবে তাঁর ত্রিশূল লাভ করেছিলেন তার কাহিনী বিষ্ণু পুরাণে বর্ণিত হয়েছে। এই পবিত্র গ্রন্থ অনুসারে, সূর্য দেবতা বা সূর্য দেব, দিব্য কারিগর বিশ্বকর্মার কন্যা সঞ্জনার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। যাইহোক, বিয়ের কয়েক বছর পরে, তিনি তার অতিরিক্ত উত্তাপ সহ্য করতে পারেননি। যখন তিনি তার বাবার কাছে অভিযোগ করলেন, তখন সূর্যদেবকে তার তাপ কমানোর জন্য অনুরোধ করলেন। সূর্যদেব স্ত্রীর অনুরোধ মানতে রাজি হন। এই প্রক্রিয়ায়, সূর্য থেকে কিছু পদার্থ পৃথিবীতে পতিত হয়, যার ফলে পূর্বের তুলনায় তাপ ১/৮ ভাগে হ্রাস পায়। এই সৌর পদার্থ থেকেই বিশ্বকর্মা ত্রিশূল তৈরি করে প্রভুর কাছে নিবেদন করেছিলেন।

**ভগবান শিবের ত্রিশূলের পেছনে প্রতীকবাদ :**

একটি বিশ্বাস অনুসারে, শিবের ত্রিশূলের তিনটি দণ্ড হিন্দুধর্মের পবিত্র ত্রিত্বের প্রতিনিধিত্ব করে। মহাবিশ্বের সৃষ্টিকর্তা ব্রহ্মার প্রতীক হিসেবে; ভগবান বিষ্ণুর মহাবিশ্বের রক্ষক হিসাবে; এবং মহাবিশ্বের রূপান্তরকারী ও ধ্বংসকারী ভগবান শিব হিসাবে। যেহেতু ভগবান শিবকে তিন কালের গুরু বলা হয়, ত্রিকাল বলতে ত্রিশূল অতীত, বর্তমান এবং ভবিষ্যতেরও প্রতিনিধিত্ব করে। ওঁম, স্বস্তিক এবং ত্রিশূল হল শুভাশুভের প্রতীক। এই ট্রাই এনার্জি সেক্রেড সিম্বলগুলো আপনার থাকার ঘরে বা কাজের জায়গায় রাখলে বায়ুমণ্ডলকে বিশুদ্ধ করে।

অন্য একটি বিশ্বাস অনুসারে, শিবের ত্রিশূল ভৌত জগতে মানুষের তিনটি গুণেরও প্রতীক– সত্ত্ব (শুদ্ধতা এবং জ্ঞানের মতো ইতিবাচক গুণাবলী), রাজস (আসক্তি এবং কামনার মতো

গুণাবলী); তমস (অজ্ঞানতা এবং নেশার মতো বৈশিষ্ট্য)। ভগবান শিবকে এই সমস্ত বৈশিষ্ট্যের ঊর্ধ্বে মনে করা হয়।

**ভগবান শিব কেন ত্রিশূল বহন করেন?**

এটা বিশ্বাস করা হয় যে শিবের ত্রিশূল ভৌতিক জগতকে ধ্বংস করে যা হল মায়া, মানসিক জগৎ যা অহংকার এবং তারপর আমাদের তৃতীয় জগতে নিয়ে যায় যা হল আধ্যাত্মবাদ। ভগবান শিব তার ত্রিশূলকে একটি অস্ত্র হিসাবেও ব্যবহার করেন এবং সবসময় সঙ্গে রাখেন, যখনই প্রয়োজন হয় তখনই তা প্রয়োগ করেন, জগৎকে মন্দ বা কলুষ থেকে মুক্তি দিতে। এটি তিন লোক বা জগৎকে ধ্বংস করতে সক্ষম বলেও বিবেচিত হয়– স্বর্গলোক, অর্থাৎ স্বর্গ; ভু-লোক, অর্থাৎ পৃথিবী; এবং পাতাল লোক, অর্থাৎ নরক। মহাদেব মহাবিশ্বে শৃঙ্খলা পুনরুদ্ধার করতে এবং বিশৃঙ্খলার উপর শান্তি বজায় রাখার জন্য ত্রিশূলটি বহুবার ব্যবহার করেছেন।

**ভগবান শিবের তৃতীয় নয়ন :**

একটি কিংবদন্তি অনুসারে, শিব তার তৃতীয় চোখ ব্যবহার করেছিলেন কামদেবকে (কামের ভারতীয় দেবতাকে) দগ্ধ করতে। কাহিনী অনুসারে, কামদেব একটি গাছের আড়ালে বসে শিবের হৃদয়ে তীর নিক্ষেপ করেছিলেন। শিব একটু অস্থির হয়ে উঠলেও; লালসার দেবতা কামদেবকে পুড়িয়ে ছাই করার জন্য, তিনি তার জ্বলন্ত তৃতীয় চোখ খুলেছিলেন এবং কামদেবকে দগ্ধ করেছিলেন। কাহিনী অনুসারে, সাময়িক তাঁর চোখ বন্ধ হয়ে এসেছিল কারণ পৃথিবী বিভ্রান্তি ও অন্ধকারে নেমে এসেছে। শিব অবিলম্বে তাঁর কপালে তৃতীয় চোখ তৈরি করার জন্য ও আগুন তৈরি করার জন্য তাঁর ঈশ্বরীয় ক্ষমতা ব্যবহার করেছিলেন। আগুনের তাপে পার্বতীর হাতের তালু ঘামছিল। ভগবান শিব এবং দেবী পার্বতীর ঘামের সাথে মিলিত শক্তির ফলে তাদের পুত্র অন্ধকেরও জন্ম হয়।



শিব তাঁর তিনটি চোখের জন্য "ত্রিলোচন" নামেও পরিচিত। শিব সম্পর্কে অনেক মজার গল্প-কাহিনী থাকলেও, তিনি কিভাবে তাঁর 'তৃতীয় চোখ' পেয়েছেন তা নিয়ে অনেকের বিশেষ আগ্রহ রয়েছে জানার।

শিবকে মহাদেব বলা হয় যেহেতু সব দেবতাও তাঁকে পূজা করে। দেবতাদের রাজা ইন্দ্র, অসুরদের রাজা হিরণ্যকশিপু এবং রাক্ষসদের রাজা রাবণ তাঁকে পূজা করতেন। শিবের সাথে সম্পর্কিত অসংখ্য গল্প রয়েছে, বিশেষ করে যেগুলো শিব পুরাণে বিস্তারিত উদ্ধৃত হয়েছে।

**ত্রিশূলের বৈশ্বিক অবস্থান**

**ফিলিপাইনে একটি খনিতে ত্রিশূল আবিষ্কার :**

ফিলিপাইনে একটি খনিতে খনন কাজের সময়, একটি ট্রাইডেন্ট (ত্রিশূল) ১০,০০০ বছর পূর্বের (প্রাগৈতিহাসিক কালের) ও একটি ৩,০০০ বছর পুরোনো বজ্র গবেষকগণ উন্মোচন করেছেন। খনির কাজের ভারতীয় কন্ট্রাক্টর সমির হুসেইন অস্ত্র দুটি দেখেই চিনতে পারেন, তিনি প্রকাশ্যে বলেন যে ট্রাইডেন্টটি ভারতে হিন্দুদের দেবতা শিবের হাতে দেখেছেন এবং বজ্রটি সম্ভবত মেঘ বা বৃষ্টির দেবতা ইন্দ্রের অস্ত্র। ২০১৫ সালের মে মাসে একটি সাংবাদিক সম্মেলনে এ ঘটনার উদ্‌ঘাটন হয়, সমির ২০১২ সাল থেকে ফিলিপাইনে তামা ও সোনার খনির কাজের সাথে যুক্ত রয়েছেন এবং স্থানীয় লোকজনের সাথে কাজে অনুষঙ্গী।



২০১৫ সালে মে মাসের পাঁচ তারিখে খনিতে কাজ করার সময় একজন সুপারভাইজার এসে জানান যে তারা খনিতে দুটি অস্বাভাবিক বস্তু লক্ষ্য করেন। বিজ্ঞানীগণ দেখে সাথে সাথে গবেষণায় লিপ্ত হন। তবে সমির বস্তু দুটি দেখেই চিনতে পারেন কিন্তু বিস্মিত হন যে, এই ভারতীয় পুরাকীর্তি কিভাবে ফিলিপাইনে এসেছে হাজার হাজার বছর পূর্বে। তিনি ২০১৬ সালে অস্ত্র দুটি ভারতে নিয়ে আসেন এবং আজ অবধি এর ওপর গবেষণা অব্যাহত রেখেছেন।

বিগত আট বছর যাবৎ সমির বিভিন্নভাবে এর মূল উদ্‌ঘাটনের পেছনে কাজ করে যাচ্ছেন, এবং একটি উপসংহারে পৌঁছেছেন যে এগুলো শুধু পুরাকীর্তিই নয় স্পষ্টতই শত শত বর্ষ ধরে যুক্ত প্রাগৈতিহাসিক কালের ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির অংশ। বয়সকাল অনুসন্ধানের জন্য সমির প্রত্নতত্ত্ববিদদের শরণাপন্ন হন, এবং তারা সময়ের সত্যতা নিরূপণ করে মত প্রকাশ করেন যে, শিবের ত্রিশূলটি প্রায় ১০,০০০ বছর ও ইন্দ্রের বজ্র ৩,০০০ বছরের পুরোনো।

**ইরাকের ইয়েজিদিদের ত্রিশূল ব্যবহার :**

ভারত থেকে অনেক দূরে, মধ্যপ্রাচ্যের মরুভূমি অঞ্চলে, ভোর ও সন্ধ্যায় পাথর দিয়ে তৈরি করা দেবালয়গুলো থেকে ভেসে আসে শঙ্খধ্বনি বা উলুধ্বনি।

ঊষর মরুভূমির মতো রুক্ষ পরিবেশে, সকাল ও সন্ধ্যের মিঠে হাওয়া ধরে অনেক দূরে পৌঁছে যায় শব্দগুলো। ছোট ছোট পাথুরে

ঘর থেকে নতুন করে উলুধ্বনি ওঠে। মধ্যপ্রাচ্যের প্রধান ধর্ম ইসলাম! কিন্তু, এগুলো তো ইসলাম ধর্মের ঈশ্বর আরাধনার রীতি নয়! তা হলে এঁরা কারা?



এঁরা হলেন ইয়েজিদি সম্প্রদায়ের জনগোষ্ঠী। অনেক ঐতিহাসিকের মতে, এঁরা সুপ্রাচীন সুমেরীয় সভ্যতার উত্তরপুরুষ। এঁদের ক্যালেন্ডার ৬৫০০ বছর পুরোনো। প্রায় ৫০০০ বছর ধরে, তাঁরা মধ্যপ্রাচ্যে বাস করে আসছেন, বিশেষ করে ইরাকে। প্রায় ৭৩ বার তাঁদের গণহত্যার সম্মুখীন হতে হয়েছে। অটোমান মিলিশিয়া দিয়ে শুরু, ইসলামিক স্টেট আইসিস দিয়ে শেষ আপাতত। বাকি আসছে দিন অনিশ্চিত।

এর মাঝে গণহত্যা চালিয়ে গিয়েছে কুর্দ ও তুর্কিরা। ইয়েজিদিদের একটাই অপরাধ। তাঁরা কাফের। তাঁদের নিজস্ব ধর্ম আছে। তাঁরা পৌত্তলিক। ঈশ্বর মানেন সূর্য, প্রকৃতি, বাতাস ও জলকেও।

**ইয়েজিদিদের মেরে শেষ করতে চেয়েছিল আইসিস :**

ভারতীয় রীতিনীতির অবিশ্বাস্য মিল। দূরত্ব হাজার হাজার কিলোমিটার হওয়া সত্ত্বেও। চারিদিকে সৌদি আরব, জর্ডান, তুরস্ক, ইরান, সিরিয়ার মতো ইসলামি রাষ্ট্র থাকা সত্ত্বেও কীভাবে এতো মিল হয় হিন্দু ঐতিহ্যের সাথে। সে কারণে চরম অবস্থায় নিরস্ত্র ইয়েজিদিরা অকাতরে মারা পড়তে থাকেন, আইসিসদের হাতে। মেয়েদের যৌনদাসী করে রাখে। অনেকে পালিয়ে যান ওই অঞ্চলের দুর্গম, রুক্ষ পাহাড় মাউন্ট সিনজারে। আগস্টের গরমে, অনাহারে, পানীয় জলের অভাবে মারা যান অনেক বৃদ্ধ-বৃদ্ধা। মারা যায় কয়েকশো ইয়েজিদি শিশুও। তারপরও স্বল্প সংখ্যায় তারা ঐতিহ্য নিয়ে অবলম্বন পেতে চায় আজও।

ইয়েজিদি জনগোষ্ঠীর সঙ্গে তাদের চারপাশে থাকা অন্যান্য ইসলামি জনগোষ্ঠীর কোনও ধর্মীয় বা সাংস্কৃতিক মিলই নেই। ইয়াজিদিদের জীবনযাত্রা, সংস্কৃতি ও ধর্মীয় রীতিনীতির সঙ্গে হিন্দুদের জীবনযাত্রা, সংস্কৃতি ও ধর্মীয় আচরণের সাথে আশ্চর্যজনকভাবে মিল খুঁজে পাওয়া যায়।

কেন মনে হয়, ইয়েজিদিরা প্রাচীন হিন্দুধর্মেরই কোনও এক শাখা!

ইয়েজিদিদের মন্দিরগুলো দেখতে ভারতীয় মন্দিরগুলোর মতো। মধ্যপ্রাচ্যের অন্যান্য ধর্মস্থানের সঙ্গে মন্দিরগুলোর স্থাপত্যের দিক থেকে কোনও মিল নেই। বরং ভারতবর্ষের মন্দিরগুলোর সঙ্গে এই মন্দিরের স্থাপত্যের হুবহু মিল দেখতে পাওয়া যায়।

ইয়েজদি পুরোহিত হিন্দুদের মতোই আগুন জ্বালিয়ে যজ্ঞ করেন। হিন্দুদের মতোই যজ্ঞের আগুন অত্যন্ত পবিত্র বলে মনে করেন ইয়েজিদিরা।

ইয়েজিদি মন্দিরের মধ্যে ত্রিশূল আকৃতির ধাতব শলাকা, ঘট আকৃতির জলের পাত্র দেখতে পাওয়া যায়। হিন্দুদের মতো ইয়েজিদিরাও পুনর্জন্মে বিশ্বাস করেন। ❑

**সাহসী ও অকপট হও—তারপর তুমি যে-পথে ইচ্ছা ভক্তিবিশ্বাসের সহিত চল, অবশ্যই সেই পূর্ণ বস্তুকে লাভ করবে। একবার শিকলের একটা কড়া কোনমতে যদি ধ'রে ফেল, সমগ্র শিকলটা ক্রমে ক্রমে টেনে আনতে পারবে! গাছের মূলে যদি জল দাও, সমগ্র গাছটাই জল পাবে। ভগবানকে যদি আমরা লাভ করতে পারি, তবে সবই পাওয়া গেল।**

*সংগৃহিত : দেববাণী, ২৩ জুলাই, ১৮৯৫, রবিবার*

*Thousand Island Park, Kingstone, Ontario, Canada*

# মহাভারতের মহাজনদের জন্মবৃত্তান্ত

সুব্রত দাসগুপ্ত

কি নেই মহাভারতে? সবিস্তারে এমন প্রশ্নের উত্তর দেওয়া সহজ নয়। মহাভারতে আছে ধর্মউপদেশ, আছে নীতিকথা, রাজনীতি, রাজা-মহারাজাদের সম্পদ-সম্পত্তি নিয়ে হানাহানি। আরও আছে অলৌকিক শক্তিধর মুনি-ঋষি ও ব্রাহ্মণদের কাহিনী, যারা অনেক সময় সামান্য কারণে শাপশাপান্ত করেন। এই গ্রন্থে ইতিহাস, ভূগোল, রাজনীতি, অর্থনীতি, ধর্মনীতি, মানুষের পারিবারিক ও মনস্তাত্ত্বিক জীবনের নানা তথ্য ও তত্ত্বের সমাবেশ, যার অনেকটাই রাজতন্ত্র ও পুরোহিত তন্ত্রের ঘোরটোপের আওতায় ও আর্য্য অধিপাত্যর এলাকাকে ঘিরে।

মহাভারতে কোনো কোনো সত্য সরাসরি স্পষ্টভাবে বলা হয়েছে, আবার কোনো তথ্য পরোক্ষভাবে, রূপকের আকারে বলা হয়েছে। পৌরাণিক যুগের কিছু ঋষি ও রাজা মহারাজাদের যৌনজীবনের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরার প্রচেষ্টা করবো।

মুনি / ঋষিদের সম্পর্কে সাধারণ মানুষের ধারণা এই যে, কঠোর তপস্যার ফলে মুনি / ঋষিদের কামনা-বাসনা খুবই সংযত কিন্তু কোনো কোনো ক্ষেত্রে দেখা যায় যে, অপ্সরাদের দেখে ওনারা সাধনাবিচ্যুত হয়েছেন। এই ক্ষেত্রে মহাভারত রচনাকারী ঋষি কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেবের জন্মকাহিনী দিয়ে শুরু করা যাক, যা কি না নিজেই উল্লেখ করতে তিনি ভয় পান নাই।

**মুনি / ঋষিদের সম্পর্কে সাধারণ মানুষের ধারণা এই যে, কঠোর তপস্যার ফলে মুনি / ঋষিদের কামনা-বাসনা খুবই সংযত কিন্তু কোনো কোনো ক্ষেত্রে দেখা যায় যে, অপ্সরাদের দেখে ওনারা সাধনাবিচ্যুত হয়েছেন।**

ব্যাসদেবের জন্মের পিছনে আছে মৎস সমাজের অনার্য্য নারী সত্যবতী ও আর্য ঋষি পরাশর-এর মানবীয় রমণ। মুনি পরাশর যমুনা নদীতে নৌকায় কুমারী সুন্দরী সত্যবতীকে একা পেয়ে অভিভূত হয়ে পড়েন। নানা প্রবোধ বাক্য সান্ত্বনা দিয়ে সত্যবতীকে নৌকায় মিলিত হন। অলৌকিকভাবে ঐ দিনই ব্যাবদেবের জন্ম হয় এবং জন্মের পরপরই পিতার সঙ্গে চলে যান। পরাশর মুনির আশীর্বাদে সত্যবতী কুমারীত্ব ফিরে পান উপরন্তু মৎসগন্ধা থেকে সুগন্ধযুক্ত হন। সত্যবতীর মাতা অদ্রিকা তিনিও সম্ভবতঃ মৎজীবির কন্যা ছিলেন। অদ্রিকার সঙ্গে ক্ষত্রিয় রাজা চেদিরাজ উপরিচর বসুর সঙ্গে মিলনের ফলে জন্ম হয় সত্যবতীর।

ভরতবংশের ক্ষত্রিয় রাজা বৃদ্ধ রাজা শান্তনু। রাজা শান্তনুর বিবাহযোগ্য পুত্র ভীষ্ম এমতাবস্থায় বৃদ্ধ রাজা যমুনাতীরে সত্যবতীকে দেখে মুগ্ধ হয়ে বিবাহ করতে চাইলে সত্যবতীর পিতার কিছু শর্ত শুনে বিমর্ষ হয়ে দিনযাপন করতে দেখে ছেলে ভীষ্ম ও সত্যবতীর পিতার শর্ত অনুসারে আজীবন বিবাহ করবেন না ও রাজ সিংহাসনে বসবেন না প্রতিজ্ঞা করে সত্যবতীর সঙ্গে পিতার বিবাহ করিয়েছেন। পরবর্তী সময়ে সত্যবতীর বিবাহিত দুই ছেলে মারা গেলে সিংহাসন ও বংশ রক্ষার্থে সত্যবতীর আদেশে পুত্র ব্যাসদেব তার ছোট ভাইদের বিধবা স্ত্রী অম্বিকার গর্ভে অন্ধ ধৃতরাষ্ট্র ও অম্বালিকার গর্ভে পাণ্ডুবর্ণের পাণ্ডুর ও রাজবাড়ী একদামীর গর্ভে বিদুরের জন্ম দেন। সেই সময়ে বংশ রক্ষার্থে ক্ষেত্রজ সন্তান উৎপাদন বৈধ ছিল। পাণ্ডুর পাঁচ ছেলে যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল ও সহদেবের জন্মও হয়েছে ক্ষেত্রজ প্রথায়, দেবতাদের প্রসারে। পাণ্ডবমাতা কুন্তীর বিবাহপূর্ণ ছেলে কর্ণ।

পুরাণের অনেক কাহিনী আছে যা আমরা সাধারণ মানুষ বুঝে উঠতে পারি না, যেমন পুরাণের বিখ্যাত চন্দ্রবংশের উৎপত্তি।

আদিপুরুষের নাভী হতে ব্রহ্মার সৃষ্টি। ব্রহ্মার পুত্র অত্রি, অত্রির পুত্র সোম (চন্দ্র)। সোম গুরু বৃহস্পতির স্ত্রী তারাকে আসুরিক বিবাদ বলপূর্বক হরণ করেন। বৃহস্পতি অনেক দেন দরবার করে স্ত্রী তারাকে চন্দ্রের নিকট হতে উদ্ধার করেন কিন্তু ততদিনে তারা চন্দ্র কর্তৃক গর্ভবতী হন ও জন্ম দেন পুত্র বুধ। বুধ হতে ইলার (রূপান্তরিত স্ত্রী) গর্ভে জন্ম হয় পুরুরবা। আরত্রক চন্দ্রবংশীয় রাজা যযাতি। অসুর গুরু শুক্রাচার্য্যের অভিশাপে যযাতি জরাগ্রস্থ হন। জীবনভোগে অতৃপ্ত জরাগ্রস্থ যযাতি পুত্রদের কাছে যৌবন ভিক্ষা করলে পুত্র পুরু পিতার জরা নিজ দেহে ধারণ করেন। এই পুরু হতে কৌরব ও পাণ্ডব বংশের বিস্তার হয়। পুরুবংশের আরেক বিখ্যাত রাজা দুষ্মন্ত, তিনি মৃগয়া করতে গিয়ে মুনির আশ্রমে শকুন্তলাকে দেখে কাম তারিত হয়ে গন্ধর্ব মতে শকুন্তলাকে বিবাহ করেন। এই শকুন্তলা ছিলেন ঋষি বিশ্বামিত্র ও অপ্সরা মেনকার সন্তান। ❑

সূত্র : বিভিন্ন মহাভারত গ্রন্থ ও পুরাণ।

# কবিতাঙ্গন

## রথযাত্রা

তুষার গায়েন

রথযাত্রায় গিয়ে কৃষ্ণ পথ হারালেন।
হাজার হাজার ভক্তের সমাবেশে
'হরে রাম হরে কৃষ্ণ' বলে মাইকের উচ্চনাদে
প্রকম্পিত মাঠ, মাথার উপরে গনগনে সূর্যের তাপ
কুরুক্ষেত্রে যুদ্ধরত পাণ্ডব ও কৌরবদের উত্তেজনার
উত্তাপও দিচ্ছিল ম্লান করে!

মঞ্চে রাধিকা নেচে চলেছেন অবিরাম
বৃন্দাবনের সেই সখি ভাব তার দেহলতা জুড়ে
চোখে মুখে প্রেমের শিঞ্জন কৃষ্ণের দৃষ্টি এড়িয়ে যায়;
হঠাৎ রাধিকা মঞ্চ থেকে নেমে চলে যায় কৃষ্ণের পাশ ঘেঁষে
চমকে উঠে তাকে ডাকতে গিয়েও কৃষ্ণ স্থাণু হয়ে ভাবেন,
'এত ভিড়ে কীভাবে যে ডাকি ওকে!'
রাধা মঞ্চে উঠে আবার নাচে মনোহর, মুরলী মোহন দেখেন
অপলক! বছর কয়েক আগে দেখা হয়েছিল আর বিচ্ছেদ তারপর
এতদিন পর দেখা, 'কীভাবে এত ভিড় ঠেলে যাই ওর কাছে?'

রাধা মঞ্চ ছেড়ে এবার মাঠে আসেন নেমে এবং নাচেন
কিছু ঘনিষ্ঠ সখি পরিবৃত হয়ে। কিন্তু কৃষ্ণের দেহে কোনো
নাচ নাই, কোনো তরঙ্গ উঠে আসে না তার জড়তা ভাঙাতে।
কৃষ্ণ অপলক দেখেন রাধার নাচ।

রাধা ফের মঞ্চে গিয়ে নাচে আর আড়চোখে দেখে কৃষ্ণকে
কৃষ্ণ মরমে মরে যায় নিজের স্থবিরতায়, ভাবে তার
পা থেকে কি শিকড় নেমেছে মাটির তলায়?

এবার সহসা রাধা মঞ্চ থেকে নেমে কৃষ্ণের সম্মুখে
এসে পড়ে একদম যেন দেখে নাই এরূপ উদাসীনতায়
দ্রুতগতি পা ফেলে চলে যেতে চায়, কৃষ্ণ মুহূর্তেই
সপ্রতিভ হয়ে বলে, "হায়, রাধা কত বছর দেখি না তোমায়
কোথায় হারালে তুমি খুঁজেছি মনে মনে অসীম ব্যথায়!"
সচকিত হয়ে রাধা বলে, "ওহ, আমি তো নেচে ঘেমে একাকার
তুমি কেন নাচো না এই রথযাত্রায়?"

কিছু বলতে গিয়ে কৃষ্ণ থেমে যায়, বোঝে না ঠিক
কী কথা বলা সমীচীন হয়! পড়ন্ত বিকেলে নেমে আসা
প্রায় সন্ধ্যায় রাধা লঘু পায়ে হেঁটে হেঁটে একা প্রান্তরে মিলায়
কৃষ্ণের অতীত প্রেমগাথা ক্ষুণ্ন করে তাঁর পা থেকে
শিকড় আরো মাটির গভীরে ছড়ায়।

হায়! কৃষ্ণ তুমি কি আত্মবিস্মৃত, ভুলেছ সকল লীলা
কলিকালের এই অবেলায়?

## জীবন যুদ্ধে এগিয়ে চলো

মৃণাল কান্তি মজুমদার

প্রকৃত মানুষ তাকে বলা যায়
পরসেবা যায় ধর্ম।
মূলমন্ত্র হবে অষ্টপ্রহর
পরহিতে কর্ম আর কর্ম ॥
জীবন যুদ্ধে হবে বলীয়ান
ঈশ্বরে ভক্তি যেন মনে রয়।
মহাপুরুষদের বাণী স্মরণে
মনের দুর্বলতা দূর হয় ॥
অসাবধানে পথ চলা নয়
থাকে হোঁচট খাবার ভয়।
চড়াই উৎরাই হোকনা সে পথ
উদ্যমেতেই করতে হবে তা জয় ॥
সময় থাকে না বসে
নদীও নিরলস বয়ে যায়।
অযথা কালক্ষেপ নয়
একথাই যে তারা বলতে চায় ॥
বৃক্ষ সোজা দাঁড়িয়ে থাকে
ভরসা কাণ্ড ও মূল।
বাঁচবো বাঁচবো এই সংকল্প ছাড়া
জীবন যে সম্পূর্ণ ভুল ॥
সূর্যের আলোয় আলোকিত ধরা
জীবের অস্তিত্ব থাকে বজায়।
দৃষ্টিশক্তির প্রখরতা
জ্ঞানের উন্মেষ ঘটায় ॥
মন পবিত্র করা সম্ভব
ঘুচিয়ে মনের কালো।
সৎকাজ, সৎচিন্তা ও সহিষ্ণুতা
ধর্মগ্রন্থে দেখায় আলো ॥
হিংসা-দ্বেষ ভুলে গেলে
স্বর্গ আসে দ্বারে।
জগৎ হয় আনন্দময়
ঐকান্তিক চেষ্টায় মানুষই তা পারে ॥


সবাইকে শারদীয় দুর্গাপূজার শুভেচ্ছা
Open Daily
Breakfast: 09:30 AM - 03:00 PM
Tandoori Items: 05:00 PM - 12:00 AM
Bengali Sweets: 9:30 AM - 12:00 AM
DELICIOUS
Food Menu
Come with your family or
friends and get special prices.
LIFE IS SWEET. WE MAKE IT SWEETER
Since : 1985
ADI BIKRAMPUR SWEETS & FAST FOOD
2968 Danforth Avenue, Toronto,M4C1M6
TEL:(426)455-8417

# ASHA TRAVELS LTD.

*High Quality Service in Town Since 2001 World Wide Competitive Fare*

আকাশ পথে ভ্রমণের
নিশ্চয়তা আমাদের হাতে

IATA



TICO
TRAVEL INDUSTRY COUNCIL OF ONTARIO

সিলেট যাত্রীদের আমরা সরাসরি সিলেটে
পৌঁছে দেওয়ার ব্যবস্থা করে থাকি

**2694 Danforth Avenue**
Toronto, ON M4C 1L7
**Tel: 416-693-6917**
**1-866-693-6917**
Fax: 416-693-3178
E-mail: info@ashatravels.ca
Web: www.ashatraveles.ca

শারদীয়
শুভেচ্ছা

Suman Dash
Manager

আমরা এখন নতুন ঠিকানায়
আপনাদের আরো কাছাকাছি

- Sylhet Office : 0821-718833 / 712760
- Dhaka Office : 02-935-6487 / 935-7371
- Moulavibazar Office : 0861-52691
- Sreemongal Office : 08626-678

**OUR SERVICES:**

- AIRLINE TICKETING
- CAR AND HOTEL RESERVATIONS
- TRAVEL INSURANCE
- PASSPORT & VISA INFORMATION

TICO Reg. # Retail: 50009797
Wholesale: 50011294

# NK Roy Professional Corporation

## Chartered Professional Accountant



CPA CHARTERED PROFESSIONAL ACCOUNTANTS CANADA

CGA

CERTIFIED GENERAL ACCOUNTANT

**Nupur Kumar Roy**

CPA,CGA

### OUR PROFESSIONAL SERVICES

- Compilation engagement (Notice to Reader)
- Assistance in preparing audit working paper files
- Income Tax (Efile)/Tax planning
- Representing CRA audit/Tax appeal
- Controllership/Full cycle Accounting
- Bookkeeping/GST/HST
- Payroll including WSIB/EHT
- Business incorporation/Registration
- Business plan: Small Business Loan
- Accounting system design & software set up

101 Lebovic Avenue, Suite # F03, Toronto, ON M1L OJ2
Office: 416-752-7199 , Fax: 416-757-3952, Cell: 416-670-0444
Email: info@nkroypc.com, Web: www.nkroypc.com


নিমেষেই
দেশের স্বাদ!
FISHCO
e: priyamdasg@aol.com t: 4163197345

CPA ONTARIO

## Do you have problems with CRA ?

## Do Estate planning today, minimize Tax & preserve wealth for next generations

# শারদীয় শুভেচ্ছা

# P K SAHA
## Professional Corporation

For free consultation Please call:
416-858-7110 (Direct)



**Pradip Saha**
CPA, CGA, ACCA, MBA (UK), M.COM (DU)
B.COM (Accounting) (Ryerson University)

- Notice to Reader Financial Statements
- CRA Tax Review, Audit, Appeals & Tax Court Services
- Resolve CRA enforcements (Garnishment, Freeze Bank Account, Penalty)
- Resolve CRA Conflicts-Pier Report, Payroll, RRSP, TFSA Overpayment
- Analysis Previous Years Tax Return & Recovery Money form CRA
- Personal & Corporate Tax Return
- Trust & Not for Profit Organization Tax Return
- Assistance in Pre & Post Bankruptcy Tax Return
- Accounting, Bookkeeping, GST/HST, Payroll, WSIB, EHT Return
- Non-Residence Matters: (ITN, NR4, NR6, Section 216, Section 217 Return)
- Estate Return & Tax Clearance Certificates for Deceased Taxpayer
- Minimize Taxes by Changing your Business Structure
- Save & Defer Taxes by Transfer Property to Corp & Various Elections (T-2057, CPT30, CDA)
- Company Incorporation & setup with CRA (GST/HST, Payroll, BN)
- HST Rebate on New Residential, Rental & Owner-Build Housing

Ph: 416 792 4615, Fax: 416 792 4616,
E-mail pradipsaha227@hotmail.com

777 Warden Ave, Unit - 219, Toronto, ON M1L 4C3
(Major Intersection Warden & Eglinton)


LAW OFFICE
SIKDER Professional Corporation
Barristers, Solicitors & Notary Publics
2 LOCATIONS TO SERVE YOUR LEGAL NEEDS:
ALBION ROAD & DANFORTH AVENUE
দুর্গাপূজা উপলক্ষে প্রবাসে সকল
বাংলাদেশীদের শারদ শুভেচ্ছা।
AREA OF PRACTICE
REAL ESTATE
CRIMINAL
ALL IMMIGRATION
BUSINESS LAW
FAMILY LAW
GENERAL PRACTICE
Paltu Kumar Sikder
Barrister, Solicitors & Notaries
DAY TIME OFFICE:
306-1620 Albion Road
Toronto, ON M9V 4B4
416-707-5065
416-740-2957
EVENING TIME OFFICE:
2978 Danforth Avenue
Toronto, ON M4C 1M6
SIKDER@SIKDERLAW.CA
SIKDERLAW.CA


GLS BUILDERS & CONSTRUCTION INC.
DESIGN | BUILD | RENOVATE
416-846-6815 | 647-780-9572
MITHUSHOME2021@GMAIL.COM
শারদীয় শুভেচ্ছা
SHOME TEAM
REALTY SERVICES
ON YOUR SIDE 24/7
WWW.SHOMETEAM.COM
স্বর্গীয় সুব্রত সোমের ছোট ভাই মিঠু সোম
ও তার সহধর্মিনী এখন আপনাদের সেবায়
RE/MAX
Subarna Dey
Broker
647-780-9572
subarnadey2011@gmail.com
Mithu Shome
Salesperson
416-846-6815
mitoshome@yahoo.ca
RE/MAX METROPOLIS
REALTY BROKERAGE
* Each office independently owned and operated.

# DAFFODIL

## Medical Clinic

655 McCowan Rd, Scarborough Tel: (416) 362-3900

**Dr. Asim Raja**

# Accepting New Patients

MINOR AILMENTS (PHARMACIST)

**WALK-IN CLINIC**

**St. Clair Midland Pharmacy**

3655 St. Clair Ave E, Scarborough Tel: (416) 847-6780

**OPEN 365/365**



CUSTOM HOME INC.
www.customhomecanada.com
We Arrange Financing
GUARANTEE
Your Dream Home Maker
Are You Looking For A Reliabel Home Builder?
We Are A Scarborough Based Custom Home Builder With 18 Years Of Experience!
We Do Custom Design With All Your Needs!
Shan De
Tel : 416.910 8753 (cell)
: 647.374 2310 ( off)
462 Brichmount Road, Unit -35, Toronto, ON M1K 1N8
customhometoronto@gmail.com, shankardey7@gmail.com


Chitta Das and Team
Many times award winner Realtor
CHAIRMAN'S CLUB
RE/MAX HALL OF FAME
HALL OF FAME 2020 BY REMAX INTERNATIONAL
CHAIRMAN CLUB AWARD 2021 AND MANY MORE
PLATINUM
AWARD 2017, 2019 AND 2020
LET ME HELP YOU FIND YOUR DREAM HOME
Your Trusted Realtor 416.655.0996
chitta.realtor@gmail.com
RE/MAX®
ALL-STARS REALTY INC., BROKERAGE
TEL: 416.265.2000 FAX: 905 477 6839
NOW SERVING YOU FROM 2 LOCATIONS
TORONTO OFFICE
3000 Danforth Ave
Unit#108 C, Toronto, ON
M4C 1M7, Canada
HEAD OFFICE
5071 Hwy 7
Unionville, ON
L3R 1N3, Canada
REALTOR®
MLS
MULTIPLE LISTING SERVICE®

## সবাইকে শারদীয় শুভেচ্ছা



## SAVE ON ECO-FRIENDLY TAKEOUT PACKAGING AND JANITORIAL SUPPLIES



FREE Next-Day Delivery



Eco-Friendly Takeout and Janitorial Supplies



Minimum Order of $100

- Planetize services restaurants, caterers, tiffin services and non-profits with meal programs in the GTA
- Custom packaging available
- Bulk prices for 20+ boxes



planetize

Planetize Packaging

**Cell: 647-465-7990**

@PLANETIZEPACKAGING

WWW.PLANETIZEPACKAGING.CA

90 NORTHLINE RD, UNIT 4, TORONTO ON M4B 3E5

শারদীয় শুভেচ্ছা

রাজা সুইটস্ এন্ড ফাস্ট ফুড

RAJA SWEETS & FAST FOOD

Symbol of Purity & Freshness

SWEETS

Raza Roshogolla
Raj Vog
Mawa Roshogolla
Nolen Ghor's Roshogolla
Pura Bari Cham Cham
Ghee Cham Cham
White Khir Langcha
Irani Vogue
Khir Mawa Cham Cham
Kalo Jamun
Golap Jamun
Jilapi
Chaner Amirty
Kalai Amirty
Moti Chor Ladoo
Mihi Dana Ladoo
Mawa Ladoo
Kacha Chana
Nolen Gur Shondesh
Mukta Gacha Monda
Khir Rosho Malai
Ghee

PITHAS, SINGARA & OTHERS

Bhapa Pitha
Kheer Patishapta
Malpoa
Nakshi Pitha
Mug Pakon
Mera Pitha
Coconut Puli
Chitoi Pitha
Dud Chitoi
Chushi Pitha
Kheer
Sooji Halwa
Carrot Halwa
Booter Daler Halwa









BIRIYANI (CHICKEN)

HOT DRINKS

Malai Cha (Tea)
Lemon Cha (Tea)
Coffee

CHICKEN MEAT SNACKS

Roll
Samosa
Liver Singara
Patties
Chop
Shami Kabab

VEGETABLE SNACKS

Singara
Samosa
Pakura
Dal Puri
Aloo Puri
Piyajo

COLD DRINKS

Apple Juice
Orange Juice
Coconut Juice
Bottle Water
Mango Lassi
Strawberry Lassi
Coca-Cola/Pepsi/7up

We do Catering

Cell: 647-562-8817

3000 Danforth Avenue, East York, ON M4C 1M7.


Bangladesh-Canada School of Hinduism and Cultural Studies
ESTD 2005
শ্রীশ্রী
শ্যামাপূজা
Saraswati Puja Celebration


CIBC
MEDICAL-DENTAL
OWNED & MANAGED BY
RIO CAN


CULTURAL STUDIES


BUY | SELL | INVEST
COMMERCIAL ■ RESIDENTIAL
NITU DATTA
REALTOR
647-779-5991
nitudatta@yahoo.ca
RAJIB DAS
শারদীয় দুর্গোৎসব
Durga Puja
শুভ মহালয়া
২০২৩

CANADIAN
IMMIGRATION

RCIC
Regulated Canadian Immigration Consultant

- Business Visa
- Investors Programs
- Work Permits
- Permanent Residency
- Express Entry
- Provincial Nominee Programs
- Visitor Visa
- Super Visa
- Previously Rejected Cases
- Completed File Review
- Other

CONTACT

Moumita Chakraborty, RCIC, MBA
Partner
437-561-9865 | 647-866-6364

moumita.c@growingglobeimmigration.com
https://growingglobeimmigration.com
https://micscanada.ca

MICS
Mou Immigration Consultancy Services

GROWING GLOBE
IMMIGRATION





shenextfashion.com
She
She next fashion
Exclusive Fashion For Exclusive You
Sharod Subeccha
Where Tradition Meets Timeless Glamour
Shop from the Best Collections of
Traditional Wear - Sarees, Kurtis, Tops,
Salwars Suits, and Lehengas.
Men's Wear - Punjabi & Sherwani
Kid's Wear, Accessories.
Special Bridal Collections
Deliver all over
Canada & USA
Follow Us
@ sh extfashion
2960 Danforth Ave, Toronto, ON M4C 1M6 | +1 416-546-3130

# LAW OFFICE

"You are the Purpose,
Part and the Opportunity of our Work"

SLPC
SINGHA LAW PROFESSIONAL CORPORATION

## PRACTICE AREAS

Real Estate
Litigation
Family Law
Immigration
Wills & Power of Attorney



Legal Aid Accepted

We speak English,
Bengali, Hindi & Urdu

## JAYANTA K. SINGHA

Barrister & Solicitor, Notary Public

**2249 Kingston Road, Main Floor, Toronto, Ontario. M1N 1T8**
**T : 416 265 9449 F : 416 265 4044**
**Email : info@singhalaw.ca. www.singhalaw.ca**


SARKAR FOODS
সরকার ফুডস্
SOUTH ASIAN & CANADIAN GROCERY
الرقابة الشرعية للحلال
HALAL MONITORING AUTHORITY
সর্বপ্রথম হালাল মনিটরিং অনুমোদিত
HMA Certified Halal Meat
Fresh Fruits
Vegetables
Fish
Halal Meat
2996 Danforth Ave., Toronto, ON M4C IM6
Tel: 416.691.4815
Meat & Fish order: 647-847-5225

সবাইকে জানাই শরতের শারদীয় শুভেচ্ছা

# INSURANCE




- Life Insurance
- Mortgage Insurance
- Critical Illness
- Disability Insurance
- RRSP
- RESP
- Health Insurance
- Travel Insurance
- Investment

SAVINGS FOR YOU, PROTECTION FOR YOUR LOVED ONES.

Through my affiliation(s) with this/these offices(s), I am able to offer clients insurance and investment products underwritten by the following companies:

- Assumption Life
